- Si. Sudhir Chandra Ray Chaudhuri: Mr. Speaker, Sir, this Bill seeks to introduce a very new precedent, if not a very dangerous precedent, with regard to the contingency fund to be placed at the disposal of the Government. Sir, normally the amount of the Contingency Fund should be as small as possible and should not be from time to time increased. Sir, this contingency fund was started with the Act of 1950 - the Contingency Fund of West Bengal Act, 1950. By that Act a sum of Rs. 50 laklis was taken out of the consolidated fund and placed under the head Contingency Fund' for the disposal of the Government What we find, Sir, is that in October and November two Ordinances were passed - by one it was increased to I crore, then by the other it was increased to 2 crores, and now legislation is being sought for to have it up to a figure of 5 croics. Sir, the question naturally arises as to why these monies were required? It has been stated in the Statement of Objects and Reasons that these monies were required for the large scale expenditure on relief operations in excess of the budget grant which could not be covered by advances from the available amount in the contingency fund without augmenting it. So these monies were admittedly spent for operational services in excess of the budget grant. Sir, what should the Government have done was to place before this House a demand for supplementary grant for these operations. It was revealed before this House vesterday that Shri Jvoti Basu wrote to the Chief Minister for having a special session of this House over the devastations caused by the flood. If that was done and a supplementary budget was placed before this House then there would have been no occasion for the Government to usurp the rights of this House, place a large sum of money at their disposal and then to spend it without accounting for it. Sir, why did not Dr. Roy along with this Contingency Fund Amending Bill place before this House the appropriate law or Bill for the appropriation of these monies? If that was done then the House would have got an opportunity to debate on the relief operations, how the relief operations were carried on, where the monies have gone, if they have actually been paid to the deserving people or they have been utilised for other purposes particularly for purposes of ensuing elections. Sir, admittedly these monies have been spent. If these monies have been spent we want to know from the Government what prevented it from bringing an Appropriation Bill because it has been very clearly enjoined

both in the Constitution and in the West Bergal Act of 1950 that if any money was spent from the Contingency Fund for meeting any unforeseen expenditure pending authorisation of such expenditure by the Legislative Assembly it should be brought before the House to get the appropriation sanctioned. Sir, one thing I want to know from the Government is as to whether any rules have been framed under the West Bengal Act of 1950, under section 4. By that section it is incumbent upon the State Government to make rules regulating all matters connected with or ancillary to the custody of payment of monies into and withdrawals of monies from the Contingency Fund of West Bengal. Certainly the Government owes an explanation to this House if such rules have been framed; if not, why not? If so, have the rules been observed in this particular case? Sir, if the Government have thought that they can do whatever they like and after that if they come to this House for the sanction of a thing already done we feel we are absolutely helpless. We have nothing to say now because the monies have been spent. The Government won't come forward with the accounts of these monies, won't ask for appropriation of that money, while keeping them in abeyance only would get a sanction for transferring the money which has already been done. Certainly it has been transferred to the Contingency Fund and we will only get a law to that effect. It is a very serious situation. It behoves only Dr. Roy who thinks that there is none here who can question what he

This is unfair, this is unjust. It is not his own money. It is the money of the State and we the legislators here certainly are entitled to know where and how these large sums of money are being spent. We can certainly question him as to how he is going to spend the money and through whom. Sir, from fifty lakhs the Contingency Fund has risen to five crores and if these things are allowed to go on, in no time it will increase to 10 crores which is not a paltry amount of our meagre State resources. He is capable of doing that and he has done that and that is why we have always questioned his conduct on the floor of the House.

[9-20-9-30 a.m.]

Sj. Bankim Mukherji:

সভাম্খা মহোদয়, যেভাবে এই বিলটা আমাদের সামনে উপস্থিত করা হয়েছে তাতে আমি মনে করি সম্পূর্ণ গণতান্ত্রিক দিক থেকে অবৈধ একটা পদ্ধতি গ্রহণ করা হয়েছে। শ্ব্ধ আইনের দিক থেকে দেখতে গেলে পর হয়ত কোন প্রকারে এনেব্লিং সেকসন যা আছে তা শ্বারা একটা টাকা স্যাংসান করিয়ে নিচ্ছেন। কিন্তু টাকা সম্বন্ধে তাঁরা কোন্ প্রকারে কিভাবে এই টাকা খরচ করা হবে, কোথায় খরচ করা হবে তার ভিটেইল্স যখন দিচ্ছেন না, তখন আজকে এই বিধানসভা থেকে মঞ্জ্রী নেওয়ার মানে হচ্ছে যে, আমাদের অন্ধভাবে একটা ব্ল্যাঙ্ক চেক সই করতে বলা—

Mr. Speaker: Mr. Mukherji, I want to clarify. The object of the Bill is the creation of a fund. Sanctioning of the payment is a different thing. The object of the Bill is obtaining sanction of the House to create a fund out of which expenditure will be incurred. The increased amount that might have been spent must be got sanctioned by a supplementary budget. That is a different thing and I want to draw your attention to that

Sj. Bankim, Mukherji:

আমি আপনার এ্যাটেনসন ড্র করছি যে. ক্রিরেসন অব দি ফাল্ড বহু প্রেই হয়ে গেছে। এটা হচ্ছে এ্যামেল্ডিং বিল। দু' কোটি টাকার জায়গায় পাঁচ কোটি টাকা এই হচ্ছে এ্যামেল্ড-মেন্ট। The Hon'ble Dr. Bidhna Chandra Roy: Creation of a bigger fund.

Sj. Bankim Mukharji:

ফান্ড প্রেবিই ক্রিয়েটেড হয়ে গেছে. আর একটা বড টাকা স্যাংশন নেওয়া হচ্ছে। ঐ টাকার দ্যাংশন যথন নেই তথন তার যুক্তিযুক্ত কারণ দেখানোর বিধানমতে প্রয়োজন ছিল। আমাদের জ্যোতিবাব, বিধানবাব কে লিখেছিলেন ঢের পূর্বে যখন বন্যা প্রভৃতি হয়েছিল, যখন আমরা অন্তেব করেছিলাম যে কর্নটিনজেন্সি ফান্ড বাড়ানো দরকার, সেইসময় লিডার অব দি হাউসকে লিভার অব দি অপোজিশন গ্রপে থেকে লেখেন যে অবিলন্ধে বিধানসভা আহনান করা হোক। মেখানে আমরা বাংলাদেশের দুদ্রশা সম্বন্ধে চিন্তা করে একটা বিহিত ব্যবস্থা গ্রহণ করতে পারি। কিন্তু সেই সময় তাঁরা মোটেই প্রয়োজনবোধ কবেন নি বিধানসভাকে আহ্বান করার। कान সময়েই তাঁরা প্রয়োজন মনে করেন না যে. জনসাধারণের সামনে জিনিস রেখে তাদের মতামত গ্রহণ করবার। বিধানসভায় শৃংধ_{্ব} একপক্ষ নেই, জনসাধারণের বহ**্ব পক্ষই** আছে। তাদের বহা রকম মত আছে এবং ধারণা আছে। এবং সেটা কথণ্ডিত পরিমাণে এই বিধানসভায় প্রতিফলিত হয়। কিন্তু তাদের স্বেচ্ছাচারিতা এত বেশি এবং নিজেদের সুদ্বশ্ধে দাম্ভিকতা এত বেশি যে, তাঁরা মনে করেন যে, তাঁরা যথেচ্ছাচার চালিয়ে যেতে পারেন সেখানে প্রশন করবার কিছ্ম নাই। এই যে মনোভাব এই মনোভাবটা অতান্ত অগণতান্দ্রিক। আইনত হয়ত তাঁরা মেজরিটি পার্টি, আইনত তাঁরা এটা করে নিতে পারেন এবং সেখান থেকে যেটুকু আটকাচ্ছে সেটকে এনেবালিং সেকসন দিয়ে কবে নিতে পারেন, এর চেয়ে অন্যায় আর কি হতে পারে? এখানে দ্ব' কোটি নয়, ৫ কোটি টাকার মঞ্জারী চাওয়া হচ্ছে। ডাঃ রায় এইমাত্র বলেছেন প্রায় ১০ কোটির উপর টাকা খরচ হবে। আমবা মনে করি, হয়ত তার চেয়ে বেশি টাকার প্রয়োজন হতে পারে এবং সে বিষয়ে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু সেই টাকা কিভাবে বায়িত হবে, কোথার কোথায় কেমন করে সেই বিষয়ে নিশ্চয়ই আমাদের বক্তব্য আছে। আমার যে ্র্যামেন্ডমেন্ট ছিল তাতে এরকম কোন কথা আমি স্পেসিফিক্যালি বলি নি যে, অমুক্ জায়গায় এত টাকা খরচ করা হোক। আমি যেকথা বলেছি সেটা যে কোন গভর্নমেন্টের স্বীকার করে নেওয়া উচিত নীতির দিক থেকে। আমি বলৈছি—

which shaft be distributed proportionately in affected areas without any discrimination.

এটা হচ্ছে গিয়ে এমন কথা যে কথা বোধহয় কোন লোকই এস্বীকার করতে পারে না। ভার্থাৎ যেসমুহত জায়গায় এই বন্যা হয়েছে, যেসমুহত জায়গায় এই ঝঞ্চা হয়ে গেছে, যেখানে লোক তাদ্বারা ক্ষতিগ্রন্থত হয়েছে সেইসব জায়গায় তার আনুপাতিক হিসাবে তার খর্চ করা উচিত। আপনাধ স্মরণ থাকতে পারে, বিগত বাজেট স্পিচএর সময় আমি বলেছিলাম যে, গভর মেন্ট যেভাবে এই বাজেটে প্রভিশন করেছেন, অতান্ত অম্প টাকা জন্হিতকর কার্যে বরান্দ করা হয়েছে। ন্বান্থ্য, শিক্ষা প্রভৃতি এসমনত ব্যাপারে হিসাব দেখলে দেখা যাবে বিরোধী পক্ষের লোক যেসমহত অঞ্চল থেকে এসেছে সেইসমহত অঞ্চল আনুপাতিক হিসাবে আরও এল্প টাকা খরচ করা হয়েছে। তাতে প্রধানমন্ত্রী মহাশয় বলেছিলেন, হিসাব করে দেখনে না। কিন্তু আমরা যথন বলছি তাহ'লে বোধ হয় সতাতা থাকতে পারে। এখানে আমার বছর এই যে নীতি গভন মেন্টএর সেই নীতির কথা তাঁদের সমরণ করিয়ে দিই। এজনাই আমার সংশোধনী প্রস্তাব দিয়েছিলাম। কেন্না ইতিমধ্যে আমরা দেখেছি যে, এই বন্যার ব্যাপারে তারা এই নীতি অনুসরণ করেন নি। অতীব দুঃথের সংগ্রে আমাকে বলতে হচ্ছে যথন এই দারণে বন্যা ঘটে যায় তখন মুখ্যমক্রীমহাশয় এখানে ছিলেন না। তখন আমি রিলিফ মক্রীর সংগে দেখা করি এবং তথন তাঁকে বলি, এত বড় যে একটা জাতীয় বিপর্যায়, এই বিপর্যায়ে আমাদেব সমস্ত রাজনৈতিক দলাদলি ভূলে গিয়ে আমাদের সবারই একযোগে কাজ করা উচিত। তিনি জিজ্ঞাসা করেছিলেন, আপনারা প্রস্তৃত আছেন? আমি বলেছিলাম নিশ্চয়ই, সব সময়েই প্রস্তুত। তিনি বললেন যে, সরকারের দিক থেকে যেট্রকু করবেন তাই হবে। আমি বললাম, আপনাদের রাজনৈতিক দল আছে, সেই দলকে আপনারা বলতে পারেন। তিনি প্রীকার করলেন যে বলবেন। কিন্তু পরের দিন দেখলাম, বর্ধমানের ডিস্টিক্ট ম্যাজিস্টেট স্বদলীয় সর্বসাধারণের রিলিফ কমিটি তৈরি করলেন। আমার একথা বলবার পরে কংগ্রেস সভাপতি সেখানে গেলেন এবং সেখানকার স্থানীয় এম-পি তাঁরা গিয়ে ডিস্টিক্ট ম্যাজিস্টেট প্রভৃতিকে ধমক ধামক দিয়ে

ঐ কমিটি ভেঙ্গে দেওয়ার চেডা করেন এবং তারপর ডিস্টিক্ট ম্যাজিস্টেট যখন রাজী হলেন না তখন তাঁরা পদতাাগ করে আর একটি কমিটি করলেন। আজকে আমাদের গভ্রুসমেনেটর এই অবস্থা যে, জেলা ম্যাজিস্টেট পর্যন্ত ভীত হন কংগ্রেসের যেসমুস্ত বড় বড় লোক রয়েছেন তাঁদের বির্দেশ যেতে। একথা আমি বার বার এখানে বলেছি। কংগ্রেস গভর্নমেন্ট যেভাবে এই রাজ্য চালিয়ে যাছে, যেভাবে এইসমুস্ত গভর্নমেন্ট কর্মচারীদের কন্টোল করছেন সেটা হছে গিয়ে পরম গণতন্দের বিরোধী, কাজেই স্বছাচারতন্ত গড়ে তোলার সম্পূর্ণ ভিত্তি তাঁরা করছেন। এবং আজকে নির্বাচনে যে পম্পতি আমরা দেখতে পাছি, সেই পম্পতির ভিতর দিয়ে সমুস্ত স্টেটএর যেসমুস্ত শক্তি, যেসমুস্ত অর্থ, স্টেটএর যেসমুস্ত কর্মচারী সেই সমুস্ত জিনিসগ্যলোকে নিয়োগ করা হছে যেটা হছে একেবারে গণতন্ত্রের বিরোধী। আজকে আমরা অনুভব কর্রছি যে, বাংলাদেশের গণতন্ত্রের যিদ স্বাপ্টেম্বা বড় শাহু থাকে তাহ'লে সেটা হছে এই গভর্নমেন্ট পক্ষ। এবং এই রাজনৈতিক দল যারা আজকে বাংলাদেশের গণতন্ত্রের ভিত্তিকে ভূমিস্মাৎ ক'রে দেবার জন্য প্রাণ্পণে চেণ্টা করছে।

[9.30-9-40 a.m.]

এই বন্যার সময় আমরা তা দের্খেছি। বন্যার সময় আমরা দেখলাম অপর পক্ষ বেশ উল্লাসিত হয়ে পড়েছেন। বন্যায়—যেখানে সমন্ত বাংলাদেশের নরনারী মহোমান হয়ে গিয়েছিল এতবড একটা জাতীয় বিপর্যায় যেখানে, সেখানে আমরা দেখলাম অপর পক্ষের বহু লোক উল্লাসিত! তাঁরা মনে করলেন, তাঁদের প্রকান্ড রকমের একটা রাজনৈতিক স্মবিধা হয়ে গেল। তাঁরা এই বন্যার ভিতর দিয়ে যেসমুহত সাহায্য, যেসমুহত রিলিফ প্রভৃতি দেবেন তার ভিতর দিয়ে লোক-জনকে ক্রয় করে তাদের নিজেদের আয়ত্বাধীনে নিয়ে এসে তাঁদের যে রাজনৈতিক উদ্দেশ্য সেই উদ্দেশ্যসাধন করে নেওয়া যাবে। ফ্লাডের ব্যাপারে জনগণকে এক্সণ্লয়েট করা, এইটেই হলো তাঁদের মুখ্য উদ্দেশ্য, এবং সেই উদ্দেশ্য সাধন করবার জন্য তাঁরা না করেছেন এমন কাজ নাই। এবং সেইজনা তাঁরা প্রথমত সর্বদলের সংগে সম্মিলিত হতে রাজী হন নি। যেখানে যেখানে সর্বাদল মিলিত হয়ে কাজ করছিল সেগালি ভেশে দিলেন। এতদরে পর্যাদত নিলাজ্জতার চর্ম সীমায় প্রে'ছেচেন যে, নবদ্বীপ মিউনিসিপ্যালিটি—যেখানে স্বেমাত্র কিছুদিন পূর্বে গণতাল্তিক উপায়ে যে নির্বাচন হয়েছিল, যেহেত সেই নির্বাচন কংগ্রেসের পক্ষে স্ক্রিধাজনক হয় নি. যেহেত নবন্বীপের পোরসভা কংগ্রেস পক্ষের হাত থেকে বিরোধী পক্ষের লোকের হাতে এসেছিল, সেইজনা এতবড় বিপর্যায়ের সময় যখন নাকি নবন্বীপ সহর প্রায় সম্পূর্ণ ডবে গিয়েছিল, মাত্র কয়েকটি বাডি এরোপেলন থেকে দেখা যাচ্ছিল, সেই সময় নবন্বীপের পোরসভাকে সমুপারসিড ক'রে দেওয়া হল, তাদের হাত থেকে ক্ষমতা অধিকার ক'রে নিয়ে গেলেন. কি কথা বলে? না নবদ্বীপ মিউনিসিপ্যালিটি সে সময় নবদ্বীপের লোকজনকে জল সাপ্লাই করতে পার্রছিল না-নবন্বীপের মিউনিসিপ্যালিটি সে সময় রাস্তাঘাট সাফ করতে পার্রছিল না. কনসরতে িসর ব্যবস্থা ক'রে দিতে পার্রছিল না: এর চেয়ে অদ্ভত যাঞ্জি আর কি হ'তে পারে? যে সময় নবন্বীপ সহরে মানুষের অসাধ্য কোন কিছু করা অসম্ভব ছিল সেই সময় জনপ্রতিনিধিদের হাত থেকে নবদ্বীপের পৌরসভা কেড়ে নেওয়া হল। এবং আরও দ**ুঃখের** বিষয় সে সময় স্বায়ত্তশাসন বিভাগের যিনি মন্ত্রী তিনি উপস্থিত ছিলেন না. এবং ডিস্ট্রিক মাজিদেট্রট পর্যন্ত জানতেন না। তাঁকে না জানিয়ে নদীয়া জেলার কংগ্রেসের যাঁরা কর্তপক্ষ তাঁরা হস্তক্ষেপ করে জেলা কর্তপক্ষকে না জানিয়ে, স্বায়ত্তশাসন বিভাগের মন্বীর ফিরে আসা পর্যান্ত অপেক্ষা না করে রাতারাতি পৌরসভাকে সাসপেন্ড করার কাজ্টা সেরে ফেললেন এবং ভেবেছিলেন-যদি নবন্বীপের পোরসভাকে অধিকার করে নেওয়া হয় তা হ'লে তাঁদের পক্ষে মুহতবড় একটা কাজ হবে রাজনৈতিক উদ্দেশ্য সাধনের। এবং এই নবন্বীপের ঘটনার মধ্য দিয়ে আমরা দেখছি তাঁদের রাজনৈতিক উদ্দেশ্য সাধনের চরম দন্নীতিগ্রস্ত একটা নীতি যা নাকি তাঁরা গ্রহণ করে চলেছেন। ুকিন্তু এতে ফল কিছ্ব হয় নি। কারণ যদি সাধ্য উদ্দেশ্য निराय काक ना कता यात्र, अजाधर छेल्पन्या निराय काक कतला भत्र তा সেই कारकत भरधारे প্রতিফলিত হয়। এই অসাধ্ উদ্দেশ্যের ভিতর দিয়ে রিলিফের জন্য সরকার পক্ষ থেকে যা কিছ, করা হয়েছে তা আজকে তাদের বিরুদ্ধেই প্রতিফলিত হচ্ছে। জনতা সৈথানে বি**ক্ষু-ধ** আজ—যেহেত তাঁরা একটা সাধ্য উদ্দেশ্য নিয়ে তাদের কাছে যান নি। সদ্যুদ্দেশ্যে যদি সরকার

এবং তাদের যারা চালনা করছেন •অর্থাৎ কংগ্রেসপক্ষ তারা যদি সাধ্য উদ্দেশ্য নিয়ে চলতেন সেইসমস্ত অঞ্বলের বন্যাবিধন্ত লোকদের কোনরকম রাজনৈতিক উদ্দেশ্য না এনে যদি নিছক সেবা করার কাজ সেই কাজ যদি করতেন তা হ'লে তাদের উদ্দেশ্য সাধন হত। এমন কি বুটিশ সরকার যাদের বির্দেধ আমাদের অভিযোগের অন্ত নাই, যারা আমাদের উপর দৈবরাচার চালিয়েছিল তারাও দেখেছি, বিহারে যখন ভূমিকম্প হয়েছিল তখন তারাও এরকম মনে করে নি। তখন রাজেন্দ্র প্রসাদ জেলে ছিলেন, তাঁকে মুক্তি দিয়ে তাঁর সংগ্যে সহযোগিতায় সমুস্ত বিহারের লোককে পনের্বাসনের স্বযোগ দেওয়া হয়। ব্রটিশ গভর্নমেন্টের মনের ভিতর যে ওদার্যের উপলব্ধি ছিল, জনসাধারণের নেতাদের প্রতি তাদেরও যে শ্রন্ধা ছিল আমাদের নেতাদেব প্রতি আমরা দেখতে পাই আমাদের স্বাধীন গভর্নমেন্ট, গণতান্ত্রিক গভর্নমেন্ট, দুঃখের বিষয় বাংলাদেশে সেই গণতান্ত্রিক সরকার যাঁরা চালাচ্ছেন, তাঁদের মনের ভিতর সেইট্রক উপলস্থি নাই, সেইটাকু ওদার্য নাই, যা নাকি আমরা আমাদের উৎপীড়ক ব্রটিশ শাসকদের মধ্যে পেয়েছি। তাঁদের কি উচিত হয়েছে নবন্বীপের খোরসভাকে স্পার্নস্ত করা নবন্বীপের মিউনিসি-প্যালিটিকে রাজ্যের করায়ত্ব করবার পর করেছেন কি? না. সেখানকার ওয়াটার ট্যাক্স বাডিয়েছেন, সেখানে আর কিছুই করতে পারেন নি। যেখানে জনসাধারণের সহযোগিতার প্রয়োজন সেখানে জনসাধারণের প্রতিনিধিদের বাদ দিয়ে জনসাধারণের সহযোগিতা চাওয়ার মানে কি? এদিকে, গভর্নমেন্ট বলেন, আমরা জনসাধারণের সহযোগিতা চাই, এই কি সহযোগিতা চাওয়ার লক্ষণ? জনসাধারণের প্রতিনিধিদের সরিয়ে দিয়ে বলা হল, তোমরা আমাদের সংগে সহযোগিত। কর। তার মানে, তাঁরা জনসাধারণকে বললেন তোমরা আমাদের দাসত্ব কর। সেই লক্ষা নিয়ে এই যেসমন্ত হয়েছে, তাতে দেখতে পাই, যেহেতু জনসাধারণের সহযোগিতা তাঁরা গ্রহণ করেন নি. বাইটার্স বিল্ডিংসএ বসে, সেখান থেকেই তারা সমস্ত জিনিস নিয়ন্ত্রণ করেছেন। যখন নাকি রিলিফ মন্তীমহাশয়ের কাছে যাই এবং গিয়ে বলি এখনও পর্যন্ত গাছে গাছে আজ ৩।৪ দিন পর্যান্ত লোক রয়ে গেছে, কোনরক্ম নৌকোর ব্যবস্থা কর্ম। তিনি বললেন নৌকো ত' কোথাও পাওয়া যায় না। কোন একটা গভর্নমেন্টের পক্ষে এর চেয়ে লম্জার জিনিস কি হতে পারে? আমি তাঁকে জিজ্ঞাসা করি যথন উত্তরপ্রদেশে বনাার পর বিহারে গণ্গায় যে ঢল নেমে আস্ছিল এবং তার পর ১২।১৩ ইণ্ডি ব্লিট, সেই রাত্রেই কি তাঁর উপ্লেখি করা উচিত ছিল নাযে, কত বড়বনাা আসছে! সেইদিনই কি তার বাবস্থা করে রাখার কথা তার চিস্তা করা উচিত ছিল না? এই সম্পর্কে আমি বলতে চাই - আর একটা দুট্টান্তের কথা, দিল্লীতে জল যথন বেডে যাচ্ছিল, সে সময় আমাদের দেশের প্রধানমতী কি করেছিলেন? সে সময় দিল্লী রীজের উপর দাঁডিয়ে তিনি তৎপরতার সঙ্গে জেনারেল গ্রীনাগেশকে সেখানে বসিয়ে রেখে-ছিলেন। এবং তাঁকে বলেছিলেন, আপনি এখানেই অফিস কর্মন। এবং তিনি ক্যানিডয়ার করেছিলেন—আগ্রা, মীরাট সর্বত্র যেখানে যেখানে যত লরী, বাস ও গাড়ী আছে ফাতে করে বিপ^{্র}জনক স্থান থেকে সমস্ত লোককে সরিয়ে নেওয়া যায়। প্রধানমন্ত্রী ব্রেভিলেন--''জেনারেল নাগেশ, আপনি এখান থেকে নড়বেন না।' আর, এ'রা এখানে কবলেন কি? ডাঃ রায় উপস্থিত ছিলেন না, শ্রীপ্রফল্ল সেন খ্ব বাসত, বাইটার্স বিল্ডিংএ দিনবাঠি থাকেন, এবং বন্যার ৩।৪ দিন পর হাওয়াই জাহাজে করে একবার ঘুরে এলেন এবং এর পরের দিন রিলিফ দেওয়া হল। কিন্তু ঐসমুহত অভিশৃহত হৃষ্ট থেকে যে রিলিফ পড়ল তারু ফলে কছন লোক মারা গেল। (জনৈক সদসাঃ ৩ জন লোক।) অভিশংত হৃদ্ত থেকে কল্যাণপ্রসূত राल भन रत्र कन्मान अकन्मारनित्रहे तृभ धातन करत। जात भरत आमि यथन जाँक जिल्ह्यामा করেছিলাম—তথন তিনি বলেছিলেন আমরা খুব ভালভাবেই সেই সমস্ত বসতা নামিয়ে নিয়েছি, বেশি ক্ষতি হয় নি, মাত দু'জন মারা গিয়েছে। এখন শুনছি—তিন জন। কিন্তু মনতী-মহাশয়ের কাছ থেকে শুনেছিলাম মাত্র দুজন। যেভাবে স্ট্যাটিসটিকস বা সংখ্যাতত্ব নিয়ে তিনি দেখেন তাতে মানুষের বেদনার কথা তাঁর মনে আসে না। সংখ্যাতত্ত্ব দেখিয়ে সমস্তই অবজেকটিভলি বলেছিলেন—কয়েক বসতা জলে পড়ে গেছে, আর মাত্র দুজন মারা গেছে তা ছাড়া রিলিফ ভালভাবেই দেওয়া হয়েছে। ঐ যে মাত দুজন মারা গিয়েছে, তাদের পরিবারবর্গের ষে দৃঃখ, সে সম্বন্ধে কোন কথাই নাই। ক্যাজ্বয়ালটি পারসেন্টেজ ক'ষে দেখালেন—বেশি ক্ষতি হয় নি। এই যে হৃদয়হীনতা, মানুষের প্রতি মমতাশ্নাতা—এতে ব্যথিত করেছিল আমাকে সেদিন, যেদিম আমি তাঁর সংগ্র কথা বলি। এই প্রকারের শোচনীয় দুর্ঘটনা ঘটতে পারে, কিন্তু তার জন্য মানুষের মনে যে কতথানি আঘাত লাগে তার একটা অনুভূতি, একটা ব্যথাবোধ

তাঁর মধ্যে আমি দেখতে পাই নি। যেদিন থেকে খাদ্যমন্ত্রী মহাশার রিলিফ মন্ত্রী হয়েছেন দেদিন অবিধি তাঁর হ্দরের এই ব্যথাবোধের গাঁরচয় আমরা কোনদিন পাই নি। তিনি খাদ্যমন্ত্রী থাকাকালীন বাঙ্গ করে বলেছিলেন—কাঁকর! তা মেয়েরা যদি কাঁকর বাছতে থাকে তা হ'লে তাদের স্বাস্থ্যের উন্নতি হবে। এই বাঙেগান্তি তিনি বিধানসভায় করেছিলেন। স্ব্ধীর রাষ্ট্রী বহ্বরার বলেছেন—তিনি যতদিন খাদ্যমন্ত্রী ছিলেন ততদিন দ্বভিশ্ক এদেশে ছিল। এবং যোদন থেকে তিনি রিলিফের মন্ত্রী হয়েছেন, সেদিন থেকে বোঝা গেছে, বাংলাদেশের ভাগ্যে বছরের পর বছর বন্যা আসবে।

[9-40-9-50 a.m.]

এর পরে স্পীকার মহোদয়, আমি এই কথা বলছি যে, এটা ঠিকমত প্রপোর্শনেটলি দেওয়া উচিত। এ বিষয়ে অন্যান্য বক্তা যাঁদের প্রতাক্ষ অভিজ্ঞতা আছে তাঁরাই বলবেন। আমি জানি বহু ঘটনা আছে যাতে বোঝা যায় যে, রাজনৈতিক উদ্দেশ্যেই রিলিফ দেওয়া হয়েছে— এইরকমভাবে প্রোপোর্শনের্টাল যে দেওয়া হয়েছে সে বিষয়ে অন্যান্য বক্তা যারা প্রত্যক্ষ অভিজ্ঞ তারাই সব বলেছেন। আমরা জানি বহু ঘটনা আছে সেখানে রাজনৈতিকভাবে রিলিফ দেওয়া হয়েছে। অর্থাৎ এই লোক কিষাণসভার লোক বা অন্য কোন পার্টির লোক দেখে সেখানে সার্কেল অফিসার পর্যন্ত তাদের রিলিফ দিতে প্রীকার করেন নি। তিন দিন একটা পরিবার কুলপী গ্রামে অনাহারে ছিল—তাদের মৃহত বড বাড়ী, ৫০টা পাতা রোজ পড়ে, অথচ এদের কোন রিলিফ দেওয়া হয় নি। এই রকমের বহু দৃষ্টান্ত আপনারা অন্যান্য বক্তাদের মুখ থেকে শুনবেন। তার পর আর একটা জিনিস আমি লক্ষা করেছি যে, বড় বড় অণ্ডলে হয়ত রিলিফ দেওয়া হয়েছে যখন ঝঞ্জা হয়, কিন্তু ছোট অঞ্চলে কিছুই হয় নি। তমলুক, কাঁথি, সুন্দরবন এলাকায় কি ঝঞা খালি সীমাবন্ধ ছিল? তা ত নয়। ১৪-প্রগনা ও হাওডার বহুদ্রে প্যশ্তি উহা বিস্তারলাভ করেছিল। আমার নিজের এলাকা বজবজেও বহু বাড়ি পড়ে গেছে। রিলিফের টাকাতে বাড়ী করবার জন্য তারা রিলিফ চেয়েছিল কিন্তু সেখানে রিলিফের কোন প্রভিসন না থাকাতে তাদের সমুহত আবেদন প্রত্যাখ্যাত হয়েছিল। এর দ্বারা মনে হয় যে, যেন যা কিছু ঝঞ্জা তা সমস্তই কাঁথি, সূন্দরবন ও তমলুকেই হয়েছিল। কিন্তু কোন সাইকোন প্রভৃতি যখন আসে তখন সে কি নিদিশ্টি করে আসে যে, আমি ঐ ঐ মহকুমার ভেতরেই কাজ করব. তার বাহিরে আর যাব না। কিল্ত সাইক্রোন-এর সেরকম কোন উদ্দেশ্য থাকে বলে আমরা জানি না। হয়ত তার প্রচণ্ড আঘাত অন্যান্য জায়গা অপেক্ষা কিছু কম, সেথানে হয়ত কম বিপর্যস্ত হয়। সেজন্য সেখানেও রিলিফের মাত্রা হয়ত কম হবে, কিন্তু রিলিফ সেখানে দিতে হবে। এবারে বন্যার সময় দেখেছি যে, বন্যায় যেসমুহত অঞ্চল খুব বিধন্ধত সেখানে হয়ত কিছু, কিছু, রিলিফ পেণিচেছে, কিন্তু এই কলকাতার পূর্ব অংশে প্রচণ্ড বন্যার যে স্রোত বয়ে গেছে তার জনা কি করেছেন? এই স্রোত গণগার দুধার দিয়ে মহেশতলা, বেহালা, বজবজ ইত্যাদি আরও জায়গার উপর দিয়ে যে বয়ে গেছে. কিন্ত এইসব জায়গায় কি এতট্টকুনও রিলিফ পেণচেছে? এইসব জায়গায় কেউ কি রিলিফ পেয়েছে? এইসব জায়গায় যেসমস্ত ঘরবাডি পড়ে গেছে তার জনা সামান্য রিলিফও কেউ পাচ্ছে না। তারপরের কথা হচ্ছে যে, কিছুদিন রিলিফ দেবার আমার একটা আবেদন নিয়ে এলাম যে এই রিলিফটা ধানকাটা পর্যন্ত যেন চালান হয়। সেই সময় মুখামনতী, রিলিফমনতী ইত্যাদি সবাই বললেন যে, তাই চালান হবে: কিন্তু বসিয়ে বসিয়ে খাওয়ান ঠিক হবে না। এটা আমরাও স্বীকার করি। তাঁরা বলেছেন যে, টেস্ট রিলিফ দেওয়া হবে। এবং সেই টেস্ট রিলিফএর মারুফং রাস্তাঘাট ইত্যাদি হবে। তাঁরা এও বলেছেন যে, প্রয়োজনের বেশি টেস্ট রিলিফের বারস্থা তাঁরা করবেন। এইসব কথা বলার পর তাঁরা ডোল ইত্যাদি দেওয়া বন্ধ করলেন। কিন্কু টেস্ট রিলিফের খবর আমরা যা পেলাম তাতে কোথাও দুর্দিন, কোথাও ৩।৪ দিন মাত্র টেস্ট রিলিফের কাজ দেওয়া হয়েছে। অথচ সেইসব জায়গায় উৈলেও বন্ধ হয়ে গেছে। এই বিষয়ে আমি কয়েকটা ঘটনার প্রতি প্রধানমন্ত্রী মহাশায়ের দ্রাঘ্ট আকর্ষণ করাতে তিনি বলেছিলেন ষে, তিনি একটা তদন্তের ব্যবস্থা করছেন। কিন্তু এর কোন জবাব আর নাই নি। অর্থাৎ তদন্তের পরে যে কি হল তা আমরা জানি না। আমি জানি যে, তাঁর দ্র্ভির সামনে কোন একটা কিছ, নিয়ে এলে তিনি তংক্ষণাং জবাব দেন যে, তিনি এই বিষয়ে অনুসন্ধান করছেন। কিন্তু দ্বঃথের বিষয় যে, তারপর আর তাঁর কাছ থেকে কেঁনি জবাব পাওয়া যায় না যে, অন্সম্থানের পর কি হল, না হল। এইরক্ষম একটা ঘটনা নয়, বহু ঘটনা আছে। ত অবশ্য আজকে এই বিষয়ে আলোচনার প্রসজ্পে সেটা বলা যায় না। তাঁর দ্বিতীয় চিঠির উত্তরের চেয়ে প্রথম চিঠির উত্তর খুব প্রস্পট পাই। অতএব এই অবস্থা আমরা দেখছি যে, সেইসব জায়গায় টেস্ট রিলিফের কাজ হয় নি, অতএব ডোল বন্ধ হয়ে গেছে।

তারপর সবচেয়ে সাংঘাতিক যেটা, সেটা হ'ল তাদের উল্ভট পরিকল্পনা। যখন মানুষের ঘরবাড়ি নাই, তখন সেইসময় তিনি বললেন যে, এটা একটা মহাবিধাতার অভিশাপের ভেতর দিয়ে আশীর্বাদ। বাংলার এই সমস্ত ক'ডে বাডিগলো পডে গেছে, কিন্ত তার জায়গায় আবার আমরা পাকা বাড়ি করে দেব। আমি সেইসময় খবে বিনীতভাবে তাঁকে বলেছিলাম যে, এই হার্ডসিংটা খবে সহজ কথা নয়। ইউরোপ তার এত সম্পদ নিয়ে যদেশর ধরংসের পরেও আজ ১০-১২ বংসর অতীত হয়ে গেছে, ক্বিন্তু তারা হাউসিং প্রবলেম সল্ভ করতে পারে নি। অতএব আমাদের এখানে যে হাউসিং প্রবলেম আছে তা আপনারা কি করে যে সমাধান করবেন জানি না। কারণ এইজন্য শিলেপ যে টাকা বরান্দ আছে সেই টাকা একশতাংশও আপনারা খরচ করতে পারেন নি। বাংলায় हे অংশ পাকা বাড়ি তৈরি করে দেবার কথায় তিনি বললেন যে, এটা কেন হবে না, লোকজনের সহযোগিতা হলে আমরা টিন, কয়লা ইতাদি দেব। কিন্ত সেই জিনিস তৈরি করবে কে? গ্রামে গ্রামে এই ইট তৈরি করা খুবে সহজ হয় নি। **যাই** হোক ততদিন পর্যন্ত কি হবে? কারণ নভেম্বরের যে প্রচন্ড শীত আসছে তাতেই তারা ঠাণ্ডার মারা যাবে। আমি জানি এইসমস্ত বন্যাবিধন্ত অণ্ডলে এই শীতের মধ্যে মান্ত্র বেশি মারা যায় নি, তারা কোনরকমে আশ্রয় নিয়েছে, কিন্তু গর, মহিষ হাজারে হাজারে মারা গেছে। সেখানে তাঁদের পরিকল্পনা হল কি না যে, তাঁরা সেখানে আটচালা করে দেবেন এবং লোক সেখানে আশ্রয় নেবে। অর্থাৎ সেটা সাময়িক হবে এবং ইতিমধ্যে সেখানে সমস্ত গ্রহ নিমাণ হবে। এ বিষয়ে আপনি কোন লোকের মতামত নেন না। এগলোর জন্য পরিকল্পনা কিনা স্টেশনে গোডাউন শেডস যেমন হয় ঠিক সেইরকমের আটচালা তৈরি হবে। কিল্ড তাও সেইসমুহত জিনিস এখন পড়ে আছে, কিছুই তৈরি হয় নি। এখনও পর্যান্ত অনেক জায়া<mark>গায়</mark> কয়লা স্ত্ৰপীকৃত হয়ে পড়ে নন্ট হচ্ছে, কেননা সেখানে এখনও টিন পে⁴ছায় নি। সেখানে যে কয়েকটা শেড তৈরি হয়েছে তাতে মানুষের ত দরের কথা, তাদের এই কল্যাণের দান গ্রহণ করতে গর, ছাগলও পর্যন্ত সেখানে থাকতে অস্বীকার করছে। তারপর তাঁরা বললেন যে. আমরা লোন দেব। তাতে আমরা বারবার তাঁর কাছে এই অনুরোধ করেছিলাম যে, লোনটা দয়া করে সবাইকে দিন, অর্থাৎ যারা কাঁচা বাড়ি তৈরি করবে তাদেরও দিতে হবে। কিন্তু ও'রা বললেন যে, না, যারা পাকা বাড়ি তৈরি করবে, ইট তৈরি করবে তাদেরই লোন দেব, কেননা কাঁচা বাডি করবার পর আবার যখন বন্যা হবে তাতে আবার সব নণ্ট হয়ে যাবে।

Mr. Speaker: May I just point out that you are speaking only on one aspect of relief question.

- Sj. Bankim Mukherji: I am now speaking on the housing problem.
- Mr. Speaker: Arising out of relief.
- 8j. Bankim Mukherji: I will speak on another point about flood enquiry.

এই সময় আমি তাঁদের কাছে অন্বোধ করি যে, যাদের গৃহ হয়ে গেছে তাদের অন্ততঃপক্ষে কিছ্ব কিছ্ব লোন দেওয়া হোক। কিন্তু তাতে ও'রা বললেন যে, তাঁরা যেহেতু পাকা বাড়ি করেন নি সেহেতু তাঁরা পাবেন না। এর কারণ হিসাবে ও'রা বললেন যে, আজকে যদি এই কাঁচা বাড়ি করে তাহ'লে আবার যখন বন্যা আসবে তখন আবার এইসমন্ত বাড়ি ধর্মে যাবে। তখন আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে জিল্পাসা করলাম যে, আপনি কি বছর বছর বন্যা হওয়াটাই ধরে নিয়েছেন এবং আপনি কি মনে করেন যে, এটাই ঝালেদেশের স্বাভাবিক অবস্থা। অর্থাং যে কথা আমি প্রে কলেছিলাম সেই কথা আবার বলছি যে, যতক্ষণ আমার বন্ধ্বের রিলিফের মন্ত্রী আছেন ততক্ষণ দামোদরের কল্যাণকর যেসমন্ত ব্যাপার তাতে গভন্মিন্ট জানেন যে, বংসর বংসর বাড়ি ধর্মে ও

ষাবে। অতএব এই কারণেই তাঁরা পাকা বাড়ির কথা বলছেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় যে বাংলার ह আংশে এই পাকাবাড়ি করা অসম্ভব, কারণ কোন দেশ তা পারে নি এবং কোনরকমে তা করাও সম্ভব নয়। কিন্তু তাঁদের এই পার্লাসর জন্য কি হয়েছে, না, সাধারণ গাঁরব লোক ব্রুল যে, গভর্নমেন্টের কাছ থেকে আর কোন ঋণ পাবার আশা তাদের নেই। তবে তারা কি সেটার আশার বর্সোছল, না তা নেই। কারণ সমস্ভ বাংলাদেশে দেখে আস্কুন যে দরিদ্র লোক তাদের বন্ধ্বান্ধবের সহায়তা নিয়ে ঋণ কর্জ করে এবং কোনরকমে বাঁশ, দড়ি ইত্যাদি সংগ্রহ করে তারা আবার মাটির কুজে সেখানেই তুলেছে। এইভাবেই তারা এই দুর্জয় শীতের হাত থেকে কোনরকমে রক্ষা পেয়েছে। এর ফল হয়েছে কি না, গাঁরব জনসাধারণ তারা এতবড় দুর্ভাগ্যের পরেও বাড়ি তৈরি করবার জন্য গভর্নমেন্টের কাছ থেকে একটি পার্মাও তারা পায় নি। কিছু কিছু লোক যারা সম্পন্ন, তারা হয়ত ৪।৫ হাজার টাকা ঋণ নিয়ে ইট তৈরি করেছেন। অতএব বলছি যে, অভিশণ্ত হস্ত থেকে কল্যাণ্বর্ষণ হলেও অকল্যাণ হয়। আমি সম্প্রতি এই সমস্ত বন্যাবিধ্বস্ত অঞ্চল ঘুরে দেখে এলাম কিনা যারা সম্পন্ন লোক কোটা তৈরি করবেন মনে করেছিলেন তাঁরা ইট তৈরি করেছিলেন, কিন্তু দুর্ভাগ্য আবার যে, তাঁরা যেসমস্ত মাটি শুকোতে দিয়েছিলেন সেইসব ব্ভিটতে ধুয়ে গেছে। অর্থাণ্ড ওটও নন্ট হয়েছে, আর কয়লাও সতুপীকৃত হয়ে পড়ে আছে।

[9-50-10 a.m.]

আমরা বলেছিলাম যে. শীতের পূর্বে এইসমুহত কাজ করা উচিত, কিল্তু তা করা হয় নি। শীতের পার্বে কোথাও একটা বাড়ি তৈরি হয় নি এবং যে মডেল তাঁরা বাড়ি তৈরি করবার জন্যে করেছিলেন সেই মডেলের রিপোর্ট আমরা কাগজে দেখতে পাই। এই মডেল তাঁরা পশ্চিত জওহরলাল নেহর্র কাছে খ্ব আনন্দ সহকারে দেখাতে গিয়েছিলেন। কিন্ত এই মডেল তিনি একসময়ে দেখে সব ব্রুতে পেরেছিলেন। কারণ, জনসাধারণের সংখ্য তাঁর (নেহরুর) কিছুটো মেশামেশি আছে, শুধু রাইটার্স বিশ্ভিং-এ বসে থাকেন না বলে তা দেখেই তিনি বললেন, "বা! চমংকার। কলকাতার স্লাম এরিয়া, বস্তি এরিয়াটাকে তোমরা গ্রামের মধ্যে নিয়ে আসছ।" কিন্তু এই মডেলের জন্য তাঁরা খুব উল্লাসিত। যাই হোক এটাই হচ্ছে আমাদের হাউসিং প্রবলেম। কিন্তু এই হাউসিং প্রবলেমের সংগ্র আমরা দেখতে পাচ্ছি যে রিফিউজিরাও সবচেয়ে বেশি দ্বদ'শাগ্রুত হয়েছে। এর কারণ হচ্ছে যে, রিফিউজিরাই সবচেয়ে লো ল্যান্ডএ থাকত বলে তাদের ঘরবাড়ি সব ভেসে চলে গেছে। কিন্তু তারা কোথাও কোন লোন পায় নি। কালকে আমি অধীররঞ্জন দের কথা বলে একটা দার্থ অভিযোগ আপনার সামনে এনেছিলাম। তাদের পরিবার একটা বড রাজনৈতিক পরিবার। তাদের বাড়ির এক ছেলে ব্টিশের যন্ত্রণায় ভূগে টি বি-তে মারা গেছে, এক ছেলে र्नारिश्व ग्रामीए माता राष्ट्र धवर आत धक एक्टल या प्राप्त कलाएनत जना हित धर्ताक्रलन তাঁকে তাড়িয়ে দেওয়া হয়েছে। তার দার্ণ অভিযোগে সে বলেছে যে, এখনকার কর্মচারীরা তাদের আত্মীয় বন্ধ্বান্ধ্ব ইত্যাদিকে রিফিউজি সাজিয়ে ৫।১০ হাজার টাকা দিয়েছে। এমন কি সে মন্ত্রী রেণ্টকা রায়ের সম্বন্ধেও অভিযোগ দিয়েছে, এবং কংগ্রেসের সভাপতি শ্রীঅতুল্য খোষের সম্বন্ধেও অভিযোগ এনেছে। শুধু পার্বালকের বিরুদ্ধে যে অভিযোগ এসেছে তার জন্যেই গভর্নমেন্টের উচিত ছিল সেইসব সম্বন্ধে তদন্ত করা। কিন্তু এই দাম্ভিক গভর্নমেন্ট মনে করেন যে, তাঁদের বিরুদ্ধে যতই অভিযোগ আসুকু না কেন সেই-সমুহত দেখবার প্রয়োজন নেই। কিন্তু এইপ্রকার আত্মসন্তুষ্টি গণতন্ত্রের পর্ন্ধতি নয়। হয়ত তাঁরাই সত্য এবং অভিযোগ মিথ্যা হতে পারে, কিন্তু পার্বালকের সামনে যখনই এটা এসেছে তখনই গণতান্ত্রিক পর্ম্বতি হচ্ছে যে, গণতান্ত্রিক উপায়ে তার বিচার করা। তিনি যেসমুস্ত কেস স্টার্ট করেছেন সেসমস্ত সাংঘাতিক। তার বিরুদ্ধে যে মামুলি অভিযোগ এনেছেন সেখানেও তার কথা হচ্ছে যে, ডারোর দেখা হোক এবং তিনি যে টি. এ, চার্জ করেছেন সেই চার্জ যে এ্যাকাউন্ট্যান্ট জেনারেলএর নির্দেশ মতন করেছেন তাও সেখানে লেখা আছে। কিল্ড সেই ডারেরি °হারিয়ে যায়—কার শ্বারা, না সেখানকার যিনি কর্তা তাঁর শ্বারা। অথচ তার কিপি এ্যাকাউন্ট্যান্ট জেনারেলএর অফিসে আছে। সেজন্য তিনি বলছেন যে সেই কিপ এনে তদুত করা হোক। এই সমুহত বিষয়ে এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট এনকোয়ারি কর ক। এবং জনসাধারণের সামনে এর সত্যাসত্য প্রকাশ করা হোক। [ডিসটার্বেন্স ফ্রম দি গভন মেন্ট

বেশ্বেস) তাঁদের সমস্ত পরিকলপনাই হচ্ছে বৃটিশ শাসনযুগের বৃটিশ এ।ডিমিনিস্ট্রেটরদের পরিকলপনা এবং তাঁরা তার রুপ দিচ্ছেন। কিন্তু সৈখানে দেখছি শ্রে, অর্ধ পঞ্চাশ কোটি থেকে ১০০ কোটির উপরে তাঁদের পরিকলপনা চলে যায়, কিন্তু তাতে কাজ অর্ধেক হয়েছে। যেখানে ১০টা ড্যাম হবার কথা ছিল, সেখানে তার অর্ধেক হয়েছে। কথা ছিল যে, এই সমস্ত বাঁধ থেকে জলবিদাহুং তৈরি হবে, কিন্তু তা হচ্ছে না। কথা ছিল যে, বোখারো থারমাল থেকে সামারকভাবে বিদাহুং তৈরি হবে, অর্থাং সমস্ত বাঁধ থেকে যে বিদাহুং তৈরি হবে তাকে সালিশ্যেন্ট করবার জন্য এখান থেকে বিদাহুং তৈরি হবে। কিন্তু আজ বোখারো থারমাল ক্ল্যান্ট হচ্ছে বিদাহুং উৎপাদনের প্রধানতম কেন্দ্র। কাজেই সম্তায় গুলবিদাহুং পাওয়াটা চলে গৈছে। এংবা এখন বলছেন যে, সেচ করা হবে, বিদাহুং তৈরি হবে না।

[At this stage the red light was lit].

I want five minutes more.

Mr. Speaker: You asked for five minutes and I gave you ten minutes already.

8j. Bankim Mukherji: Let me finish this point.

Mr. Speaker: Mr. Mukherji, you are an experienced parliamentarian. You know what you are speaking is irrelevant. It is not a supplementary relief budget that we are considering.

Sj. Bankim Mukherji: I know it is quite relevant

আমার চেয়ে ঢের বেশি অভিজ্ঞ আমাদের মুখামন্ত্রী মহাশয় এবং অনভিজ্ঞ আপনি এই পাঁচ বংসরে এত অভিজ্ঞ হয়েছেন যে, আপনিও এই বন্যার উপরে আলোচনা করবার কোন সুযোগ দিচ্ছেন না বা এই জেনারেল ইলেকশ্নএর পূর্বে আমরা তা পাচ্ছিও না। এরজনো আমাদের দাবী হচ্ছে যে, তাঁরা আমাদের কাছে যখন টাকা সাাত্তশন চাচ্ছেন সেই টাকা বায় করা সম্বন্ধে যে নীতি নিচ্ছেন সেই নীতিকে আক্রমণ করবার পরিপূর্ণে অধিকার বিরোধীপক্ষের আছে। সেজন্য সেই নীতির দিক থেকেই আমি আক্রমণ করে চলেছি এবং সেদিক থেকে আমার বন্ধব্য যে, এই বন্যা তাঁরা এনেছেন। অর্থাৎ তাঁদের অকার্যকারিতার জন্য এই বন্যা এসেছে। তাঁরা ডেভলপুমেন্ট ট্যাক্স আনতে পারেন গ্রামের উন্নতির জনা। কিল্ত আমি বলছি যে, ডিভাস্টেশন হ'লে তার কমপেনসেশনের দায়িত্ব গভর্নমেন্টের। আমি দেখাচ্ছি যে, এই ডিভাস্টেশন তাঁরা এনেছেন। বিদ্যাৎ সদতায় পাওয়া গেল না এবং ইলেকট্রিক সাম্পাই কর্পোরেশন এখনও ৩-৪ আনা করে ইউনিট বিক্তি করে। এই রকম একটা কিছু এইট পাইস করে ইউনিটের পড়তা ওখানে পডে। যাই হোক, তখন বলা হ'ল বিদ্যুৎ উৎপাদন করাটা এর আসল উদ্দেশ্য নয়—সেচই আসল। কিন্ত এই সেচের ব্যাপার আমরা জানি যে, রবি শস্য তৈরি করবার জনা জল পাওয়া যায় না। গ্রীন্মের সময় জল পাওয়া যায় না, আষাঢ় মাসে জল পাওয়া যায়। এই বংসর এমনি দুর্ভাগ্য বাংলার যে, যারা ডি ভি সি-র কর্তা তাদের জ্ঞানহীনতা এতদূর যে, যথন অজয় বন্যায় প্লাবিত হয়ে রয়েছে এবং ১২-১৩ ইণ্ডি বুন্টি হয়েছে তখন তাঁরা দামোদর বাঁধের সমস্ত স্পাইস গোটগুলো খুলে দিলেন। এর কারণ হচ্ছে যে, দামোদর থেকে যে জল আসছে সেটাকে টেনে নিবেন এবং সেই টেনে নিয়ে কি করবেন, না দামোদরের উপত্যকায় বেসমুহত জায়গা আছে তাদের বাঁচাবেন। কিন্তু আমার বন্তব্য হচ্ছে এই যে, তাতে একদিকটা ধরংস হয়ে গেল। এই ক্যানেলের জল কোথায়ু গেছে, না যেসমস্ত জায়গায় সহজে জল পেণছায় না সেখানে ক্যানেল সেজন্য গেছে। সেখানুকার লোকের বন্যার সম্বন্ধে কোন অভিজ্ঞতা নেই। সেজন্য সেইসমস্ত জারগার যখন বন্যার জল এল তখন তার স্লোতে সমস্ত বাডি পড়ে গেল। যারা সেথানকার ভূতভোগী তারা বলেছে যে, যদি এই দামোদরের বাঁধের জল খোলা না হ'ত তাহলে এতগলো বাড়ি ধ্রংস হ'ত না। কিন্তু তারা এইসব অস্বীকার করেন। অথচ যদি দিন তারিখ মিলিয়ে দেওয়া হয় তাহ'লে দেখা যাবে যে, যে সময় দামোদরের গেট খুলে দেওক্স হরেছে তার করেক षणी भरतरे रयुंशात रयुंशात माध्यामरतत कार्रातलत क्रम शास्त्र स्मारात रम्थाति घत भर्ष গেছে। এরজনো যে ক্ষতি হয়েছে সেই ক্ষতিপরেণ দিতে গভর্নমেন্ট বাধ্য। এখানে লোন নয়, এই বে ডিভান্টেশন হয়েছে তার কমপেনসেশন দিতে তারা বাধ্য। এইজন্য আমাদের দাবী

ছিল যে, সেখানে একটা এনকোয়ারী কমিটি করা হোক এবং জনসাধারণের ভেতর থেকেই এই এনকোয়ারী কমিটি করা হোক। সেজন্য তখন ওঁরা জনসাধারণের চাপে পড়ে একটা এনকোয়ারী কমিটি করলেন। কিন্তু সেই এনকোয়ারী কমিটির লোক কোথায়, তার আফিস কোথায়, সেইসব আমরা কিছ্ই জানি না। কোন এনকোয়ারী কমিটির লোক কোথায়, তারা জনসাধারণের কাছে কোরেন্চেনেয়ার বার করে তাদের অভিযোগ শ্নেন। কিন্তু এরা চুপি চুপি কোন এক অজ্ঞাত আফিসে বসে অজ্ঞাত লোকেরা এনকোয়ারী করে তার একটা রিপোর্ট দেবেন যে, ওদের কোন দোষ নেই, অভাগা বাজ্যালীর ভাগ্যের দোষে এটা হয়েছে। আমরা চাই যে, আজ এই বিধানসভায় তাঁরা বল্ন যে, সেই এনকোয়ারী কমিটিতে কে কে আছেন, তার কার্য কিরকম চলবে, কি কি প্রশ্ন তারা করবেন এবং জনসাধারণ তাদের কাছে কিভাবে তাদের অভিযোগ, এভিভেন্স, সাক্ষ্য প্রভৃতি দিতে আসবে। এই সমস্ত বিষয়ে পরিক্লার কথা আমরা জানতে চাই। সেখানে আমরা আমাদের অভিযোগ প্রমাণ করব যে, প্রকৃতির বিপর্যয়ের সঙ্গো সভেগ গভর্নমেন্টের অবিবেচনাই এটার জন্য দায়ী এবং সমস্ত লোকের ক্ষতিপ্রেণের জন্যও গভর্নমেন্ট দায়ী। এইসমস্ত কথা বলে আমি মনে করি যে, আমি যেসমস্ত এ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম সেইরকম একটা নীতির শ্বারা যেন এই টাকা ব্যয় করা হয়।

[10-10-10 a.m.]

Mr. Speaker: Before I call upon any other member I want to draw the attention of Sj. Sudhir Chandra Ray Chaudhuri, because he wanted to know if the Contingency Fund Rules were circulated to members, that I find that the Rules were gazetted on the 7th October, 1955, and a copy of the gazette publication was received by all the members.

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়. এই কর্নাটনজেন্সি ফাল্ডএ যে টাকা বাড়ানো হচ্ছে, অবশ্য যে যে কারণে বাড়ানো হচ্ছে, সেই কারণ সম্বন্ধে কারো কোন আপত্তি থাকতে পারে না। কিন্ত এটা ঠিক, এখানে কর্নাটনজেন্সি ফাল্ডএ টাকা বাড়ানোর যে প্রস্তাব এসেছে, যে কারণে এসেছে, যে অবস্থায় এসেছে, সেই অবস্থা সম্বন্ধে আলোচনা ও বিবেচনা করবার অধিকার এই এসেমব্রীর আছে এবং এসেমরীকে সেই অধিকার দেওয়া উচিত ছিল। কিন্ত দঃখের বিষয় এই যে, যখনই কোন বিপর্বায় ঘটে, সেই সময় এসেমরী আহ্বান করা দরকার; এবং এই এসেমরীও সেইজন্য আছে। কিন্ত এই গভর্নমেন্টের যাঁরা কর্ণধার, তাঁরা কোনমতেই সেই দুর্যোগ বা বিপ্যয়ের সময় এসেম্ব্রী আহ্বান করেন না। কেন যে করেন না—তা অতি পরিকার। তাঁরা মনে করেন তাঁরা যে কথা ভাবেন, চিন্তা করেন, সেটা নির্ভল ও ঠিক। তাঁরা যে নীতি গ্রহণ করবেন, তাঁরা সেই নীতিই চালাবেন। সে দিক থেকে এই কর্নাটনজেন্ট ফান্ড সম্বন্ধে আমার বন্ধবা হ'ল এই যে, কোন বিপর্যায় ঘটকে না কেন, এসেমত্রী ডাকা উচিত এবং যে টাকা দরকার—একটা প্ল্যান নিয়ে সেই টাকার স্যাঞ্চশন নেওয়া উচিত। যে বিরাট বিপর্যয় ঘটে গেল সারা পশ্চিম বাংলায় এবং যে দামোদর পরিকল্পনা যে বান রোধ করতে পারল না, যে দামোদর পরিকল্পনায দেশের লোককে বানের হাত থেকে রক্ষা করবার পরিকল্পনা গহেতি হয়েছিল, সেই পরিকল্পনা মান্যকে বান থেকে বাঁচাতে পারলো না। কাজেই পরিকল্পনাগ্রিল ঠিক বৈজ্ঞানিকসম্মত উপায়ে হওয়া উচিত ছিল। আমার সংগ্যে ডাঃ রায়ের এ বিষয়ে বানের পরে কথা হয়েছিল—যেসব জায়গায় বন্যা হয়েছে সেখানে আবার নতন করে ড্যাম তৈরি করতে হবে। কাজেই সেই দিক থেকে আমি বলব এই পরিকল্পনার ব্যর্থতা প্রাকৃতিক বিপর্যয়ের জন্য যে এটা ঘটেছে সে বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্ত প্রকৃতিকে কন্টোল করার অধিকার বা শক্তি থৈ মানুষের আছে বিজ্ঞান সেইসব আবিষ্কার করেছে। এই যে বান হয়েছে, আমি কয়েক জায়গায় গিয়েছি, সেখানে গিয়ে দেখেছি জনসাধারণকে যেভাবে রিলিফ দেওয়া হয়েছে, সেই রিলিফে তাদের বিশেষ কোন উপকার হয় নাই। আরামবাগে কয়েকজন আমাকে বললেন, আমাদের ঘরবাডি সব বিধন্তে হয়ে গেছে: এখন আমরা থাকি কোথায়, থাকবার জায়গা পাই কোথায়? ইমিডিয়েটলি একটা কোন লোন বা ঋণের ব্যবস্থা করে দেওয়া হোক। গভর্নমেন্ট তার ব্যবস্থা করে দিন। গভর্নমেন্ট কয়লার ৰ্যকম্পা করে দিন, ভারা ইট পোড়াবে বাড়ি তৈরি করবার জন্য। গ্রামের লোক যেভাবে থাকে— একটা ঘরের মধ্যে এক-একটা পরিবার থাকবে, এই ধরনের শেড তৈরির যে পরিকল্পনা ছিল,

তা আজও কার্যকরী হর নাই। এই বে স্পান, জনসাধারণের ঘেটা অভাব, জনসাধারণে ঘেটা চায়, যা থেকে জনসাধারণের দঃখ বা অভাব দর হতে পারে. সেদিক থেকে জনসাধারণের সাথে পরামর্শ করে কোন স্পান তৈরি হয় নাই। আমাদের সরকারে যাঁরা আছেন, তাঁরা মনে করেন তাদের এক্সপার্ট দিয়ে স্পান তৈরি করলেই সব হয়ে গেল। তাদের যে স্পান, সেই স্পান দিয়ে কোন সমস্যার সমাধান করতে তাঁরা পারেন নি। সেদিক থেকে এটা বিশেষভাবে বিবেচনার যোগা। আমি দেখলাম যে, গভর্নমেন্টের এই যে বাড়ি তৈরির পরিকল্পনা, ঘর তৈরির পরিকল্পনা, এতে অনেক লোক কাজ করতে পারে। যেখানে এইসব হবে, সেখানেতে এক্সপার্ট দেওয়া দরকার—যাতে করে তারা বাড়ি তৈরির জন্য ইট তৈরি করতে পারে। সেই ইট পোড়াবার জন্য কয়লারও ব্যবস্থা করা দরকার। অনেক জায়গায় হয়েছে গ্রুপ হিসেবে চারজন চারজন করে—একত্রে যারা য়্যাম্পিলকেশন করবে, তারাই লোন পাবে। কিম্তু যেখানে এই গ্রুপের ব্যবস্থা নাই, সেখানে তাদের কোন প্রকার সাহাযোর ব্যবস্থা নাই।

আর একটা জিনিস আরামবাগে গিয়ে ঘুরে দেখলাম, সেখানে নির্বাচন হচ্ছে, সেখানে এস ডি ও ন্যাশনাল এক্সটেনশন রক দেখতে বাচ্ছেন, শ্রীযুত্ত প্রফল্প চন্দ্র সেন মিনিস্টার হিসাবে বাচ্ছেন, গভর্নমেন্টের গাড়ি ব্যবহার করছেন। বাস্তবিক যখন নির্বাচনে নামবেন, তখন উচিত নয় গভর্নমেন্টের কোন জিনিস ব্যবহার করা।

টেস্ট রিলিফের কাজও যেভাবে হওয়া দরকার, বা যে পরিমাণ লোকে চায়, সেই পরিমাণ দেওয়া হচ্ছে না, যত পরিমাণ লোকে সাহায্য চায়, সেইভাবেও দেওয়া হচ্ছে না। যাতে গভন্মেন্ট জনসাধারণের সকলকে নিয়ে সহযোগিতা করেন, তার বাবদ্থা থাকা প্রয়োজন। তাঁরা যদি দলীয় মতলব নিয়ে কাজ না করতেন, তাহ'লে নিশ্চয়ই কাজ ভাল হ'ত এবং আমাদেরও সমর্থন পেতেন। যেভাবে দলীয় স্বার্থে কাজ করা হচ্ছে, সেটা আদৌ সমর্থনিযোগ্য নয়। বিশ্কম বাব্, বললেন, তাঁরা মনে করছেন এতে আশীর্বাদে পাবেন লোকের, আগামী ইলেকশনে তাদের ভোট নিয়ে নেবেন এই সময় লোকের সাহা্যা করে। কিশ্ত ফল উল্টো হবে।

মুশিদাবাদের একজন বললেন, আমরা না পাচ্ছি লোন, না পাচ্ছি কছনু; কবে বাড়ি তৈরি করবো, তার ঠিক নাই। সর্বত্র এইরকম হচ্ছে। এই রিলিফ ঠিকভাবে ডিস্ট্রিবিউট করা যেতে পারতো যদি সমস্ত দল নিয়ে একসঙ্গে পরামর্শ করে কাজ করা যেত, কোথায় কি অভাব আছে, তা দেখে রিলিফ দেওয়া হ'ত, তাহ'লে নিশ্চয়ই দেশের লোকের মধ্যে রিলিফ দেওয়া সত্ত্বেও যে আজ একটা অস্বস্থিত, একটা অসন্তোষ জেগেছে, তা জাগত না।

[10-10-10-20 a.m.]

8]. Dasarathi Tah:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, সরকার দেশে এত সমস্যা রয়েছে বা এত দর্যোগ গেল তার সন্বন্ধে আলোচনা বা সেইসব সমস্যার সমাধানের জন্য এই অধিবেশন ডাকেন নাই। মাত্র তিন দিনের জন্য এই অধিবেশন, তাঁদের এই কর্নাটনজেন্সি ফান্ডএর টাকা মঞ্জুরী করাবার জন্য।

অধ্যক্ষ মহাশয়, এই কর্নাটনজেন্সি ফান্ডকে বাংলা ভাষায় বাজে খাতা বলা হয়; মহাজনী খাতায় একটা আইটেম থাকে বাজে খরচ, বাজে খাতা। সেই বাজে খাতার জন্য বার বার যে মঞ্চরী সরকার চাচ্ছেন, সেই মঞ্জুরী সম্বন্ধে আমার আপত্তি আছে। জানি টাকা মঞ্জুর না করলে কোন গভর্নমেন্ট চলে না, অন্য কিছুও চলে না।

এ রা এই যে বার বারে বাজে খাতে মঞ্জুরী চাচ্ছেন তাতে আমরা দেখতে পাচ্ছি যে, বহু অপবায় এর ব্যারা হচ্ছে। সম্প্রতি যৈ বান এবং দুর্যোগ গেল তাতে আমরা বর্ধমানের লোকই বিশেষ ভূকভোগী। দামোদরের বন্যা আগে বিখ্যাত বন্যা ছিল। কিন্তু দামোদর ভ্যালী কর্পোরেশন হরার পরে আবার যে অবস্থা হয়েছে সেই কথা আমি এই হাউসের সামনে বলছি।

আপনি জানেন এবং সদস্যরাও জানেন যে, দামোদর ভ্যালী কর্পোরেশনের প্রধান কাজ হচ্ছে বন্যা নিরন্ত্রণ করা। যেখানে ৮টি ভ্যাম হবার কথা ছিল সেখানে বর্তমানে মাত্র ৪টি ভ্যাম হরেছে এবং বাকী ৪টি ভ্যাম পরিত্যক্ত হয়েছে। কিন্তু বানের সময় দেখলাম যে, বানের আগে

জনসাধারণকে বলা হয়েছিল যে, আমরা বন্যা প্রায় নিয়ন্ত্রণ করে ফেলেছি। এটা শুধু মুখেই বলা নয়, কাজে কর্মেও করা হয়েছে। এই দামোদর পরিকল্পনা শেষ হ'ল না,'কিল্ড মাঝ পথে তারা দুর্গাপুর ব্যারেজ উন্বোধন করে ফেললেন। এই দুর্গাপুর ব্যারেজ উন্বোধন করার সময় তাঁরা স্যার রাধাকৃষ্ণনকে পোরোহিত্য করবার জন্যে আনলেন এবং সেখানে যে বিরাট উৎসব হ'ল তাতে তাঁরা বললেন যে, বন্যা নিয়ন্ত্রণ হয়ে গেল। আমাদের বাংলাদেশে আগেকার যারা জাতীয় সংবাদপত্র বলে পরিচিত তারাও বড় বড় হরফে লিখলেন, "বিংশ শতাব্দীর বিজ্ঞান দুদানত দামোদরকে বন্দী করিয়াছে, আর বন্যা হইবে না।" কিন্তু আমরা দেখলাম যে, যেসমস্ত ড্যাম বা পগার বাঁধা হয়েছে তা সবই খোলা। এখানে মন্ত্রীমহাশয় বললেন যে, সমস্তই খোলা থাকে। কিন্তু আমাদের নিন্ন উপত্যকা ফ্লাডেড এরিয়ায় বন্যা যে হয় নি তার কারণ হচ্ছে যে, আপার ক্যাচমেন্টএ বুন্টি হয় নি। অথচ এই সংবাদ কোন সংবাদপত্তে ছাপা হ'ল না। অতএব এই যে একটা বিশ্বাস, যেখানে ভারতের উপ-রাষ্ট্রপতি স্যার রাধাকৃষ্ণনের পৌরোহিতো এত বড কাল্ড হয়ে গেল এবং যা নিয়ে বড় বড় খবরের কাগজগুলো এবং এক্সপার্টরাও লিখে দিলেন "দুর্দান্ত দামোদরকে বন্দী করা হইয়াছে, আর বন্যা হইবে না", সেখানে উল্লাসিত হয়ে সমস্ত বন্যাপীড়িত অঞ্চলের লোক নীচুতে বাড়ি করতে আরম্ভ করল। ঐসব অঞ্চলে মাটির ঘর বা বাঁশের ছিটেবেড়া দিয়া ঘর করতেই ২-৩ তলা পাকা দালানের মতনই প্রায় খরচা করতে হয়, কারণ সেখানকার নীচ জায়গাকে মাটি দিয়ে সমসত ভর্তি করতে হয়। অর্থাৎ একদিকে যেমনি বলা হ'ল যে দামোদরকে বন্দী করা হয়েছে এবং সেই সঙ্গে সঙ্গে অন্যাদকে কংগ্রেসের বক্তুতা হয় যে, প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা বন্যা বন্ধ করেছি তাতে হ'ল এই যে, সবাই নীচ জমিতে ঘর তৈরি করতে আরম্ভ করল। সেখানে বিশেষ করে যে ঘরগুলো হ'ল সেগুলো সমস্তই হচ্ছে পাবলিক ইনস্টিটিউসন অর্থাৎ স্কুলই হতে লাগল। এর মানে হচ্ছে যে, যত প্রাইমারী বিদ্যালয়, ম্পেশ্যাল কেডার, হাই স্কুল, এম ই স্কুল ইত্যাদি সমস্ত নীচু জায়গায় হতে আরম্ভ করল। দেশের লোকও খুব উল্লসিত হয়ে সেখানে যেসব পাট করেছিল সেই পাট তারা কেটে বোঝা দিয়ে ঠিক করে রেখেছিল কারণ যখন বন্যা হ'ত তখন সেটাকে খুব শক্ত দড়ি দিয়ে বে'ধে রেখে দিত, কিন্তু এখন আর তার প্রয়োজন হ'ল না। তারা সেই নীচু জায়গায় খড়ের গাদা এবং ধানের গোলা ইত্যাদি করে সমস্ত রেখেছিল, কিন্তু তার পরে হঠাই দেখা গেল যে, সেই সমস্ত ভেসে চলে গেছে। আসল বন্ধব্য হচ্ছে যে, এখন আমরা বন্যাকে মন,ষ্যকৃত বন্যা কিম্বা বেকবীর জনা এই বন্যা হয়েছে খলতে পারি। অন্ততপক্ষে যখন সম্পূর্ণরূপে বন্যা নিয়ন্ত্রণ হয় নি তখন যদি সরকার ভালভাবে প্রচার করতেন এবং বলতেন যে, আপার ক্যাচমেন্টএ ব্যক্তি হয় নি বলেই বন্যা হয় নি, তবে যে-কোন মহুতে ই হতে পারে এবং হ'লেই তোমাদের সর্বনাশ হবে তাহলে মান্ত্রকে এত ক্ষতিগ্রন্ত হতে হত না। তাই এখানে আমার অভিযোগ হচ্ছে এই যে. ইচ্ছাকৃত বা বেকবীর জনা মানুষের যে সর্বনাশ হয়ে গেল সেগুলোর জনা তাদের ক্ষতিপরেণ দেওয়া হোক এবং ক্ষতিপূরণ দেওয়াও উচিত।

এর পর অধাক্ষ মহাশয়, আর একটা বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে এই দামোদর পরিকল্পনার কথা বলা হয়, কিন্তু এটা যে কার্যকরী হতে পারে না আমার মনে হয় এই দৃঢ় বিশ্বাস আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের মনের মধ্যে গেঁথে গেছে। কারণ এই দামোদর পরিকল্পনার জন্য যদি বন্যার প্রতিকার হ'ত এবং এই বিশ্বাস র্যাদ তাঁর থাকত তাহ'লে তিনি বলতেন না যে, ফ্লাডেড এরিয়ায় পাকা বাড়ি তৈরি কর। ফ্লাডেড এরিয়ায় পাকা বাড়ি তৈরি কর। ফ্লাডেড এরিয়ায় পাকা বাড়ি তৈরি কর। ফ্লাডেড এরিয়ায় পাকা বাড়ি তৈরি করার মানে হচ্ছে যে, বন্যা ভবিষাতে হবেই হবে, অতএব পাকা বাড়ি তৈরি করে তোমরা উ'চুতে থাক। কারণ পাকা বাড়ি একেবারে ভাণ্যনে না, হয়ত ভুববে কিন্তু জল কমে গোলে আবার তাতে বাস করতে পারবে। এই যে ধারণা আমাদের হয়েছে এটা পরম্পর বিরোধী জিনিস বলে আমার মনে হচ্ছে। সেজনা এইদিকে বিশেমভাবে দৃষ্টি দিতে বলছি। এ ছাড়া এই বিষয়ে আমি আর একটা জিনিস নিবেদন করতে চাই। ডি ভি সি-র আগে যিনি চেয়ারম্যান ছিলেন সেই ভার্মা সাহেব, তিনি একটি স্টেটমেন্ট দিলেন, "আমরা অসম্ভব কার্য করিয়া ফেলিয়াছি! আমরা র্যাদ ওটি ডায়েকে বে'ধে না দিতাম এবং খিল দিয়ে জল বন্ধ না করতাম তা হ'লে তোমাদের এখানে আকাশ এমাণ বান দেখতে ও কাকের মরণ দেখতে হ'ত।" এই রকম ধরনের একটা কথা তিনি সেখানে বলেন। অথচ আমরা জানি যে, সত্যিকারের এই বন্যার জলটা একমান্ত মাইথন ডায়েএ রেখে দেওয়া হয়েছিল। কিন্তু রবিশস্যতে জল বিজি

করবার জন্য তিলাইয়া এবং কোনার ড্যামের জল বর্ষার প্রথম দিকেই ডি ডি সি থেকে আটকে রেখে দেওয়া হরৈছিল। তাই তিনি যে স্টেটমেন্ট দিয়েছেন সেই স্টেটমেন্টকে আমরা অসতা বলে দাবী করি। তিনি এতবড় একজন এক্সপার্ট লোক এবং এক্সপার্ট লোক বলেই তাঁকেই চেয়ারম্যান করেছিলেন কিল্ড তিনি এমনই কাজ করলেন যে. সমস্ত ক্তিহয়ে গেল। তিনি এমনভাবে কাজ করলেন এবং এমন বিবৃতি দিয়ে বন্যা বন্ধ করে দিলেন যে, তাতেই তাঁর প্রমোশন হয়ে গেল। অর্থাৎ তিনি একেবারে জর্ডনের রাষ্ট্রদ্রত হয়েছেন বলে সংবাদপরে দেখছি। এইসব কারণে আমি যে জিনিস বলতে চাই সেটা হচ্চে এই যে, অপবায় হচ্চে এই রকমের অপবায়টাকে আপনারা বন্ধ করুন, আর এটাকে যদি বন্ধ না করেন তাহ'লে আপনারা যে কৃতকর্ম করছেন তার ফলভোগ আপনাদের নিশ্চয়ই ভোগ করতে হবে। আপনারা রিলিফ সম্বন্ধে যে বড বড কথা বলেন তাতে দেখছি যে আসলে সবই ফাপা। বর্ধমানে আমরা আপনাদের পাকা বাড়ির আয়োজনও বিশেষ দেখছি। অর্থাৎ কোলিয়ারীর যত ঝেটানো কয়লা তা সেই ছাই গাদা থেকে আরম্ভ করে পাথরকুচি সমুস্ত পরিষ্কার করে এনে সেইসব বর্ধমানে হাজির করা राष्ट्र। आवात लाकरक वला राष्ट्र य, यथात कराला, वां क्रिक रमधात। किन्क रमधात ষেভাবে বাডি করবার পরিকম্পনা করা হয়েছে তাতে বাড়ি সেই জায়গায় হতে পারে না। ইটের কথা বলে তারা ইট তৈরি শিক্ষা দেবার কথাও বলেছেন। কিন্তু এখন যদি ইট তৈরি করবার শিক্ষা দেন এবং সরকার যদি সমস্ত দায়িত্ব নিয়ে নিজের খরচায় কয়লা নিয়ে গিয়ে সেখানে ইটের পাঁজা বসান তাহ লেও সেখানে পাকা বাড়ি করবার স্কোপ থাকবে না। কেননা এই কান্ড করতে করতেই আমাদের ১ই মাস কেটে গেল আবার এদিকে ইলেকসনও এসে গেল এবং তার গায়ের ব্যথা সারিয়ে রেস্ট নিতে ১৫ দিন যাবে এবং তারপর এইসব তৈরি করতে করতেই আবার সেই বর্ষাও এসে যাবে। অতএব আপনাদের চুপ করে এখন থাকতেই হবে এবং ভারপর আবার কি করবেন, না করবেন তা জানি না। তাই আমি বিশেষ করে বলছি যে, বর্ধমানের দিকে रयथारन दर्नाम बन्ना इरस्रष्ट रमथारन कि कता इरस्रष्ट। रमथारन এक तकम किছ है कता इस नि। একদিকে ডি ভি সি এলাকার বন্যা বন্ধ কবার জন্য সেখানে বেশি বান হয়ে বিধন্ধত হয়েছে এবং অন্যাদিকে যেখানে বন্যা ছিল না সেইসব অণ্যলেও ভীষণ বন্যা হয়েছে। তার কারণ হচ্ছে र्य. र्यमभम्ब क्यात्मन काठी शराहर समादला मभम्ब मम्मान करा शर्म नि ठिक बारकनार्यंत हन কাটার মতন হয়েছে। অর্থাৎ সেখানে যেমন একটি একটি করে চেচে রেখে দিয়ে আবার একটি লোককে বসান হয়, ঠিক তেমনি ওখানে একটি করে কাানেল খানিকটা কেটে বন্ধ করে আবার অনাটা কাটা হয়। এর ফলে হয়েছে যে সেখানে সতিকোরের দামোদরের যে ক্যানেল ছিল তার কাজ পর্যাত ব্যাহত হচ্ছে।

এরপরে রিলিফের কথাটা না বলাই ভাল। বর্ধমান শহরের সর্বাপেক্ষা নিকটবর্তী রায়না থানার যে এলাকায় মাত্র ই ঘণ্টা বা ২০ মিনিটের মধ্যে রিলিফ দেওয়া যায় সেখানে ভাও হয় নি। অর্থাৎ মাত্র हे घणो বা ২০ মিনিটে যেখানে যাওয়া যায় সেখানে ১৮ দিন পরে রিলিফ গেছে। এ বিষয়ে আমার বন্ধ, ডাঃ মহম্মদ হোসেন সাহেব, এম এল এ, যিনি সেখানকার ইউনিয়নের প্রেসিডেন্ট, তিনিই তার সাক্ষী আছেন। তাবপর বাজি দেবার যে কথা হ'ল, সেটা বলছি। আমাদের সরকার বলে থাকেন যে, আমরা নাকি খাদো স্বয়ংসম্পূর্ণ এবং তাঁরা নাকি পাকিস্তানকে সর্ব্ব চাল দিয়েছেন। কিন্তু আগেকার ওটা ভগবানই আমাদের ধরিয়ে দিলেন। কারণ এই দর্যোগের পরে যে চাল এল সেইসবই রেজ্যনে বা বার্মা থেকে এনে দেওয়া হ'ল। অথচ আমরা দেখলাম যে, তাতেও সমস্যার সমাধান হ'ল না। বীজ বা শস্য যা সেখানে দেওয়া হয়েছে তা পর্যাপত নয়। এক-একটা ষ্টুর্ডানিয়নে মাত্র ২১ মণ করে আলার বীজ দেওয়া হয়েছে। অথচ সেই ২১ মণ আলুর বাঁজে ৩০ বিঘে জমিও আবাদ হয় না। এইভাবে রিলিফের সমুহত কথাটাই একটা প্রহসনে পরিণত হয়েছৈ মাত্র। একটা ইউনিয়নে কোথাও ২০-৪০ খানা করে মাত্র কাপড় দেওয়া হয়েছে। এর ফলে দেখানে মানুষকে হাসাচপদ হতে হয়েছে। বাড়ি তৈরির জন্য প্রথমে বলা হচ্ছে যে, যেখানে শতকরা ৭৫ ভাগ ঘর ভেঙ্গেছে সেখানে নৃতন পল্লী হবে বা সরকার থেকে পাকা ঘর করা হবে। কিল্তু এখন ২ মাস পরে সেখানে গিয়ে বলা হচ্ছে যে, তামাদের যে ঘর পড়েছিল তাত কিছু কিছু তোমরা তৈরি করেই সেজনা এখানে আর ন্তন কিছু করবার প্রয়োজন নেই। সেজন্য বলছি যে, সরকার যদি গৃহ নির্মাণের জন্য সেই জায়গায় নগদ টাকা দিতেন তাহ'লে সেখানে অনেক সমস্যার সমাধান হয়ে যেত। এ ছাড়া সব জায়গায় গিয়ে বলা

হচ্ছে যে, তোমাদের এখানে রিলিফ হচ্ছে না তার কারণ হচ্ছে যে, তোমরা কংগ্রেসকে সেবারে ভোট দাও নি। সেখানে যা কিছু করা হচ্ছে। সেবই জেলা কংগ্রেস কমিটি কর্তৃক করা হচ্ছে। সেখানে লোন দেবার ফরমও জেলা কংগ্রেস কমিটির দ্বারা প্রকাশিত এবং তাদের সেখানে বলা হচ্ছে যে এই ফরমে যদি তোমরা আবেদন কর তবেই তোমাদের আবেদন মঞ্জুর হবে, নচেং হবে না। এইজন্য বলতে চাই যে, তাঁরা যে বার বার টাকা চাইছেন সেই টাকাটা জনসাধারণের দ্বার্থে এবং বিশেষ করে বাংলাদেশের যে দুর্দশা তাতে ২০ টাকা মণ ধান হয়ে গেছে ও লোকের ঘরে হাহাকার উঠে গেছে সেদিকেই নজর দিন। বন্ধু হিসেবে তাঁদের এই কথাই বলব যে, এই দিরে ইলেকসন হয় না, বরং এতে অন্য ফল হবে। যদি বেশি ভোট পাবার ইচ্ছা থাকে তাহ'লে সংভাবে ঐ টাকাটা বিলি কর্ন এবং অবিলন্ধে এই দ্বিভিক্ষপীভিত অণ্ডলে নায্যভাবে, ভালভাবে সেই জারগায় সাহা্য্য কর্ন।

[10-20-10-30 a.m.]

8], Durgapada Sinha:

মাননীয় পশীকার মহাশয়, সরকারের তরফ থেকে যে বায় বা প্রদ্রুতাব এখানে আনা হয়েছে তার সমর্থনে ২ 1৪টি কথা বলতে গিয়ে এই প্রদ্রুতাবকে অবলম্বন করে মাননীয় বিরোধীপক্ষের ২-১ জন বন্তা গত বন্যার্ত অঞ্চলের পীড়িতদের সাহায্য করবার ব্যাপারে সরকারী কর্তৃপক্ষের বা কংগ্রেস প্রতিষ্ঠানের উপর যেসব কটাক্ষ করেছেন সে বিষয়ে কিছু না বলে আমি পারলাম না। তারা একথা সবাই দ্বীকার করেছেন যে, সাধারণ নির্বাচন সম্মুখীন এটা শুধু তাঁদের নয়, আমাদেরও নির্বাচন সম্মুখীন। বন্যা পীড়িত অঞ্চলের কথা আলোচনা করে তাঁরা সবাই বক্তৃতা দিয়েছেন। আমি যে নির্বাচন কেন্দ্রও বন্যার প্রকাশে বংস হয়ে গেছে। আমার মুর্শিদাবাদ জেলার প্রায় ৡ অংশ এই বন্যায় বিশ্বস্ত হয়েছে। কাজেই আমি আমার সেই অঞ্চল সম্বন্ধে ২ 1৪ কথা না বলে পারলাম না।

তাঁরা বলছেন যে, তাঁরা লক্ষ্য করেছেন যে এই বন্যা হওয়ার ফলে কোন দল বা লোক বিশেষের উৎফক্স এবং আনন্দ যেন বেড়ে গেছে। কিন্তু এটা একটা বড় রকমের অসত্য কথা। কারণ তাঁরা মনে করেন যে দেশ এবং দশকে ভালবাসার অধিকার তাঁদের একচেটিয়া, কিন্তু তা নয়। যখন বন্যা দেখা দিয়েছিল, তখন বাংলাদেশের যদি কোন রাজনৈতিক দল সর্বপ্রথম সেই বন্যার্তদের মধ্যে নিজেদের যথাসাধ্য বিসর্জন দিয়ে ঝাঁপিয়ে পড়ে থেকে থাকে তাহলে তা একমাত্র দল হিসেবে কংগ্রেসই করেছে এবং সেটা সরকারের কোন দ্রব্য বা সরকারী কোন সাহায্য না নিয়েই করেছে। [নয়েজ] মাননীয় বঙ্কিমবাব্ বলেছেন যে, সরকারী কর্তৃপক্ষের যা সাহায্য তা কংগ্রেসের সংগ্র যোগাযোগ করেই করা হয়েছে। আমি জেলা কংগ্রেস থেকে মুশিদাবাদের হিসাব দিয়ে আপনাকে বলছি যে, সেখানে সরকারী সাহায্য কংগ্রেস প্রতিষ্ঠান এক কপর্দকও গ্রহণ করে নি। আপনারা এখানে যেসব রাজনৈতিক দলে আছেন সেই সব দল বন্যার্তদের সাহায্য করবার জন্য কি দ্রব্য সাহায্য করেছেন বা কত টাকা তুলেছেন? সেদিক থেকে কংগ্রেস প্রতিষ্ঠান সারা দেশের বৃক থেকে গ্রাম থেকে গ্রামাণ্ডলে, দ্বার থেকে দ্বারে ভিক্ষা অর্জন করেছেন। এমন কি এই কোলকাতা মহানগরীর বুক থেকেও হাজার হাজার টাকা যে তুলেছে সে কথা আপনারা জানেন। এছাড়া বন্যা পীড়িত অণ্ডলে সরকারী সাহায্যের কথাও আপনারা জ্ঞানেন। যখন প্রথম ২৭শে সেপ্টেম্বর বন্যা দেখা দিল তার সংবাদ আমরা ২৮শে সেপ্টেম্বর পেয়ে দেখেছি যে, সরকারী কর্তৃপক্ষরা সেখানে কি করে যাওয়া যায় তার কোন পথঘাট তাঁরা খ্রুজে পান নি, কেন না সেখানে সর্বত্র এমনভাবে বন্যার জলে পলাবিত হয়েছিল যে কোন প্রবেশপথ ছিল না। এমন কি কোন নোকাও তখন পাওয়া যায় না। তথাপি যেকোনভাবে তালের ডোণ্গা করে সরকারী কর্মচারীরা নিজেদের জীবন বিপন্ন করে সেখানে তারা রিলিফ দিয়েছে। সহস্র স্ইস্ত বন্যার্ত জনসাধারণ এইকথা স্বীকার করবে। আপনারা নির্বাচনের কথা বলেছেন, আমিও এক নির্বাচন মন্ডলীতে আছি এবং সেখানে অসংখা গৃহ জল স্লাবিত হরেছিল। কিন্তু আমি মূক্ত কণ্ঠে জানাচ্ছি মে তারাও জানে এবং ব্টিশ যুগের কথাই বলুন আর এই কংগ্রেস রাজত্বের কথাই বল্কন, আমিও আমার এই জীবনে কোনদিন অভিজ্ঞতা অর্জন করি নি বা চোখে দেখি নি যে সরকারী কর্মচারীরা নিজেদের জীবন বিপায় করে দিবারাতি

নিদা আহার ত্যাগ করে বন্যার্তদের সৈবা করছে। অতএব এই কথা ভালবার নয়। মানবতার দিক থেকে, সভৌর দিক থেকে আজকে যদি স্বীকার করতেই হয় তাহলে অবনতমস্তকে সেই পরিশ্রমকে আমাদের স্বীকার করতে হবে। কংগ্রেসের দিক থেকে আপনাদের বলি যে সরকারী সাহাযোর প্রয়োজন কংগ্রেসের হয় নি। যেদিন শ্রন্থেয় খাদ্য মন্ত্রী কাঁদি পরিদর্শনে গিয়েছিলেন. তখন আমরা কংগ্রেসের পক্ষ থেকে এবং বামপন্থীদের পক্ষ থেকে বিভিন্ন দল নিয়ে যাই এবং জনসাধারণকে খাদ্যশস্য বিতরণের ভার সরকারী কর্মচারীদের দিয়েছিলাম। সেদিন তিনি প্রকাশ্য দিবালোকে ১০ হাজার লোকের মধ্যে ঘোষণা করেছিলেন যে. সকল রাজনৈতিক দল র্যাদ একযোগে কাজ করতে পারেন তাহলে দেব, সতুরাং আমি সরকারী কর্মচারীদের সামনৌ ঘোষণা করে যাচ্চি যে আপনারা নিজেরা যেভাবে বাড়ীর কাজ করে যান সেইভাবে সরকার যেসব দ্রব্য বিতরণ করবেন তা সরকারী কর্মচারী মাধ্যমে করবে। তাঁর সেই কথা সরকারী কর্মচারীরা পালন করেছে। সতেরাং এমন কোন জায়গায় প্রমাণ নেই যে এক মার্চ্চি অল্ল সরকারী কর্মচারীরা কংগ্রেসকে কোন জায়গায় বিতীরণ করেছে। [নয়েজ] কোলকাতা মহানগরীর ব্রক থেকে আপনারা যেসব টাকা তলেছেন তা কোথায় বিতরণ করেছেন, কিভাবে বিতরণ করেছেন কেউ জানে না। যেমন নির্বাচনকে সম্মুখে রেখে আপনারা বস্তুতা দিচ্ছেন সেটা ঠিক নির্বাচনের প্রয়োজন কিন্য জানি না। কিন্তু দেশবাসী জানে যে কংগ্রেস সরকারের পরে কংগ্রেস তার নিজ জীবনের যথাসব তাদের জন্য দিয়ে দিয়েছে, লক্ষ লক্ষ টাকা, চাল, ময়দা, ইত্যাদি খাদ্যদ্রব ও শীত বস্ত্র থেকে আরম্ভ করে গৃহনির্মাণের সামান্য দুড়ি কাটা পর্যান্ত গ্রামের ভিতরে পে⁴ছে দিয়েছে। কিন্তু আপনারা কোন গ্রামে কি করেছেন তার হিসাব আপনারা কাগজের মাধ্যমে প্রকাশ কর্ন। আমি আপনার মাধ্যমে কংগ্রেস যেটকেন কাজ করেছে তার হিসাব দিয়েছি। স্তরাং বামপন্থী থেকে যারা বলছেন তারা ঠিক বলেন নি এজন্য প্রারায় আমি মুখ্য মন্ত্রীমহাশয়ের দুখ্যি আকর্ষণ করছি যে, সত্যি সত্যি এখন সেখানে জল শুকিয়ে এসেছে এবং লক্ষ্ণ লক্ষ্ণ ডাঙ্গা জেগে উঠেছে, সতুরাং সেখানে টেস্ট রিলিফের কাজ সম্বর আরুদ্ভ করা উচিত। কারণ এখনই সেথানে কাজ শ্রেনা করলে অনেকের পক্ষে খুব ক্ষতিকর হবে। এছাড়া গ্র নির্মাণ ঋণ সরকার যা দিতে শ্রু করেছেন তাও এখনই সেখানে দেওয়া উচিত। কিন্তু এই গৃহ নির্মাণ ঋণের যে আইনকাননে আছে তা শিথিল করবার জন্য আমি মুখ্য মন্ত্রীমহাশুরের দ্ভিট সেদিকে আকর্ষণ করে বলছি যে, এর যেসব বাধানিষেধ আছে সেগুলোকে শিথিল করুন এবং এটা এরা যাতে সম্বর পায় তার একটা বাবস্থা কর ন। কাজেই প্রথম কথা টেস্ট রিলিফ সত্বর আরম্ভ করবার জন্য অন্রোধ জানাচ্ছি। দ্বিতীয় কথা সত্বর তাদের গৃহ নির্মাণ ঋণ দেওয়া হোক। তৃতীয় কথা যাদের ১।২ বিঘার বেশী জমি নেই তাদের স্বাইকে একটা এককালীন সাহায্য দেওয়া হোক। অতএব এই তিনটি জিনিষ যাতে যত সম্বর দেওয়া সম্ভবপর হয় সে বিষয়ে দূল্টি আকর্ষণ করছি এবং আমি এই প্রস্তাব সমর্থন করে আসন গ্রহণ করছি।

[10-30—10-40 a.m.]

8j. Jyotish Joarder:

মাননীয় সভাপাল মহাশয়, এই কনটিনজেন্সি বিল আলোচনা করতে গিয়ে আপনি দেখেছেন যে সমস্ত আলোচনা কোনখানে এসে দাঁড়িয়েছে, বন্যাগ্রাণ সন্বশ্ধে সরকার কি করেছেন। এই ব্যাপারে টাকার অঙ্কের বেলায় আমাদের এদিক থেকে কেউ বলেন নি যে, এত টাকা খরচ করা উচিত ছিল না বা ষথেণট টাকা খরচ করা হয়েছে বা বন্যাগ্রাণের জন্য যা করা হয়েছে, তারচেয়ে বেশী আর করা উচিত নয়। এই রকম ধরণের কথা কেউ বলবেন না বা কেউ বলেন নি। এখন আমি বর্লাছ যে সরুকার যখন বারে বারে জনসাধারণের সহযোগিতার কথা বলেন এবং জনসাধারণের অর্থ জনসাধারণের জন্য সন্ব্য়ে করার ব্যাপারে সহযোগিতার কথা বলেন এবং জনসাধারণের অর্থ জনসাধারণের জন্য সন্ব্য়ে করার ব্যাপারে সহযোগিতার কথা বলেন এখন আমরা দেখতে পাই যে, সেখানে সরকার মনে করেন যে এই কাজটা একাল্তভাবে তানের নিজেদের। অর্থাং সেখানে আমরা দেখতে পাই যে সেখানে পরোপকারের একটা মনোপাল রয়েছে এবং তারা যা করবেন তাতেই যদি আমরা না দিই বা তাকেই যদি আমরা একমার করণীয় কার্য মনে না করতে পারি, তাহলে বলা হয় যে, আমরা সহযোগিতা করি না। আমি সের্প ২।১টা নিদর্শন আপনার সামনে উপস্থিত করেব।

এখানে আমি টালিগঞ্জের কথাই প্রথমে শ্রুর্ করি। টালিগঞ্জে হঠাং এত জল আসার কারণ কেউ ভাবতে পারে না। এটা যে হঠাং এসেছে সেটা আমার প্রশ্ন নয়। । কিন্তু এই জল ষখন এল তখন আমি গভর্নমেন্টের কাছে গিয়ে দেখতে পেয়েছি যে যখন আমি বললাম যে. ঘরগালি কাত হয়ে গেছে ওগালো পড়ে যাবার আগে আপনারা কিছু সাহাযোর কাজ শরে, করুন তাহলে অনেক পয়সা বেণচে যাবে এবং লোকও পরিত্রাণ পাবে। কিন্তু তাতে তাঁরা বললেন যে. এনকোয়ারী করতে হবে। কিন্তু সেই মামলী এনকোয়ারী করতে যে কতকাল লাগে তাই সকলেরই জানা আছে। এই সরকার অন দি স্পর্ট এনকোয়ারী করে সরাসরি সাহায্য করতে জানেন না। অথচ এই মন্ত্রীরা শুধু রং-তামাসা দেখানোর জন্য হাওয়াই জাহাজে করে নামে মান অনুসন্ধান করতে যান। এই কথা আমি বলতে বাধ্য। এর কারণ হচ্ছে যে, আমি, সার্ভে ডিপার্টমেন্ট, এক্সপার্ট, আমি ট্র্যান্সপোর্ট ইত্যাদির দ্বারা রাতারাতি সার্ভে করে তথা আহরণ ও সাহায্য বিতরণ ওয়ারলেসে কমান্ড করে দুর্গতদেরকে উন্ধার করা চলে। এবং তারপর যদি তাদের সামনে ডাল রুটি নিয়ে উপস্থিত হন, তালে সমস্ত সমস্যার সত্বর সমাধান হয়। অর্থাৎ অন দি স্পট এনকোয়ারী করার সময় ভারতবর্ষে হোল এমার্জেন্সি আর্মি মেসিনারী যা আছে সেই আমি মেসিনারী নিয়ে গিয়ে যদি সেখানে কাজ করেন তাহলে মানুষ হাহাকার না करत करन, मूर्वा देलामि निरम आभौवीम करवार क्रमा राहेरोर्भ विल्डिश्व आभूनारम्व अध्करन যাবে। তা না পত্রিকায় আপনাদের হাওয়াই জাহাজ সফর দেখান হয় এবং কুত্রিম কোথায় কি করেছেন তাই শুধু দেখানোই হচ্ছে আপনাদের একমাত্র কাজ। এখন আমি টালিগঞ্জের কথা বলি। ওখানকার একটা সামান্য রিলিফের ব্যাপারে সরকারী দুছি আকর্ষণ করাতে সরকার निल्लन रय. जांत्रा घत मन्तर्ग्य धनरकायात्री कत्ररवन। स्त्रथारन माम्य घतर পড़ भाष्ट्र धतर আমি সেটার সাটি ফিকেট ইস, করে থাকি, কারণ সেটা লোকাল এম এল এ হিসাবেই করতে হয়। আর এখন সেই ঘরের জন্য যে নামে মাত্র ঋণ দেওয়া হয় তার হিসাব আমরা সহজেই বার করতে পারি। তাতে কোন দিকই রক্ষা হয় না। অথচ সময়মত সাহায্য করলে ঘরগুলো ধরাশায়ী হতে পারতো না। দ্বিতীয়ত নমুনা স্বরূপে বলতে পারি যে, আমি কর্পোরেশনের कार्ष्ट शिरा कानिराहे या. वनात करलाउ लाक माता याराष्ट्र এवा रमशान मान्यव मारा नानान রকমের রোগ দেখা যাচ্ছে। কিন্তু কপোরেশনের অর্থারটি হেল্থ অফিসার নং ১ বলে দিলেন যে অমরা সেখানে গিয়ে দেখতে পারি। কিন্তু চিকিৎসা করার অধিকার আমাদের নেই, ওষ্ট্র দেবার ক্ষমতা আমাদের নেই। এই অর্ডার যাদ দেখতে চান তাও দেখাতে পারি যে সেখানে বলে দিয়েছেন. তারা আউট ডোর হাসপাতালে গিয়ে সাহায্য নিতে পারে। এই হচ্ছে কপোরেশনের রিলিফ অফিসার, হেলথ অফিসার নং ১, যিনি সুন্দরভাবে আমাকে রিলিফের **Б**भश्कात वावस्थात कथा समस्य भागिता पिटलन। स्थीकात भारतामस. जात भारतरे आत এको মারাত্মক কথা হচ্ছে যা এতদিন পর্যন্ত আমি বলি নি. কারণ কোন মান্মকে ব্যক্তিগত আক্রমণ করতে আমার র চিতে বাধে কিন্তু অ জ আমি না বলে পারব না। সেই ব্যক্তি হচ্ছেন আমাদের মাননীয় মন্ত্রী প্রফল্লেচন্দ্র সেন মহাশয়। সাইক্লোন রিলিফ ব্যাপারেই আমি বলতে চাই। স ইক্লোন মে মাসে হয়ে গেছে, কিন্তু কসবা অণ্ডলে আজ পর্যন্ত কোন রিলিফ দেয়া হয় নি। এ বিষয়ে কয়েকখানা কাগজ নিয়ে আমি নিজে মন্ত্রীমহোদয়ের ন্বারুথ হয়ে গেছি। কসবাতে একজন হিন্দু ও একজন মূসলমান, দুজনের ঘর ধ্বংস হয়েছে। সেই মুসলমান ভদ্রলোকের নাম আতায়,র রহমান। তার অবস্থা এমন হয়েছে যে, তিনি পরের বাড়িতে বো-বাচ্চা ইত্যাদি সমস্ত রেখে দিয়ে ৬।৭ মাস কাটাচ্ছেন।

- Mr. Speaker: Please speak generally as other speakers have done-don't go into specific cases.
- 8j. Jyotish Joarder: That is what I am doing. This is a question of charges for relief and I am speaking on relief and showing what has been actually done.
 - Mr. Speaker: Speak generally.
- 8j. Jyotish Joarder: Yes, I am speaking generally, but particular cases must be given, otherwise how can I substantiate my case. Tons of talk I do not like—I want to give an ounce of fact.

সম্খানে তাঁর কাছে দ্বারম্থ হয়ে সেই ভদ্রলোক এই ছয় মাসের শেষে, কয়েকদিন মাত্র পূর্বে মান ৭৫ টাকা স্ব্যাংস্যান পেয়েছেন। কিন্তু তাঁর পরিবাব্রের সকলেই এখনও পর্যন্ত পরের বাড়ীতে বারান্দাতে পড়ে আছে। এই হচ্ছে এ'দের রিলিফের নমনা। আমি কারণ অনুসন্ধান করে জানতে পেলাম, সাইকোন রিলিফের ফাণ্ড সম্বন্ধে উল্লেখ করে কর্তৃপক্ষ বলছেন যে, এটা যেহেত এখন বন্ধ হয়ে গেছে ; তাই, ফ্লাড রিলিফের টাকা হতে এখন সাইকোন রিলিফের খরচ 🖥 বার করতে হবে এবং এটার জন্য আবার নৃতন স্যাংস্যান লাগবে। এই হচ্ছে ইন্টারভেনসন অব এ মিনিন্টার এবং সেই তাঁরই দায়িত্বে এই কর্নাটনজেন্সি ফান্ডএর বৃহত্তম অংশ খরচ করা হবে। এর মধ্যে আমরা হঠাৎ দেখতে পাচ্ছি যে এই, রিলিফ ডিপার্টমেন্ট, যখন ফ্লাড চলেছে তখন, পরিতাক্ত ইন্দ্রলোক স্ট্রাডিওতে, যেখানে জগাল হয়ে আছে সেখানে, বাস্তৃহারাদের ভ্যাগর্যানিস এ্যাকটএ বন্দী করে চ্রুকিয়ে দেওয়া হল। কিন্তু বাস্তৃহারা কি করে ভ্যাগ্রান্ট হয়ে গেল জানি না! সেখানে রিলিফ না চলাতে মানুষ মরে যাচ্ছে। এই বিষয়ে জানাবার জন্য আমি তাঁর সংখ্য ইন্টারভিউ চাওয়াতে তিনি পাঁচ দিশ সময় নিলেন। আমি তাঁর সংখ্য তৎক্ষণাৎ দেখা করবার জন্য রাইটার্স বিলিডংএ এবং রাজভবনে গেলাম, কিন্তু কোথাও দেখা না পেয়ে শেষকালে রাত্রি ১০টার সময় সমসত তথ্য লিখে তাঁকে দেবার জন্য দিয়ে এসেছি। কিন্তু তিনি একটা উত্তরও এর দিলেন না বা সাক্ষাতে সময়টার সামান্যতম পরিবর্তনও করলেন না। আমি জানালাম এনি আর্থলি বা আনআর্থলি টাইম রাত দুটোর সময় বা যখন যেখানে খুশি তিনি আমাকে ড:কলে আমি তাঁর সঙ্গে দেখা করতে যাব। কিন্তু তাঁর কোন উত্তরও তিনি দিলেন না। পাঁচ দিন পরে আমি যখন মঙ্গলবারে তাঁর কাছে গেছি, তখন সেখানে তিনি আমাকে অনেকক্ষণ বসিয়ে রেখে হঠাৎ আমাকে ডেকে বললেন যে সময় নাই। এরজন্য একটা এপোলজি নেই; তাঁর মুখে একটা এপোলজিও ছিল না। যেখানে মানুষের সঙ্গে দেখা করবার সময় নেই সেখানে কি মানুষ মারবার সময় আছে? এটাই হচ্ছে এপদর রিলিফের নমনা। অপর দিকে হাবড়া ফ্লাড রিলিফ সম্বন্ধে আমি চীফ মিনিন্টারের কাছে জানাতে গোছি, কিন্তু এ বিষয়ে তাঁর সংখ্যে আজ পর্যান্ত দেখা করতে পারলাম না। তিনি আমাকে জানালেন যে, এনকোয়ারী করা হবে। হাবড়াতে আমার পার্টির ছেলেরা রিলিফ দিচ্ছে। কিন্তু তার কর্নসিকোয়েন্স কি না তাদের বে'ধে দিচ্ছেন। এই রকম ডিসক্রিমিনেসন সেখানে করা হয়েছে। সেই সময় তারা সাধারণ মান্যের পক্ষ হয়ে যখন কর্তৃপক্ষের কাছে জানাতে গেছে সেই সময় তাদের বেধে জেলখানায় নিয়ে যাওয়া হয়েছে। অথচ চীফ মিনিন্টার শুধু আমাকে জানাচ্ছেন যে আমি এনকোয়ারী করে জানাব। কিল্ত হোয়ার ইজ হিজ এনকোয়ারী? এবং আমাকে আর তিনি ডাকলেনও না। আমি একজন রিপ্রেজেন্টেটিভ অব পিউপল হিসাবে ডিমান্ড কর্রাছ যে.

The Chief Minister has no right to refuse me in a popular cause.

আমি জীবনে কোন দিন নিজের কাজের জন্য চীফ মিনিন্টারের কাছে যাই নি বা কোন আত্মীয় স্বজনের বিষয়ে কোন কথা কোন মিনিন্টারকেও বাল নি এবং আমি জানি যে আমার মৃত্যু পর্যন্ত আপন স্বার্থে আমি কোন দিন কোন কথাও এ সরকারের কাছে বলব না। আমার ম্মানাও চাবে না এ'দের হাতের একটা ফুল। আমি বুঝি পিপিলস রেপ্রেজেনটেটীভের সংগ্র্গ ক্রুত্ব জনস্বার্থের কাজে রাত্রে দিনে যথনই হোক না কেন দেখা করতে চীফ মিনিন্টারু বা অন্য মিনিস্টাররা বাধ্য। পপ্লার কজএ দেখা করবার জন্য সব সময় মন্ত্রীদের প্রস্তৃত থাকা অবশ্য কর্ত্ব। আমার কোন বন্ধ্বর বলে গেলেন যে, তাঁদের ওখানে রিলিফ করতে ২৭-৩০ ঘণ্টা লাগে. একেবারে কোলকাতা থেকে লাগে, কিন্তু আমার ওখানে মানে টালিগঞ্জে, রিলিফ করতে যেতে এখান থেকে কত ঘণ্টা লাগে? আমি তাঁদের সংগ্র দেখা করবার জন্য মাথা খ্রুড়েছি, কিন্তু আমি আশ্বর্য হয়ে গ্রেছি যে, এই চীফ মিনিস্টারের ঘরের সামনে ৩-৪ ঘণ্টা বসে থাকার পর যদিও বা দেখা করতে পেরেছি, কিন্তু ফ্রুড় মিনিস্টারের ঘরের সামনে ৩-৪ ঘণ্টা বসে থাকার পরে দেখা হবে বলে আমাকে নোটিস দিলেন, অথচ তাঁরা লোকহত্যা করে চলেছেন। সেখানে ৩০ জন লোক হত্যা হয়েছে। এ হেন অবস্থায় তাঁরা আবার রিলিফ নিয়ে বড়াই করতে যান। এই জন্যই বলছি যে, আশীর্বাদের বদক্ষী জনসাধারণ আপনাদের অভিসম্পাত করবে, ধ্বংস কামনা কল্পর।

[10-40-10-50 a.m.]

8j. Jnanendra Kumar Chaudhury:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি চীফ মিনিন্টার মহাশয়ের কাছে গোটা কয়েক জিনিস রাখতে চাই। আমাদের দাঁতনের মোহনপ্র গ্রামে ১৩৬১ সালে মোটেই ধান হয় নি, একথা আমি এই সভায় অনেকবার বর্লেছি। ১৩৬০ সালে আমার নিজের জমিতে যেখানে ১০০।১৯০ মণ ধান পেয়েছিলাম, সেখানে ১৩৬১ সালে ১২ মণ ৩৮ সের এবং ১৩৬২ সালে ১১ মণ ২৮ সের পেয়েছি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

কত জমি আছে আপনার, মশাই?

Sj. Jnanendra Kumar Chaudhury:

ওখানে আমার ৪০ বিঘা জাম আছে। এইরকমভাবে সমস্ত লোকেরই দ্রবস্থা। আপনাদের ৮।৯টি টেলিগ্রাম করার পর সাটিফিকেটটা বন্ধ রেথছিলেন। কিন্তু এখন দ্ব' বছর বাদে তাদের যে ধান হরেছিল, সেই ধানটাও আবার বেশী বৃদ্টি হওয়ার ফলে খ্ব ক্ষতিগ্রস্ত হয়েছে। সেজন্য আপনার কাছে মোহনপ্রে দাঁতন থানার অধিবাসীদের পক্ষ থেকে একটা আবেদন জানাছি যে, এ বছর তাদের কাছে যে ঋণ পাওনা আছে, সেটা যেন দয়া করে অর্ধেক আদায় করা হয়। এর সংখ্য ইলেকশনএর কোন সম্বন্ধ নাই, ভগবানের দয়া হয় হবে না হয় না হবে, আমার মোটেই এজন্য আকাক্ষা নাই। আমার আসল কথা হচ্ছে যে, সেখানকার লোকের আবেদনটাই আমি আপনার কাছে রাথছি। সেখানে দার্ন বৃদ্টির ফলে পানের বরজ নন্ট হয়েছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I do not want to interrupt but my friend have gone far away from the Contingency Fund.

Sj. Jnanendra Kumar Chaudhury:

আমি বলতে চাই যে, এইজন্য দরকার হলে উনি আরও টাকা নিন। উনি আরো টাকা নিয়ে এইসব কাজগুলো কর্ন। অর্থাৎ যাতে এই ঋণের অর্থেকটা আদায় হয়: যাদের ঘরবাড়ী, পানের বরজ ইত্যাদি নদ্ট হয়ে গিয়েছে, তাদের যাতে টাকা দিতে পারেন তার ব্যবস্থা কর্ন। অনেক জায়গায় যে ঋণ ডোল দেব র বাবস্থা করেছিলেন, তাতে সেখানকার দ্বর্শাগ্রস্ত লোকদের তাদের নাম তালিকাভুক্ত করবার জন্য অর্থ বা অন্য জিনিস দিতে হয়েছে। অনেক ক্ষেত্রে এক বাড়ীর ২।৩ জন এই ঋণ পেয়েছে, এর ফলে হয়েছে কি—না যারা পাবার উপযুক্ত তারা পায় নি। এমনকি বাড়ীর চাকরানী ঋণ পেয়েছে এমন অভিযোগও আমার কাছে এসেছে। অথচ এর কোন প্রতিকার হয় নি। প্রকৃত অনেক দ্বঃম্থ লোক ঋণ পায় নি, এবং মজ্বুর, কৃষক, আদিবাসী অনেকেই ডোল পায় নি। স্বৃত্রাং যারা টাকা পায় নি, যাদের দরকার আছে, তারা যাতে পায় সেজন্য আপনি না হয় আরো টাকা নিন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

দাঁতনকে একট্ব বেশী করে দেব, এই তো?

Sj. Jnanendra Kumar Chaudhury:

দাঁতন থানার ২৫।২৬টা স্কুল ঘরের মধ্যে ৫।৭টা পড়ে গিয়েছে এবং বাকী স্কুলগলো বিধন্ত হয়ে গিয়েছে। মোহনপরে হাই স্কুল বেগনিয়া, আমপাড়া, তাড়িনীয়া, মেনকাপরে হরিপরে, মেনকডাগা, মেলমেডেদিয়া, বাগড়া এইসব জায়গায় স্কুল পড়ে গিয়েছে। ঘর পড়ে যাওয়ায় বহু লোক আপনাদের কাছে ঋণ চেয়েছে, স্তরাং তাদের দীর্ঘ মেয়াদী ঋণ দিন। এ পর্যান্ত যে টাকা তারা পায় নি, সেটা তাদের টিনের ঘর করবার জন্য দিন। দাঁতন বাজারে ৩৫।৩৬টা ঘর পড়ে গিয়েছে। স্তরাং লোকের যাতে স্থেস্বাচ্ছন্য হয় তার জন্য দরকার হলে না হয় আরো টাকা নিন।

8j. Niranjan Modak:

মাননীয় স্পীকার মহাশয়, ম্থামন্ত্রী যে কনটিজেন্স ফাণ্ড বিল এনেছেন, সেটা আমি সমর্থন করে দ্বএকটা কথা বলতে চাই। নবন্বীপ মিউনিসিপালিটির কর্তৃপক্ষ সন্বন্ধে বিঙ্কমবাব্ যা বলেছেন, সেটা সম্পূর্ণ ভূল। নবন্বীপ মিউনিসিপালিটি গভর্নমেণ্ট কেড়ে নেন নি। বনাার দর্ন মিউনিসিপাল কর্তৃপক্ষ স্বাস্থ্য বিভাগকে চিঠি দিয়েছিলেন যে, তাঁদের পক্ষে মিউনিসিপালিটি চালানো সম্ভব নয়। সরকার মিউনিসিপালিটির ভার গ্রহণ করেন। তারপর কংগ্রেস সরকার ১০।১৫ দিনের মধ্যে যেভাবে সাহায্য পাঠিয়েছিলেন, তা সজিই প্রশংসনীয়। নবন্বীপ মিউনিসিপালিটি কর্তৃপক্ষের ক্ষমতা ছিল না, সেসময় তাদের পক্ষে মিউনিসিপালিটি চালান।

Sj. Sudhir Chandra Roy Chaudhury:

আমার একটা কথা বলবার আছে। আমার খবর হচ্ছে নবদ্বীপ মিউনিসিপ্যালিটিতে ২২৬এ য়্যাপ্লকেশন হয়েছে এবং রূল ইস্কু হয়েছে। তা যদি সত্য হয়......

Mr. Speaker: I did not know that. Because Bankim Babu referred to it he is replying to it. Now Sj. Sudhir Ray Chaudhury says that the matter is sub judice and Sj. Modak should not refer to it. If I had found it earlier when Bankim Babu referred to it I would have stopped him. Sj. Modak, my attention has been drawn to the fact that the matter is sub judice and you should not, therefore, refer to Nabadwip Municipality.

Sj. Niranjan Modak:

যাই হোক, আমি তা হলে এ সম্বন্ধে বলব না। বিভক্ষবাব, বলেছেন সরকার থেকে বন্যার সময় নৌকার কোন ব্যবস্থা করা হয় নাই। কিন্তু তা সত্য নয়, কারণ ২৮ তারিখে যথন নবন্বীপ বন্যায় ভেসে যায় তথন ২৯ তারিখে সরকার থেকে নৌকা দেওয়া হয়েছিল এবং অর্থ সাহাযাও করা হয়েছে। এবং অন্যান্য আবশ্যকীয় জিনিস সরবরাহ করা হয়েছিল। বিভক্ষবাব, বলেছেন যে, অনেকের নাকি ধারণা দামোদরে জলের জন্য নবন্বীপে বন্যা হয়েছে। কিন্তু নবন্বীপের বন্যার সংগ দামোদরের কোন সম্পর্ক নাই। কয়েক দিন অবিশ্রান্ত্ ব্রিণ্টর দর্ন নদীর জল বেড়ে গিয়ে এই অবস্থা হয়েছিল। যাই হোক. এই অবস্থায় গভর্নমেন্ট ষেভাবে সাহায়্য করেছেন তাতে নবন্বীপ সতাই উপকৃত হয়েছে। তারপর, বিভক্ষবাব্ বলেছেন যে, মন্ত্রীরা নাকি হাওয়া গাড়ী করে গিয়েছেন এবং উপর উপর দেখে চলে এসেছেন। কিন্তু একথা সত্য নয়, কারণ যখন যেখানে যাওয়া প্রয়োজন বোধ করেছেন তখনই সেখানে এখ্যা গিয়ে তয় তয় করে তদনত করেছেন। বিরোধীপক্ষ ষেকথা প্রচার করছেন তা ভুল। এবং টেন্ট রিলিফ, চিপ রাসন এবং লোন দেওয়া হয়েছে, এজন্য নবন্বীপ্রাসীর পক্ষ থেকে আমি তাঁদের ধন্যবাদ দিছিছ।

[10-50-11 a.m.]

এই বন্যার সময় বিরোধী দল থেকে এমন কোন সাহায্য আসে নি বা পাঠান নিঁ। আজকে নির্বাচনের মুখে দেখছি তাদের কাতর ক্লন্দন। ভোট সংগ্রহের জন্য এখন তাঁদের গাঁরে গাঁরে বাওয়া হচ্ছে এবং বন্যার জন্য এনকোয়ারী হচ্ছে, রিলিফ দেবার বাবস্থা হচ্ছে। ঐ বন্যা হয়েছে অক্টোবর মাসে, আর এখন জান্মারী মাসে সেখানে যাওয়া হছে। এই হচ্ছে বিরোধী দলের কাজ। কিল্টু কংগ্রেস থৈকে যে সমস্ত রিলিফএর বাবস্থা করা হয়েছে, সেগালি তারা গত অক্টোবর মাস থেকেই পেয়েছে, বন্যা হবার সংগ সংগ; এবং এখনও সেইখানে টেস্ট রিলিফএর কাজ চলছে। এই প্রসংগে আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে বলবো টেস্ট রিলিফএর কাজটা আরও কিছু দিনের জন্য চালিয়ে যাবার জন্য, এবং চিপ রাসন যেটা দেওয়া হচ্ছে, সেটাও চালিয়ে যাওয়া উচিত, কারণ চালের দর আবার বেড়েছে। যে সমস্ত লোকের ঘর বাড়ী ভেগেন নট হয়ে গিয়েছে, সেই সমস্ত দ্বংস্থ লোকদের বাড়ী তৈরী করবার জন্য লোনএর সাহায্য দেওয়া দরকার এবং এই সমস্ত সাহায্য যাতে তারা তাড়াতাড়ি পায় তার বাবস্থা করতে আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করিছ।

81. Bibhuti Bhushon Chose:

মাননীয় স্পীকার মহাশয়, এই বাদ্ধে খাতায় টাকা মঞ্জুর করবার জন্য প্রধানমুল্টীমহাশয় যে প্রস্তাব এনেছেন, আমি তার বিরোধিতা করছি। যদিও প্রুনর্ত্তি হবে, আপনি বিরম্ভ হবেন না। বন্যা অঞ্চলে যেভাবে সরকারী সাহায্য দেবার জন্য স্কৃতিবাদ করা হচ্ছে, আমি তার তীর প্রতিবাদ করিছি। যে স্কৃতিগান তাঁরা করছেন, তার প্রতিবাদ আমি না করে পারি না। গত বন্যার সময় আমি ভুক্তভোগী হিসাবে দেখেছি, সরকারী কর্মচারীদের অযোগ্যতা। কারণ, আমরা জানি এই বন্যাকে রোকবার জন্য জনসাধারণ তার ধন-প্রাণ সম্স্ত কিছু দিয়ে, মানুষের সেবার জন্য যেভাবে এগিয়ে এসেছিল, তা সতাই প্রশংসনীয়। তারা হাজার হাজার মানুষকে যথন বাঁচাবার জন্য এগিয়ে এসেছিল, সেই সময় যদি সামান্যতম সরকারী সাহায্য আমরা পেতাম, তিন, চার হাজার গিমেন্টের ব্যাগ পেতাম, তাহলে উল্বেড়ে সাবাজিভিসনের তিনটা থানাকে বন্যার হাত থেকে রুকতে পারতাম। আমরা ল্বারে দ্বারে ধর্না দিয়েছি, মল্টীমহাশয়ের কাছে গিয়েছি, তাঁর স্বুপারিশ পাবার চেন্টা করেছি। কিন্তু সেই সিমেন্ট যথন সেখানে গিয়ে হাজির হ'ল, তথন দেখা গেল বন্যায় সেখানকার সমসত স্থান ভেসে গিয়েছে।

তারপর আসে বন্যার পরের অবস্থা। কংগ্রেস পক্ষের মাননীয় সদস্য এই মাত্র বলে গেলেন যে বন্যা হবার সংখ্য সংখ্য নোকা রেডি করে রেখেছিলেন। আমি এখানে পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি, নোকা সরকারী সাহায্যে দেওয়া হয় নি. সেগর্নল জনসাধারণের সাহায্যে নিয়ে যাওয়া হয়েছিল; এবং জনসাধারণের সাহায্য সেখানে পেণছবার পর, সরকারী কর্মচারীরা সেখানে গিয়ে উপস্থিত হন। আমি পূর্ণ দায়িত্ব নিয়ে এ সম্বন্ধে অভিযোগ করে যাচ্ছি, এই আইন সভার মাঝে। তা ছাড়া আজ দেশের মানুষকে খাইয়ে পরিয়ে, বাঁচাবার দায়িত্ব রয়েছে গভর্ন মেন্টের। এ কথা আমি বলতে পারি আজ. যদি সরকার একটা এনকোয়ারী করেন. তাহলে এটা প্রমাণ করে দিতে পারবো, সরকারী সাহায্যের যে দুনীতিপূর্ণ অপব্যবহার হয়েছে, তা কোন সভা দেশের সরকার বরদাসত করতে পারে না। আমি একথা পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি সেই সরকারী সাহায্যে কারও দোতলা বাডি তৈরি হয়েছে. কেউ হাজার হাজার মণ চাল তছর প করে, ব্লাক মাকেণ্টিং করে মোটা সোটা টাকা জমিয়েছে; এবং সরকারী রিলিফ হিসাবে টিন প্রভৃতি যেসমূহত জিনিস বন্যা অঞ্চলে পাঠান হয়েছে, সেগ্নলির বেশির ভাগই কংগ্রেসের নির্বাচিত মনোনীত প্রতিনিধি, তাঁরা অ অসাং করবার চেন্টা করেছেন। একথা আমি পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি। এবং যদি প্রমাণ চান আমি তাও দিতে পারি। আমি আশা করি, সরকারী কর্মচারীদের র্যাদ সততা থাকে, আমি তাঁদের বলে যাচ্ছি, আমাকে তাঁরা অভিযুক্ত করতে পারেন, যদি আমি এই অভিযোগ প্রমাণ করতে না পারি। আজ যারা বন্যা বিধরুত অণ্ডলে রয়েছে, তাদের কি অবন্ধা হয়েছে, একট্র চিন্তা করা দরকার। সরকার যে খয়রাতি সাহাযোর ব্যবন্ধা করেন; তা মাত্র ১৫ দিন দিয়েই বন্ধ করে দিয়েছেন। আমি জানতে চাই সরকারের কাছে, যে, সমস্ত এলাকার দঃস্থ অধিবাসীদের কি আর্থিক উন্নতি হয়েছে: যার জন্য খয়রাতী সাহায্য বন্ধ করে দেওয়া হয়েছে। আমি জানি তাদের এই খয়রাতী সাহায্য বন্ধ হয়ে যাওয়ার ফলে. তাদের বর্তমানে মরা ছাড়া আর গত্যন্তর নাই। আমি এ সম্বন্ধে উল্লেখ করে ডাঃ রায়কে চিঠি দিই. তিনি তার, উত্তর দিয়েছেন। কিন্তু তারপরেও আমি দেখছি সেখানে খ্যুরাতি সাহায্য দেওয়া হয় নি। আইন অনুযায়ী যারা কানা, খোঁড়া, বিধবা, তাদের খয়রাতি সাহায্য দেওয়া হচ্ছে; কিন্তু ঐ বন্যা বিধনুসত অঞ্চলে যারা এয়াফেক্টেড তাদের দেওয়া হচ্ছে না। আমি অভিযোগ করে জানাচ্ছি সেখানে খয়রাতী সহায্য যাঁরা করতে যান, তাঁরা এত নীচ, যে সেই সাহায্য যারা দ্বঃ স্থ, যাদের প্রকৃত পাওয়া উচিত, তাদের না দিয়ে, যাদের ঘর-বাড়ী আছে, যারা কংগ্রেসকে ভোট দেবে, যারা কংগ্রেসের জন্য আগামী ইলেকশনএ দালালী করবে তাদের ফ্যামিলির জন্য এই টাকা বায় করেন। আমি দাবী করছি, আমার এই অভিযোগ সম্বন্ধে এনকোয়রী করা হোক। হাজার হাজার মণ চাল ব্ল্যাক মার্কেটে বিক্তয় করা হয়েছে বা আত্মসাৎ করা হয়েছে।

ডাঃ রায় বলেছেন তাদের পাকা বাড়ীতে থাকতে দেবেন. এবং তার জন্য সরকারী ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। কিল্তু এখানে আমি প্রবিষ্কার করে বলছি; প্রমাণের দায়িত্ব নিয়ে বলছি, তিনি এনকোয়ারী করে দেখন, সেখানে বাড়ীগ্রনির কি হাল হয়ৈছে। মজ্বীর কিভাবে অপচর হয়েছে, এবং বাড়ীগ্রনি কোথায় তৈরী হয়েছে, সেটা এনকোয়ারী কর্ন। আমি আবার বলবো এনকোয়ারী করা হোক, সেখানে কিভাবে খয়রাতী সাহাষ্য বিতরণ করা হচ্ছে। কারণ, আমি যে অভিযোগ করছি, সেই অভিস্কোগ প্রমাণের পূর্ণ দায়ত্ব নিয়ে বলছি। যদি নাম চান, আমি চুপি চুপি তা দিতে পারি। বারবার বলছি, এটা অত্যন্ত লক্জার কথা, ঘ্ণার কথা। আজ যারা বন্যাবিধ্বন্ত অগুলে প্রকৃত দ্বঃন্থ, তারা টেন্ট রিলিফ পায় না, অথচ আগামী নির্বাচনে কংগ্রেসের যাঁরা ভোটার হবেন, তাঁদের ঘর, বাড়ী রাস্তা তৈরী করবার জন্য টেন্ট রিলিফ পান। এর চেয়ে লক্জার কথা আর কি হতে পারে? ডাঃ রায় যদি এ সম্বন্ধে ওয়াকিবহাল হতে চান, তাহলে তিনি একটা কনফিডেন্সিয়াল এনকোয়ারী কর্ন। তাঁর আজকে কংগ্রেসের কমীরা, মনোনীত প্রাথীরা ও সরকারী কর্মচারীরা, এই তিন জনে মিলে, কিভাবে অপদার্থতার সঙ্গে, নীচতার সঙ্গে বন্যা বিধ্বন্ত অগুলের সমন্ত মানুষের আহার্য্য ও খয়রাতী সাহাষ্য অপচয় করেছেন, তা প্রমাণ করবার পূর্ণ দায়িত্ব নিয়ে আমি অভিযোগ করছি। মাননীয় শঙ্কর প্রসাদ মিত্র মহাশয় এখানে ঘ্রে ফিরে এলেন। যিনি হব্ এম এল এ, তাঁকে সংগে নিয়ে গেলেন, এবং তাঁর দক্ষের প্রচার কার্য হয়ে গেল।

আমি পূর্বে বলেছিলাম, অন্ততঃ দু বছরের জন্য এদের রাজস্বটা বাদ দিয়ে দেওয়া হোক; তা না হলে শেষে তহশীলদারদের দিয়ে, এই সমস্ত মরা মানুষের ঘরে ঘরে গিয়ে, তাদের ঠেগিয়ের রাজস্ব আদায় করতে হবে। আমি আশা করি সরকার তাদের এই রাজস্ব মকুব করে দেবেন।

Sj. Bankim Mukherji: Sir, I am interrupting to draw your attention to the fact that today is the Martyr's Day and all over India two minutes' silence is being observed at 11 o'clock.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We will do that at 11 o'clock.

Sj. Bibhuti Bhushon Chose:

সেইজন্য আমার দাবী হচ্ছে, যেথানে মান্য আজ না থেতে পেয়ে মারা যাচ্ছে, তাদের মৃত্যুর হাত থেকে রক্ষা করবার জন্য আশা ব্যবস্থা অবলম্বন করা সরক রের কর্তব্য।

[11-11-10 a.m.]

Mr. Speaker:

আপনি বস্ক্রন, এখন দু মিনিটএর জন্য সাইলেন্স অবজার্ভ করা হবে।

[At this stage the Assembly observed two minutes' silence at 11 a.m. in memory of the martyrs, today being the Martyrs' Day.]

Sj. Bibhuti Bhushon Chose:

সেজনা আমার পরিস্কার বন্ধব্য হচ্ছে এই যে অবিলন্দেব সরকারের খয়রাতি সাহায্যের ব্যবস্থা করা হোক। রাজস্ব মৃকুব করা হোক। টেস্ট রিলিফএর কাজ করা হোক। সরকার থেকে বলা হয় যে কাপড় কন্বল দেওয়া হয়েছে সেই একটা কন্বল এখানে এনে আপনাকে দেখাব ভের্বেছিলাম। শতছিদ্র কন্বল তাদের দেওয়া হয়েছে। সমস্ত মান্বের জন্য শীতের বন্ধ্ব দেওয়া হোক। এবং অবিলন্দ্বে তাদের ঘর করবার জন্য টাকার বন্দোবস্ত করে দেওয়া হোক। তাদের চায়াবাদের জন্য টাকা দেওয়া হোক। তারপর আমাদের কাছ থেকে টাকা স্যাংকসন চাওয়া হোক। যায়া এই দ্বনীতি চালাচ্ছে তাদের যদি ফাঁসি কান্ডের না ঝ্লান তবে অন্ততঃ দিন কয়েক তাদের হাজতে প্রের দিন। তারপরে আমাদের কাছ থেকে টাকা চান আমরা নিশ্চয়ই টাকা দেব নইলে এটা আমরা সমর্থন কবব না।

Sj. Lal Behari Das:

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে সরকার কিছু টাকার দাবী নিয়ে এসেছেন এবং তারা বলছেন আমরা কাঁজ করছি টাকা দাও। আমার কথা হচ্ছে তারা যদি কাঁজ করে থাকে তাহলে তাদের টাকা দেওয়ার কোন আপত্তি থাকতে পারে না। কিন্তু প্রকৃত কথা কি? আজ যে

সরকার যে কোটি কোটি টাকা তাঁরা যখন তখন নিয়ে যে খরচ করছেন, সেটা সম্পূর্ণ বাজে কাজে খরচ করছেন। পাঁচ কোটি টাকা চাওয়া হয়েছে বাজে খরচ বলে, কিন্তু সেই টাকা কিভাবে य अभिन राष्ट्र जात वकि नम्ना आमता प्रथमाम। वाश्मा प्राप्त वन्माविध्र एक अक्षरम तिमिष् দেওয়ার ব্যাপারে কি করা হয়েছে সেখানে লোকের দুর্গতি দূর করবার জন্য তাদের টাকা দেওয়া হয়েছে, সাহায্য দেওয়া হয়েছে তা দেওয়া হয় নি। নিজেদের দলকে পূন্ট করার জন্য এবং ইলেকসনএর যাতে সূরিধা হয় তারই জন্য টাকা খরচ করা হয়েছে। প্রকৃতপক্ষে যাদের ঘর ভেঙ্গেছে তাদের সাহায্য কোথায় দেওয়া হয়েছে? যারা কংগ্রেস পক্ষকে সাহায্য করেন বা করবেন তাদের দেওয়া হয়েছে। টিউবওয়েল কোথায় বসান হয়েছে? কোনও কংগ্রেসের লোকের দরজার সামনে করা হয়েছে। লোন কিভাবে দেওয়া হয়েছে. প্রকৃত কৃষক যারা তারা লোন পেল না। যারা চড়া সাদে কৃষকদের টাকা ধার দেয় যারা ধানের ব্যবসা করে, যারা চোরা কারবার করে তারাই লেন পেল। হাউস বিল্ডিং লেনএর ব্যাপারে কি দেখেছি? যাদের বাস্তবিকই ঘর ভেঙ্গেছে তারা টাকা কড়ি পায় নি-পেয়েছে যারা কংগ্রেসের দালালী করে থাকে। তারপর উন্নতিমূলক কাজ সম্পর্কে দুই একটি কথা বলতে চাই। সেখানে কৃষির উন্নতির জন্য দামোদর বাঁধ বে'ধে ময়ুরাক্ষী বাঁধ বে'ধে সেখানে পতিত জমি উন্ধার করবেন, যেখানে জল দেবেন চাষ হবে কিন্তু বাংলাদেশের আবাদী জমিগ্রলিকে উন্নত করবার জন্য কুষকদের সাহায্য করবার জন্য কি नावन्था कता रासाह। এটা তারা হয়ত দেখাবেন, বাগজোলা-আঁরাপাচ এই ধরণের কতকগর্মল জায়গা। আমি বলতে পারি পনর আনা জায়গায় বাংলাদেশের কৃষকদের কোন সাহায্য করা হয় নি। আমার নিজের যে কনস্টিটিউরেন্সি ভগবানপুরে সেখানকার কথা বলছি। সেখানকার প্রধান সমস্যা হচ্ছে জল নিকাশের সমস্যা। সেখানে যদি জলনিকাশ না হয় তাহলে সেখানে ধান হয় না। সে জায়গায় জলনিকাশ ভাল করে করবার জন্য এখানে কাঁথির যারা প্রজা স্যোসালিস্ট সদস্য আছেন তারা বারবার এখানে বলেছেন যে খালগুলি পরিস্কার করে দিন তাহলে সেসব জায়গায় কৃষকরা বাঁচবে। কিন্তু তাদের কথায় কর্ণপাত করা হয় নি। অতিব্লিটর ফলে সেইসব জায়গা একেবারে ভেসে গেছে। ১, ২, ৩, ৪, ৫, ৬ এবং ৭ এই যে বিস্তীর্ণ এলেকা ভগবানপূরের উত্তর-পশ্চিমাংশ সেখানে একেবারে সম্পূর্ণরূপে চাষ নণ্ট হয়ে গেছে। আপনারা আমার সংগ চল্মন দেখিয়ে দেব কি রকম মাঠে মাঠে এক কোমর করে জল রয়েছে আর খালগালি সব শাকনো, অবস্থাটা একবার কল্পনা কর্ন।

অধ্যক্ষ মহাশয়, আমি একথা বলতে চাচ্ছি যে বাংলাদেশের ক্রষককে সাহায্য করবার নাম নিয়ে যে কোটি কোটি টাকার অপচয় হচ্ছে তার জন্য একটি পয়সাও সরকারকে দিতে চাই না। আজ জনসাধারণ অনশনের সম্মুখীন হয়েছে। সেখানে ধান হয় না, কাজ নেই, সেখানে সরকার एथरक रकान वावन्था करा १८व किना रत्र त्रम्भरक रकान कथा वला १ श नि । ज्ञावानभू तत्र ५ ५०१ থানার যিনি য়াডিমিনিস্টেটর—সেই ইউনিয়নকে বাতিল করা হয়েছে—তিনি তাঁর এলেকায় টেস্ট রিলিফএর খাল করবার অনেক চেণ্টা করছেন। তিনি এস. ডি. ও-র কাছে গিয়েছিলেন, এস. ডি. ও, বলেছেন কাঁথি মহকুমায় ৮২টি ইউনিয়ন, তাতে ২-৪টি ভেসে গেলে ক্ষতি কি? এদের সরকারী কর্মচারীদের এই রকম দায়িছবোধ। আরও অবাক হবেন আমাদের মন্দ্রীদের এরকম দায়িস্ববোধের কথা শ্বনে। এখানে আমাদের সেচমন্ত্রী খ্রীঅজয় মুখার্জি মহাশয় তিনি नांकि वलाएक मजीतन एएला ११८७ वक्षे एनती १८व। स्मथानकात याता एकारोत जाता मव সতীনের ছেলে কারণ তারা কংগ্রেসকে ভোট দেয় নি. এটা সতি্য কি মিথ্যা তিনিই সেটা বলতে পারেন। আমাদের মন্দ্রীরা যদি এরকম দায়িত্বাধ নিয়ে এরকম শাসন করেন তাহলে আমরা তাদের হাতে একটি পয়সাও দিতে রাজী নই। আমি একথা বলতে চার্চ্চি যে সরকারের যদি এ ধরণের অবহেলা এবং ঔদাসীন্য থাকে তাহলে সেখানে আমরা এক প্রসাও দিতে রাজী নয়। যেখানে সরকারের কোন দায়িত্ববোধ নাই, যেখানে তাঁদের এই ধরণের অবহেলা, এই ধরণের উদাসীন্য, সেখানে আমরা এক পয়সাও দিতে রাজি নই। এথানে আমি বলতে চাই যে. धाश्या मिर्टन हमार ना। कः रहाम भार्षि कि कर्राष्ट्र नार्टिक मात्रियात मारा निर्देश ह्यारे ভিক্ষা করছে। বাংলাদেশের সর্বত্র আমরা জানি, এই অবস্থা, স্বতরাং তাঁরা এই যে টাকা দাবি করছেন এটার আমরা বিরোধিতা করছি।

[11-10-11-20 a.m.]

Si. Annåda Prosad Mandal:

মাননীয় স্পীকার মহাশয়, এই কর্নটিনজেন্সি ফান্ড আমি সমর্থন করতে উঠেছি। এই এামেন্ডমেন্ট আনা ঠিকই হয়েছে। এই প্রসঙ্গে আমি বন্যা সম্বন্ধে বর্ধমানের কথা কিছু, वलटा ठाइ. এই यে वन्या इरा राज, प्रात्मत व क्वित छेलत पिरा या वन्या वरा राज, य वन्या निर्मार्गक ব্যাপার, দৈব ব্যাপার। একে যদি বলা হয় মানুষের কৃতকর্মের ফল তাহলে ভুল বলা হয়। আমি वर्धभारत्व এको ऋष्य शास्त्र वाम कवि। स्मिशास्त्र कथरता वना। वर्ष अको रश्न ना। कावन সেটা খুব উচু গ্রাম। সেখানেও আমরা সকাল বেলায় উঠে দেখি গ্রামের ভিতর কোন জায়গায় হাট্র জল, কোন জায়গায় বা এক কোমর জল। ৪৮ ঘণ্টা ধরে অনবরত ব্যাণ্টর ফলে এই জল হয়েছে। আপনারা অনেকে হয়ত শূনেছেন যে বর্ধমানে আর একবার বড় রকমের বন্যা হয়েছিল, তাতে গ্রামকে গ্রাম এইরকমভাবে ডুবে যায়, বর্ধমানে যা বিভংস কান্ড হয়েছিল তা যারা দেখেছেন তারা ভালই জানেন, আর আজকে দাশর্থী তা বলেছেন রাধাকৃষ্ণ যেদিন দুর্গাপুর ওপেন করলেন তাতে লোক সব আশ্বন্ত হয়ে এক বছরের মধ্যে কত সব ঘর বাড়ী করলে স্কুল করলে বন্যায় আজ সেগ্রাল যদি নন্ট হয়ে থাকে তাহলে তার জন্য নাকি গভর্নমেন্টই দায়ী। এযে অতি হাসাকর কথা তা সকলেই বলবেন। আর বিষ্ক্ষ্যাবরে মুখে শুনলাম—এই বন্যা নাকি গভর্নমেন্টের ক্রিয়েসন—দামোদরের বাঁধ খালে দেওয়া হয়েছিল সেইজন্যই বন্যা হয়েছে। এটা কি তাঁর মনের কথা? আমরা গিয়েছিলাম বাইরে তখন দেখেছি দামোদর কেনেল সমস্তই রয়েছে শ্কেনো। সেখানে মান্য মাছ ধরছে। দামোদরের বাঁধ খুলে দেওয়ায় যদি বন্যা হত তাহলে কেনেল সব অত শকেনো থাকত না। এই অসম্ভব কথা অনেক জায়গায় সাধারণ লোকের কানে দেওয়া হয়েছে এই রকম প্রচার করা হয়েছে—যে দামোদরের বাঁধ খুলে দিয়েছিল সেইজনা এই রকম বন্যা হয়েছে। বৈজ্ঞানিক যাঁরা তাঁরা জানেন আর সেখানে যারা সমস্ত দায়িত্ব নিয়ে আছেন —ডি, ভি, সি অর্থারটি তারা জানেন—এ জিনিস ঐভাবে হওয়া সম্ভব নয়। বন্যায় যে গ্রামের লোকের ঘরবাড়ি ডবে এই খবর পাওয়া মাত্র গভর্নমেন্ট দুর্দেশাগ্রস্ত লোকদের সাহায্য দিতে অগ্রসর হয়েছেন এটা অতি সত্য কথা। কিন্ত এই সত্য কথাকে বিকৃত করে ও রা বলছেন আসম নির্বাচনের জন্য প্রচার কার্য হিসেবে এটা তাঁরা করেছেন এটা সম্পূর্ণ ভল কথা এবং একথাও ঠিক নয় যে গভর্নমেন্ট ঠিক সময়ে সাহায্য দিতে পারেন নি। গভর্নমেন্ট কি করবেন? রাস্তাঘাট সমুহত ডবে গিয়েছিল, কি করে সাহায্য দেওয়া যায়? কাজেই এরোপেলন থেকে ঐসব বৃহতা ফেলতে হয়েছিল। ঐরকমভাবে গভর্নমেন্ট যে সাহায্য করেছেন—তাতে জনসাধারণ বাস্তবিকই উপকৃত হয়েছে। একথা ঠিক নয় যে কংগ্রেসের প্রতি পক্ষপাতিত্ব করে সাহায্য দেওয়া হয়েছে। আর একথা সকলেই জানেন যে কোন পার্টির মাধ্যমে সাহায্য দেওয়া যায় না। সাহায্য বিতরণের ব্যাপারে ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট যাঁরা তাঁদেরই সহায়তা নেওয়া হয়েছে। তবে এরকম বড ৰড় কাজে ভুল হতে পারে। আমরা জানি সি আর দাসের তারকেশ্বরের সত্যাগ্রহের সময় কি পরিমাণ অপবায় হয়েছিল। তিনি তখন বলেছিলেন—চুরি হচ্ছে হতে দাও, এরকম কাব্দে অপবায় হবেই তাই বলে সত্যাগ্রহ বন্ধ করে। না। আপনারা জানেন এই বন্যায় সরকার যা সাহায্য করছেন তাতে কিছু, কিছু, অপবায় যে হয় নাই, তা নয়, তা আমরা বলি না। কিল্ড এই রুক্মের ব্যাপক-ভাবের সাহায্য আর কেউ কখনো দেখেছেন কিনা জানি না। আমি এই কথা বলছি যে গভর্নমেন্ট থেকে যে সাহায্য করা হয়েছে সেই সাহায্যের কাজ দেখে লোকে আশ্বস্ত হয়েছে আনন্দিত হয়েছে। এই কথা বলে আমি আসন গ্রহণ করলাম।

8]. Haripada Chatterjee:

সভাপাল মহাশয়, কৃষ্টিনজেন্সি বিলে পাঁচ কোটি টাকা চাওয়া হয়েছে এক কোটির জায়গায়। এই টাকা যেকোন কাজে খরচ করা যেতে পারে যেখানে যা ও'দের প্রয়োজন সেখানে ইচ্ছামত থরচ করবেন, আমরা জানতে পারব না, আলোচনা করতে পারব না।

Mr. Speaker: Mr. Chatterjee, Contingency is meant for a specific purpose.

8j. Haripada Chatterjee: Not specific purpose Contingency Fund means any unforeseen expenses.

সেজন্য অবজেক্ট স্পেসিফাই করা উচিত। না হলে তাঁরা যেকোন কাজে কতকগ্নিল অফিসার নিয়োগ করতে পারেন, সমস্ত কিছুই করতে পারেন। এটা আপনার বোধহয় ভাল জানা নাই যে, যেকোন কাজে থরচ করতে পারেন। কন্টিনজেন্সি ফন্ড মানে তাই। কন্টিনজেন্সি ফন্ড রিলিফের জন্য দেখিয়েছেন, কিন্তু কন্টিনজেন্সি ফন্ড মানে যেকোন কাজে থরচ করতে পারেন। এটা আপনি জানেন না, আমার কাছ থেকে শ্নেন নিন। কাজেই আমি যথন বলতে চাইব আমাকে বাধা দেবেন না।

প্রথম কথা, কন্টিনজেন্সি ফন্ডে একটা টাকা পয়সা দিতেও আমাদের আপত্তি। কারণ, প্রধানমন্দ্রীমহাশয় তার ব্যবহারের দ্বারা দেখিয়েছেন যে তিনি গণতন্ত্রের শন্ত্র। তিনি গণতন্ত্রকে উপেক্ষা করেন, বার বার নানাভাবে তিনি সেটা দেখিয়েছেন। আজ শেষ দিন, আমি বেশীবলব না; আমি কেবল দুটা ঘটনা আনব আপনার সামনে।

সভাপাল মহাশয়, আমার প্রথম কথা তিনি সংকর্মচারীদের রক্ষা করছেন না আর অসং কর্মচারীদের প্রশ্রম দিচ্ছেন। কোন গণতন্তে যদি সংকর্মচারীদের রক্ষা করা না হয় এবং অসৎ কর্মচারীদের প্রশ্রম দেওয়া হয় তাহলে সে গণতন্ত্র চলতে পারে না। সে রাজ্মের সমূহ ক্ষতি অবশ্যম্ভাবী। আমার আধ ঘণ্টা সময় লাগবে, তা না হলে আমার বক্তব্য বলা শেষ হবে না। বলুন কতক্ষণ সময় দেবেন।

Mr. Speaker: Half an hour cannot be allowed. Please try to finish within 15 minutes.

Si. Haripada Chatterjee: Alright.

আমার প্রথম কথাটা বলে দিলাম। আমার দ্বিতীয় কথা হচ্ছে যে, ও°রা দেশের লোককে নিরাপত্তা দিতে পারছেন না। অথচ নিজেরা পর্লিশ ফোর্স নিয়ে সর্বদা বাস করছেন. আমার জেলা নদীয়া: আমি বর্ডার অণ্ডলে থাকি; আমি সেখানকার প্রতিনিধি এবং সেখান থেকেই এখানে আসি। আমি দেখেছি সেখানে লোককে সারারাত্তি **জেগে থাকতে** বাধ্য হতে হয় : কারণ. কখন যে পাকিস্তান থেকে আক্রান্ত হয় তা জানা নেই। এ'রা কাকেও সেখানে নিরাপত্তা দিতে পারেন না। প্রত্যেক লোককেই সারারাগ্রি জাগতে হয়। শুনলে আপনাদের আশ্চর্যান্বিত হতে হবে যে কি ক'রে তা হয় : কিন্ত সত্য কথা তাই। একটা গ্রাম নাম গোয়াস—আমার নির্বাচন-কেন্দ্রে; অলপ কয়েকদিনের মধ্যে সেখানে ১২ বার ডাকাতি হয়েছে, আরু চুরির ত সংখ্যাই নাই। যথন ১১ বার ডাকাতি হল এবং মার্ডারও হল তখন আমি জেলা কর্তপক্ষকে বললাম এখানে অন্তত একটা প্রলিশ চৌকি হউক। দুঃখ হয় বলতে—আমাদের জেলা কর্তপক্ষ তিনি খুব চেন্টা করেন, তাঁর মত ভাল কর্তপক্ষ খুব কম দেখেছি, কিন্তু তিনি কি করবেন? তাঁর হাতে বর্ডারের জন্য যথেষ্ট পর্লিশ নেই। যে নীতিতে এই শাসনতন্ত্র চলছে, তার ফলে পর্লিশ দেবার তাঁর ক্ষমতা নাই সেখানে। কারণ, এখানে প্রত্যেকটি মন্ত্রী প্রলিশের পাহারায় থাকেন। জন-সাধারণের মন্ত্রী, তাঁরা কেন থাকবেন : প্রধানমন্ত্রীর জন্য পর্লিশ খাতে যেভাবে বায় হয়, যেভাবে প্রালেশ প্রহরী রাখা হয়, প্রথিবীতে তা কল্পনাতীত। এরাই জনসাধারণের মন্ত্রী। এক মন্ত্রীর কথা বলছি, ভদ্রলোক আগে আমার সংগ্র ঘুরে বেড়াতেন, কিন্তু তিনি মন্ত্রী হয়ে প্রথমেই আর্মাড প্রালিশ চেয়ে পাঠালেন লিখে। শুধু তাই নয়। এখানে যে সেন্ট্রাল মিনিন্টারদের হেড-কোয়ার্টার দিল্লী, তাঁদের বাড়ী প্রিলশ পাহারা দেয়, কেন?

[11-20—11-30 a.m.]

মুরারী বিশ্বাসের বাড়ীতে যথন ডাকাতি হল তথন সেখানে গিয়ে আমি দেখলাম যে যে ঘরে তার ছেলে থাকে সেই ঘরের পাশে পাট থাকে তাতে পাকিস্তান থেকে লোক এসে আগ্রন লাগিয়ে দিয়ে দিল। আর তারু সেই ছেলে যে ঘরে ছিল সেই ঘরে তারা শেকল লাগিয়ে দিল, কিন্তু তার মা নিজে এসে শেকল খুলে দিলে সেই ছেলে, নিজে লড়াই করে দুজন ডাকাতকে হত্যা করেছে। আর একটা সেখানে বাড়ীতে গিয়য় দেখলাম যে সেই বাড়ীর ভদ্রলোকের হাতে কোপ মারাতে তার শুর্ধ চামড়াটি আছে হয়ত য়্যামপুটেড করতে হবে বলে সে হাসপাতালে গিয়েছিল। আমি হাসপাতালে গিয়েও তাকে দেখে এসেছি যে তার হাতে ব্যান্ডেজ করে দিয়েছে।

এইরকম অবস্থা সেখানে চলছে। তারপরে তাঁর বাড়ীতে গিয়ে শুনেছি যে তারা বলে যে যেখানে একটা মাঠ পাঁর হলেই পাকিস্তান এবং যেখানে দৃজন মার্ডার হয়ে গ্লেছে, সেখানে কালকে যদি ৫০ জন লোকে আক্রমণ করে তাহলে আমরা এখানে থাকি কি করে? এই অবস্থার জন্য সেখানকার হিন্দু-মুসলমান সবাই পলায়ন করতে আরম্ভ করেছে। কারণ সেখানে যে দৃজন মারা গেছে তার মধ্যে একজন হিন্দু, আর একজন মুসলমান এবং এর ফলে দৃজাত দৃজাতকে বিশ্বাস করছে না। সেখানে যে দৃজন মারা গেছে তারা দৃজনেই পাকিস্তান থেকে এসেছে। কিন্তু এই অবস্থায় এখনও সেখানে চৌকী বসে নি এবং কেন যে বসবে না, তা জানি না। অথচ নির্লেজ্ঞ মন্দ্রীরা, যারা জনসাধারণের প্রতিনিধি বলে গর্ব করেন, তাঁরা সব প্রিলিশ পাহারায় থাকেন, তাঁদের বাড়ীতে প্রিলশ পাহারায় থাকে, তাঁদের বাড়ীতে প্রিলশ পাহারায় থাকে, তাঁদের হাতে টাকা দেওয়া ঠিক নয় বলে আমি মনে করি।

দ্বিতীয় কথা, এ'রা সং কর্মচারীদের রক্ষা করতে পারেন না। এই প্রসঞ্গে আমি প্রথমেই অধীর দে-র কথাই বলব। তাকে আমি জানি এবং তার ডাক নাম ভোলা। তার বাড়ীর সকলেই যে নির্যাতীত সেটাও সকলে শনেছেন। সে রিলিফ এ্যান্ড রিহ্যাবিলিটেশান ডিপার্টমেন্টের ইনভেস্টিগেটারের কাজ করত। তাঁকে আদেশ দেওয়া হল যে, যেসমস্ত লোক রিফিউজি নয়, তাদের সে যেন রিফিউজি বলে পাশ করিয়ে দেয় এবং সেই আদেশের মধ্যে আমাদের বাস্তৃহারা মন্ত্রী থেকে আরম্ভ করে সকলেই আছেন। আমি এখানে নাম করে, স্পেসিফিক কেস বলে সেই সমস্ত ঘটনাও দিয়েছি এবং তাঁরাও তার কন্ট্রাডিক্ট করতে পারেন নি। অধীর দে সং **ছেলে বলে** সে বলল যে সে তা করতে পারবে না। সেজন্য সে এনকোয়ারী করে প্রত্যেকটি কেস দেখিয়ে দিতে লাগল যে এরা কেউ রিফিউজি নয়। যখন হাজার হাজার সত্যিকার রিফিউজী লোন পায় না, বিজনেস লোন পায় না, তখন যারা রিফিউজি নয় তাদের লোন দিতে নিশ্চয় তার বিবেকে বাধবে—কারণ সে সং ছেলে। এজন্য কন্টোলার তার উপর চটলেন। এখানে আমি তাঁর লিখিত আদেশ পর্যন্ত দেখিয়ে দিয়েছি যে এটা তাকে পাশ করতেই হবে। সেখানে রাতারাতি সমুস্ত ফাইল বদল হয়েছে, কিন্তু তব্ ও যদি সেই সমস্ত ফাইল দেখা যায় তাহলে দেখা যাবে যে তাতে লেখা আছে যে এগলো তাকে পাশ করাতেই হবে এবং রিফিউজী কিনা তারজন্যে তাকে আর এনকোয়ারী করতে হবে না। কিন্তু সে এনকোয়ারী করে বললে মে তারা রিফিউজী নয়. কারণ ইনভেন্টিগেটার হিসাবে তার দায়িত্ব আছে। অতএব এটাই হল তার মুখ্য অপরাধ। এজনা তাকে কি করে তাড়ান যায় সেই চেষ্টা চলতে লাগল। এ ছাড়া ওখানে একটা পাপচক স.ষ্টি হয়েছে এবং সেখানে যেসমস্ত ইমমরাল কাজ করা হয় তাতে সকলকে ধরে নিয়ে কয়েদ-খানায় পরের দেওয়া উচিত। এই সমস্ত কাজের সংগ্র মন্ত্রীমহাশয়ারও সহায়তা আছে। তিনি মাতৃজাতি, এবং আগে তাঁকে এতদিন মা বলেই সম্মান করতাম। কিন্ত মা যদি দুম্কার্য করেন তাহলে তিনি রাক্ষসী। সেই মন্ত্রীমহোদয়ার পূষ্ঠপোষক হচ্ছেন এই কন্ট্রোলার। আমাদের অধিবেশনের শেষ দিনেও আমাকে এইসব কথা বলতে হচ্ছে বলে এটা দঃখের বিষয়, কিন্ত নিজের বিবেকের কাছে আমি অপরাধী হব যদি আমি সত্য ঘটনা প্রকাশ না করি। এই অধীর দে-কে ছুতো করে বলা হল যে সে দুটো কর্মাপ্লট ফাইল ফেরং দেয় নি—একটা প্রারিজনাল ফাইল এবং আর একটা সাব্যিসিডিয়ারি ফাইল।

Mr. Speaker: That is a specific case of Adhir De.

Sj. Haripada Chatterjee:

এখানে স্পেসিফিক কেস স্বাই বলেছেন বলে এই কারণে আমিও ইলাস্ট্রেসন ছাড়া বলতে পারবো না।

Mr. Speaker: They have all confined their speeches to general observations.

8j. Haripada Chatterjee:

আমি দেখাব যে এতে আমাদের প্রধানমন্ত্রী নিজেও কিভাবে ইনভলভড আছেন। আপনি যে আমাকে বাধা দিয়েছেন সেই সময় আমাকে দিতে হবে। তাকে প্রথমে ঐ চার্জ দেওয়া হল। কিন্দু তাকে যে ৫ মাস সাসপেন্ড করে রাখা হল, তার কোন বিচার নেই—এর মানে কি? এইভাবে চলার পরে কিছ্বদিন বাদে বলা হল যে সে সাবসিডিয়ারি ফাইল ফেরং দিয়াছে, কিন্দু আরিজিনাল ফাইলটাকে ফেরং দেয় নি—এটা তাকে কন্টোলার জানালেন। কিন্দু সে তার উত্তরে জানালেন যে তাকে যথন সাসপেন্ড করা হল, তার জিনিসপত্র যথন সিজ করা হল তখন তাকে সমস্ত লিস্ট করেই ফেরত দেবার কথা। কিন্দু তাঁরা তার অবর্তমানে সমস্ত জিনিষপত্র সিজ করেছিলেন। অথচ সমস্ত জায়গায় নিয়ম আছে থে কোন সরকারী কর্মচারীকে সাসপেন্ড করতে গেলে তার কাছে যে সমস্ত কাগজপত্র থাকে সেগ্রলো সে ফেরত দেবে। কিন্দু তারা ওকে দিতে দিল না, বরং নিজেরাই সব করে নিয়েছিলেন। তার টর ডায়ের গ্রামের ইত্যাদি সমস্ত কিছ্বই তাঁরা নিয়ে গিয়েছেন। এ ছাড়া সে যে ফাইল ফেরত দিয়েছে সেটাত পিয়ন ব্রকই আছে—অর্থাৎ সে দেখিয়ে দিল যে সে অরিজিনাল ফাইল এবং সাবসিডিয়ারী ফাইল দ্রটোই ফেরত দিয়েছে। তখন সেই সাবসিডিয়ারী ফাইলএর কথা কন্টোলার নিজেই স্বীকার করে অরিজিন্যাল ফাইলটা সম্বন্ধে আর কথা বললেন না। অর্থাৎ সেত্র ঠিকই ফেরত দিয়েছে, কারণ সেটা পিওন বইতে রয়েছে। অথচ দেখা গেল যে আর একটা লোনী-কে সেই অরিজিন্যাল ফাইলের নাম্বার থেকে ট্রেক তাকে নোটিস দিছেন। অতএব অরিজিন্যাল ফাইল র্যিদ না থাকে তাহলে তাঁরা কিকরে তাকে নোটিস দিছেন। অতএব অরিজিন্যাল ফাইল র্যিদ না থাকে তাহলে তাঁরা কিকরে তাকে নোটিস দেন। স্বতরাং সেই চার্জ যাওয়াতে এখন

give the dog a bad name and hang him

পম্পতি ধরলেন। তখন তাঁরা বহু, প্রোতন দু বছর আগেকার একটা টি, এ, বিল নিয়ে পড়লেন। সেই বিল পাশ করবেন কন্টোলার, কারণ সেটা পাশ করাবার তিনিই কন্টোলিং অথরিটি। সেই আইনটি হচ্ছে যে সরকারী নিয়ম অনুযায়ী

West Bengal Service Rules, Chapter XIII, rule 167(c)

অতএব তাঁরা নিজেরা টি.এ. বিল সম্বন্ধে নিঃসন্দেহ হয়ে যেটা মঞ্জার করেছেন সেটাকে নিয়ে তাঁরা এবার পড়লেন। এখন এখানে মজার ব্যাপার হচ্ছে এই যে এদিকে বলছে যে তারা টুর ভারেরী ফেরত দাও। এখন ওটাতে স্যাংসান নেই বলে তার ঐ সাসপেনসান অবস্থায় প্রেরায় সেক্রেটারীকে লিখলেন যে এই ভদ্রলোক ট্রের না করেই টি. এ. ড্র করেছে, অতএব ওর এই কেস্টা দেওয়া উচিত। কিন্তু পরে আবার এটাকে মডিফাই করে বললেন যে সে যে ক্লাসে টুর করেছে সেই ক্লাসের বিল না করে অন্য ক্লাসের করেছেন। তার সাসপেন্সন সম্বন্ধে একটা স্যাংসান নিলেন, কিন্তু বিচারে অন্য একটা জিনিস আনা হল। অর্থাৎ সে যে ক্লাসে টুর করেছে সেই क्राप्तर्त हि. व. ना नित्र जना क्राप्तर जना नित्रहा । ज्यन प्रियानिश वलए य हेन्त जारहातीहा আমার সামনে উপস্থিত কর্ন তাহলেই সব বোঝা যাবে। কিন্তু সেই টুর ডায়েরীটা আপনারা সিজ করে রেখেছেন। স্বতরাং সে বলছে যে তার টুর একস্ট্রাক্টটা আসলেই সমস্ত জিনিসটা বোঝা যাবে যে সে কোন ক্লাসের জন্য টি, এ, বিল করেছে না করছে। কিন্তু তাঁরা সেটা প্রতিউস করবেন না। অর্থাৎ মাথা নেই যার তার মাথা ব্যাথা—টুর ডায়েরী দেওয়া হবে না, সেও চুপ করে বসে থাকক। অতএব অভিযানের প্রহসনটা একবার শুধু দেখুন। এইরকম ব্যবহার কম্টোলার করতে লাগলেন। কিন্তু তার নিজের কাছে যে টুর ডায়েরীর একস্ট্রাক্ট ছিল তাতে সব লেখা ছিল। আসল কথা হচ্ছে যে সে এক জায়গায় বাসে করে গিয়েছিল এবং বাসে গিয়েছিল বলে সে বাসের ফেয়ার চেয়েছিল কারণ সে একটা আর্জেন্ট কাজে বাসে করেই গিয়েছিল।

Mr. Speaker: You are pleading too much for that case.

Sj. Haripada Chatterjee:

আমাকে বাধা দেবেন না। আপনারা শুধু দেখন যে এর মধ্যে প্রধানমন্দ্রী কিভাবে জড়িত আছেন এবং এটা একটা হরিব্ল ব্যাপার। এখন প্রানেশ চক্রবর্তী, যিনি ডেপ্র্টি কন্ট্রোলার, তিনি হচ্ছেন বিল পাশ করবার অথরিটি। তিনি লিখছেন যে বাসে গেলেও তাকে সেকেন্ড ক্লাসএর ভাড়ার বিল দিতে ইবে—অর্থাৎ

irrespective of your mode of travelling.

কিন্তু সে বলে যে সে যখন বাসে করে গিয়েছে তুঁখন সে বাসের জ্বন্য বিল দিতে চায়। এটা তার টুরে একস্ট্রাক্ট্রসএ আছে। কিন্তু ওরা তখন কেটে সেটাকে রেলের সেকেন্ড ক্লাসএর ভাড়া করে দিয়েছেন। সে সং ছেলে বলে সে বন্ধালে যে সে যখন বাসে গেছে তখন সে ঐসব লিখতে রাজী হয় না। বেখানে ওবা কেটে দিয়ে অন্য লিখেছেন, সেখানে ওরাই আবার অন্য কথা বলছেন। যা হোক আমাদের প্রধানমন্ত্রী কি করেছেন শ্ন্ন্ন। বাংলাদেশের প্রধানমন্ত্রী গলায় ফুলের মালা পরেন এখানে ওখানে নানান ইনস্টিটিউসনএ যান এবং তাঁর কত পঞ্চবার্ষিকী হচ্ছে, কিন্তু এবে কীতি শ্ন্ন্ন। তিনি নিজে খবরের কাগজের সম্পাদককে চিঠি লিখলেন আর অন্য একটা চার্জ দিয়ে, যেটা এনকোয়ারী অফিসারের কাছে নেই। অর্থাৎ তিনি লিখছেন, অধীর রঞ্জন দে অল্প্রাশনের জন্য একটা প্রেস থেকে চিঠি ছাপিয়ে তাদের পয়্রসা দেয় নি।

[At this stage the red light was lit].

আপনি আলো জনললে আমি বসব না-

I must finish it.

আমার ১০ মিনিট হয়েছে এবং এখনও ৫ মিনিট ফ্রল সময় আছে। প্রধানমন্দ্রী যে বিষয়ে লিখেছেন সেসব এনকোয়ারী অফিসারের কাছেও নেই। অতএব যখন একটা অফিসারের সন্বন্ধে এইরকম একটা এনকোয়ারী হচ্ছে এবং এনকোয়ারী অফিসারের কাছে সমস্ত তথ্য গেছে তখন আমাদের প্রধানমন্দ্রী তার সন্বন্ধে খবরের কাগেজের সম্পাদককে জানাচ্ছেন যে লোকটা এইরকমের অসং।

[11-30-11-40 a.m.]

সেই সম্পাদক আর কেউ নন, তিনি বিপ্লবী যুগের শ্রম্থের বারীন ঘোষ। তিনি অধীরকে লিখছেন—"অধীর তোমার পত্র পাইয়াছি। তদত্ত শুরু হইবার আগেই ডাঃ রায় তোমাকে অপরাধী সাব্যস্ত করিয়া আমাকে পত্র দিয়াছেন। কাজেই এই তদন্তের রায় কি হইবে জানা কথা। এই দুর্নীতির রাজত্বে তমি কাহার নিকট বিচার পাইবে? রাজ্যের কর্ণধারগণই দ্বনীতির প্রশ্রম্বাতা। তুমি এই খামের চিঠিখানা লইয়া শ্রীয়ন্ত বিবেকানন্দ মাখার্জিব সাথে দেখা করিও, যদি তিনি তোমার একটা বাবস্থা করিয়া দেন যাহাতে দ্' মুঠো অন্ন পাইতে পার। আশীর্বাদক, বারীনদা।" বিবেকানন্দ মুখার্জির কাছে তিনি যে চিঠি দিয়েছেন তা হচ্ছে এই—"ভাই বিবেকানন্দ ঠাকুর, 'যুগান্তরে' অধীররঞ্জনের সম্বন্ধে তোমরা সরকার বাহাদুরের বন্দ্রহরণ প্রচেণ্টা করেছিলে যার ফলে সে বেচারী আজ সপরিবারে অনাহারে মরতে বসেছে। তোমাদের এত বড় প্রেসে ও কাগজগুলিতে তার অমবন্দের সংস্থান কি হয় না ? অধীর আদর্শপাগল এই বিপরীত জগতে সে ন্যায়বিচারের আশা করে। এইট্রকই তার অপরাধ। আশা করি তর ণকান্তিকে ব'লে তোমরা অধীরের একটা গ্রাসাচ্ছাদনের পথ করবে। আমি এখানে 'বসুমতী'তে গৃহকলহের দাপটে ঠ'নটো জগন্নাথ তা তোমরা জান।—কল্যাণকামী বারীনদা।" এখন এই চিঠি থেকে বোঝা যায় যে তার এনকোয়ারি হবার আগে থেকেই তাকে দোষী সাবাসত করেছেন স্বয়ং প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী এতে ইনভন্ডড আছেন। কন্ট্রোলাব কি করেছেন সেটার সন্বন্ধে আমি যে একটা সার্টিফায়েড কপির নকল পড়ব তা থেকেই ব্রুরবেন যে কন্টোলার কি রক্ম সাংঘাতিক লোক। এটাতে আমাদের মন্ত্রী শঙকর মিত্রকে সাক্ষী মানব—তিনি দৈতাকলে প্রহ্যাদ। তিনি ভাল লোক। এটার ব্যাপারটা শুনুন। ১৭নং ব্রজনাথ দত্ত লেন, কলিকতা, নিবাসী শ্রীস্কধাংশ মোহন সরকার, আলিপত্র, সার্টিফিকেট অফিসারের নিকট ১নং আর.এল.এ

(No. 1-R. L. A of 1956-57)

কেসে তিনি তাঁর ৩০-৫-৫৬ তারিখে যে দরখান্ত দিয়েছেন সেটা আমি পড়ছি। সেটা হচ্ছে—
"আমি আপনার ৩০-৪-৫৬ তারিখের ২,৪৩৬ টাকার জন্যে নোটিস প্রাণ্ড হইয়াছি। আমি
সরকারের নিকট হইতে ব্যবসারের ঋণ বাবত ২,৫০০ টাকা ভাল গ্রহণযোগ্য জামিনদার দিয়া
লোন পাইয়াছিলাম। সরকার লোন বন্ডের শর্ত অনুযায়ী আমাকে টাকার কিন্তি না দেওয়ায়
আমার ব্যবসায়ের প্রভূত ক্ষতি হইয়াছে। তব্ত কৃতজ্ঞতাচিত্তে স্বীকার করিব সরকার শর্তাদি
ভঙ্গ করিয়াও উক্ত লোনের টাকা দেওয়াতে এই গরিবের মহা উপকার হইয়াছে। আমি উক্ত
লোনের প্রথম কিন্তিত বাবত ২০৮ টাকা পরিশোধ করিয়াছি এবং দ্বিতীয় কিন্তির টাকাণ্ড

মাসিক ১০ টাকা হারে পরিশোধ করিয়া আসিয়াছি এবং কন্টোলার আর,আর, আন্ড আর, কলিকাতা. উহা বিনা আপত্তিতে গ্রহণ করিয়া আসিতেছিলেন, তব্ ও এই সার্ট্রিফকেট মামলা র.জ. করিবার নিম্নালখিত ঘটনা ব্যতীত অন্য কোন কারণ নাই। তাহা আপনাকে সংক্ষেপে নিদ্রে জানাইতেছি। আবেদনকারীর স্ত্রী যক্ষ্মারোগ হওয়াতে সে উক্ত কন্ট্রোলারের অফিস হইতে মাসিক ২০ টাকা হিসাবে সাহাষ্য পাইয়া আসিতেছিল। আবেদনকারী তাহার স্বার উদ্বাস্ত यक्त्या বেডের জন্য শ্রীয়ার শঙ্করপ্রসাদ মিত্র (ব্যারিস্টার), এম,এল,এ, মহাশ্রের একখানি পত্র লইয়া আবেদন করিতে গেলে উক্ত কন্টোলার শ্রীযুত নিখিল সেন মহাশয় আবেদনকারীকে উক্ত অফিসের ভূতপূর্বে (বর্তমানে সাসপেন্ড) ইনভেন্টিটেগেটর শ্রীঅধীররঞ্জন দের বিরুদেধ একটি দরখাস্ত লিখিয়া দিতে বলেন যে. উক্ত শ্রীয়ত দে আমার নিকট হইতে ঘুষ লইয়া সরকারী খণ পাইতে সাহায্য করিয়াছে এবং স্থার গহনা গড়াইয়া আমাকে টাকা দেয় নাই এবং বলেন. আমি উহা লিখিয়া দিলে উনি আমার মাসিক কিস্তি ১০ টাকার স্থলে ৫ টাকা করিয়া দিবেন এবং আমার স্বীর টি.বি. বেড তৎক্ষণাৎ দিয়া দিবেন।, আমি মিথ্যা অভিযোগপত লিখিয়া দিতে অস্বীকার করার উনি আমাকে বলেন যে, "তোমার স্বীর মাসিক সাহায্যদান কর্ম করিয়া দিয়া তোমার স্বাকৈ তিলে তিলে ভূগিয়ে মারিব এবং তোমার বিরুদ্ধে সার্টিফিকেট কেস রুজ্ করিব। কিন্তু কন্ট্রোলার সাহেব কার্যত তাহাই করিয়াছেন। কেন না একদিকে সাটিফিকেট কেস রুজ্ব করিয়াছেন, অপরণিকে যক্ষ্মারোগগ্রুত রোগিণীর চিকিৎসার জন্য আর্থিক সাহায্য বন্ধ করিয়া দিয়াছেন। আমি ধর্মবিশ্বাসী বিপন্ন উদ্বাস্তু যুবক। আমার জীবন থাকতে সরকারকে ফাঁকি দিবার অথবা আমার জামিনদারকে বিপদগ্রন্ত করিবার বিন্দুমার ইচ্ছাও নাই। উত্ত ঘটনার পরই আমি শ্রীযুক্ত শঙ্করপ্রসাদ মিত (ব্যারিস্টার), এম এল এ, মহাশয়কে সমস্ত ঘটনা জানাইয়া একটি দর্থাস্ত দেই এবং উনি যথারীতি উহা বিভাগীয় মন্ত্রিমহোদ্যার নিকট প্রেরণ করিয়াছেন। কন্টোলার সাহের ইহাও জানিতেন আমার পিতার মৃত্যুর পর বিধবা মা ও অবিবাহিতা বয়স্থা ভানীসহ এক বিরাট পরিবার আমার একার ঘাটে পড়াতে আমি বিপন্ন হইয়া দিশাহারা হইয়া পড়িয়াছি। তার উপর যক্ষ্মারোগগ্রুত দ্বীকে লইয়া বিপদের চরম সীমায় আসিয়া পেণীছয়াছি। এইরূপ সংকটমূলক সাংসারিক অবস্থা হওয়া সত্তেও আমি ষে প্রকারেই হউক কিম্তিবন্দিতে খণের টাকা দিয়া আসিতেছিলাম। এখন সার্টিফিকেট কেস রুজ্য হওয়াতে কি করিব ভাবিয়া কূল পাইতেছি না। এমতাবস্থায় মহামহিম হুজুর আমাকে যে পথের নির্দেশ দিবেন সেই পথেই চলিতে রাজী আছি। আশ্চর্যের বিষয় এই যে এই সাটিফিকেট কেস রুজু হওয়ার পরও কন্ট্রোলারের অফ্রিস মাসিক কিস্তি ১০ টাকা ১৭-৫-৫৬ তারিখে জমা দিয়া আসিয়াছি। তিনি বিনা আপত্তিতে তাহা গ্রহণ করিয়া Book No. 1349, serial No. 86

নন্দ্রর রসিদ দিয়াছেন। উহার নকল এই সাথে দিলাম। এমতাবস্থায় ঋণের টাকা কোথায় পরিশোধ করিব তাহা সঠিক ব্রিক্তে পারিতেছি না। যাহা হউক, মহামহিম হ্জুর যদি আমাকে মাসিক ১০ টাকা হারে ঋণ পরিশোধের জন্য কিস্তিবন্দি করিয়া দেন (যাহা আমি বর্তমানে করিয়া আসিতেছি) তাহা হইলে আমি কৃতজ্ঞতাসহকারে হ্জুরের বরাবর জমা দিতে থাকিব। উহাতে অন্যথা হইবে না। আমি হ্জুরেরের স্রবিচারের উপর নিজেকে সমর্পণ করিলাম। ইতি—বিনীত স্বধাংশ্রেমাহন সরকার।" বলা বাহ্লা তাকে তারা এই কিস্তিটা লিখে দিয়েছে এবং তারা এটা মেনে নিয়েছে। শ্রীশঙ্করপ্রসাদ মিয়ের চেণ্টায় ২০ টাকা তার যে সাহায্য ছিল, সেটা তার হয়েছে এবং তাঁর চেণ্টায় সে বেডও পেয়েছে। অবশ্য ডাঃ রায়ও ওটার জন্য ব'লে দিয়েছিলেন। কিন্ত বর্তমানে যিনি

Director of Public Health

তিনি তাঁর (ডাঃ রায়ের) কথা শোনেন নি। কিন্তু আমি স্বীকার করি যে, সে সমস্তই মন্দ্রী প্রীশঞ্করপ্রসাদ মিত্রের চেণ্টাতেই হয়েছে। আর আমাদের প্রধানমন্দ্রী ডাঃ রায় এই পাপচক্রের সংগ্র জড়িত আছেন। তারু কারণ এই কন্ট্রোলারের চাকরি হয়েছে স্বয়ং জওহরলাল নেহর্র রেকমেন্ডেশন নিয়ে। তাঁর সমস্ত ইতিহাস আমার কাছে আছে। আমি যদি আবার ফিরে আসি তা হ'লে সমস্ত ঘটনা ভাল ক'রে আপনাদের ব'লে দেব। সময় দিচ্ছেন না, খালি আলো জ্বালছেন ব'লে শেষ সময় এইটাই আমার স্বাধীন দেশের স্বাধীন নাগরিকদের আপনাদের মারুক্ত ব'লে যাছি যে, ইংরেজ চ'লে গেছে, কিন্তু দেশকে ভাল ক'রে আপনাদেরই গড়তে

হবে। আমরা সকলে মিলে দেশ গড়ব ভেবেছিলাম, কিন্তু শিব গড়তে গিয়ে যে এমন বাঁদর তৈরি হবে তা ভার্বি নি। আমাদের প্রধানমন্ত্রী, যিনি গণান্তন্ত্রের কর্ণধার হ্ববেন, তিনি অসং কর্মচারিদের প্রশ্রম দিচ্ছেন, পাপ্চক্রের প্রশ্রম দিচ্ছেন এবং সং কর্মচারী সারা জীবন যে দেশের জন্য প্রাণ দিয়েছে, যার মার পায়ের ধ্লো নেবার যোগ্য আমাদের মন্ত্রী নন, সেই মাকে আজ উপবাসে থাকতে হবে এবং সং কর্মচারী হওয়াতে সেই ছেলেকে আজ বেকার হ'তে হয়েছে। কিভাবে যে এতে দেশের কল্যাণ হবে জানি না। তাই দেশের কল্যাণের জন্য বলছি যে, প্রধানমন্ত্রী তাঁর আচার-বাবহার বদলান, অবশা তাঁর আর সময় নেই। দেশের লোকের কাছে আমার এই আবেদন যে, এইরকম পাপচক্রে জড়িত মন্ত্রীদের তাঁরা আর যেন কখনও আসতে না দেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, we have heard with patience all the invectives from the other side. I have also heard the funeral oration of my friend Sj. Haripada Chatterjee. When I was looking at him I was wondering why he was mumbling something and moved his head and showed his hands. Then I remembered that Brahmins do so when they do puja. He is Haripada Chatterji—a Brahmin. It is not very unusual for him to utter things which people do not understand and to show hands and feet to indicate what he intends.

We have listened very carefully to the speeches on the other side. May I make a comment that while we listened with patience without disturbance what was being said on the other side, why should the members on the other side show impatience whenever one of our members get up to say something? I can always say that while they claim that they are the votaries of truth and they only speak the truth, similar claims can be made by members on this side; and if we are prepared to listen to their statements -whatever they are worth-with patience, why cannot they have the same patience with regard to us? We also represent the people. They always talk about janasadharan as if the thirty members of the Communist Party-or whatever the total number of Opposition members may be—represent the people. I deny that fact. There are 170 people on this side who also do represent the janasadharan, and therefore, they have their own point of view to put before the Assembly which they are entitled to, particularly because they get this opportunity of making a speech which may be regarded as an electioneering speech. They could not get any other opportunity to do so. Therefore, they have taken the handle of the Contingency Fund and introduced into it various matters which have nothing to do with the proposal before the House. You, Sir, have been very indulgent. We have been indulgent because we wanted to hear what they have got to say, and that is the utmost that they have said. I remember that. Although my friend Sj. Haripada Chatterjee threatens that if he comes back again he will start his vitriolic attack against me, I don't mind, because it is only the men who are dead that are afraid of criticism; men who are living are not afraid of criticism because when I work I do have some defects in the working and it is open to anybody, even if he is misguided in his opinion, to say things about the work that has been done.

Sir, it has been said that although we ask for the co-operation of the Opposition we do not take the co-operation. Can you co-operate—can there be any co-operation between two classes of people who do not trust each other? You start with invectives—you say that 'You Government people, whatever you give is apabitra: you say that whatever you do is bad.' How can we expect co-operation from them? It is only a mockery.

[11-40—11-50 a.m.]

তাঁর এই কথাটির মধ্যে আমরা খানিকটা সত্যতা উপলব্ধি করতে পারি। অর্থাৎ তিনি বলেছেন যে, সাংলাই পজিশনএর কোন খারাপ অবন্ধার জন্য নয়, ইনম্রেশন, ম্বাহ্মীতি এবং ম্বার ম্লামান ক'মে যাবারণজন্য এই দ্রবাম্লা বৃদ্ধি পেয়েছে। তাই যদি হয় তা হ'লে সেটা দ্বীকার করে নিতে হয় য়ে, যে কথা আমরা বারে বারে বলেছি, বিভিন্ন খবরের কাগজে বিভিন্ন সময়ে যা প্রকাশিত হয়েছে, তাতেও আমরা লক্ষ্যু করেছি যে, আমাদের দেশে অনেক সময় খাদাদ্রবা যথেণ্ট পরিমাণে যখন থেকেছে তখন সেইসমস্ত খাদাদ্রবা নিয়ে আমাদের দেশের ব্যবসায়ীরা, চোরাকারবারীরা নিজেদের লাভ করবার জন্য ছিনিমিনি খেলেছে। মান-্যকে বাঁচিয়ে রাখবার জন্য ন্যায়সংগত খলো তাদের মধ্যে খাদাদ্রব্য সরবরাহ করার দায়িত্ব তাঁদের আছে, কিন্তু সেই দায়িত্ব সম্বধ্ধে তারা অচেতন থেকে নিজেদের স্বার্থসিম্পি করবার জন্য চেন্টা করেছে এবং সরকার তাদের সেই প্রচেণ্টাকে পরোক্ষভাবে সহায়তা করেছে। অর্থাৎ সেগ্রলোকে বন্ধ করবার চেষ্টা সরকার করেন নি। যেসমস্ত কাগজগুলো সরকারপক্ষের মুখপাত্র হিসাবে কাজ ক'রে থাকেন সেইসমুহত কাগজেও এইসমুহত ব্যবসায়ীদের সুহ্বদ্ধে এর প মুহতব্য আমরা শনে এসেছি। তা হ'লে দেখা যাচ্ছে যে, খাদ্যদ্রব্যের অবস্থা থাকা সত্তেও আমাদের দেশের वावमाशीता, यात्रा मत्रकारतक न्वाता প्रशास्त्रभाग्व रय, जारमत करनारे थामाप्रवाम् ना वान्य प्रशास्त्र । **এই मानार्वाभ्यत क्लार्वा** एक एवं देनास्क्रभारतत कथा वना शरार्क राष्ट्र शेनास्क्रभान यीन शरा थारक, जा হ'লে এই ইনফ্লেশন দরিদ্র এবং মধ্যবিত্তসম্প্রদায়ের মধ্যে হয়ে থাকে নি. ইনফ্লেশনের সংযোগ দরিদ্র এবং মধ্যবিত্ত কিছাই পাই নি. বরং তার সংযোগ পেয়েছে আমাদের দেশের ধনিকসম্প্রদায় ও বড বড ব্যবসায়ীরা। কাজেই এই দুব্যমূল্য ঘান্ধির সম্বন্ধে সরকারপক্ষের যে কৈফিয়ংই দেওয়া হোক না কেন, আমরা দেখছি যে এই দুবামূল্য বৃদ্ধি দরিদ্র ও মধ্যবিত্তসম্প্রদায়কে আরও নিম্পেষিত করেছে এবং জনসাধারণকে আরও বেশি মৃতার দিকে টেনে নিয়ে যাচ্ছে। এই সমস্যা সমাধানের জন্য যে চেণ্টা সরকারপক্ষ থেকে করা হয়েছে, তার দ্য-একটি কাহিনী এই ভাষণের মধ্যে আমরা যা উল্লেখ দেখতে পাই তাতে সম্তায় খাদাদ্রবা সরবরাহ করবার জনা তাঁরা দু?-একটি ফেয়ার প্রাইস শপস করেছেন ব'লে উল্লেখ করেছেন। কিন্ত এগ্রালির পরিমাণ এত কম বা এইসমন্ত ফেয়ার প্রাইস শপসএর মাবফতে খাদ্যদ্রব্য সরবরাহের বাবস্থা এত স্বদ্প যে তার শ্বারা জনসাধারণ কিছুমাত্র উপকৃত হয়েছে ব'লে আমরা মনে করি না। আমরা যার। পল্লীগ্রাম অঞ্চল থেকে এসেছি তারা জানি যে, বিভিন্ন ইউনিয়নে যেখানে লোকসংখ্যা ১৫ থেকে ২০ হাজার এবং যেখানে তার শতকরা ৯০-৯৫ ভাগ যারা দরিদ্র এবং মধ্যবিত্ত সম্প্রদায় ও যারা এই দুবামূল্য বৃদ্ধির জন্য ভোগে, তাদের কাছে সেখানে যেটুকুন সাহায্য গিয়ে পেণছেচে, তাতে এইরকমভাবে এক-একটা ইউনিয়নে যেথানে দু'-তিনটি ক'রে ফেয়ার প্রাইস শপস খোলা হয়েছে, সেখানে সারা বছরে মাত ২০-২৫ মণ করে প্রতি দোকানপিছ, খাদা সরবরাহ করা इत्याक ।

অথচ তাই নিয়েই আমাদের সরকার আত্মসন্তৃথি লাভ করছেন এবং সেকথার উল্লেখও আমরা এই রাজ্যপালের ভাষণের মধ্যে দেখতে পেলাম। এছাড়া অন্যানা দ্রবোর, যেমন বন্দের, মূলাও দিনের পর দিন বেড়ে যাছে। এবং তেল, নৃন, ঝাল, মশলা ইতাদি যে প্রয়োজনীয় জিনিসগ্রিল মানুষের জীবনধারণের জনা প্রতাহ প্রয়োজন হয়, সেইসমন্ত জিনিসগ্রিলর দামও উত্তরোত্তর এমনভাবে চড়তে আরন্ভ হয়েছে যে তাতে সেগ্লো মানুষের ক্রয়ক্ষমতার একেবারে বাইরে চ'লে গোছে। কিন্তু দরিদ্র, মধ্যবিত্তসম্প্রদায়ের ক্রয়ক্ষমতা কোনক্রমেই বাডছে না। এই অবস্থায় জনসাধারণের যে অবস্থা হচ্ছে সে অবস্থার ন্বীকৃতি আমরা এই রাজ্যপালের ভাষণের মধ্যে দেখলাম না।

[3-50; 4 p.m.]

এর পরে আমি শিক্ষাসংক্রানত ব্যাপারে একট্খানি উল্লেখ করতে চাই। এই শিক্ষাসংক্রানত ব্যাপারেও আত্মসন্তুন্টির মনোভাব আমরা এই রাজ্ঞাপালের ভাষণের মধ্যেও উল্লেখ দেখলাম। এই সন্পর্কে তিনি বলেছেন যে,

Education has made steady progress in the years under review according to plan. The quality of instruction has improved and educational wastage has been substantially eliminated.

এই শেষের কথাটির সত্যতার কিছ্ই সঙ্কেত আমরা দেখতে পাই না। আমরা দেখছি যে, এই কোয়ালিটি অফ ইন্সন্তাকশনটা অত্যন্ত ক'মে গেছে। অথচ এই সরকার হরতো গর্ব অনুভব করতে পারেন, খানিকটা স্প্রাথসন্তুটি লাভ করতে পারেন এই ব'লে যে, শিক্ষা খাতে কিছ্ব অর্থ তারা প্রের তুলনায় বাড়িয়েছেন। অর্থাৎ কোয়ান্টিটি অফ মানি স্পেন্ট আফটার এড়ুকেশনএর দিক দিয়ে যদি এড়ুকেশনএর ফন বিচার করা হয়, তা হ'লে সেদিক দিয়ে সরকার আত্মসন্তুতি লাভ করতে পারনে। কিন্তু কোয়ালিটি অফ এড়কেশন বৈড়েছে ব'লে যদি তারা

মনে করেন, তা হ'লে আমরা মনে করি যে সেই কথার মধ্যে কোন সত্যতা নেই। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে আমরা দেখতে পাই যে, সেখানে শিক্ষার নামে মাত্র উপহাসই করা হচ্ছে। যদিও আমাদের সংবিধানে এই ব্যবস্থা রয়েছে যে, সংবিধান চাল, করবার ১০ বংসরের মধ্যে ৬ থেকে ১৪ वश्मत वराम्क वालक-वालिकारमत भर्षा विनाम ला वाषाजाम लिकावावम्था कतरू हर्त. তথাপি এতদিন পরে আমরা দেখছি যে আমাদের এই পশ্চিমবঙ্গের সরকার ৬ থেকে ১১ বংসরের বালক-বালিকাদের জন্য যে প্রাথমিক শিক্ষা সেটাই এখনও বাধ্যতামূলক ও অবৈত্নিকভাবে সারা পশ্চিমবংগ কোন বাবস্থা করতে পারেন নি। যদিও এখানে প্রচর অর্থবায় করে কডকগ্রাল প্রার্থামক শিক্ষালয় ও স্পেশাল কেডার স্কল তাঁরা স্থাপন করেছেন, তব্ ও সেখানে শিক্ষার কোয়ালিটি যদি বিচার করে দেখি তা হ'লে আমাদের গভীর নৈরাশ্যের মধ্যে পড়তে হয়। আমরা দেখছি যে, আমাদের এই প্রাথমিক শিক্ষা প্রায়শঃই ব্যর্থতার মধ্যে শেষ হয়। আমাদের সরকারের প্রাথমিক শিক্ষার যে নীতি, সেই নীতি বিশেষণ করলে দেখতে পাই যে, তাঁরা বাধতোমূলক প্রাথমিক শিক্ষা প্রবর্তনের ক্ষেত্রে ব'লে থাকেন যে, প্রাথমিক বিদ্যালয় শেষ স্তর পর্যন্ত যদি বালক-বালিকা গিয়ে না পেণছায় তা হ'লে দে মে ল্যাম্স ইন্ট্র, ইল্লিটারেসি, অর্থাৎ তারা নিরক্ষরতার মধ্যে গিয়ে পে'ছিতে পারে। অতএব এই যদি তাঁদের শিক্ষা-বাবস্থা হয়, তা হ'লে প্রাথমিক শিক্ষার শেষ দতর অর্থাৎ প্রাথমিক শিক্ষার শেষ পরীক্ষা দেবার পর ছাত্রদের বিদ্যাবতা কতথানি হ'তে পারে সেটা সহজেই অনুমান করা যায়। আমরা যারা শিক্ষাসংক্রান্ড ব্যাপার নিয়ে জড়িত আছি তারাও দেখছি যে, এই প্রাথমিক শিক্ষার পর ছেলেরা যথন মাধ্যমিক বিদ্যালয়ে গিয়ে পেশছায় তখন তার অবস্থাটা কি হয়। সতেরাং এথানেও আমরা একটা মিথ্যা আত্মসন্তৃণ্টির ভাব লক্ষ্য করছি এবং

"Educational wastage has been substantially eliminated."

এ উত্তির মধ্যে সত্যতা নেই। বর্তমানে দেখছি যে, এই প্রার্থামক বিদ্যালয় থেকে যেসমসত ছেলেনা মাধ্যমিক বিদ্যালয়ে গিয়ে পেশছর তাদেন মধ্যে শতকরা ৩-৪ টি শেষ পর্যাত্ত স্কুল ফাইনাাল পরীক্ষায় পাস করে। অতএব বর্তমান শিক্ষা-বাবস্থার ফলে তর্ণদের শান্তি ও শিক্ষার প্রচ্ব ওরোস্টেই হচ্ছে। আজকে মাধ্যমিক বিদ্যালয়ে, উচ্চতর শিক্ষার এবং কলেজীয় শিক্ষার ক্রেরে বেতন ব্লিধার জন্য জনসাধানণ যেভাবে বিব্রত বোধ করছে, তাতে মাধ্যমিক শিক্ষা এবং উচ্চতর শিক্ষা জনসাধানণেন নাগালের বাহিনে হয়ে পড়ছে। কেবলমাত যারা প্রিভিলেজ্জ্ ক্রাস তারা ভিন্ন এই শিক্ষালাভ করবার কোন স্যোগ-স্বিধা দরিদ্র ও মধ্যবিত্ত জনসাধানণের হয় না। বর্তমানো শিক্ষার অবস্থা এই হয়েছে। আমাদের দেশের শিক্ষকসম্প্রদায়রা অজও পর্যাত উপযুক্ত বেতন পেলেন না যার ন্বারা তাঁরা দেশের শিক্ষাবিস্তারের বাাপারে প্রকৃত মনোনিবেশ করতে পারেন। এই শিক্ষাসংক্রাত ব্যাপারে সরকারের কোন কো-অডিনিটেড শ্ল্যান না থাকার জন্য শিক্ষা-ব্যবস্থা এইরকমের একটা বিপ্যাস্ত অবস্থার মধ্যে পাড়ে রয়েছে। সেজনা আমি সরকারের দ্বিট বিশেষ কারে এই দিকে আকর্ষণ করছি।

তারপর সরকারপক্ষ থেকে রাজ্যপালের ভাষণে কতকগুলি শ্ল্যানস এবং প্রোগ্রামএর কথা বলা হয়েছে এবং বলা হয়েছ যে, সেগুলিকে অতি কৃতিছের সংগ্ প্রতিপালন করবার চেণ্টা করা হছে। কিন্তু বিভিন্ন এলাকায় যেসমদত শ্ল্যানস ও প্রোগ্রাম কার্যকরী করবার চেণ্টা হছে, সেইসমদত লায়গায় জনসাধারণের অর্থকে যে কিভাবে অপচয় করার চেণ্টা করা হছে, তাও আমরা দেখছি। আমি শ্যামপুর এলাকা থেকে এসেছি। সেখানে ন্যাশন্যাল এক্সটেনশন রক শ্রাপনের জন্য যে কি করা হছে তাই বলি। যে ন্যাশন্যাল এক্সটেনশন রক ও কমানিটি ডেভেলপমেন্ট রক নিয়ে আমাদের সরকারপক্ষ থেকে প্রচুর গর্ব অন্ভব করা হয়, সেখানেও আমরা দেখছি যে এক-একটি থানার জন্য যে ন্যাশন্যাল এক্সটেনশন রক আছে তার পেছনে যেখানে সাড়ে ন' লক্ষ টাকা বরাদ্দ থাকে ব'লে সরকারপক্ষ ব'লে থাকেন, কিন্তু সেখানে সেইটাকার কতট্বুন অংশ জনসাধারণের মধ্যে গিয়ে পেণছেয়? ১৯৫৫ সালে এই ন্যাশন্যাল এক্সটেনশন রক আমাদের এলাকায় কাজ আরম্ভ করে, কিন্তু বিগতে ডিসেম্বর মাস পর্যক্ষ আমরা দেখেছি যে, মার সাত-আট হাজার টাকা জনসাধারণের কাছে গিয়ে পেণছেচে। এর কারণ হছে যে, স্বেখানে সরকারী কর্মচারীদের বেতন, ভাতা, অফিসঘর তৈরি করবার জন্য জারাগ এবং থাকবার জন্য ব্যবস্থাতেই প্রায় সব টাকা শ্বরচ হয়ে যায়। কিন্তু এটাই শ্ব্যু শেষ কথা নয়, এইসমস্ত সরকারী কর্মচারীয়া দুর্গ্য পঞ্চী-অঞ্চলের অবন্থা ও নানাবিধ উন্নয়নকার্য

নিজেরা পর্যবেক্ষণ করবেন ব'লে জীপগাড়িও কেনা হয়েছে। স্তরাং দেখা যাচ্ছে যে, এরকম ক্রেই আমাদের জনসাধারণের টাকার অপচয় করা হচ্ছে, অথচ বাহিরে প্রচার করা হচ্ছে যে ব্যাপকভাবে জনসাধারণের টাকার অপচয় করা হচ্ছে। সেই কারণেই আমারা শূর্ব নামেই ব্যুক্তে পারি যে, সেখানে একটা ন্যাশন্যাল এক্সটেনশন রক হচ্ছে—এই সম্ভূটি ভিম্ন জনসাধারণের আর কোন সম্ভূটিই নাই। কারণ বাস্তবক্ষেত্রে এই ন্যাশন্যাল এক্সটেনশন রকের দ্বারা জনসাধারণ কোনপ্রকারে উপকৃত হয়েছে ব'লে তারা বলতে পারে না। অতএব এইসমস্ত দিক দিয়ে বিচার ক'রে দেখতে গেলে আমরা দেখতে পাই যে, রাজ্যপালের যে ভাষণ—যদিও অন্যান্য বছরের তুলনায় একটা অপেক্ষাকৃত সংক্ষিত্রত ভাষণ তিনি এবার দিয়েছন—তার মধ্যে বাস্তবকান চিত্র নেই। অথবা এর মধ্যে সরকারের কার্যকরী কোন স্প্যান বা প্রোগ্রামএর চিত্রও আমারা দেখি না বা দেশের বর্তমান অবস্থাতে সরকার কি করতে পারে না পারে, তারও কোন চিত্র আমরা দেখি না। অতএব সেদিক দিয়ে রাজ্যপালের ভাষণ আমাদের সম্পূর্ণরূপে নিরাশ করেছে। সেজন্য রাজ্যপালের ভাষণের উত্তরে যে ভোট অফ থ্যাঙ্কস বা ধন্যবাদস্চক প্রস্তাব এখানে আনমন করা হয়েছে, আমি তার পেছনে আমার যে সংশোধনী আছে সেই সংশোধনীকৈ সংযোজন করতে হাউসকে অন্রোধ করছি। এই ব'লে আমি আমার বস্তব্য বিষয় শেষ করছি।

81. Srish Chandra Banerli:

মাননীয় উপাধাক্ষ মহোদয়, বিগত ১৪ বংসর পরে বাংলা মায়ের কোলে ফিরে আসবার সঙ্গে সংগে যে আশা, যে উদ্দীপনা, যে আকাজ্ফা মনে জেগেছিল, বর্তমান বাংলা সরকারের দুর্বল নীতির দর্ন সেই আশা ও আকাজ্ফা অনেকটা দ্লান হয়ে এসেছে। উপাধাক্ষ মহাশয়, আমি মানভ্ম জেলা থেকে আসছি। এই মানভূম জেলার গত ৪৪ বংসরের যে ইতিহাস, তা সংক্ষেপে না বললে প্রকৃতপক্ষে আমি যেসব প্রস্কৃতাব করব সেই প্রস্কৃতাবর্গুলি ব্যুঝবাব পক্ষে কঠিন ও কট্টকর হবে। আজ আমি আশা করি, এটা আমার প্রথম অভিভাষণ, আপনি আমাকে একট্র বিস্কৃতভাবে বলার সুযোগ দিবেন।

Mr. Deputy Speaker:

সংক্ষেপে বলান।

8j, Srish Chandra Banerji:

আমি সংক্ষেপেই বলও। আপনি অবগত আছেন যে, ১৯০৫ সালে বাংলাদেশকে দুই ভাগ ক'রে বিটিশ সাম্রাজাবাদ আমাদের দেশে যে দার্ণ সংকটাবদ্থা স্থিট করেছিল, বাংলাদেশের বিলিণ্ট আন্দোলনের ফলে সেই সেটন্ড ফাক্ট আনসেটন্ড হয়ে গেল। বিটিশ সাম্রাজ্যবাদের দর্প চূর্ণ হ'ল বটে, কিন্তু তার পরিণতি এই হ'ল যে বাংলাদেশের উপর চিরদিন একটা বিষাস্থ ও বিরোধী মনোভাব তারা পোষণ করতে লাগল। ১৯১২ সালে যথন দ্বতন্ত্র বিহার ও উড়িয়া প্রদেশ গঠিত হ'ল, তথন বাংলাদেশকে শামেদ্তা করবার জন্য, বাংলার এক্য ও শান্তিকে ক্ষান্ন করবার জন্য এবং বাংলাদেশে একটা আটি ফিশিয়াল সংখ্যাগরিষ্ঠ মুসলমানশ্রেণী কায়েম করবার, বাংলাভাষাভাষী অঞ্চলগ্লিকে, যেগানিল বিহারের সংলগ্ন ছিল, বিহারের সংজ্য যোগ ক'রে দিয়েছিলেন।

[4--4-10 p.m.]

তখন বাংলাদেশ থেকে আন্দোলন করা হয়েছিল, কিন্তু সে আন্দোলন ফলপ্রস্ হয় নি নানা কারণে। ১৯১২ সাল থেকে ব্রিটিশ সাম্বাজাবাদ বাংলার শক্তিকে নৃষ্ট করবার জন্য বিশেষ ক'রে এইসমস্ত বাংলাভাষাভাষী অঞ্চলকে জব্দ করার জন্য কোনরকম সুন্রপ্রসারী পরিকল্পনা গ্রহণ করেন হি। আমরা ১৯১২ সাল থেকেই উপেক্ষিত হয়ে আছি। তারপর ১৯৪৭ সালে দেশের রাজনৈতিক স্বাধীনতা এল, কিন্তু দুর্ভাগান্তমে ভারতবর্ষের রাজনৈতিক স্বাধীনতার আসবার পরও আমরা মানভূমের বাংলাভাষাভাষী অঞ্চলের অধিবাসীরা কথনও সেই স্বাধীনতার আসবার পাই নি। ১৯৪৭ সালের পর যথন দেশ রাজনৈতিক স্বাধীনতা পেল তার সংশ্যে আমাদের উপর যে একটা বিষম পাঁড়ন আরল্ভ হ'ল, তার সংক্ষিত্ত ইতিহাস এখানে বলা দরকার। ১৯৪৭ সালে রাজনৈতিক স্বাধীনতা পাবার পর ১৯৪৭ সালের ২০এ ডিসেম্বর পাটনায় হিন্দী সাহিত্য সম্বেশনে ডাঃ রাজেন্দ্রপ্রসাদ যে বন্ধুতা দির্মেছিলেন তার সারমর্ম হ'ল

এই বে, সে সময় বিহারের সেরাইকেল্লা ও খোরসোয়ান উড়িষ্যার সঞ্চো যুক্ত হয়েছিল। ডাঃ রাজেন্দ্রপ্রসাদ বলেছিলেন খোরসোয়ান ও সেরাইকেল্লা চলে গেল। কংগ্রেস যে প্রতিশ্রুতি দিয়েছিল ভাষার ভিত্তিতে প্রদেশ গঠনের তা কার্যে রূপ পাবেই এবং ধলভুঁম, সাঁওতাল প্রগনা করতে পারলে এইসব অণ্ডলগ**্নি বিহারের হাত থেকে চ'লে যাবে। সেদিন থে**কে মানভূমের উপর যে অত্যাচার চলেছে তা একটা ইতিহাস হয়ে আছে। গত আট বংসর যাবং এই অশোভন লড়াইএ আমরা লিপ্ত আছি। সে কথা আপুনি অন্তত কাগজের মারফত নিশ্চয়ই জানেন। আমাদের শুধু দুঃথ এই যে, মানভূমের উপর যখন এই ভাষার অত্যাচার আরুভ হ'ল এবং যথন আমরা মানভূমে জীবনমরণ সমস্যার সম্মুখীন, তখন ডাঃ বিধানচন্দ্র রায় কি কারণে জানি ना, পार्টनाय व'रत्र मानक्राप्तत कान अरवाप ना क्यान, मानक्राप ना खारा, वाश्नाकायात উপর তথা বাজ্গালীর উপর যে অন্যায় করলেন, এই বলে যে, বাংলাভাষার উপর কোন অন্যায় ও অত্যাচার হচ্ছে না। এটা কত বড় লম্জার কথা, কত গভীর পরিতাপের কথা,- কি কারণে তিনি একথা বলেছিলেন আমরা তা আজও ব্রুতে পারি ন। ১৯১২ সালে যখন এসব বাংলা-ভাষাভাষী অঞ্চল বিহারের সংগ্র যুক্ত করা হয়েছিল তথন সারে তেজাবাহাদরে সপ্রার প্রস্তাব অনুসারে এবং ডাঃ পি লালের সমর্থনে একথা কংগ্রেস স্বীকার করেছিল যে, দেশ স্বাধীন হ'লে পর তাঁরা নাম ক'রেই বলেছিলেন-মানভ্য ধলভ্য এবং সাঁওতাল পরগনা এবং মহানন্দার পূর্বাংশ বাংলাদেশকে ফিরিয়ে দেওয়া হবে। এমন্কি তদানীন্তন বিহারের নেতারা স্টেটমেন্ট দিয়ে স্বীকার করেছিলেন যে, দেশ স্বাধীনতা পাবার পর এসবগুলি ফিরিয়ে দেওয়া হবে। কিন্তু দুর্ভাগাক্তমে ক্রমে ক্রমে গ্রিটিশ সাম্রাজ্যবাদের চক্লান্তে তথা বিহারের নেতৃত্বের দুর্বলিতার জনা এবং লোভের দর্ম ভারা ভাদের প্রতিশ্রতি ভূলে গেলেন এবং ১৯৪৮ সালের পণ থেকে যে অন্যায় আচরণ চলছে ভাষা ও সংস্কৃতির প্রতি, মানভূমের জনসাধারণের নৈতিক মেরনেণ্ড ভেগে দেবার জন্য কংগ্রেস সরকার যে অপচেণ্টা ও অপকীতি চালিয়েছেন, তা এক কলন্দময় অধ্যায়ে পরিণত হয়েছে। ১৯৫১ সালে সেন্সাসের সময় বিহার সরকারের সমসত মেণিনারি এই সেন্সাস পরিচালনা করে ভারা কি ক'রে বাংলাভাষীর সংখ্যা কম দেখিয়ে হিন্দীভাষাভাষীর সংখ্যা বাড়িয়ে দেখিয়েছিলেন, আমি বিহার আাসেন্বলির স্পীকারএর হাতে তার ১২৬টি হেপুসিফ্কি ইন্সট্যান্সেস দিয়েছিলাম, যাতে গভর্নমেন্ট কথনও অস্বীকার করতে না পারেন: কিল্ড দুঃখেব কথা, ১২৬টি অভিযোগের মধ্যে একটার তদন্ত করা হ'ল না। মাননীয় অধাক্ষ মহোদয়, আপান নিশ্চয়ই অবগত আছেন যে, স্বাধীনতালাভের পর্র ভাষার ভিত্তিতে প্রদেশ গঠনের দাবি নিয়ে আমরা মানভূমে প্রথম চেন্টা করেছিলাম এবং সভাগ্রহ করেছিলাম। ভার পর কংগ্রেস যেরকম অন্যায়ভাবে আমাদের উপর চাপ দিয়ে যাচ্ছে, তাও এক কলংকবর কথা। তারপর ১৯৫০ সালে ডাঃ রায় যে স্টেটমেন্ট দিলেন উহা বিহার গভর্নমেন্ট নিজেনের যেভাবে কান্তে লাগিয়েছেন, সেকথা বলতে আঘাদের লজ্জা করে। যথন সীমানা কমিশন এসেছিল পুরুলিয়ায় তখন আমরা দেখা করতে গেলাম ভাষার প্রশ্ন নিয়ে এবং বললাম যে, বিধানসভায় আর্টিকল ২১০ থাকা সত্ত্বেও আমরা মাতভাষায় বলবাব সুযোগ পাই না। তখন সর্দার পানিক্ষর বলেছিলেন যে, ডাঃ রায় যাঁকে আপনারা নেতা ব'লে মানেন, তিনি লিথে দিয়েছেন যে. ভাষার অত্যাচার নাই। এই কথায় আমার মনে পড়ে কৌরবসভার কথা। সেই কুর্সভায় দ্রোপদীর উপর যথন চরম লাঞ্চনা করা হচ্ছে তথন ভীষ্ম, দ্রোণ প্রভৃতি মাথা নত ক'রে রইলেন। মানভূমে যে ভাষার অত্যাচার হয়েছে তাতে ডাঃ রায় শাধ্য মাথাই উ'চু ক'রে রইলেন না, তিনি দুর্যোধনের পক্ষ গ্রহণ করলেন। আজ মানভূমের লোকেরা শুধুই কাদছে, দুর্যোধনেব কোন দোষ নাই।

[4-10-4-20 p.m.]

তারপরে গত আট বছর লড়াই ক'রে আমরা আংশিকভাবে হ'লেও আমরা নিজেদের অস্তিত্ব কেবল বজায় রাখি নি, খানিকটা জয়লাভও করেছি, আমরা বাংলাদেশের সঞ্জে যুক্ত হয়েছি।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ডাঃ বিধানচন্দ্র রায় থেকে পণিডত নেহর, প্রভৃতি আজ একটা বিশিষ্ট সামাজিক স্তরে উঠে গেছেন। তাঁরা কি ক'রে ব্রথবেন জনসাধারণের কাছে দৈনিন্দন জীবনে ভাষার কি প্রয়োজনীয়তা? The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I did not want to interrupt him but what his speech has got to do with the motion of today. We have listened to him for nearly twenty minutes. He is talking about bhasabhittik and so on. Let him come to the resolution before the House.

Sj. Srish Chandra Banerjee: Sir, if he looks to my amendment he will find the relevancy.

আজ ৪৪ বংসর ধ'রে যে আগনে হৃদরের ভেতর দপ দপ ক'রে জনলছে, সেই আগনে কি ক'রে আধ ঘণ্টার মধ্যে নেভাব, কি ক'রে এত তাড়াতাড়ি শেষ করব? যা হোক, ডাঃ রায় কি ক'রে ব্রেবেন যে জনসাধারণের দৈনন্দিন জীবনে ভাষার প্রয়োজনীয়তা কতথানি?

আমি প্রায় ৩০ বংসর যাবং মানভূমে আছি। আমি প্রতাক্ষ জ্ঞান থেকে বলছি. একজন মাহাতোর বাডি ডাকাতি হয়েছিল। সে থানায় ডায়েরি করতে গেলে থানার দারোগার ভাষা সে বোঝে না এবং তার ভাষা দারোগা বোঝে না একজন সিভিল সার্জেন ডান্তারের কথা রোগা বোঝে না এবং রোগার কথা সেই সিভিল সার্জেন বোঝে না। এই তো অবস্থা। তারপর আইন-আদালতে বাংলাভাষার অহিতত্ব লোপ করবার জন্য কি বিভীষিকাময় অবস্থার স্থিতি হয়েছে! সে অধ্যায় চ'লে গেছে। সেখানের প্রত্যেক মানুষের দৈনন্দিন জীবন কিভাবে প্রতিহাত হয়েছে। ডাঃ রায় তথা পশ্ডিত নেহর, তা কি ক'রে ব্রুবেন? ভারতবর্ষের পরাধীনতার স্বচেয়ে বড একটা কলভেকর কথা হচ্চে গরিব জনসাধারণ প্রথমত জানতেই পারে নাই যে দেশে কি আইন হচ্ছে, কি কান্ত্রন হচ্ছে, কিভাবে রাজ্যশাসন চলছে। তাদের সেগ্রলি ম্বভাষায় না হ'লে দেশে কোন ম্বরাজ প্রতিষ্ঠিত হ'তে পারে না। গান্ধীজীর একথা অতীব সতা। যতদিন কংগ্রেস কথায় কথায় "ঘরজন্বলানী প্রভোলানী" নীতি নিয়ে চলবে. ততদিন দেশে গান্ধীজীর পরিকল্পিত স্বরাজ তথা প্রকৃত স্বরাজ হওয়া অসম্ভব। ডাঃ রায়ের ভাষা-ভিত্তিক প্রদেশ গঠন সম্বন্ধে যে ধারণাই থাক, আমরা একথা বিশ্বাস করি, এটা বাস্তব বিশ্বাসের অনুভতি। আমুরা বিশ্বাস করি, যতকাল গরিব জনসাধারণ প্রকৃত পঞ্চায়েতের ভিত্তিতে নিজেদের ভাষায় সমুহত সরকারী কাজকর্ম করতে না পারবে তত্দিন দেশের প্রতি তাদের মুমতা ও কর্তব্যপালনের আগ্রহ, তা জাগতে পারে না, পারে না, পারে না।

আমি অবশেষে আর একটি কথা সংক্ষেপে বলব। আমরা মানভূমে গান্ধীজী পরিকল্পিত পণ্ডায়েং নীতি অনুসারে ১৯৪৬ সালে এবং ১৯৪৭ সালের কয়েক মাসে আডাল্ট ফানচাইজ বেসিস্ত্র সমস্ত মানভূমে পণ্ডায়েং গঠন করেছিলাম। কেবল গ্রাম পণ্ডায়েং নয়, অণ্ডল পণ্ডায়েং, थाना পछारार এবং জिला পछारार গঠন क'रत গোটা মানভূমকে সংঘবন্ধ क'रत তুলেছিলাম। তার ফলেতে বিহারের গভর্মর জয়রামদাস দৌলতরাম ও কংগ্রেস সভাপতি জে বি রুপালনী, এই দু'জন আমাদের সেইসব প্রচেণ্টা দেখেশুনে পরম প্রতি হয়েছিলেন এবং তাঁরা এতদ্যুর পর্যাত্ত বলেছিলেন যে, গান্ধীজীর দ্বংন সফল হবার যদি কোন সম্ভাব্য দ্থান থাকে, তা হচ্ছে এই বিহার প্রদেশের মানভ্য জেলা। তারপর যেভাবে বিহার সরকার ১৯৪৮ সালের প্রথমে এসে আমাদের জেলাব সেই পণ্ডায়েং শক্তিকে নন্ট ক'রে তার জায়গায় যে বীভংস অবস্থার স্থিট করেছিলেন. কতকগুলি বুটিশ আমলের প্রতিক্রিয়াশীল লোককে হাত ক'রে মানভূমের উপর যে অন্যায় অত্যাচার করেছিলেন, সেকথা ব'লে আজকে আপনার আর বেশি সময় নেব না। আপনার মারফতে বাংলা গভর্নমেন্টের কাছে কয়েকটি প্রস্তাব রাথব। আমি আশা করি, এই প্রস্তাবগঢ়িলর উপর যথেণ্ট গরেত্ব দেওয়া হবে। কেন না আমি ৩০ বংসর যাবং মানভূমে আছি। একথা দাবির সংখ্য বলতে পারি যে, মানভূমে এমন কোন বিশিষ্ট গ্রাম নাই যার অধিকাংশ গ্রামে আমি পায়ে হে'টে না গেছি। সূত্রাং মানভূমের গ্রাম সম্বন্ধে কিছু বলবার দাবি আমার আছে এবং একথাও বিশ্বাস করবার কারণ আছে যে, আমি একজন বাঙ্গালী হিসাবেই বাংলার গৌরব রক্ষা করবার জন্য যেভাবে চিন্তা করেছি তার কয়েকটি দিগদর্শন আপনার মারফত গভর্নমেন্টের কাছে রাখতে চাই।

প্রথমে প্রেলিয়ার নামু পরিবর্তন করতে হবে। মানভূম জেলা ম্সলমান আমল থেকে মানভূম নামে পরিচিত। এখন প্রেলিয়া হবার দর্ন জনসাধারণের মনে যথেক্ট ক্ষোভের সন্তার হয়েছে। তাই প্রস্তাব করছি, ঐ প্রেলিয়া নামটা পরিবর্তন করে একে মানভূম জেলা করা হোক।

ন্বিতীয় প্রস্তাব হ'ল, ১৯১২ সাল থেকে অর্থাৎ ব্রিটিশ আমল থেকে আজ পর্যন্ত সেখানে কোন পথায়া অথবা দীর্ঘমেয়াদী সেচব্যবস্থা প্রবর্তন হয় নাই। মানভূমের স্বচেয়ে বড় সমস্যার মধ্যে একটা হচ্ছে জলের সমস্যা। সেখানে তিন রকম জমি আছে। এক হচ্ছে, বহাল, ষেখানে জলের দরকার হয় না: দুই হচ্ছে, কানালা, যেখানে মাঝে মাঝে জলের দরকার করে এবং তৃতীয় বাইদ, যাহা সম্পূর্ণ জলের উপর নির্ভার করে। এবং ইহাই মোট জমির শতকরা ৭০ ভাগ।

Mr. Deputy Speaker:

বাজেট বক্ততায় সব বিস্তারিত বলবেন।

Sj. Srish Chandra Banerji:

আমার বাজেট বক্তৃতা দেবার সময় হবে না। এই আমার প্রথম ও শেষ বক্তৃতা। যদি কিছু বলতে দিতে চান তো এখনই দিতে হবে ।

এখানে অনেক পাহাড় আছে এবং এমন অনেক জায়গা আছে যেখানে সামান্য বাঁধ দিলে পর প্রচুর জল সঞ্চয় হ'তে পারে এবং তার দ্বারা হাজার হাজার একর জমির জলসেচ হ'তে পারে। আরশা এবং বাঘমানিত থানায় অযোধ্যা পাহাড়ের উপর সেখানে দশ-পনেরটি গ্রাম আছে। সেখানে প্রধানতঃ আদিবাসী ও গরিব শ্রেণীর লোক বাস করে। সেখান থেকে বর্ষাকালে প্রচুর জল নিচে পড়ে এবং সেই জল অপচয় হয়ে চ'লে যায়, তার কোন বাবহার হয় না। সে জল বাঁধ দিয়ে আটকে রাখলে জমিতে সেচ হ'তে পারে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I may tell him that we are already investigating the question of irrigation of land in Purulia and we have already appointed men for that purpose. If he has got any specific case to mention, I will ask my officers to contact him and he can give the details.

Sj. Srish Chandra Banerji:

আমি কয়েকটি স্পেসিফিক কেস ব'লে দিচ্ছি, তার উপর সরকারের নজর দিতে হবে। আমাদের মানভূমে যে লাকি বা লাক্ষা আছে সেই সম্পর্কে একটা বিশেষ বাবস্থা করবার জন্ম বলছি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is also under our active consideration. We are trying to organise lac cultivation and production.

Si, Srish Chandra Banerii:

ভাল কথা। আর একটা হচ্ছে, আমাদের কুটিরশিল্পে লোহার হ্যান্ড ট্লুলস তৈরির কথা। গত যুল্থের সময় এক প্রেনুলিয়াতে আমার মনে হয়

95 per cent, of the hand tools.

যোগান দিয়েছে। স্তরাং এই লোহ কুটিরশিল্প হিসাবে বাবহার করবাব একটা বুহুং ক্ষে<mark>ত্র</mark> এখানে আছে।

স্তরাং এই লোহের কুটিরশিশেপ খ্ব বড় একটা প্রসারক্ষেত্র আছে। এবং আমাদের মানভূমে কুষ্ঠ, যক্ষ্মা এবং ম্যালেরিয়া এই তিনটা হ'ল ওখানকার প্রধান রোগ। [4-20—4-30 p.m.] •

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Those two matters, viz., leprosy and malaria, are also being investigated by the Health Department.

8j. Srish Chandra Banerji: I must discharge my duties by drawing your close attention to all these things.

শিক্ষা সম্বত্বেধ আমরা এক বিশেষ সমস্যায় পর্ড়েছি। বিহারে জ্বলাই মাসে সেশন আরুদ্ভ হয়। আর বাংলাদেশে জানুয়ারি থেকে আরুদ্ভ হয়। আমরা এ সুদ্বতেধ বিহারে অনেক প্রতিবাদ করেছিলাম যে, জ্বলাই মাসে যখন জনসাধারণের ঘরে থাবার থাকে না সেই সময়ে যদি স্কুলের रमभन आवष्य रम्र, जा र'ला लाकिया जाप्तव ছেলেপিলেদের म्कूला र्जीज कराज भारत ना। কিন্তু বিহার গভনমেন্ট তা শোনে নি 🕨 উত্তর বিহারে সেই সময় মানি ক্রপ হয়, সত্তরাং সেই হিসাবে আমাদের মানভূম এবং ছোটনাগপুরকে তাদের সংখ্য কন্ট পেতে হরেছিল। এখন সমস্যা দাঁডিয়েছে ছেলেদের এক বংসর সময় যে নন্ট হয়ে যাচ্ছে, এ সম্বন্ধে গভর্নমেন্টএর কি পরিকল্পনা হবে আমি ডাঃ রায়ের কাছে জানতে চাই। আমি আরও জানতে চাই, আমাদের মানভমে যেসব দকল আছে—মাইনর দকল বিশেষ ক'রে—এই মাইনর দকল সম্বন্ধে আমার একটা কথা বলবার আছে। বিহারে প্রি-১৯৪৯ যেসমস্ত মাইনর স্কুলস ছিল, তাতে তারা লস অফ ফীজ, এনহ্যান্সভ রেট অফ টিচার্স এইসব বাদ দেওয়া হয়েছে, কিন্ত পোস্ট-১৯৪৯ এম-ই স্কুলের কোন বাবস্থা নাই। সেগালি অতীব দার্দশায় কাল যাপন করছে এবং কোনর পে স্কুলের অহিত্যু বজায় রেখেছে। আমি আশা করি, বাংলাদেশের সঙ্গে যান্ত হওয়ার ফলে শিক্ষা সম্পর্কে সেখানে একটা উদার মনোভাব নিয়ে, আমাদের যারা শিক্ষকবাদ্য যারা ১০-১২ বছর ধারে শিক্ষকতা ক'রে জাবিকার্জন করছেন, তাদের যেন বেকার ক'রে না ফেলা হয়। কেন না ইতিমধ্যেই দেখছি যে, শিক্ষাবিভাগ থেকে সমুহত বাংলাদেশ থেকে আই-এ, বি-এ শিক্ষিত লোকদের নিয়ে সেখানে বসাবার চেণ্টা হচ্চে। আমরা চির্রাদন এই চেণ্টা ক'রে এসেছি যে, মানভমের জন-সাধারণকে অগ্রাধিকার দিতে হবে। তা না ক'রে যদি বাংলাদেশ থেকে লোক নিয়ে গিয়ে মানভ্যের উপর আপনার। চাপিয়ে দেন, তা হ'লে তো অমেরা যে তিমিরে সেই তিমিরেই রয়ে গেলাম। এ সম্বন্ধে আপনার মারফত গভর্নমেন্টএর দুটি আকর্ষণ করছি।

তারপবে চাকরির অবস্থা। মানভূমে বিটিশের আমল থেকে যোগ্য লোক থাকা সন্ত্বেও মানভূমের লোকেরা চাকুরি পায় নি। বিহারের আমলে তো কথাই নাই। কাজেই আজকে বাংলার সংগ্য যুত্ত হ'তমধ্যে যে উপেকা দেখানো হয়েছে তার ক্ষতিপ্রেণ, কপেনসেশন এবার মানভূমের পাবে। স্তরাং সেই হিসাবে মানভূমের যোগ্য লোকদের নেবার জন্য বিশেষ একটা কোটা নির্ধারণ করা বাংলা সরকারের উচিত। এটা আমার প্রস্তাব।

মানভূমের জামগ্রাল অধিকাংশ অন্বর্তা। যদি তার সিলিং বাংলাদেশের সজে সমান করে দেওয়া হয়, তা হ'লে মানভূমের প্রতি অবিচার করা হবে। মানভূমের যে থাজনার হার—এখন সেটলমেন্ট যাচ্ছে সেগ্রাল ভাল ক'রে যাতে দেখে মানভূমের উৎপাদন শক্তির অন্পাতে থাজনা অতিরিক্ত বিধিত না হয়, সেজনা বাংলা সরকারের দুণ্টি আকর্ষণ করতে চাই।

আর একটা কথা। মানভূমের প্রেলিয়াকে বিশেষ ক'রে চার খণ্ড করা হয়েছে। ধানবাদ চ'লে গেছে, চান্ডিল চাস, পটম্দা চ'লে গেছে। এর ফলে প্রেলিয়া এত ছোট হয়ে গেছে যে, সেখানে বাবসাবাণিজা কোট এর কাজ সমস্ত কাজে একটা ভীষণ ডিপ্রেশন এসেছে। কাজেই আমি বাংলা সরকারকে এইভাবে একটা প্রস্তাব দেব যে, যাতে মানভূমের সংলাধন বাঁকুড়া জেলা থেকে কয়ের্কিট থানা যার সংগা নানীনালা নাই, অথচ যার সঙ্গো প্রেলিয়ার নিকট সম্বন্ধ আছে, এমন কয়ের্কিট থানাকে প্রেলিয়ার সংগা য্তু ক'রে না দিলে প্রেলিয়ার অর্থ-নৈতিক যে ডিপ্রেশন, সেই ডিপ্রেশন কিছ্তেই দ্রে হবে না। যদি না প্রেলিয়া যে ১৬টি থানা নিয়ের্বা আছে তার সংগা আরও কয়ের্কিট থানা না যোগ ক'রে দেওয়া হয়। প্রসংগতঃ রানীবাঁধ, ছাতনা, ইন্দপ্রে থানা—এগ্রিলি প্রেলিয়ার সংগা য্তু হওয়া সম্ভব কিনা?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I appeal to you, these are not suggestions which we can discuss here. He can send them on to us and we in the Government can consider them.

Sj. Srish Chandra Banerji:

শেষ কথা, উন্বাস্তু প্নর্নর্গাসন। আমি বিহারে গভর্নমেন্টএর বোর্ডে ছিলাম। তাতে আমি দেখেছি যে, প্র্ববংগ থেকে ঊন্বাস্তু যারা এসেছে তাদের জীবিকার্জনের কোন উপায় না ক'রে বিভিন্ন জায়গায় বসানো হয়েছে, যার ফলে লোকাল পিপলদের সংগা তাদের একটা বির্প মনোভাব এবং একটা খ্ব ব্যাড রাড স্ফিট হয়েছে। এবং তার একটা প্রধান কারণ, এই সরকারের দ্বলা নীতি এবং অদ্রদার্শতা। আমার কথা ইচ্ছে এই যে, প্র্লিরায় তারা যদি উন্বাস্ত্

নিরে যেতে চান তাতে আমার কোন আপত্তি নাই, কিন্তু তাদের জীবিকার্জনের ব্যবস্থা ক'রে দিতে হবে। কলকারখানা ক'রে কুটিরশিল্পের ব্যবস্থা ক'রে জীবিকার্জনের উপায় ক'রে দিয়ে তারপরে তাদের যদি সেখানে বসান, তা হ'লে জনসাধারণের আর তাদের উপর বির্প মনোভাব থাকবে না।

Mr. Deputy Speaker:

এইসব সাজেসন্স ডাঃ রায়ের কাছে পাঠিয়ে দিন।

Sj. Srish Chandra Banerji:

সে আমি জানি, কিন্তু আমেশ্বলিতে বলবার একটা গ্রেছ আছে, এও আমি জানি।

Mr. Deputy Speaker:

আপনার যে আমেন্ডমেন্ট সেই আমেন্ডমেন্টএ তো ওসব কিছু নাই।

Si. Srish Chandra Banerii: *

আমি অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম। আপনি ইচ্ছামত আমার অরিজিন্যাল আমেন্ডমেন্ট কেটে সংক্ষেপ করে দিয়েছেন দেখে আমাকে এগুলি বাধ্য হয়ে বলতে হবে।

শেষ কথা আমি বলব, ডাঃ রায় বাংলাদেশের প্রতি যে অন্যায়, দুর্বলিতা দেখিয়েছেন, আমি বলব সেটা তাঁর বিশ্বাসঘাতকতার নম্না। চান্ডিল, চাস, পতম্দা তিনি দিয়ে এলেন, কত বড় অন্যায় তিনি করেছেন! এইসমন্ত বাংলাভাষাভাষী অঞ্চল বিহার সরকারের হাতে রয়ে গেল। তাদের অনিতত্ব আজকে বিপন্ন। তাদের ফিরিয়ে আনবার দায়িত্ব তিনি কিভাবে পালন করবেন? আমি নিজে জানি ভাগলপুর এবং মুখেগরে শত শত ঘোষ-বোস-মিত্র-বানার্জি-চ্যাটার্জি আছে যারা রাজেন্দ্র প্রসাদের চেয়েও বহু বেশি পুরাতন বিহারী। তাদের সমন্ত ভাষা সংস্কৃতি ধরংস করে দিয়ে তারা বাংলাভাষা ভূলে গেছে। তাদের শুধু উপাধি রয়েছে ঘোষ-বোস-ব্যানার্জি-চ্যাটার্জি। কিন্তু চাকুরির সময় ভোমিসাইল সার্টিফিকেট চাই। ডাঃ রায় কি চান, বাংলার অন্তিত্ব, বাংলার সংস্কৃতির সমন্ত দিক দিয়ে অধ্যপতন হয়ে যাক? তাতে ডাঃ রায়ের কিছ্ব হবে না বটে, কিন্তু বাংলাদেশের সর্বনাশ হয়ে যাবে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

খাব ভাল বলেছেন।

Si. Srish Chandra Banerji:

ভাল বলেছি কি না বলেছি, তার সার্টিফিকেট আপনার কাছে আমি চাই না। আমি যা বলেছি তা কাজে কর্ন এবং দেখান। আপনার ঘরজনালানো পরভূলানো নীতির পক্ষপাতী আমি নই, ডাঃ রায়।

[4-30-4-40 p.m.]

8j. Monoranjan Hazra:

মাননীয় ডেপর্টি স্পীকার মহোদয়, আমার যে মোশন আছে সে সম্পর্কে আমি গোড়াতে বলতে চাই যে, বাংলাভাষা সম্পর্কে আমার একটা কথা বলবার আছে। কিছুদিনু আগে যে বঞ্গ-বেহার সংঘ্রন্তির ব্যাপার হয়ে গেল, পশ্চিত গোবিন্দবল্পত পদ্থ ক'দিন আগে বলেছেন — ব্যাপারটা আমরা স্থগিত রেখেছি। তাই থেকে স্মুস্পট্ মনে হয় আবার ঐরকম একটা ব্যাপার উঠবে। এবং সেদিক থেকে আজ স্পর্ট দেখতে পাচ্ছি, বাংলাদেশে বাংলাভাষাকে স্ভিতাবারের মর্যাদা দেওয়া হচ্ছে না।

আমার এই যে মোশন, এই মোশনটা আমি বাংলাভাষার দিয়েছিলাম। শেষ মুহ্তে আপনার এখানকার রীতিনাতি মেনে নিয়ে এর অনুবাদ করতে গিয়ে এর অনেক ডিপার্চার ঘটে গিয়েছে। অবস্থাটা এইঃ বাংলাদেশে ১৯৪৭ সালের পর দশ বছর চ'লে গিয়েছে, আর বাংলায় কংগ্রেস সরকার হয়েছে ব'লে গর্ব বোধ করা হয়় কিন্তু আজও বাংলাভাষাকে এখানে কোন মর্যাদা দেওয়া হীল না, এবং মাননীয়া রাজাপালিনীয় অভিভাষণে আমরা এ সম্বন্ধে কোন কথাই দেখতে পাই না। সেইজন্য আমার বন্ধবা হচ্ছে এই যে, গোবিন্দবক্সভ পন্থ যা বলেছেন—ব্যাপারটা স্থাগিত আছে। সেই যে গোপন হস্তের চক্তালত, তার বহিঃপ্রকাশ হচ্ছে বাংলাভাষাকে এইভাবে অমর্যাদা করা। আমি আশা করি, বাংলাভাষাকে এর পর উপযুক্ত মর্যাদা দেওয়া হবে। বিশেষতঃ

ডাঃ বিধানচন্দ্র রায় 'হোম' থেকে চালান হয়ে আসেন নি। তিনি এই দেশেরই মান্ম। কুতজ্ঞতা ব'লে যদি কিছ্ তাঁর থাকে তা হ'লে আননীয়া রাজ্যপালিনীর কাছে অন্ততঃ এইট্কু বলবার চেন্টা করবেন যে, বাংলাভাষাকে এখানে পরিপূর্ণ মর্যাদা দেওয়া হোক। আমরা জানি যদি এই জিনিস না করেন, বঙ্গ-বিহার সংয্তির ব্যাপারে যেমন তিনি বলেছিলেন রিজাইন করবেন. শেষে করেন নি, বাংলাভাষার এই ব্যাপারের জন্য আগামী দিনে ডাঃ বিধানচন্দ্র রায়ের ভাগ্যে বোধ হয় সত্যিকারের পদত্যাগ করবার অবস্থা হ'তে পারে। কারণ বাংলাদেশের সাহিত্যিক, অধ্যাপক প্রভৃতি শিক্ষিত সমাজ, যারা বাংলাদেশের খাঁটি মান্ম, তারা চক্রান্তকে ক্ষমা করবেন না,—এই হচ্ছে প্রথম কথা।

িশ্বতীয় নদ্বর হচ্ছে, আমার যে মোশন আছে, সেটা হচ্ছে— Grant of remission of rent to the people affected by the last floods of 1956.

বন্যা সম্পর্কে আমরা জানি, বন্যা যখন হয়েছিল তখন সেটাকে আশীর্বাদ বলে নেওয়া राहिल, এবং সে আশীর্বাদ কোনু দিক থেকে, ব্রুতে পারি নি তখন, ব্রুতে পারলাম কিছ,দিন পরে। পনের দিন সাড়ে তিন সের করে চাল দেওয়া হয়েছিল। পাছে লোকে ব্রুতে না পারে কোথা থেকে চাল দেওয়া হচ্ছে, তাই বস্তাবন্দী চাল উডোজাহাজ থেকে মানুষ মেরে रफरल प्रथा र'ल এবং তাতে मुक्त मानुष माता शिल। २७० (अर्फेन्दर ১৯৫৬ সাलে दना। হ'ল, আর আমরা দেখলাম সেই বন্যাকে আশীর্বাদম্বরূপ গ্রহণ ক'রে খাদ্যমন্ত্রিমহাশয় রাজা-মহারাজার মতন উড়োজাহাজ চ'ড়ে যাচ্ছেন খাদাসম্ভার নিয়ে আর কংগ্রেসকর্ম ীরা যাাঁরা প্রত্যেকে ক্যান্ডিডেট দাঁডিয়েছেন তাঁরা যাচ্ছেন কেন্দ্রে কেন্দ্রে: ওদিকে মহকুমা অফিসার, সার্কেল অফিসাররা যাচ্ছেন। এইপ্রকারে বন্যাকে আশীর্বাদস্বরূপ নেওয়া হয়েছে। এবং সমস্ত রিলিফের খাদ্য এবং যা কিছা দুব্য গ্রামে গ্রামে দলীয় স্বার্থে ব্যবহার করা হয়েছে। এই আমাদের অভিজ্ঞতা, এ আমি প্রমাণ ক'রে দিতে পারি ফটোগ্রাফ দিয়ে। শুধু তাই নয়, ও'দের পুত্যেক কর্নাস্টিটিউর্য়োন্সতে গোপন সার্কুলার দেওয়া হ'ল দলীয় এম এল এদের এবং রিলিফ ক্মিটির মেম্বারদের কোন একটা জায়গারও সেখানকার লোকাল রিলিফ সম্পর্কে লোকাল এম এল এদের পর্যন্ত ডাকা হয় নি। এবং শুধু মাত্র কংগ্রেস ওয়ার্কার যারা ভোটের দালালি করবে, সেইসব **ला**क्ति भातकः तिलिक्ति कार्य **जालाता २'ल।** आतु भकात कथा २७० स्मर्थन्ति वना **२**स গেল, সেপ্টেম্বর গেল, অক্টোবর গেল, নভেম্বর গেল, ডিসেম্বর গেল, তারপব জান্মর্থার এবং ফেব্রুয়ারিও গিয়েছে, ঘরের জনা টাকা দেওয়া হ'ল নির্বাচনের জনা ভোট দেবার সময়। ছ' মাস কিছুই করা হয় নাই, অর্থাৎ ছ' মাস পরে নির্বাচনের মুখে টাকা দেওয়া হ'ল। ডাঃ রায় আমাদের নির্বাচন কেন্দ্রে গিয়েছিলেন ভোটের জন্য প্রচার করতে, খাদামন্দ্রীও গিয়েছিলেন এবং স্বয়ং নেহরুর কন্যাও সেখানে গিয়েছিলেন ; ভেবেছিলেন হয়তো রিলিফের যে দানছত্র খুলোছ সেইটের জোরেই তাঁরা সেখানে দাঁডাতে পারবেন। কিন্তু মিটিংএ পর্যন্ত ভাডাটেদের নিয়ে লোক যোগাড় করতে হয়েছিল। এই বন্যা সম্পর্কে তাই আমি বলেছি যে. এই বন্যাকে এইভাবে আশীর্বাদর্প্রে গ্রহণ করেছিলেন! আর সতাই যদি বন্যাকে আশীর্বাদ ব'লে তাঁরা গ্রহণ ক'রে থাকেন আগামী দিনে আমাদের দেশ উর্বর হবে ব'লে, তা হ'লে আমার একটা প্রশ্ন আছে ও'দের কাছে। সাড়ে তিন সের চাল আর চার টাকা মাসে আর ঘর করার জনা কিছা টাকা দেওয়ার চেয়েও বড প্রমাণ হ'ত ও'দের আন্তরিকতার যে জিনিসের দ্বারা সেটা হচ্ছে, বর্ধমানের মহারাজার হাতে আজ আর জমিদারি আবন্ধ নেই, জমিদারি প্রথা উচ্ছেদ হয়ে গেছে, সরকার নিজেই এখন জমিদার। যদি আন্তরিকতা থাকত ডাঃ বিধানচন্দ্র রায়ের সরকারের তা হ'লে বাংলাদেশের দরিদ্র জনসাধারণের খাজনা মকুবের কথাটা বলতে পারতেন। তাঁরা তা বলতে পারেন নি. সরকার নিজেই যেখানে জমিদার সেখানে এইটাকু কথা যখন বলতে পারেন নি. তখন বন্যার রিলিফে যে ও'দের আন্তরিকতা আছে, একথা কে' বিশ্বাস করবে? কোন আশ্তরিকতা নাই, শুধু বন্যাকে নির্বাচন বৈতরণী পার হবার উপায়র্পে গ্রহণ করে বন্যা রিলিফের নামে দলগত স্বার্থসাধন করেছেন। এই হচ্ছে আমাদের অভিযোগ। এবং মাননীয়া রাজ্যপালিনী তা দেখতে পান নি. কারণ বাংলাদেশ সম্বন্ধে তাঁর জ্ঞান কর্তথানি তা আমরা জানি। তার জননীর জ্ঞান ছিল, তাঁর জ্ঞান সম্পর্কে আমাদের ধারণা অত্যন্ত কম। যদি এই বন্যার রিলিফ সম্পর্কে প্রকৃতই ও'দের আন্তরিকৃতা থেকে থাকে, যদি একে আশীর্বাদ বলেই গ্রহণ করে থাকেন তা হ'লে আগামী দিনের উর্বরতার কথা ভেবে, এখনও সময় আছে. বন্যায়

ষেসব গৃহদেথর সমস্তই ধরংস হয়ে গেছে, তাদের খাজনা মকুব করা উচিত : কিন্তু তা না করে উলটে তাদের উপর সাটিফিকেট জারি করা হয়েছে। এর যদি কোন প্রমাণ চান স্থানীয় অফিসারদের কাছেই রয়েছে, আমরা দেখেছি।

তারপরে ৩নংঃ আজকে বাংলাদেশে জাঁমদারি প্রথা উচ্ছেদ হয়েছে, সেটলমেন্ট হচ্ছে এবং সেই সেটলমেন্টের অপারেশন চলছে যথন তথন আমরা দেখতে পাছি, কিভাবে জমি থেকে সাধারণ গরিব কৃষক এবং ভাগচাষীরা উচ্ছেদ হয়ে যাছে। আমি মাননীয় ডেপ্র্টি প্পনিরার মহাশয়ের দ্বিট এ বিষয়ে আকর্ষণ করছি। এ সম্বন্ধে যে কথা আমি বললাম—এভিকশন অফ কৃষক ও ভাগচাষী—যে অবাধে চলেছে, এটা বন্ধ করা দরকার। সেটলমেন্ট হবার সময় আমরা দ্বটো নীতি দেখেছি। একটা নীতি হচ্ছে—যার দখলে জমি আছে তারই জমি হবে: কিন্তু অন্য জায়গায় দেখছি, দখল সম্বন্ধে কাগজপত্ত দেখালে পর তারই জমি হবে। এখানে কথা হছে, কাগজপত্ত তৈরি করতে পাঁচ মিনিটের, বেশি সময় লাগে না, কিন্তু সেই কাগজপত্ত আইনত কতানানি টিকবে না টিকবে, সে প্রশ্ন বর্তমানে সেটলমেন্টে অবান্তর।

[4-40-4-50 p.m.]

এইভাবে বাংলাদেশের গ্রামাণ্ডলে আজ এই উচ্ছেদের পরে যে অবস্থার সূণ্টি হয়েছে তাতে বর্তমানে যে জনসংখ্যা আছে তার প্রায় এক-চতুর্থাংশ জমিহারা হয়ে যাচ্ছে। অর্থাৎ যাদের হাতে জমি ছিল তাদের এক-চতুর্থাংশ আজ জমিহারা হয়ে যাচ্ছে, কিন্তু এর প্রতিকারের কোন ব্যবস্থা কর হয় নি। তাঁরা বলেছিলেন যে, জামদারি প্রথা উচ্ছেদের পর ৬ লক্ষ একর জমি পাওয়া ফারে কিন্ত আশ্চর্যের কথা যে যেন গংগাসাগরের মেলায় বা মাহেশের রূথে গিয়ে এই ৬ লক্ষ জাম হারিয়ে গেল, আর পাওয়া যাচ্ছে না। সেজনা আমাদের তরফ থেকে এখানে বহুবার অভিযোগ করা হয়েছে যে, এত পাওয়া যাবার কথা নয়। জমিদারি প্রথা উচ্ছেদ হবার সময় দু' বছর টাইম দেওয়া হ'ল, কিন্তু কিছুই হ'ল না। অর্থাৎ যেমন গ্রামেতে রেশনিংএর কালে হেড অফ দি ফ্যামিলিতে বেশি কেরোসিন পাওয়া যাবে ব'লে সবাই হেড অফ দি ফ্যামিল কার্ড করাতে লাগলেন। ঠিক তেমনি জমিদারি প্রথা উচ্ছেদ হবার কথার সভেগ সভেগ এইরকমভাবে হেড অফ দি ফ্যামিলির স্থিত হ'ল। অর্থাৎ জামও এরকম বিভিন্ন স্থানে চারিয়ে গেল এবং তাতে জমিও আর পাওয়া গেল না। অতএব যেখানে জমি পাওয়া গেল না সেখানে বর্তমানে উচ্ছেদের ফলে এর শেষ পরিণামটা যে কোথায় কি ঠেকবে তা বোঝা যায় না। এর শেষ পরিণামটা হচ্ছে এই যে, জমিতে আবাদ করার আর লোক থাকছে না, জমি পতিত থেকে যাচ্ছে এবং এর ফলে খাদাদ্রব্য কম হওয়ার সাথেই দুভিক্ষি হওয়া। এই বছরেই বর্তমানে এই অবস্থা দাঁডিয়েছে যে, মাঘ-ফাল্যান-চৈত্র মাসে যথন ধান-চা'ল উঠল তথনই তার দর ২২-২৪ টাকা হয়ে গেছে। তা হ'লে এর পরে জন-জলাই-আগস্ট মাসে যে কি অবস্থা হবে সেটা সকলেই ব্রুতে পারেন। অর্থাৎ ১৩৫০ সালকে ক্রনিক ক'রে রাখা হচ্ছে। আজকে জমির যে সিস্টেম এবং ভূমি সম্পর্কে সরকারের যে নীতি তা থেকেই এইসমস্ত জিনিস উল্ভূত হচ্ছে, কিন্তু এর প্রতিকারের কোন কথাই আমরা রাজ্যপালিনীর ভাষণে দেখি নি।

তারপরের কথা হচ্ছে যে, ফ্যাকটার অণ্ডলে ভীষণভাবে মজ্ব ছাঁটাই হচ্ছে। গত বছরে শ্রমমন্ত্রিমহাশয় একটা প্রশ্নের উত্তরে বর্লোছলেন যে, ৬২ হাজারের মতন মজ্বর বিভিন্ন শিলেপ ছাঁটাই হয়ে গেছে। কিন্তু যেখানে তাঁর খবর হচ্ছে ৬২ হাজারের মতন মজ্বর ছাঁটাই হয়েছে, সেখানে আমাদের ধারণা, যে প্রায় লক্ষ্যাধিক মজ্বর ছাঁটাই হয়ে গেছে। অর্থাৎ এই লক্ষ্যাধিক মজ্বর ছাঁটাই হওয়া মানে হচ্ছে এই যে, এদের মধ্যে যদি প্রতি ৫ জন ক'রে একজনের উপর নির্ভারশীল মান্য হয়, তা হ'লে ৫ লক্ষ্ণ মান্য আজ অমহান হয়ে গেছে। এ ছাড়া এই ছাঁটাই মজ্বররা যেসমুহত চায়ের দোকানে চা খেত, যেসমুহত হোটেলে খেত বা যেসমুহত দোকান থেকে জিনিসপত্র কিনত, তাদের আজকে অচল অবন্থা হয়ে গেছে। স্তরাং সমাজজীবনে এটা যে কিরকম অবন্থার স্থিত করছে, সেটা আমরা পরিক্ষারভাবে র্মতে পার্রছ। আমরা দেখতে পাই য়ে, মালিকদের কোনরকমভাবে এ'রা বাধা করেন না বাতে এইভাবে ছাঁটাই বন্ধ হয় এবং তাদের বাধাও করেন না যে বেশিসংখ্যক শ্রমিককে কর্মে নিয়োগ রাখতে। অতএব যে জনসংখ্যাকে ছিরে শিলপাণ্ডল হয় সেই শিলপাণ্ডলেতে যাতে আথিক সচ্ছলত। হয়, সেই

ব্যবস্থা তাঁরা রাখতে পারেন না। কিন্তু আশ্চর্য যে, এইসবের কোন উল্লেখ আমরা রাজ্যপালিনীর ভাষণে দেখলাম না। এই °প্রসঙ্গে বেকারীর কথাও একট্ বলব। আজকে পশ্চিমবাংলায় প্রতি তিনজনে দ্'জন ক'রে বেকার আছে—এটা আমার কথা নয়। এই সরকারের
তথ্যের মধ্যেই পাওয়া যাবে যে প্রতি তিনজনে দ্'জন ক'রে বেকার আছে। এটা কি গ্রামে,
কি শহরে, প্রত্যেক জায়গায় আজ এই অবস্থা হচ্ছে। দেশের এই ভয়৽কর বেকার অবস্থার
ফলে কি হচ্ছে না যে কোর্নাদনের থবরের কাগজ খ্ললেই দেখতে পাবেন যে, বেকাররা রেলের
লাইনে মাথা দিয়ে দ্'হথে আত্মহত্যা করছে। এ ছাড়া আগেকার চেয়ে আজকাল যদি পথে পথে
সন্ধান নেন-মাননীয় মন্ত্রিমহাশয়রা তো মেটেরে ক'রে চ'লে যান, দেখতে পাবেন না—তা হ'লে
দেখতে পাবেন যে, পাগলের সংখ্যা রাস্তায় রাস্তায় কত বেড়ে গেছে। এইসব যে একমাত্র
বেকার সমস্যা থেকে হচ্ছে, সেটা পরিব্দার সকলেই ব্'ঝতে পারবেন, কিন্তু এর কোনভাব
প্রতিকারের ব্যবস্থা আমরা দেখছি না। অথচ এত বড় একটা আনএমশ্লয়মেন্ট প্রবলমএর
কিন্তিং ইণ্জিত, অর্থাং কি ক'রে এর প্রতিকার করা যায়, তার কোন আভাস আমরা মাননীয়া
রাজ্যপালিনীর ভাষণে পেলাম না।

এর পরে কটেজ ইন্ডাম্টি সম্বন্ধে বলতে গিয়ে আমি বিশেষ ক'রে হ্যান্ডলমে সম্পর্কে বলতে চাই। যখন সেকেন্ড ফাইভ-ইয়ার প্ল্যানএর কথা উঠেছিল, তখন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে, বড বড ভারী শিল্প করা উচিত নয় এবং এটা তিনি কৃটিরশিলেপর উম্লতির কথায় বলেছিলেন। তখন কৃটিরশিলেপর প্রতি তাঁর স্বদেশপ্রেম এবং দরদটা দেখে মনে ट्राइं इल एयं, এটা তিনি আন্তরিকভাবেই দেখিয়েছেন: কিন্তু কয়েকদিন পরেই দেখলাম য়ে, र्वार्षेभ देन्छान्धि ও ফরেন देन्छान्धि, या এখানে রয়েছে, সেগ্লোকে বাংলাদেশে জিয়িয়ে রাখবার চেণ্টা তিনি করেন। অতএব আমাদের দেশে যে কৃটিরশিল্প গড়ে উঠুক এটা তিনি চান না, रमों ताका राज। किन्छ अन कथा इटह्र स्य, आभारत अरे भीम्घ्रावाश स्थारन ७ नत्कत মতন তাঁত আছে, সেখানৈ আজ তাদের প্র*জি নেই ব'লে তারা কাজ চালাতে পারে। এরা সস্তাদরে স্তো পায় না, সেজনা এর যে কস্ট অফ প্রোডাকশন পড়ে, সেটা বাজারে গিয়ে প্রতিযোগিতায় হ'টে যায়। অবশ্য এর জন্যে কিছ, কিছ, বিক্রয়কেন্দ্র থোলা হয়েছে এবং সেই বিক্রয়কেন্দ্রেতে যাঁরা কিনবেন তাঁদের টাকায় দ্ব' আনা ক'রে রিবেট দেবারও ব্যবস্থা হয়েছে। কিন্তু কল্ট অফ প্রোডাকশন বেশি পড়ে বলৈ বাজারে প্রতিযোগিতায় দাঁডাতে পারে না। অতএব রিবেট ইত্যাদি যাই দেওয়া হোক না কেন তাতে কিছুই হবে না, কারণ মানুষ যদি অন্য কাপড কম দামে পায়, তা হ'লে সে সেটাই কিনবে। বিক্রি যে কিছ, হচ্ছে না তা নয় এবং এটা যে তাঁদের মহৎ প্রচেষ্টা তাও আমি বলব, কিন্তু এটাই সব নয়। কারণ উৎপাদনের সময়ে যদি এটাকে দেখা না হয় তা হ'লে সেখানে কোন ফল হবে না। সেজনা সর্বপ্রথমে তাদের সদতাদেরে স্কেতা দিতে হবে। তাঁতের সরঞ্জামের ব্যাপারে দেখছি যে আমাদের পশ্চিমবঙ্গ সরকার কিছু, কিছু, তাঁতের সরঞ্জাম গ্রামে গ্রামে দিতে বলেছেন। কিল্তু আমি নিজে হাটে গিয়ে দেখেছি, এটা কার র কথা নয়, ওয়েন্ট বেণ্গল উইকলির ছবি নয় বা ডাইরেকটরেটএ যারা বড বড কথা বলেন তাঁদের কথা নয়, যে ডিরেকটরেটএর কোন আত্মীয়ন্বজন বা মন্ত্রিমহাশয়ের কোন লাম্মীয়ন্বজন যাঁর এই তাঁতের সরঞ্জাম তৈরির বাবসা আছে. তাঁরাই এইসব যে সাংলাই করেন, তাতে কোন কাজই হয় না। অতএব এইরকমভাবে ভচ্মে ঘি ঢালায় কি দরকার আছে জানি না। যাই হোক, এই ৬ লক্ষ যে তন্ত্বায় বাংলাদেশে রয়েছে এবং তারা যে উৎপাদন করছে তার খরচ যদি কমানো না যায় তা হ'লে কিছুই হবে না। সেজন্য সোজা কথায় বলছি যে, তাদের সার্বসিডাইজ্জু রেটএ সতেে। দিতে হবে। তারপর তারা ষেটা তৈরি করবে সেটা তৈরি করার পর বাজারে প্রতিযোগিতায় তারা সেটা যখন নিয়ে যাচ্ছে, তথন কো-অপারেটিভএর মারফত সেই কাপড়গুলো বিক্তি করবার যে ব্যবস্থা আছে তাতে একটা জিনিস হচ্ছে যে কো-অপারেটিভএর যারা পারচেজার তারা একটা কাপড় ঘরিয়ে-ফিরিয়ে, কুমীরের গল্পের মতন শেয়াল পণ্ডিত একই কুমীরকে বারবার ক'রে দেখাচ্ছেন, দেখিয়ে রিবেট আদায় করে এবং তাতে মাঝখান থেকে তারাই ল্ক্সভ করে যাচ্ছে। যাঁরা এইসমস্ত কারবার করেন তাঁদের সবাই জানেন যে, তাব্র একই কাপড়কে বারবার রিবেট দিয়ে কিনে কিনে ভর্তি ক'রে রখেছে এবং মারখান দিয়ে কিছু টাকা তাঁদের এসেও যাচ্ছে; অথচু কৃষকসমাজ তাতে মারা যাচ্ছে। কাজেই আমার কথা হচ্ছে যে, এদের সমতাদরে সূতো দেওয়া হোক, কো-অপারেটিভগ্রনিকে টাকা সাহায্য করা

হোক এবং এরাই কিনে নিয়ে বাজারে প্রতিযোগিতার সামনে নিয়ে এসে যাতে রিবেট দিরে সেখানে বিক্রি করতে পারেন, তার জন্য বারন্থা করা হোক। এই ব্যাপারে ডাঃ রায় দ্ব' বছর আগে বলেছিলেন, মাদ্রা থেকে স্কৃতা যাতে আর না আনতে হয় সেজন্য বাংলাদেশে তিনি ১২টা দিপনিং মিল তৈরি করনে। কিন্তু এই ১২টার ২ বাদ দিয়ে একটাও মিল আমরা আজ অবিধ দেখতে পেলাম না। তার কথামত ১২টা দিপনিং মিল তৈরি করলে ওন্তুবায়েরা সম্তাদরে স্কৃতা পেতে পারে। কাজেই বলছি যে, এটাকে দরদ দিয়ে আপনাদের ভাবতে হবে। এই ইলেকশনএর জন্য তারা কতকগ্লি বিক্রয়কেন্দ দেখিয়ে দিলেন যে, তারা যেন তাদের জন্য অনেক করছেন। তাঁতের কাপড় ও লাগের উপর যে সেলস টাকেস ছিল তা বাংলাদেশের জনসাধারণ, গরিব তন্তুবায়, শ্রমজীবী এবং বিভিন্ন রাজনৈতিক দল আন্দোলন ক'রে সরকারকে বাধ্য করলেন বিক্রয়কর তুলে দিতে। কিন্তু মাঝখান থেকে ডাঃ রায় যাদের ন্নেহাশীয দান করেন তাদের ভেতরে একজ্বন অশোক সেন মহাশয় সামনে দাঁড়িয়ে ছবি তুলে নিয়ে বললেন যে, ইনি সব ক'রে দিয়েছেন, অতএব কংগ্রেসকে ভোট দাও এবং এই প্রচার বেগমপ্র, হরিপাল, ধনেখালি ইত্যাদি সমন্ত আড়তে আড়তে হ'তে লাগল। সেজন্য বলছি যে, এই হ্যান্ডলম্ম ইন্ডান্সিটকে তাঁরা ইলেকশনএর অন্যতম যন্তর্বপে ব্যবহার করেছিলেন।

[4-50—5 p.m.]

এর পরে আমার দ্মল ইরিগেশন দ্কীম সদ্বন্ধে কিছু বলবার আছে এবং এইসব আমি আমাদের সেচমন্দ্রিমহাশয়কেই বলব। তিনি খুব বড় বড় বড়ুতা দেন, ভাল ভাষা এবং কড়া ভাষা বলেন। আনসেমস্পি প্রোসিডিংস দেখে তাঁর সম্বন্ধে আমার এটাই ধারণা হয়েছে। আমাদের বাংলাদেশে এই স্মল ইরিগেশন হ'লে আমরা তাঁকে নমস্কার করতাম। গ্রামের উৎপাদন যদি বাড়াতে হয়, গ্রামের জমির উর্বরাশক্তিকে যদি বাড়াতে হয়, তা হ'লে সমল ইরিগেশন পরিকল্পনাকে আগে গ্রহণ করতে হবে। আমাদের প্রতিবেশী চীনদেশে দেখা গেল এবং সেখানে তাঁরা প্রমাণ ক'রে দিলেন যে ছোট ছোট সেচ পরিকল্পনা আগে গ্রামে ক'রে এবং তাকে স্বাবলম্বী করার পরে তাঁরা বড় বড় বাঁধ বাঁধতে গেলেন। কিন্ত আমাদের এবা হেলে ধরতে পারেন না. কেউটে ধরতে গেলেন। ছোট সেচ পরিকল্পনা বাদ দিয়ে দামোদর অজয়বাব্র নামে অজয়-ময়্রাক্ষী ইত্যাদি জিনিস দেখলাম। বৃহৎ সেচ পরিকল্পনাটা পরে হ'লেও হ'তে পারত, কিল্ড ক্ষ্মের সেচ পরিকল্পনা না হওয়ার ফলে গ্রামগ্রলো সব নন্ট হয়ে যাছে। সেজন্য বলছি যে, ক্ষ্মের সেচ পরিকল্পনার দিকে সরকার ঝোঁক দিন। আমাদের মাননীয়া রাজাপালিনীর ভাষণেও এটার খুব অভাব আমরা দেখলাম। এই সংগ্রে পানীয় জলের কল্ট সম্বন্ধে একটা বলি। আমি হার্গাল জেলায় জানি যে সেথানে পানীয় জলের অত্যন্ত কল্ট। আমি জায়গার নাম ক'রে বলছি-অবশা এগুলো কম্যুনিস্ট ঘাটি ব'লে ও'রা করেন না—মুগলা, বড়জালা, -এখানে তিনশো ঘর লেক বাস করে, কিন্তু একটা টিউবওয়েল সেখানে নেই। সেখানে একটা কলের জন্য পাঁচ বছর ধ'বে ঘোরাঘ্রার ক'রে পায়ের জ্বতো ছি'ড়ে গেছে। ক্ম্যানিস্ট এলাকা ব'লে তাঁরা সেখানে কিছু করেন নি। গোবরার একটি টিউবওয়েল ভেপে আজ তিন বছর প'ডে আছে এবং তার সারাবার জনো টাকা তলে দেওয়া হবে বলা সত্তেও আজ পর্যন্ত কোন ব্যবস্থা করা হয় নি। নয়টিতে টাকা তুলে দেওয়া সত্ত্বে সেথানে জলেই কোন ব্যবস্থা হয় নি। আমার আসল কথা হচ্ছে এই যে, হুর্গাল জেলায় পানীয় জলের কণ্ট অত্যন্ত সাংঘাতিক। কংগ্রেসের অনেক এম.এল.এ. যাঁরা হুর্গাল থেকে এসেছেন, তাঁরা তো এখানে এসে भ्य त्थात्नन ना, এ সम्तरम्थ किছ् तत्नन ना। भाननीय क्रिटनमा अथारन आएइन, जिन भौठ বছরে কোন কথাও বলেন নি, অথচ তার প্রোমোশন হয়েছে যে তিনি পার্লামেন্টে দাঁড়াছেন। এইরকমভাবে আমাদের শাসকবর্গ জেলার সম্বন্ধে কিছুই দেখেন না এবং সেখানে যা করেন তা সমুস্তই জেলা ম্যাজিস্টেট বা এস,ডি.ও,ই করেন। অতএব জলকণ্ট নিবারণের সরকারকে আমি বলতে চাই যে. এই বিষয়ে আপনারা আমাদের পূর্ণ সহযোগিতা পানেন। অর্থাৎ এই বিষয়ে যুদি প্রয়োজন হয় তা হ'লে গ্রামবাসীর ক'ছ থেকে টাকাও আমি তলে দেল। कार्त्रण करलात कर्ना या कच्छे रमणे एनथा याग्र ना এवर धामग्रात्मा यथन करलताग्र छेकाए रस्य যায়, তখন মোবাইঞ্চ ইউনিট স্কোয়াড গিয়েও তাঁদের বাঁচার্কে পারে না।

তারপরে গত নির্বাচনের সময় ও'রা প্রতােজ ইউনিয়নে হেল্প সেন্টার এবং মেটারনিটি করবেন বলেছিলেন। কিন্তু একটা ইলেকশন চ'লে গেছে, অথচ ও'রা কিছুই করলেন না'
13

বরং সেখানে প্রফ্রেলদা প্রভৃতি গিয়ে বলতে লাগলেন যে—তোমাদের জন্য মনোরঞ্জন কি করেছে, অজিত কি করেছেঁ? কিন্তু গত পাঁচ বছরে যে টিউবওয়েল, হাসপাতাল, মেটারনিটি তাঁরা করলেন না তার কোন উল্লেখই করেন না। আসল কথা হচ্ছে যে, এখানে যদি হেল্থ সেন্টার বা মেটারনিটি করা হয় তা হ'লে তার জন্যে জায়গা দেখা আছে বা সেজন্য যদি টাকা চান তা হ'লে তাও দিতে পারি। আপনাদের অ্যাডমিনিস্টেশন চলে ব'লে আমার মনে হয় না, কারণ সেখানে এস,ডি,ও, প্রভৃতি আপনাদের নির্বাচন নিয়েই বাসত থাকেন। এস,ডি,ও,র জাঁপ কংগ্রেস ক্যান্ডিডেট নিয়েছেন এবং তার ছবিও আছে ব'লেই এই জাের ক'রে বলতে পারিছ। কাজেকাজেই তাঁদের অ্যাডমিনিস্টেশন চলে না। অতএব দেশের জন্য যদি সতি্য সতি্য কাজ করতে চান তা হ'লে দেশের যাঁরা বদান্য মান্য আছেন তাঁরা টাকা দিতে চান এবং আপনারাও দিয়ে এইসব জিনিসগ্রাল কর্ন।

তারপরে আমি শিক্ষা সম্বন্ধে কিছু বলতে চাই। যখন পার্টিশন হয় তখন আমাদের এখানে ৭৫০ হাইস্কুল ছিল এবং বর্তমানে হাইস্কুলের সংখ্যা ডবল হয়ে গিয়ে ১,৫০০ হয়ে গেছে। কিন্তু আমি জিল্লাসা করি যে, এই যে ৭৫০ স্কুল বাড়ল, তার মধ্যে কতগ্রিল স্কুল সরকার করেছেন? অর্থাৎ দেশের জনসাধারণ অর্থ দিয়ে এবং পাকিস্তান থেকে আগত ভাইরা এখানে এসে দ্কুল করতে বাধ্য হয়েছেন। অতএব এর ফলেই আজ এখানে ১,৫০০ দ্কুল হয়েছে, এতে সরকারের কোন কৃতিত্ব নেই। এখানে প্রাইমারি স্কুল যেগালি হয়েছে সেগালোর জনা জনসাধারণ আগে জমি দিয়েছে, নিজের পকেটের পয়সা থরচা করে শিক্ষক রেখে স্কুল চালনা করেছেন এবং সেই স্কুল যথন অনুমোদন পেয়েছে তথন তারা শিক্ষক পাঠিয়েছেন। অর্থাৎ জনসাধারণের উদ্যোগে আমাদের শিক্ষার ব্যবস্থা হচ্ছে। সম্ভবত মুদালিয়র কমিশনের রেকমেন্ডেশনএর অনুযায়ী তাঁরা যে ইলেভেন ক্লাস করেছেন, কিন্তু যথন এই বিষয়টা নিয়ে এখানে আলোচনা হয় তখন শ্রদ্ধেয় ও স্বর্গত পাল্লালাল বস, মহাশয় বলেছিলেন যে, খরচার বেলায় এটা আাস্ট্রনমিক্যাল ফিগারএ পেণিছে যাবে। অথচ দঃথের বিষয় যে, সেই ইলেভেন ক্লাসই করা হচ্ছে। একটা জিনিস আমি গ্রাম এবং শহরাণ্ডলে দেখতে পাচ্ছি যে, ইলেভেন ক্লাস ব'লে দ্কুলটা কলেজে রূপাশ্তরিত হয়ে যাবে এবং তার জন্যে ফাস্ট ক্লাস পাওয়া অধ্যাপকদের আনতে হবে। সতুরাং এর জন্যে খরচাও অনেক বেড়ে যাবে। কিন্তু মধ্যবিত্ত শ্রেণীর যারা শিক্ষার জন্য উদ্মুখ হয়ে থাকে তাদের পক্ষে এই কন্টলি শিক্ষা চালানো সম্ভবপর নয়। অতএব কৌশল করে শিক্ষাকে সংকোচিত করা হচ্ছে এবং এর ফলে দরিদ্র জনসাধারণের জীবনে অক্ষর পরিচয় আর ঘটবে না। সেজন্য আমার অভিযোগ হচ্ছে যে. এই অবন্থা কন্সপিরেসি করে করা হয়েছে।

তারপর আমার কথা হচ্ছে যে, গত পাঁচ বংসর ধ'রে আমি বলছি এবং, দ্পীকার মহাশয়, আপনার মাধামে আমি এটা সরকারকে জানাতে চাই। জামদারি প্রথা থাকাকালীন যেমন গ্রামের গোচর ভূমিগ্লো সমস্ত চ'লে যাওয়াতে গর্গুলো চরতে পেত না, তেমনি আজ দেখা যাচছে যে, জামর দর বাড়ার জনা এবং সরকার জামদার হওয়ার জনা বাংলাদেশের গ্রামেতে খেলাধ্লার কোন দ্জায়গা নেই। বর্তমানে ডাঃ রায় থেকে আরম্ভ করে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকেরা সকলেই বলেন যে, ছেলেরা সমস্ত আনর্জুলি হয়ে গেছে। সেক্ষেত্রে আমি বলতে চাই যে, ছেলেদের কি থালি আশীর্বাদ করলেই হবে যে, তোমরা ভাল হও। তাদের কি কোন সার্বাক্রীট দেওয়া হবে না? তাদের খেলার জন্য মাঠ দেব না? অতএব এইসমস্তের বাদ ব্যবস্থা ক'রে না দেওয়া হয়, তা হ'লে ছেলেরা কি ক'রে গড়ে উঠবে। অর্থাং তাদের কচি মনে যদি তারা রস না পায় তা হ'লে সে ছেলে কি ক'রে প্তা হয়ে উঠবে এবং দেশই বা তার কাছ থেকে কি আশা করে? সেজন্য খেলাধ্লার ব্যবস্থা কর্ম অতান্ত প্রয়েজন। বাংলার মুখামান্ত্রমহাশয় খালি কোলকাতার দেপার্টস বিল ক'রেই ক্ষান্ত হয়ে গেছেন এবং সেখানে তার বশংবদ যারা আছেন তাদের ব্যবস্থা করেই তিনি ক্ষান্ত হয়ে গেছেন। কিন্তু আমি বলব যে, বাংলার যুবশ্বাকরতে হবে।

আমার শেষ কথা হচ্ছে এই যে, মাননীয়া রাজ্যপালিনী তাঁর ভাষণে বলেছেন যে আমাদের এই দেশ হচ্ছে আদর্শ গণতন্ত্রে দেশ। কিন্তু আমি দেখাতে চাই যে, সেটা কি রকম। ডাঃ

রংশন সেন এই বিষয়ে যে কথা বলেছেন, আমি আর সে বিষয়ে বলতে চাই না। আমার কথা হচ্ছে এই বে, বাংলাদেশেই মাইনরিটি প্রবলেমকে জিইরে রাখা হচ্ছে কেবলমাত নির্বাচনী বৈতরণী পার হ্বার জনো। এই মাইনরিটি কমানিটির উপর বর্তমান বুলিং পার্টির যে নন্দর্বপ আমি প্রত্যেক জায়গায় এবং কোলকাতায় ইসমাইলের ক্ষেত্রে যা দেখেছি তা হচ্ছে এই যে, বাংলার মুসলমানদের ভয় দেখিয়ে আগামী ইলেকশনএর জন্য প্রস্কৃত রাখা হচ্ছে, অর্থাং তারা কংগ্রেসকে ভোট দেবে। ডাঃ জীবনরতন ধর হেরে গেছেন, কিন্তু তিনি জেল থেকে সমন্ত গ্রুডাদের রিলিজ ক'রে দিয়ে নিজের চারপাশে নিয়ে ঘুরে মুসলিম কমানিটিকে ভয় দেখিয়ে এই নির্বাচনী বৈতরণী পার হ'তে চেয়েছিলেন। আমি আমার এলাকার কথা বলছি যে, সেখানে মুসলমান সম্প্রদায়ের মধ্যে গিয়ে খাদামন্দ্রী প্রভৃতি চর লাগিয়ে গ্রামে গ্রামে রাম্বাচায় রাম্বায় ভয় লাগিয়েছিলেন যে ওরা যদি কংগ্রেসকে ভোট না দেয় তা হ'লে ওদের পাকিস্তানে পাঠিয়ে দেওয়া হবে। অতএব মুসলমান সম্প্রদায়কে ভয় দেখিয়ে যে নির্বাচনী বৈতরণী পার হ'তে ও'রা চেয়েছিলেন, সেটা কখনই ডেমোর্জেসি নয়। সেজন্য বলব যে, রাজ্যপালিনীর ভাষণে ডেমোর্জেসি কথার অপব্যবহার করা হয়েছে ব'লে আমি অভিযোগ করছি।

[5-0-25 p.m.]

Sj. Annada Prosod Chakrabartty (alias Swami Asimananda Saraswati:)

মাননীয় উপাধাক্ষ মহোদয়, আজকে যখন প্রেলিয়া জেলা থেকে আমরা বিধানসভায় উপস্থিত হয়ে আমাদের সমস্যাগ্রনির কথা বর্লাছ, তখন আমার মনে হচ্ছে, আমাদের সেইসমস্ত ভাইয়েদের কথা যাদের সপো আমরা একত্রিত ছিলাম, এক ভাষায় কথা বলেছি, একভাবে সমস্ত নির্যাতন-অত্যাচার সহ্য করেছি। তাদের এক বিরাট অংশ বাংলাদেশের সঙ্গে সংযক্ত হয় নি। আমাদের নিজেদের কথা বলবার আগে আমাদের প্রাদেশিক সরকারকে অনুরোধ জানাচ্ছি যাতে আমাদের সেইসমুস্ত বৃণ্গ-ভাষাভাষী লোকেরা আবার আমাদের সংগে এসে একতে মিলতে পারেন তার জনা চেষ্টা কর্ন। এই আমাদের প্রের্লিয়াবাসী বাংগালীদের পক্ষ থেকে প্রাদেশিক সরকারের কাছে বিশেষ দাবি। উপাধাক্ষ মহোদয়, বিহারের অংশ বাংলার সঙ্গে সংযুক্ত হয়েছে, তার একটা চিত্র আপনার সামনে আমি রাখতে চাই এবং বিধানসভার সভাদের নিকটও উপস্থিত করতে চাই। আপনারা তাদের নংনর্প কি, সেটা কি জেনেছেন? «আমাদের জেলার যারা মোটাম টি নাম সহি করতে পারে, তাদের সংখ্যা হ'ল শতকরা চার জন; আর প্রাথমিক শিক্ষাপ্রাণ্ড যাবা তর সংখ্যা হচ্ছে শতকরা একজন: মাধ্যমিক শিক্ষাপ্রাণ্ড যারা তাদের সংখ্যা হ'ল হাজারে পাঁচ জন: উচ্চ শিক্ষাপ্রাপ্ত অর্থাৎ যারা ম্যাট্রিকুলেশন পর্যন্ত পড়েছে তার যদি হিসাব নেওয়া যায় তা হ'লে দেখা যাবে সেখানে হাজারে এক জন মাত্র বা তারও কম। সমগ্র পরেলিয়া জেলায় একটি মাত্র কলেজ আছে; প্রে, লিয়া শহরে দুটি মাত্র মেয়েদের হাইস্কুল আছে। আপনারা শুনে আশ্চর্য হবেন, পুরুলিয়া শহর ছাড়া পুরুলিয়া জেলায় মেয়েদের জন্য কোন উচ্চ ইংরাজী বিদ্যালয় নেই। আদ্রায় একটি মেয়েদের মধ্য ইংরাজী বিদ্যালয় আছে। একটি মাত্র উচ্চ প্রার্থামক মেয়েদের বিদ্যালয় বঘুনাথপুরে রয়েছে। এই হ'ল সেখানকার শিক্ষার ব্যবস্থা। মেয়েদের শিক্ষা বিষয়ে এই জেলা একেবারেই অনগ্রসর।

এই হ'ল আমাদের জেলার লোকের শিক্ষার অবন্থা। এখন আর্থিক অবন্থার কথা বলি।
সাধারণ অবন্থার আমাদের জেলার মোটাম্টি ভাত-কাপড় যারা পার তার সংখ্যা হ'ল শতকরা ৫টি; আর কোনরকমে দ্বৈলো যারা দ্ব' মুঠো খেতে পার তার সংখ্যা হ'ল শতকরা ২০টি; আর কদাচিং যারা পেট ভ'রে খেতে পার তাদের শতকরা সংখ্যা হ'ল ৫০ জন। এইসব পরিবারের সমন্ত সন্পত্তির মুঁল্য মোটাম্টি ৫০ টাকা থেকে ২০০ টাকা মাত। আমার জেলার শতকরা ৭৪ জন লোক যারা ক্ষেতে কাজ ক'রে খায়, তাতে তাদের তিন মাসের বেশি চলেনা, বাকি সময় তাদের ভিক্ষাবৃত্তি বা পরের দ্য়ার উপর নির্ভার ক'রে থাকতে হয়। এই হ'ল আমাদের দেশের লোকের অবন্থা।

তারপর সেখানকার কৃষির অবন্ধা। আমাদের জেলার অধিকাংশ জমি হ'ল তৃতীয় শ্রেণীর। সেচনের ভাল ব্যবন্ধা নাই। ১৯৫০ ও ১৯৫৬ সালে সেখানে দার্ন দ্ভিক্ষ দেখা দের; এবং এ বছর যা ফসল হয়েছে তাতে সারা জেলার খোরাকী প্রণ করা সম্ভব হবে না। তার উপর এখনই সেখানে চা'লের দাম প্রতিমৃণ ২০ টাকায় উঠে গিয়েছে। আমরা আগের বছর আবেদন ক'রে প্নাংশ্না এ বিষয় দ্ভিট আকর্ষণ করা সত্ত্বে জেলা কর্তৃপক্ষের কাছ থেকে এ বিষয়ে কোন সাহাব্য পাই নি।

আর একটা কথা জানাতে চাই, সেটা হচ্ছে শহরে ষেমন সাড়ে ছ'আনা সের গমের দাম, সেই সময় আমাদের জেলায় দশ আনা সের দামে আটা বিক্তন্ন হচ্ছে।

আমি আশা করি ভারত সরকার যেসমস্ত স্থোগস্থিয়া বাংলাদেশের অন্যত্র দিয়েছেন, প্রেপিয়া জেলায়ও সেইসমস্ত স্থোগস্থিয়া প্রযোজ্য হবে। আমরা বিহার সরকারের কাছে যে বিমাতৃস্লভ বাবহার পেয়েছি নিশ্চয়ই এখানে তা হবেনা ও আমাদের সমস্যাগ্রিল বিবেচনা করা হবে। আমার আর কয়েকটা বিষয় বলবার আছে। শ্রুদেয় শ্রীশ বাব্ প্রেই বাংলা ভাষাভাষী অঞ্চল সম্পর্কে বিশেষভাবে বলেছেন। আমি শ্রুদ্ব বল্বো আমাদের এলাকায় বাংগালায় ও বাংলাভাষার উপর যের্প অবিচার চলেছিল তা প্রকাশ করার ভাষা নাই। আমরা ভুক্তভাগী, আমাদের ছাপাখানা ও কাগজের আফিস রাতারাতি অনাত্র সরিয়ে নিতে বাধ্য হয়েছিলাম। এমনকি স্প্রীম কোর্ট পর্যন্ত মামলা করতে হয়েছে।

দেশের বর্তমান উত্থাস্ত সমস্যা সত্ত্বেধ আমার পূর্ববর্তী বস্তারা অনেক কিছু ব'লে গিয়েছেন। আমি উন্বাস্তদের একটা ভয়াবহ অবন্থা সম্পর্কে কিছু বলতে চাই। ডি,ভি,সি,তে পঞ্চকোট বাধে যে কাজ হচ্ছে, তাতে আমাদের দশ হাজার উদ্বাস্ত্রকে ভিটাহীন হ'তে হবে। এই দশ হাজার লোককে বর্ষার প্রেই ঐ স্থান ত্যাগ করতে হবে। যাদের জমিজমা দখল ক'রে জনহিতের জনা, দেশের বৃহত্তর কল্যাণের জন্য ঐ স্থানে বাঁধ তৈরি হচ্ছে ইতিমধ্যেই তাদের উপর নোটিস জারি করা হয়েছে তাদের উঠে যেতে হবে। অথচ আজ পাঁচ বছরের মধ্যে তাদের ক্ষতিপরেণ एम खरा र'न ना, जाएमत ग्रहीनर्साएमत वायम्था र'न ना, भूनवीमात्मत कान श्रकात वायम्था र'न না। দেখা যাচ্ছে, এই দশ হাজার নরনারীকে আজ তাদের ছেলেপিলে নিয়ে রাস্তায় দাঁডাতে হবে। আমরা এ বিষয় প্নঃপ্নঃ কর্তৃপক্ষের নিকট আবেদন করা সত্ত্বেও আজও কোন ফল হয় নি। আমাদের যেসমস্ত জমি আছে তার প্রপার ক্লাসিফিকেশন আজ পর্যন্ত হয় নি। সেটেলমেন্ট হয়েছিল ১৯২০ সালে, তখন যেসমস্ত জমি তৃতীয় শ্রেণীর ছিল, সেটা আজকে অনেক চেষ্টা করে প্রথম শ্রেণীর জমিতে পরিণত করেছে। কিল্ত দঃথের বিষয়, সেইসমুল্ত জমি সেটেলমেন্টএ রেকর্ড অনুযায়ী রেকর্ড করা হয়েছে, বর্তমান জমির অবস্থা দেখে ঠিক ঠিকভাবে ঐ জমির রেকর্ড করা হয় নি। বর্তমানে সেইসমস্ত জমির প্রথম শ্রেণীর জমির যে দাম দেওয়া হচ্ছে, সেই দাম বর্তমান প্রথম শ্রেণীর জমির দামের অর্ধেকও নয়। বর্তমানে প্রথম শ্রেণীর জমির মার্কেট রেট হচ্ছে হাজার টাকা পার বিঘা, কিন্তু তা দেওয়া হচ্ছে না। প্রপার ক্লাসিফিকেশনএর অভাবে লোকে জমির ন্যায্য মূল্য পাচ্ছে না। আর একটা আশ্চর্যের বিষয়, অধ্যক্ষ মহোদয়, যেখানে ঘরের দাম দেওয়া হচ্ছে প্রথম শ্রেণীর জমির মূল্য অনুসারে, সেখানে উঠানের দাম দেওয়া হচ্ছে পাতত জমির মূলা। এ কখনও হ'তে পারে না। প্রকর্মিরণীর দাম প্রথম শ্রেণীর জমির চেয়ে কম দেওয়া হচ্ছে: তাও অনুচিত। এই তো গেল জমির সমস্যা। তারপর আগামী বর্ষায় যদি এই দশ হাজার নরনারীকে তাদের ভিটামাটি ছেডে যেতে হয় এবং তাদের উপযুক্ত কম্পেনসেশন না দেওয়া হয়, তা হ'লে এর চেয়ে অবিচার আর কিছু হ'তে পারে না। এইজন্য এই দশ হাজার লোক, এরা ডি,ভি,সি,র কর্তপক্ষ ও গভর্নমেন্টের কাছে নোটিস দিয়েছে যে, যদি আমাদের টাকা মিটিয়ে দিয়ে অন্ততঃ ছয় মাস সময় ঘর তৈরির জন্য দেবার ব্যবস্থা না করা হয়, তা হ'লে আমরা স্থান ত্যাগ করব না। এই কথা আমি আপনার মাধ্যমে গভন মেন্টকে জ্ঞানিয়ে দিচ্ছি। এই অবিচার যদি করা হল এবং তাদের উপযুক্ত ক্ষতি-প্রেণ ও ক্ষতিপ্রেণ দেওয়ার পর ছয় মাস সময় না দেওয়া হয়, তা হ'লে ডি,ভি,সি,র বাঁধ নিমাণ করতে হবে ঐ দশ হাজার লোকের সমাধির উপর। প্রাদেশিক সরকারকে জানিরে দিই পরিত্কারভাবে। একটী দার্ণ পরিস্থিতি স্থিতির স্যোগ যেন তারা না দেন। তাদের প্রতি ন্যায়সঙ্গত বিচার কর্ন ও কৃপাদ্ভি পাত কর্ন। এ তো তাদের ন্যায্য দাবি। সর্বশেষে, আমি প্রনরায় সরকারের দৃষ্টি আকর্ষণ কর্রাছ আজ এই দশ হাজার নরনারীর প্রতি। তারা কাতর নয়নে ডি.ভি.সি.র কর্ত পক্ষের দয়ার দিকে চেয়ে আছে। বর্ধার সময় যদি তাদের ছেলে-মেরে নিয়ে তাদের বাস্তৃভিটা, জমিজমা ছেড়ে চ'লে যেতে হয়, তা হ'লে তার চেয়ে দ্বংশের

বিষয়ে আর কিছু হ'তে পারে নাঁ। যে গরম পড়ছে তাতে বোঝা বাচ্ছে লীছই বর্ষা দ্বে হবে। স্তরাং পূর্ব থেকে সতর্ক হয়ে তাদের প্রতি স্বাবস্থা করবার জন্য স্থানীর সম্বকারকে অনুরোধ জানাচ্ছি। এই ব'লে আমি আমার বস্তব্য শেষ করীছ।

[At this stage the House was adjourned for fifteen minutes.]

[After adjournment.]

[5-25-5-35 p.m.]

Janab A. M. A. Zaman:

মাননীয় ডেপ্রটি স্পীকরে মহাশয়, আজকে গভর্নরের স্পীচের উপর বস্তুতা চলছে, কিন্তু সেইসব বক্ততার মাধ্যমে যেসব অবাত্তব কথা এসেছে তার কিছা কছা জবাব দেওয়া আমি মনে করি যুক্তিসংগত এবং তার জনোই আনি দু'-চার মিনিট কিছু বলব। আমি ডাঃ রণেন সেন মহাশয়ের যে বক্ততা শ্নেলাম, তাতে তিনি উল্লেখ করেছেন ডাঃ রায়ের জন্য নাখোদা মসজিদে ইমাম সাহেব প্রার্থনা করেছেন, দোয়া করেছেন এবং এইসব জিনিস তার মতে সেকলার স্টেটে অন্যায়। সেজন্য আমি আপনার মাধ্যমে তাঁকে জিজ্ঞাসা করতে চাই যে, এখানে কি রাশিয়ার মতন নিষেধ করা হয়েছে যে, কেউ নামাজ পড়তে পারবে না, মন্দিরে প্রার্থনা করতে পারবে না। আমাদের এখানে সবাইকে সমান অধিকার দেওয়া হয়েছে। ডাঃ রায় নিজে ভগবান-বিশ্বাসী এবং যেখানে তিনি গেছেন তারাও ভগবানে বিশ্বাসী। যে দেশে এইসব মানা হয় না, সেই দেশেই বিশেষ করে গত মহাযুদ্ধের সময় দেখা গেল যে সেখানে চার্চ কন্দ করে দেওয়া হয়েছিল সেখানে সেগালিকে ওপেন করে স্ট্যালিন সেখানে গিয়ে প্রার্থনা করেছেন এবং বলেছেন যে, এখন আমার প্রার্থনা করা দরকার। এ ছাড়া যে মুসলমানদের যেখানে কখনও হজ করতে পাঠানো হ'ত না তাদেরই তিনি এই ব'লে পাঠিয়েছিলেন—তোমরা শীঘ্র ক'রে হঞ্জ করতে যাও এবং গিয়ে সেখানে প্রার্থনা কর যাতে আমরা বে'চে যাই। কাজেই যেখানে মানে না সেখানে যখন তারা এইসব করেছিল তখন যে দেশে মানে সেখানে যদি প্রার্থনা করা হয়. তা হ'ल राणे कि श्रेष्ठ अनाप्त कता हसारह? मुख्युः स्मृकात स्पेर्ट अहमव श्रेष्ठ अनाप्त করেছে ব'লে ফল ও ক'রে দেখাবার যে চেন্টা করেছেন সেইসব বাজে। অতএব জানা দরকার যে, এইরকম ক'রে সব দিক দিয়েই একটা মিথ্যা প্রোপাগাল্ডা করা হয়েছে।

তারপর দ্বিতীয় কথা হচ্ছে, মুসলমানদের তারা যা বলেছেন, সেই সন্বন্ধে বলব। আজকে মুসলমানরা যারা অশিক্ষিতদের মধ্যে রয়েছে কিংবা ভাল বোঝে না তাদের নেতা নেই ব'লে তাদের মধ্যে গিয়ে এইরকমভাবে কথা ব'লে বিদ্রান্তি স্থিত করবার চেষ্টা করছেন কমানিস্ট পার্টি এবং এর দ্বারা তারা তাদের সর্বনাশ করবারই চেন্টা করছেন। অথচ তাদের উপকার করবার মোটেই কোন চেষ্ট; করছেন না (নয়েজ অ্যান্ড ইন্টারাপশন্স)। যে কোন দিক দিয়ে আজকে যদি তাকানো যায়, তা হ'লে দেখা যাবে যে তাদের সর্বনাশের মূলে এ'রাই রয়েছেন। অর্থাৎ এক দিক দিয়ে বলছে, তাদের উচ্ছেদ কর, আবার আর এক দিক দিয়ে বলছে পাকিস্তানে চ'লে যাও। আবার এখানে কোন মিল বা ফ্যাক্টরিতে তারা বেশি চার্করি করছে ব'লে, বলে ষে এখানে কেন ওরা বেশি করছে। এই ধরনের প্রোপাগান্ডা তরোই ক'রে থাকে। ক্ষাবার মুসলমানদের যেসব বাড়িঘর রিফিউজিরা দখল ক'রে রয়েছে তা খেকে তাদের স'রে যাবার জন্য কোন্দিনই তারা মিটিং ক'লে বলেন নি যে-হে রিফিউজি, তোমরা যারা মুসলমান্দের বাড়িবর দখল ক'রে রয়েছ, তাদের সেই বাড়িঘরগ্রেলা ছেড়ে দাও। এই ধরনের মিটিং আজ পর্যস্ত তারা করেন নি বা ময়দানে দাঁড়িয়ে কোনদিনই বলেন নি যে, মুসলমানদের এই প্রাপ্য তাদের কেন দেওয়া হয় না। এইসব না করে শ্ধ্ নিরীহ ম্সলমানদের বাড়িতে বাড়িতে গিয়ে তাদের কানে কানে ঘ্স ঘ্স করে মল্তনা দিচ্ছে, তাদের সর্বনাশ করবার জনো উষকে দিচ্ছে বা **टन**ेन्द्र्य मिटकः।

[Loud, noise and interruptions from the Communist Bench]
ইলেকশনএর কথা এখানে বলেছেন। বড় বড় কথায় পোস্টার মেরেছে। সেইসব পোস্টারএর
মাধ্যমে তারা লিখেছে যে, অমুক জায়গায় গ্লী করা হয়েছে। কিস্তু এই গ্লী করবার জনা

পাঠিরেছিল কারা? এই বামপন্থী দলের কমানুনিন্ট পার্টিরা। দলে দলে লোক পাঠিরে দিয়ে নিজেরা গা ঢাকা দিয়েছে, গ্লির সামনে যায় নি। অথচ তারা নিজেরা ফটো তুলে বাহবা নিয়েছে। অতএব এইরকমন্তাবে মিথ্যা প্রোপার্গান্ডা করে সমস্ত দিক দিয়ে এদের শেষ করেছে। গতবারের ইলেকশনএ দেখা গেছে যে, ওরা কৃষক ভাইদের ঘাড়ে চেপেছিলেন, কিন্তু এবার বেশি করে মজ্বর ভাইদের ঘাড়ে চেপেছেন এবং সেখানে সমস্ত মিথ্যা কথা বলেছেন। গতবারে কৃষকদের বলেছিলেন যে, তোমাদের ১৫ বিঘা করে জমি দেব, জোড়া জোড়া বলদ দেব, গাঁট গাঁট কাপড় দেব, কিন্তু তা দিতে পারেন নি ব'লে বহু জায়গা থেকে তাঁরা পরাজিত হয়ে যাছেন। আর এবারও শ্রমিকদের ঘাড়ে চেপেছেন এই ব'লে যে, বোনাস করে দেব, সবকিছু আদায় করে দেব ইত্যাদি সব মিথ্যা কথা ব'লে হয়তো জিতেছে। এই জিতবার জন্য কিছু আসে যায় না, বে'চে থাকলে আবার হবে (এ ভয়েস ফ্রম অপ্যোজিশন বেঞ্চঃ আহা!)। অতএব এর জন্যে আহার কিছু নেই, আহা সব সময় হবে, তোমার জন্যে একবার আহা, আর একজনের জন্য আর একবার আহা এবং সেই আহায়ও কিছু হবে। আপনারা এখানে চেয়েছিলেন যে মন্ত্রীত্ব কর্মবিন, কিন্তু সে আশা দ্বাশা হয়ে গেছে। কারণ আমাদের পার্টি এবার গভর্নমেন্ট ফর্ম করবে এবং তা করেও যাবে। কাজেই আপনারা যে ভাড়াটের মতন ছিলেন, সেই ভাড়াটের মতনই যে থাকবেন. এর মধ্যে আর কেন গোল নেই।

এবারে আমি স্বামীজীর কথা বলব। স্বামীজী যে বক্তৃতা করেছেন তাতে এক দিক দিয়ে তিনি অনুরোধ ক'রে বলেছেন যে, যেখানে স্কুল নেই সেখানে স্কুল দিতে হবে: আবার আর এক দিক দিয়ে হুমাক দিয়েছেন। এইসব জিনিস স্বামীজীর মুখে শোভা পায় না—অর্থাৎ এই হুমাক। যেখানে স্কুল, পাঠশালা বা অন্য সমস্ত জিনিস নেই সেখানে তারা এইসব চাইতে পারেন এবং আমরা সেইসব জিনিস আমাদের পশ্চিমবাংলায় দিয়েছি ও আরও দেবার চেণ্টা করব। কিন্তু সেখানে সেই চাওয়ার মধ্যে হুমাক দেওয়া শোভা পায় না। অতএব এটা স্বামীজীর নামের একটা কলক ছাড়া আর কিছু নয়। উনি এখানে এসেছেন, এখানে এসে এখানকার আবহাওয়ার সংগ্ আগে মিশ্নুন, তারপর অন্য কথা বলবেন। যারা বাহিরে আছেন ও'দের যে সংগ্য চাছেন, এটা সবাই চায়, অর্থাৎ আমরা চাই আমাদের ভাইরা যারা বাহিরে আছে তারা আমাদের সংগ্য এসে মিশ্রুক।

কাজেই আমি আজকে এই কয়েকটি কথা বলেই শেষ করছি যে, তারা যেসব হ্ংকার দিয়েছেন সেইসব হ্ংকার দিয়েই তাঁরা দেশের সর্বনাশ করবার চেড়া করেছেন। অর্থাৎ যে মিধ্যার মাধ্যমে তাঁরা ইলেকশন চালিয়েছেন তাতে সত্যের কোন লেশমার্চ ছিল না। এ ছাড়া তাঁরা যা তা প্রোপাগান্ডা করেছেন এবং যা তা পেপার যে ছাপিয়েছেন, সেইসব ডাঃ রায়ের ইলেকশনএর আগে দেখা গেছে। এইভাবে কিরকম মিথ্যা প্রোপাগান্ডাই না তাঁরা করেছেন! যেমন ইসমাইলকে বলেছেন যে, ইসমাইল যদি জিতে যায় তা হ'লে প্রধানমন্ত্রী হয়ে যাবে। তাতে অনেক ম্নুলমানরা হয়তো মনে করেছে যে,—ঠিকই তো, যদি আমাদের ইসমাইল বাংলাদেশের প্রধানমন্ত্রী হ'তে পারে তা হ'লে মন্দ কি? ঠিক এইরকমভাবে সমন্ত্রকিছ্ব বলা হয়েছে। মিনিন্টার গৈতা আগে হয়েছি, এবারও নিমিনন্তার হয়ে যাবে। তোমাদের প্রমিক মন্ত্রী হয়ে তোমাদের প্রমিক করে দেব ইত্যাদি সব প্রোপাগান্ডা হয়েছে। এইসব প্রোপাগান্ডাতে হয়তো কিছ্ব কিছ্ব লোক ভুলেছে, নিরীহ লোকেরা এইসব প্রোপাগান্ডার মাধ্যমে ভূলেছে। কাজেই আজকে গভর্নারের প্রণীচের সন্বন্ধে, ইলেকশন সন্বন্ধে যেসব অবান্তর কথা বলা হয়েছে সেগলের একট্বানি প্রতিবাদ ক'রেই আমি শেষ কর্রছ। গভর্নর যেসব কথা বলেছেন তাতে যে কাজ হয়েছে এবং যেভাবে কাজ হবে, সেটাই তিনি বলেছেন। স্ত্রাং এখনে আমি গভর্নরেছ প্রতীচিক সাপোর্ট করিছি। এই বলে আমি আমার বক্ততা শেষ কর্রছি।

8j. Jyotish Joarder:

মাননীয় ডেপ্ন্টি স্পীকার মহাশয়, এখানে গভন′র মহোদয়ার ভাষণে রিফিউজি সম্বন্ধে রয়েছে যে, ►

"The problem of refugees from East Pakistan continues to be as difficult as

এই একখানা স্বীকৃতি তাঁর ভাষণে থ্ব পরিজ্কার রয়েছে। তাহলে মোন্দা কথা হচ্ছে, সজি সতি৷ যতখানি ডিফিকাল্টি ছিল ততখানিই ঠিক রয়েছে। কিন্তু আমি বলব যে, তার চেয়ে এই সম্মান্য আরও কঠিন হরে দাঁড়িয়েছে। শেষ পর্যত রিফিউজির সমস্যা সমাধান সন্বন্ধে সরকারের কি বলবার আছে? কিছ্ই বলবার নেই। এ সন্বন্ধে যা আছে তাকে গভর্নর মহোদয়ার ভাষার বলা যায় যে, সরকার বলেছেন যে—

"In view of the acute shortage of land in West Bengal, settling of refugees on land in West Bengal was not possible last year to any significant extent."

ওটা শুখু ল্যান্ড সম্বন্ধেই নয়, 'সিগনিফিক্যান্ট এক্সটেন্ট' কথাটাও যদি চিন্তা করা যায়, তা হ'লে বাস্তহারার যে সমস্যা তার সমাধান সম্বন্ধে দেখা যায় একটা অবহেলা বা একটা স্টাডিড ইন্ডিফারেন্স এবং সেটাকে কঠিনতর করা এই সরকারের একমাত্র কাজ তাই দেখা গেছে। এই সম্বন্ধে প্রথমেই বলা যায় যে, একটা কথা সরকার বারেবারেই ব'লে গেছেন যে, "আরও আসছে". এবং এই কথার শেষ তাঁদের নেই। বাস্তহারা কেন হ'ল এবং কেন হচ্ছে—সর্বপ্রথমে এই প্রশেনর একটা উত্তর দিতে হয়। বাস্তহারা বর্তমান সরকার সাঘ্টি করেছেন এবং এই বাস্তহারা স্থিটর भरत भीनिर्धिकाल मार्वाङ रिमार्व এই वौष्ठ्राता এकरो नामनाल প্রবলেম হয়ে मीजिरसंस्र। কাজেই এই সরকার আবার যদি এখানে মসনদৈ বসেন, তা হ'লে এই বসার যে অধিকার তার চেয়ে অনেক বেশি অধিকার এই বাস্তৃহারাদের আছে আপন পুনর্বাসন দাবী করবার। এর কারণ হচ্ছে যে, যাদের বাস্তৃহারা করা হয়েছে তাদের জিল্ঞাসা না ক'রে তাদের হাত-পা বে'ধে আগনে ফেলে দিয়ে যারা निर्माण्डणाद ও দায়িছহীনভাবে এখানে সরকার হয়ে ব'সে গেছেন, তারা যদি বলেন যে, বাস্তৃহারা আরও আসছে, তা হ'লে ব্রুতে হবে যে, এটা একটা মিথ্যাচার ছাড়া একটা প্রবন্ধনা ছাড়া আর কিছু নয়। আজ পরিষ্কার ক'রে এটা বোঝার সময় হয়েছে যে, ইস্ট পাকিস্তানেতে একটি হিন্দুও একটি মাইনারিটিও আর সেথানে থাকতে পারবে না। এই সিচয়েশন সেখানে আজ ক্রিয়েটেড হয়েছে এবং এই সরকার যখন এর মধ্যে ওতপ্রোতভাবে জড়িত রয়েছেন, তখন এর দায়িত্ব তাঁদের নিতে হবে। সেদিকে দুটি নেই। কিন্তু প্রতিদিন প্রতি-মাসে শুধু একটা কথা "আরও আসছে" বলে এই সমস্যা সমাধান হবে না। অথচ এই সমস্যার সমাধান সরকারকে করতে হবে, নইলে আমি বলব যে একটা ভয়াবহ পরিণতির জন্য এই সরকারকে প্রস্তুত হ'তে হবে। শৃধ্ব একই কথা ব'লে বারেবারে ভাওতাবাজী ক'রে এতগুলি মানুষকে চিরকালের মতন ফাঁকি দেওয়া সম্ভবপর হবে না। কাজেই বাস্তহারা কেন হয়েছে কেন হবে এই কথা আজ পরিজ্কার।

[5-35= 5-45 p.m.]

যেদিন প্রথম দেশ ভাগ হয়েছিল, সাম্প্রদায়িকভাবে সেদিন থেকে এই কথা পরিংকার বোঝা উচিত ছিল, এবং আজ পর্যণত যথেও সময়ও পাওয়া গেছে এই বিষয়ে শিক্ষা লাভ করবার। সেজন্য বলছি যে, পরিক্রারভাবে এটা বোঝা উচিত যে "আরও আসছে" কথা আর কথা নয়, শেষ মাইনরিটি যা ইস্ট পাকিস্তানে আছে তাকেও আসতে হবেই। অতএব সেইমত শানা করে যদি এই সরকার আজ থেকে প্রোসিড করতে পারেন, তা হ'লে এই সরকারের একটা দায়িত্বশীলতার পরিচয় পাওয়া যাবে। এছাড়া অন্য কথা যাই তারা বলনে না কেন. এই দায়েভ তারা এড়াতে পারবেন না। কারণ এটা একটা ঐতিহাসিক দায়িত্ব এবং এটা গ্রহণও করতে হবে, নইলে ইতিহাস চিরকাল যা করে, এর বেলায়ও তাই করবে।

এবারে রিহ্যাবিলিটেশন সম্বন্ধে বলব। সরকার হামেশাই ব'লে থাকেন যে, এখানে এত লক্ষ লোকের রিহ্যাবিলিটেশন হয়েছে। কিন্তু এই দেশের রিহ্যাবিলিটেশনএর অর্থ কি? এই রিহ্যাবিলিটেশনএর অর্থ কি? এই রিহ্যাবিলিটেশনএর অর্থ কি? এই রিহ্যাবিলিটেশনএর অর্থ হচ্ছে নির্বাসন। একটা যে কোন দেশে, যে দেশ স্বাধীন হয়েছে কিছুকাল, যারা ইতিহাস পড়েছে তারা জানে, সেই সময় দেশে যথনই কোন একটা বাহিরের আক্তমণ হয় তথনই দেখা যায় যে, সেই দেশের ফ্রণ্টিয়ারএর সেনাপতির বার আনা কাজ হয় সেই দেশের ৩০ মাইল বেল্টএর মধ্যে থেকে নিজ্ল দেশের মানুষকে পেছনে সরিয়ে দেওরা এবং এর জনা যে বাস্তুহারা তৈরি হয় সেই বাস্তুহারা কি, কোথায় যাবে, কি থাবে, হাসপাতাল কোথায় পাবে ইত্যাদি জিনিস প্রতিটি সেনাপতির বার আনা কাজের মধ্যে পড়ে। এইসব যারা করতে পারেন না তাদের মুথে দেশরক্ষার কথা মানায় না, সেনাপতিত্ব তাদের চলে না, সৈনারা তাদের কথা শোনে না এবং নিজের মা-বোনকে অবহেলা করার পর যদি কোন সেনাপতি সৈনাকে গ্লী করবার হকুম দেন, তা হ'লে সে শহুকে গ্লী করে না, বরং সেনাপতিকেই সে গ্লী করে। এটাই

অন্তের একটা পরিচর এবং সেটা করে ব'লে প্রথিবীময় সমস্ত দেশে এই রিহ্যাবিলিটেশন কথার মধ্যে একটা পরিষ্কার কথা রয়েছে যে, তার দায়িত্ব প্রত্যেক সরকারকে গ্রহণ করতে হয়। কিন্ত যে সরকার দায়িত্ব গ্রহণ করেন নাঁ এবং দশ বছরেও যার কোন শিক্ষা হয় না, সেই সরকারকে ব,মতে হবে যে তার শিক্ষা ইতিহাস যেভাবে দিয়ে থাকে. সেইভাবেই হবে। তারপর একটা মারান্ত্রক কথা বলছি যে রিস্থাবিলিটেশন মানে নির্বাসন। অর্থাৎ শহর থেকে দারে গ্রামে নির্বাসন দেওয়া এবং শেয়াল-কুকুরের চার্জে তাদের দিয়ে দেওয়া। তারা যে কি খাবে. কোথায় যাবে, কি ক'রে উপার্জন করবে ইত্যাদি কোন প্রকার অর্থনৈতিক প্রনর্বাসনের কথাই এর মধ্যে নেই। এখানে যখনই পুনর্বাসনের কথা বলা হয় সেই কথার সংগ্রু অর্থনৈতিক পনের্বাসনের কোন সম্বন্ধ নেই এবং সে দায়িত্ব সরকার স্বীকার করেন না। অতএব এই দায়িত্ব ম্বীকার করেন না ব'লেই এই সরকার হামেশাই ব'লে থাকেন যে, ও'রা প্রের্বাসন করেছেন। কিন্তু এই পুনর্বাসন কথার মানে হচ্ছে নির্বাসন এবং কুকুর-বেড়ালের হাতে এইসমুস্ত মানুত্রকে ছেড়ে দেওয়া ছাড়া আর কোন বাকম্থা ও'দের নেই। এই গেল এক কথা এবং আর এক কথা इ.क. या. यथारन जाँदा वरल शास्त्रन द्विष्युक्तमन जन मार्टेश्वमन रनरे रमशारन जामि किन्द्र বন্ধব। এই মাইগ্রেশন সম্বন্ধে সরকার আজ নতেন কথার আবিষ্কার ক'রে বাস্তহারাদের জালিয়াত করেছেন। যারা নিজেরা বাস্তহারা সূচ্টি করেছেন এবং বিনা অপরাধে এই সরকারের পাপের প্রায়শ্চিত্ত যাঁরা ক'রে চলেছেন, তাঁদেরকে তাঁরা এখন বলছেন জালিয়াত। অর্থাৎ একটা অন্তহাত তোলা হয়েছে যে, তারা জাল ক'রে মাইগ্রেশন সার্টিফিকেট নিয়ে এদেশে আছে। গভর্নরের স্পীচের মধ্যে এই কথার স্পন্ট উল্লেখ আছে যে, ফোর্জড মাইগ্রেশন সাটিফিকেট নিয়ে বাস্তহারারা এখানে এসে থাকেন। কেন জাল করে এবং কারা জাল করে –এই কথার উত্তর যদি গভনার মহোদ্যা দিতেন তা হ'লে জিনিস্টা খবে পরিকার হ'ত। তিনি জানেন य मामियाण राष्ट्र राष्ट्र किमानात्ववत अधिम, स्थारन कामियाणता वाम करत ववर सारे काम কাগজ তারাই বার করে। এই সরকারের এমনই স্কুনর বাবস্থা রয়েছে যে. সেই জাল কাগজ সময়কালে ধরা পড়ে না। জনসংধারণ জাল করে না, কারণ জাল করতে পয়সা লাগে। কিন্ত সেখানে প্রার্থীমাত্রে বিনা পয়সায় ও উইদাউট রেস্ট্রিকশনএ যদি কাগজ পেয়ে যায় তা হ'লে পাগলও তো জাল করতে যায় না। ক জেই সোজা কথায় বলতে হয় যে, কেন তারা সেখানে জাল করতে যায়, জালের কাগজ কোথায় পায় এবং কেনই বা তারা সেটা নিয়ে এদেশে আসতে চেণ্টা করে? এর মূলে আসল কথা হচ্ছে যে, এখানে মানুষ আসতে চায়, কারণ তাদের সেখানে থাকবার কোন উপায় নেই। সেজন্য হাই কমিশনারএর দায়িত্ব হওয়া উচিত, যে আসতে চায় ভাকে আসতে দেওয়া। সেখানে যদি এইরকম যান্ত্রিসংগত কোন বন্দোবসত থাকে তা হ'লে মানুষকে এইরকমভাবে জাল মাইগ্রেশন সাটিফিকেট নিয়ে আসতে হয় না। তা এপ্রা করেন না : এবং এ'রাই সেখানে জালিয়াতির প্রশ্রয় দেন। কারণ মান্ধের সেখানে আর যখন অপেক্ষা করবার ক্ষমতা থাকে না তখন তাদের হাতে জমিজায়গা যা কিছু থাকে সেগুলো বিক্রি না করেই যা দুটো পয়সা হাতে থাকে তাই নিয়েই ঢাকা হাই কমিশনারএর দরজায় ধরনা দেয়। মাসের পর মাস ধরনা দেবার পর হাতে যখন কিছু থাকে না তথন তারা বাধ্য হয়ে সেখানে জালিয়াত যারা হাই কমিশনারএর অফিসে থাকে. তাদের হাতে যা কিছু আছে সব দিয়ে শেষ পর্যত্ত যদি কোনরকমে পারে একটা কিছু বাবস্থা ক'রে ফ্রন্টিয়ার পার হবার চেণ্টা করে। যথন তারা এই চেণ্টা করে তথন দেখা যায় যে. পাকিস্তানী প্রালসও তাদের ধরে না এবং হিন্দ্ স্থান প্রলিসও কোন বাধা দেয় না। এইভাবে শেষ পর্যত্ত যখন তারা এখানে পেশিছায় তখন তারা নানারকম মিখ্যা হয়রানির কবলে পডে। আগের থেকে তারা যে এদেশে ছিল না তার প্রমাণ কি জিজ্ঞাসা করাতে তারা নিঃসন্দেহে সাটি ফিকেটখানা দেখায় এবং হাত থেকে তাদের সেই জাল কাগজ থানার তখন কেড়ে নেওয়া হয় এবং তার বদলে তাদের একটা রসিদও দেওয়া হয় না। এইরকম জঘনা কাজ সরকার করে খাকেন। এই সরকার বাস্তৃহারা সূচ্টি করেছেন বিটাইন টা পালিস ফোর্সেস তাদের ধরংস कदवात करना এवर जारमत्र नारम अकेंग वमनाम भिरम्न वनर्राज भारतः करतरहरून रव, अता अकेंग ক্ষালিয়াত। ও'রা ইংরেন্সের ভব্ত এবং সেই ইংরাঙ্গীতেই একটা বে কথা রয়েছে

to hang a dog give it a bad name

সেটা তাঁরা করে যাছেন। অর্থাৎ পাগলা কুকুরকে হত্যা করলে তার অপরাধ তত বেশি হর না। অতএব বাস্তুহারা নিধনের জন্য সের্প ব্যবস্থাও এখানে করা হয়েছে। সেজন্য আমি

वर्लीष्ट रा. मार्टेशायन मार्गिकिस्कार्ट रा खाल स्मर्ट खालियां काता करत এवः राकन खाल राय, সে সন্বন্ধে তথা উম্থার সরকারকে করতে হবে। এটা ব্যদি তারা না করেন তা হ'লে সেই উত্তর এমন স্থানে করতে হবে যে. সেটা হয়তো অ্যাসেম্বাল থেকে না ক'রে স্ট্রীটএ সেই উত্তর করতে হবে। সেই উত্তর হয়তো ভয়াবহ প্রত্যান্তর ডেকে আনবে এবং সেই উত্তরের জন্য সরকারকে প্রস্তৃত হ'তে হবে। কারণ বাস্তহারাদের সহ্য করবার আর ক্ষমতা নেই। অর্থাৎ যে দশ বছর চ'লে গেছে তার মধ্যে সংখ্যা তৈরি করতে পাঁচ বছর গেছে, তারপর পাঁচ বছর তাঁদের গেছে স্ল্যান ছাড়া পরিকল্পনায় এবং এখন তাঁদের স্বিতীয় পরিকল্পনা চলেছে। সেজনা আমি বলছি যে, এইসব বাস্তৃহারা নিয়ে আর খেলা করা চলবে না এবং এর পরে হয়তো রাজপথে এসে চরম শিক্ষা নিতে হবে, অর্থাৎ বাস্তহারা নিয়ে খেলা ও আগুন নিয়ে খেলার অর্থ সেখানে শিক্ষা হয়ে যাবে। এছাড়া এই যে শিক্ষা হবে সেটা খুব ভয়াবহ শিক্ষা হবে, কিল্টু আমি চাই না যে বাংলাকে এমন শিক্ষার জন্য একটা রক্তসনানে শেষ পর্যন্ত স্নান করতে হয় এবং ভারতবর্ষে যে আবার একটা রক্তমনন হয়, সেটা আমি চাই না। এই সতর্কবাণী আজ আমি এখানে উচ্চারণ করছি, কারণ এমনই একটা মারাত্মক সময় উপস্থিত হয়েছে যার ফলে এইরকম একটা ঘটনা ঘটতে পারে। আমি আশা করেছিলাম যে, এত বড় অন্যায় যেখানে হয় সেখানে তার একটা স্বীকৃতি অন্তত থাকবে। অন্তত বাস্তৃহারাকে জালিয়াত ব'লে যখন দুনিয়ার সামনে অপমান করা হচ্ছে এবং শিয়ালদহ থেকে এই বাস্তৃহারাদের বিনা অন্যায়ে রাতারাতি মেয়েপ্রেষ থেকে পরস্পর বিচ্ছিন্ন করে পরিলস দিয়ে তাদের বেধে এনে ইন্দ্রলোক স্ট্রভিওতে পরুরে অন্ধক্প হত্যার ন্তন ইতিহাস স্থিত করেছিল। এই সরকার ৩০টি লোককে যে হত্যা করেছে তার একটা স্বীকৃতি এখানে থাকা উচিত ছিল। আমি মন্ত্রিমহোদয়ার কাছে এজনো বহুবার মাথা খ'ড়েছি, কিল্ড তাদের অভদ্র আচরণ, ব্যবহার ও বাস্তহারা সম্পর্কে তাদের অবজ্ঞাপূর্ণ বাবহার তার বদলে আমি পেয়েছি। তাঁরা বলেন যে, এরা বাস্তৃহারা নয়, এরা रुष्फ् ज्वचरुत्व व्यवः स्मरे ज्वचरुत्व वार्रेत्नरे वस्मव वना रुत्ताः । वरेत्रक्ये वक्रो निर्माण्य ব্যবহার বাস্তৃহারা সম্পর্কে করা হয়েছে। তাঁদের বাস্তৃহারা করলেন আপনারা এবং সেই বাস্তৃহারারাই আপনাদের কথায় বিশ্বাস ক'রে এখানে এসেছে, কিল্ড তাদের জালিয়াত ব'লে শেষ পর্যকত ভবঘরে আক্টেএ বে'ধে নিয়ে গিয়ে অন্ধক্স হত্যা ক'রে ০০টি মানুষ মারা হয়েছে। আপনাদের ডাক্তার আছে, কিল্তু তা সত্ত্বেও কলেরা রোগে সেথানে মানুষ মরছে। মন্ত্রিমহাশয়কে এইসব বলতে তিনি বললেন যে, কনজেশনএ কি কলের। হয়? এইবুকম নির্লম্জ উল্লি এ'রা ক'রে থাকেন। যেখানে কলেরা, ভেদবাম হচ্ছে সেখানে মান্য পরস্পর পরস্পরের গায়ে গা ঠেকিয়ে খাওয়া-দাওয়া করছে সেখানে এইসব জিনিস না হওয়া ছাড়া গতি নেই। কিন্ত এবা এইরকম নির্লাজ্জ উত্তি সেই জায়গায় করেন, তারা ব'লে থাকেন যে কলেরা কি কখনও কনজেশনএর জনা হয়। এইরকমের যে বক্তৃতা আমাদের শুনতে হয় তা আর বেশিদিন থাকবে ना। তाই वर्लाष्ट्र त्य हेम्प्रलाक म्ये, जिल्ला य हजाकान्ड अन्तर्ष्टिक हासाह, स्मेर हजाकान्डित अना জবাবদিহি সরকারকে করতে হবে। আমি ভেবেছিলাম যে এই ইন্দ্রলোক স্ট্রভিওর হত্যার ব্যাপাবে একটা দাঃখ গভনবের মাখ থেকে প্রকাশ পাবে, কিন্তু সেইসব কিছাই নেই। যাই হোক, তাদের নিয়ে ছিনি,মিনি খেলা, তাদের ভবঘুরে আটুএ বন্দী ক'রে মেরে ফেলার ব্যবস্থা করা এবং এইরকম হত্যা করার ব্যাপারে জ্বার্বাদহি এই সরকারকে করতে হরে।

[5-45-5-55 p.m.]

বাস্ত্হারা সমস্যা সমাধান সম্বন্ধে ধখনই কোন স্প্যানএর কথা শ্নিন তখনই সমস্ত ভারতবর্ষে যা চলছে সেই, কথাই শ্নিন যে তারা কোন টোটাল ভিউ নিতে রাজী নন। বাস্ত্হারা ক'টা বাঁচবে বা মরবে তার জন্যে তাঁদের কিছ্ই আসে যায় না, বরং তাঁরা যদি পাঁচ জনের জন্য কোন বাবস্থা করতে পারেন এবং তাতে যদি ৫০ লক্ষ মারা যায় ও তঁতদিন পর্যস্ত অপেক্ষা করবার সময় যদি তাঁদের না থাকে, তা হ'লে তাতে ভাদের কিছ্ যায় আসে না। আমরা জার্মানিতে দেখতে পাই যে সেখানে প্রথম দিন যখন বাস্ত্হারা এসেছে, সেদিন থেকেই তাদের সময় দেওয়াঁ হয়েছে এবং ব'লে দেওয়া হয়েছে যে, যে প্রমাণ করতে পারবে যে তার রক্তে জার্মান রক্ত আছে, তার ভাষা, ইতিহাস জার্মান, তা হ'লেই তাকে আমরা গ্রহণ করব, থেতে-পরতে দেব ও শান্তিত বসবাস করতে দেব। এবং এমনকি যদি সে কোন জঘন্য কাজ ক'রে থাকে তা হ'লে তার সাজা ভাকে পরে দেব, প্রথমে তাকে গ্রহণ ক'রে মানুষ হিসাবে

তার ব্যবস্থা আগে ক'রে দেব। অর্থাৎ বাস্তহারা হিসাবে যে আসবে তাকেই নাগরিক হিসাবে প্রথমে স্বীকৃতি দেব। কিন্তু সেখানে জালিয়াত হিসাবে ফেরত দেওয়ার মতন এত বড় অনাচার, ভবঘরের মতন হত্যা করার কথা সেখানে ছিল না। অথচ ভারত সরকারের কোন টোটাল ভিউ আমরা সেখানে দেখতে পাই না। জার্মানির উদাহরণে আমরা দেখতে পাই যে সেখানে প্রতিটি বাস্তৃহারার ব্যবস্থা তারা করেছে এবং যতদিন তাদের অর্থনৈতিক পুনর্বাসনের ব্যবস্থা क्राट ना পেরেছে তত্দিন তাদের ডোল বা কাজ দুটো দিয়েই প্রত্যেকটি মানুষের না নতম খাবার পাবার এবং আশ্রয় পাবার অধিকার সেখানকার সরকার স্বীকার করে নিয়েছিল। সেখানে ২ কোটি ৮ লক্ষ বাস্ত্হারাকে তারা স্থান দিয়েছে তাদের ৩ কোটি ৯০ লক্ষ টোটাল পপ্লেশনএর মধ্যে। ওয়েষ্ট জার্মানির টোটাল পপ্লেশন ৩ কোটি ৯০ লক্ষ যখন ছিল তখন ২ কোটি ৮ লক্ষ বাস্তৃহারাকে তারা আকোমোডেট করেছে এবং তাদের জন্য স্ল্যান করে রিলিফের ব্যবস্থা ক'রে তাদের অর্থনৈতিক পুনর্বাসন দিয়েছে। অতএব এই রিলিফ ও রিহ্যাবিলিটেশন দ্'টো শব্দের অর্থ তাদের দেশে এইরকমভাবেই হয়, কিন্তু আমাদের দেশে রিহ্যাবিলিটেশনএর অর্থ অনারকমভাবে হয়ে থাকে। সেজন্য বলছি যে, আজ দশ বছরের মধ্যে কোনপ্রকার সায়েন্টিফিক স্প্যান এরা দিতে পারলেন না যে সায়েন্টিফিক স্প্যানএতে এদের প্নর্বাসন করা যাবে। অথচ জার্মানীতে ৪ কোটির কম দেশবাসীর মধ্যে যেখানে ২ কোটি ৮ লক্ষ বাস্ত্হারার স্থান সংকুলান হ'ল সেখানে এই দেশে ৩৬ কোটি নরনারীর মধ্যে যে ৪ লক্ষ বাস্তৃহারাদের জন্য একটা পরিকল্পনা পর্যন্ত হ'ল না। এর কারণ হচ্ছে যে, সরকারের সব-কিছুর মধ্যেই অনাচার ও ভণ্ডামি রয়েছে। অথচ যে বাস্তহারার সূন্টি নিজেরাই করেছেন সেখানে তার ব্রকের উপর নির্লেজ্জভাবে ব'সে আছেন। বর্তমানে আবার নতুন ক'রে এভিকশন বিল আসছে এবং এই এভিকশন বিলের মেয়াদ বৃদ্ধির জন্য কথা উঠেছে। কিন্তু শুধু, এর মেয়াদ ব্যাণ্ধর কথা নয়, এর সাক্ট্যান্শিয়াল পরিবর্তন করা হচ্ছে এবং এর **ফলে** ভবিষাতে তাদের বিকল্প জমি দেবারও দরকার হবে না। অর্থাৎ যারা এখানে স্কোয়াটার্স কলোনি ক'রে আছে বা কোন জায়গা দখল ক'রে আছে, তাদের বিকল্প জমি দেবার দায়িত্বও সরকারকে স্বীকার করতে হবে না। সেজন্য বলব যে, এইরকম একটা নির্লেজ্ঞ বাবস্থা সরকার এই বিলের মধ্যে নিয়ে এসে উপস্থিত করছেন এবং এর একটা উল্লেখ গভর্নরের স্পীচএর মধ্যে নেই দেখে আমি অবাক হয়ে গেলাম।

এর পরে আমি স্টেট ট্রান্সপোর্ট সম্বন্ধে কিছু, বলব। এই স্টেট ট্রান্সপোর্ট সম্বন্ধে গভর্নরের ভাষণে তিনি বলেছেন যে, আমাদের কমার্সিয়াল কাজ হচ্ছে এবং অতান্ত আহ্মাদ প্রকাশ ক'রে বলেছেন যে, এতে স্টেটের আয় খুব বেড়ে যাচ্ছে। কিন্তু এই বড় কাজ ক'রে বুকের হাড়ের উপর দিয়ে গড়িয়ে চলেছে এবং সেখানে যে কিভাবে কাঞ্চ চলেছে তাও আমরা জানি। যথন কোন মনোপলিষ্ট কোন ব্যবসা অন্যায়মত ক'রে থাকেন তথন সরকার তাঁকে সেখানে বাধা দেয় এবং সেখানে অন্যায়কারীর বির**ুম্খে একটা আপত্তি উত্থাপনের স্থান থাকে। এই স্টেট বাস** চেয়েছিলাম যে এর ন্বারা দেশের মধ্যে এমন একটা আদর্শ প্রতিষ্ঠান গভে উঠবে বা দেখে মানুষ বুক ফ্রলিয়ে বলতে পারবে যে, এটা আমার প্রতিষ্ঠান এবং এতে আমার মর্যাদা রক্ষা হচ্ছে। কিন্তু আসলে এই দেটে বাস কি করছে? আমরা এখানে কতবার বলেছি বে. এই ওভার-ক্রাউডিং অফ বাসেসএর কি কোন সমাধান নেই? যুদ্ধের সময় ওভার-ক্রাউডিং হরেছিল, কারণ তথন বাসের সংখ্যা কম ছিল এবং তথন গাড়ির মধ্যে যত খাশি ইচ্ছা ভরা হ'ত। আমাদের সরকারও সেই অবস্থার অনুকরণ ক'রে একটা মানুষকে বাসে বসতে দেবার দায়িত্ব পর্যন্ত স্বীকার করেন না। মেয়ে, পুরুষ, বৃষ্ধ, কারুর কথা নয়। একটা বাসে ওঠা মানে সেখানে সমস্ত সম্মানকে বিসর্জন দিতে হয়। স্টেট বাসএ চড়লে গায়ে জামা থাকে না, আরু রক্ষা হয় না এবং শেষ পর্যশ্ত উল্ডেড হয়ে বাস থেকে নামতে হয়। এছাড়া অনেক সময় আবার ঠিক প্রপার স্টপেজএ নামা যায় না, দ্ব' স্টপ আগে-পিছে হয়ে যায়। এইরকম একটা অবস্থার মধ্যে সরকার সমস্ত জনতাকে সৈলে দিয়েছেন, অথচ কর্তৃপক্ষরা বড় বড় গাড়িতে চেপে হাওয়া খান वरत प्रभए भान ना अनव किছा। स्मञ्जना वर्ताष्ट्र स्व, वास्म अने मान क्षेत्रस्त स्मय रख्या। যেখানে জনসাধারণের সমস্ত টাকা কেড়ে নিচ্ছেন সেধানে তাকে প্রতি পদে পদে আবার অমর্যাদাও দিচ্ছেন। আমি এই বৃত্তি বৃত্তি না যে বাসের মধ্যে যদি সিট রাখতে হয় এবং তার বে সংখ্যা আছে তা থেকে একটা লোক চড়াবার কি অধিকার সরকারের আছে। এই বে অন্যার

সেটা একটা প্রাইভেট বাস করতে পারে, কিন্তু একটা স্টেট অর্থরিটি এইরকম একটা জালিয়াতি কাজ যে কি ক'রে করতে পারেন, বৃঝি না। অতএব আমি বলছি যে, এটা একটা দার্ন সমস্যা এবং এই সমস্যার সমাধান এই সরকার করতে পারবেন না। হয়তো যখনই মান্য বলবে যে আমাকে বাসে বসবার সুযোগ দাও, তখনই এই সরকার ভাড়া বেড়ে যাবার কথা বলবেন। বুশ্বের ওভার-ক্রাউডিংএর জন্য যে অবস্থা ছিল, সেটাই সরকার অন্করণ করলেন, কিন্তু জায়াা দেবার বেলায় কোন কথাই নেই এবং তখনই ভয় দেখান যে বাসের ভাড়া বেড়ে যাবে। অতএব এইরকম ধরনের ন্যাশনালাইজ্রেশন দেশের লোক কেউ চায় নি। মান্যকে এইরকম যেখানে অমর্যাদাই করা হচ্ছে এবং একটা বাসের মধ্যে একটা মেয়ে যদি ভীড়েতে দাঁড়িয়ে হাছি মধ্স্দন করতে থাকে, তা হ'লেও তাঁকে কেউ একখানি আসন ছেড়ে দেবে না। এই বাসে উঠলে প্র্যুরা মনে করে যে তাদের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত প্রতিটি দিন তাদের দাঁড়িয়ে যেতে হবে। অতএব এই বাসের মধ্যে নরনারী, বৃন্ধ কার্রই মর্যাদা রক্ষার দায় নাই। সেজনা বলব যে, এই যে স্টেট বাস তাকে আছি ঘৃণা করি। ডাঃ রায়কে একদিন এইসব বলাতে তিনি বলেছিলেন, হি উইল কনসাল্ট মি, কিন্তু তিনি সেইসব ভুলে গেছেন। যাই হোক, এবার সেই বিষয়টা মনে হয় রাস্তায় ডিসাইডেড হবে এবং এই ওভার-ক্রাউডিংও বন্ধ হবে। সেজন্য বলছি যে, আই চ্যালেঞ্জ দিস গভর্নমেনট ;

I will try to teach this Government how to stop overcrowding.
এটা ও'রা যদি না চান তা হ'লে এটার সংশোধন এখনই কর্ন। আর তা যদি না করেন
তা হ'লে দে উইল ফাইল্ড মি দেয়ার এবং সেখানে আমার সাধাটা যে কি সেটা একবার দেখাব।
অর্থাৎ এই স্টেট বাসেতে ওভার-ক্রাউডিং যে কি ক'রে বন্ধ করতে হয় তার জনো একটা ন্তন
শিক্ষা দেবার বাবস্থা আমি করব।

তারপরে আমি আর বিশেষ কিছু আলোচনা করব না. শুধু মেনশন করে যাব। ফ্লাডএর সময় রিলিফের ব্যাপারে যেসমস্ত ডিসক্রিমিনেশন করা হয়েছে সে সম্বন্ধে আমি প্রন্বায় কিছু আরে উত্থাপন করব না। কেবলমাত হাবড়ার ব্যাপারে একটা ইনস্ট্যান্সএর কথা আমি চ্বাফ মিনিস্টারএর কাছে বারে বারে নিবেদন করেছিলাম যে, সেখানে ডিসক্রিমিনেশন হচ্ছে এবং তাই নিয়ে রেখানে যারা সরকারের কাছে এসে তাদের দৃঃথের কথা নিবেদন করছে তাদের বে'ধে নিয়ে এসে আলিপ্রে ট্রান্সফার করেছেন। জনসাধারণ যখন সেখানে বিপার হচ্ছিল, তখন আমি তাঁকে বারেবারে এটা বলাতেও তার একটা উত্তর জার কাছ থেকে পেলাম না। তিনি যদি বলতেন যে এইসব মিথা কথা তা হ'লে আমি ব্রুতাম যে একটা কিছু কাজ তিনি করলেন, কিন্তু তাও তিনি করলেন না। এই প্রসঞ্জে সাইক্রোন সম্বন্ধে একট্ বলি। এই ব্যাপারে আমি নিজে খাদামন্দ্রীর কাছে গিয়ে বলেছি যে, এই কসবাতে আতিবর রহমান এবং শরং চৌধুরী নামে দ্ব' জন ম্সলমান ও হিন্দ্রের ঘর সাইক্রোনের ফলে মে মাসে যেখানে পড়ে জন মন্দ্রীর সঙ্গো দেখা করার পর এবং ফ্লাড রিলিফ অফিসএ ঘ্রাম্বির করার পর একজনের নামে ৭৫ টাকা এবং আর একজনের নামে ২৫ টাকা এবং আর একজনের নামে ৭৫ টাকা এবং আর একজনের নামে ২৫ টাকা এসেছে।

[5-55-6-5 p.m.]

সাহাযাপ্রাণিতর রক্ষটা বলা দরকার। আতিবর রহমান তার স্থা, পাঁচটি ছেলেনেরেকে পরের বাড়িতে রেখে, তাকে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াতে হয়েছে। এই ব্যাপার নিয়ে আমি সরকারের কাছে রিপ্রেজেন্ট করাতে যথার্থ কোন ফল হয় নাই। এর পরে আরও কর্প অবস্থা হচ্ছে যে, যথা সাইকোনের পরে ফাড এল তথন সরকার বলতে লাগলেন যে, সে তো সাইকোন ফান্ড কোজড়া হয়ে গেছে ব'লে তার সম্বশ্ধে আর কোন কিছু কনুসিডার করা যায় না। যদিও সময়মত তার পিটিশন করা হয়েছে, কিন্তু তাকে আর কোনক্রমেই কর্নাসাজার করা যায় না এবং ফাডএর ফান্ডএর মধ্যে তাকে কি ক'রে ঢোকানো হবে, এই চিন্তায় দ্ব'-এক মাস চ'লে যাবার পর সে এতদিনে সাহায্য পেয়েছে। তাতে সে দ্ব'-একটা দাতন বা ছাগল কিনে সরকারকে উপহার দেওয়া ছাড়া ওতে তার কোন লাভই হবে না। অথচ এই থেকে সাহায্যের জন্য যে আর্তনাদ করেছে তার সাক্ষী একমান্ত ভগবান। এই তো গেল সাইক্রোনের কথা। অন্যাদিক দিয়ে বেকার সম্বশ্ধে বা গভর্নমেন্টের সংগ্ কো-অপারেশন সম্বন্ধে যথেকট আলোচনা আমার বন্ধুরা করেছেন ব'লে সেইসব সম্বন্ধে আমি আর

পনের খাপন করব না। অতএব আমার যা আলোচা বিষয় ছিল তাতে আমি এই কথাটাই বলব रय, संथात সরকার ব'লে যাচ্ছেন যে. তাঁরা চারিদিকে বিচ্ছিন্ন উন্নতি করছেন—ইলেকট্রিফিকেশন করেছেন, ময়ুরাক্ষী প্রক্রেক্ট কর্মাপ্লট হয়েছে সেখানে এই কথাটার শুধু সমাধান করতে পারছেন না যে তারা এই যে কলকম্জা বাডানোর পরিকল্পনা করছেন তাতে দরিদ্রনিধনের ব্যবস্থা হচ্ছে এবং বেকার ক্রমশই বৃদ্ধি হচ্ছে। এ ছাড়া সেকেন্ড ফাইভ-ইয়ার স্ল্যান কর্মস্লিট হ'লেও এটা যে দেড গুণে বেডে যাবে তার স্বীকৃতি আমাদের সেকেন্ড ফাইভ-ইয়ার স্প্যানএ রয়েছে। অতএব তাদের এই কথাটার উত্তর দেওয়া দরকার যে, এই যে যেখানে বেকার বেডেই চলেছে. টেস্ট রিলিফের কাজ বেডেই চলেছে, সেখানে এইসমৃত পরিকল্পনা কি জনসাধারণের জন্য হচ্ছে না. টাটা, বিড়লা, ব্রটিশ বন্ধ, বা মন্ত্রীদের আত্মীয়-পরিজনদের জনা হচ্ছে? তাই বলছি যে এই ভাষণের মধ্যে এমন একটা জায়গায় আশার আলো দেখতে পেলাম ন' একটা সত্য স্বীকৃতি পেলাম না. একটা সমস্যা সমাধানের কোন আশা পেলাম না। অতএব এহেন অবস্থায় জন-সাধারণের কো-অপারেশন চাওয়াটা ঠাট্রা ছাড়া আর, কিছুই নয়। ফ্লাডএর মধ্যে যেথানে ডিসসেমিনেশন, জনসাধারণকে বিপন্ন করে বেকার স্থাটি করাই যেখানে নীতি, বাস্তৃহারাদের ভব্মরে ক'রে হত্যা করার যেখানে বাবস্থা করা হয়েছে সেখানে যদি বলা হয় যে, আমরা পার্বলিক কো-অপারেশন চাই তা হ'লে সে পার্বলিক কে এবং কোথাকার পার্বলিক তারা? তাদের আমরা জানি না ও পার্বালকও তাদের জানে না। তা হ'লে কি সরকার এই পার্বালক তৈরি করেন? সেজন্য বর্লাছ যে, এর মধ্যে বাস্তব কিছু নেই। এই ব'লেই আমি আমার বক্তব্য শেষ কর্রছ।

Sj. Monoranjan Hazra:

আমরা যে কোয়েশ্চেনগর্নি করেছিলাম তার কি হ'ল, তার উত্তর আজ পর্যশত পাওয়া গোল না?

The Hon'ble Copika Bilas Sen Cupta:

কাল পাবেন।

8i. Hemanta Kumar Chosal:

এই সেশনএ পাব তো?

The Hon'ble Gopika Bilas Sen Gupta:

হ্যাঁ. পাবেন।

Si. Monoranjan Hazra:

কোয়েশ্রেন আওয়ারএর মধ্যে সব কোয়েশ্রেন শেষ হবে না।

Mr. Deputy Speaker:

যতটা পারা যায় দেখা যাবে. প্রায় শেষ হয়ে এসেছে।

Sj. Monoranjan Hazra:

এখনত বহু কোয়েন্চেন বাকি আছে। এক বছর দেড় বছর আগে যে দেওয়া হরেছিল তার উত্তর এখন পর্যন্ত পাওয়া যায় নি।

Mr. Deputy Speaker:

যা পারা যাবে দেওয়া হবে।

Si. Bankim Mukherji:

তা হ'লে বাদবাকিগলো কি হবে? সেগলো কি পরের সেশনএ দেওয়া হবে?

Mr. Deputy Speaker:

আচ্চা দেখা যাক না কতটা হয়।

Sj. Hemanta Kumar Chosal:

সমর, আজ তো ৬টা বেজে গেল, আজ ছেড়ে দিন; আর আর্থানিও দ্ভিস্তার স্কুছেন।

Mr. Deputy Speaker:

না, আমার কোন দু: চিক্তা নাই।

Sj. Monoranjan Hazra:

স্যার, আজকে ছেড়েই দিন, আমরাও তো বাইরে গিয়ে খবর নেব।

Mr. Deputy Speaker: Sj. Jagannath Majumder will be the last Speaker. Let him speak.

8j. Jagannath Majumder:

মাননীয় ডেপ্রটি স্পীকার মহাশয়. এই আমাদের আইনসভার শেষ অধিবেশন। কিছুদিন পর্বে আমাদের মহামানা রাজাপালিকা যে ভাষণ দিয়েছিলেন তার উপর বিতর্ককালে আমাদের বিরোধীপক্ষের বিভিন্ন বস্তা বিভিন্নভাবে বললেন। আমি একটা বিষয়ে শুখু বলতে চাই বন্যাবিধ কে এলেকায় বহু লোক মরণোন্ম হয়েছিল। নদিয়া জেলা সেই বন্যাবিধ কে অঞ্চলের মধ্যে একটা এবং বিরোধীপক্ষের বন্ধ দের আমি একথা বলতে চাই জাতির জীবনে এইরকম বিপদ আসে জাতিকে পরীক্ষা করবার জন্য। মানুষের জীবনে ষেমন, জাতির জীবনেও তেমনি বিধাতা পরীক্ষা করার জন্য আপদ-বিপদ পাঠান। সূথের বিষয়, কংগ্রেস সরকার সে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। আর আমাদের বিরোধীপক্ষের বন্ধরা বিফলমনোরথ হয়েছেন। नीमग्रा ख्वला वन्याविधद्भन्त अनुष्ठम, अवर आप्रता नीमग्रावामी स्वान, कि स्वीयन वन्याग्र নিদিয়া জেলার ৫ লক্ষ লোক জলমণন হয়েছিল। এবং এও আমরা জানি সেই দার্থ সংকটের সময় বিরম্পেদলের কোন সদস্যকে সেখানে দেখা যায় নি জলমণনদের উন্ধারকার্যের জনা। তথন বিরোধীদলের লোকেরা চিৎকার করেছিলেন বিধানসভার অধিবেশন করার জনা, আর আমরা তখন জলমান অঞ্চলে নোকা ক'রে রিলিফ দানের কাজে রত ছিলাম। তখন বিরোধীদলের লোকদের এই কথা শনে আমরা প্রমাদ গণলাম যে, কলকাতায় আাসেমন্থি অধিবেশন চললে কি করে আমাদের রিলিফ কাজ চলবে, কি করে মুম্রেদের বাঁচাব। আর তখন বিরোধীদলের লোকেরা সমালোচনা করতেই বাস্ত। বিরোধীদলের কার্যকলাপের উত্তর নদিয়াবাসী নির্বাচনের মাধামে দিয়াছে। নির্বাচনের মাধামে নদিয়াবাসী জানিয়ে দিয়েছে যে, সেখানে কংগ্রেস অপোজিশনএর কোন স্থান নাই। নির্বাচনের ফলাফল এখন শেষ হুয় নি। আমি বিশ্বাস করি গতবারের নির্বাচনের চাইতে এবারকার নির্বাচনে কংগ্রেস অনেক বেশি ভোট পাবে এবং তা থেকে প্রমাণত হবে জনসাধারণ এই গভর্নমেন্টএর পিছনে আছে। আপনারা শনে আশ্চর্যান্বিত হবেন যে, অনেক সরকারী কর্মচারী নিজেদের জীবন বিপন্ন ক'রে নৌকা ক'রে দুর্গত এলেকায় উপস্থিত হয়েছেন এবং দঃস্থ জনসাধারণের মধ্যে রিলিফ বিতরণ করেছেন।

[6-5-6-18 p.m.]

এরা বলেছে ভোটের জন্য করেছেন। ভোটের জন্য কোন কর্মচারী চাল বিতরণ করেন নি। আমি বলতে চাই কোন কংগ্রেসকর্মী কোন সরকারী চাল, কম্বল নিজ হস্তে একথানাও বিলি করেন নাই। সমস্ত সরকারী কর্মচারীরাই সরকারী জিনিসপত্র বিলি করেছেন। তকে স্থোনে কংগ্রেস ক্র্মীরা কাজ করেছেন। নিজেরা চাল তুলেছেন, কম্বল তুলেছে, জনসাধারণের কাছ থেকে ভিক্ষা করে তাদের দিয়েছে। তার প্রস্কার নিদ্যাবাসী কংগ্রেসকে দিয়েছেন। এছাড়া আরও বহুবিধ কাজ তাঁরা করেছেন।

বে দেশে ৩৫ থেকে ৪০ লক বাস্ত্হারার আগমন হয়েছে, সেই দেশের বেকার সমস্যার সম্পূর্ণ সমাধান করা সম্ভব নর—একথা সকলে স্বীকার করেন। এত তাড়াতাড়ি বেকার সমস্যার সমাধান কে করতে পারেন—কোন ঐশ্যুজালিকের জাদ্সপর্শে। আমি জিজ্ঞাসা করতে চাই বিরুম্ধালার সভাগণকে? আপনারা জনসাধারণের কাছে প্রতিশ্রুতি দিয়েছেন, আমরা বেকার সমস্যার সমাধান করব; সভাসমিতি ক'রে বলেছেন মানি অর্ডার ঘোগে বেকার ভাতা পাঠিয়ে দেব। এইসব কথা ব'লে আপনারা ভোট ভিক্ষা করেছেন। বে দেশে ৪০ লক্ষ্ বাস্ত্যুরার আগমন হয়েছে, সেখানে মাত ১৫ লক্ষ বেকার রয়েছে। সেকেরে আপনারা যা বলেছেন—মানি অর্ডার যোগে ৩০ টাকা করে বেকার ভাতা পাঠিয়ে দেবেন। এখন বিচার ,

ক'রে দেখন, দেশের এই বেকার লোককে দিতে গেলে ৰুত টাকার দরকার। এইরকম ক'রে र्जीता दर्शिय विषया मान्यक धन्य करताहन। जीता कान् हेम्प्रकान मृष्टि क'रत जारमत সমস্ত অভাব-অভিযোগ দরে ক'রে দেবেন? আজকের এই সমস্যা এত সহজ নয়। রাজাপালের ভাষণে আছে, আমাদের দেশে পণ্ডবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে আমরা এই সমস্যার সমাধান করতে চাই। এই দ্বিতীর পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রবর্তন করে আমরা সর্বভারতীয় ক্ষেত্রে কি ক'রে বেকার সমস্যা সমাধান করা যায়, তার পরীক্ষা কর্রাছ এবং প্রায় ১ কোটি ২০ লক্ষ বেকারের কর্মসংস্থানের ব্যবস্থা এই ন্বিতীয় পশুবার্ষিকী পরিকল্পনার মধ্যে আছে। আমাদের পশ্চিমবাংলারও এই ন্বিতীর পঞ্চবার্ষিকী পরিকল্পনা কার্যকরী করা হবে এবং তার রূপারণে আমাদের বিরুদ্ধপক্ষের বন্ধুগণ সহবোগিতা করুন। দেখবেন অনেকখানি সংকট আমরা উত্তীর্ণ হব। আপনারা এই পরিকল্পনাকে পর্যনুদ্দত করবার অপচেণ্টা করবেন না। সংকটকে স্বীকার করতে হবে এবং সেই অবস্থাকে স্বীকার ক'রে নিয়ে তার সংগ্রে লডাই করতে হবে। ভুড়ি দিয়ে একদিনে সংকটের সমাধান করা যায় না, কিংবা বেকার ভাতা দিয়েও সংকটের সমাধান হয় না। वन्ध्रांग, এই সংকটের সুযোগ নিয়ে দেশকে একটা অব্যবস্থার মধ্যে নিয়ে যাবেন না। এইরকম ক'রে সমাজ চলে না। সমাজকে আজকে সত্যিকার কনস্টিটিউশনাল ওরেতে একটা সমাধানের পথে নিয়ে বেতে হবে। মানুষকে তার সমস্যা বোঝাতে হবে, ধীরে ধীরে সমস্যার সমাধানের পথ আবিষ্কার করতে হবে। আমাদের দেশের শাসনকর্তা যাঁরা তাঁর। এ বিষয়ে যথেন্ট অবহিত হয়েছেন এবং সেজন্য বৈকার সমস্যা সমাধানের পথ তাঁরা আবিষ্কার করবার চেন্টা করছেন। ন্তন ন্তন শিল্প, কুটিরশিল্প ইত্যাদি প্রতিষ্ঠা ক'রে নানারকমভাবে কর্মসংস্থানের দিকে দুন্টিপাত করছেন যাতে ক'রে এইসমস্ত বেকার লোকেরা চাকরি পায়। এইসমুহত কথা আমাদের মাননীয়া রাজাপালের ভাষণে রয়েছে এবং দ্বিতীয় প্রথায়িকী পরি-কল্পনায় আমাদের যে সমস্যার সমাধান হবে, তার কথা রাজ্যপাল মহোদয়ার ভাষণে রয়েছে।

আমাদের স্থীরবাব, বলেছিলেন যে, বন্যাপীড়িতদের জন্য যে কয়লা ইট পোডাবার জন্য দেওয়া হচ্ছে, তা একদম গ'ভা কয়লা, তা আদৌ জবলছে না। একথা শ্বনে আমার একটা কথা মনে भएन। किन्द्रापन भूतर्व आभारमत এই निर्वाहन উপলক্ষে বিরুম্পদলের নেতারা এই বলে লোককে উর্ব্রেজিত করেছিলেন যে, তোমরা আন্দোলন কর যে তোমাদের গ'ড়া কয়লা দেওয়া হচ্ছে, গুটডা চাল দেওয়া হচ্ছে। আমি তাদের জিজ্ঞাসা করছি যে গাঁডা কয়লা দেওয়া হচ্ছে, না কতক কতক লোক বেছে বেছে ডুমো কয়লা নিয়ে যাচ্ছে যার জনা কতক লোকের ভাগ্যে গ্রুড়া কয়লা পড়ছে এবং যার দাম দিতে হচ্ছে না। তার জন্য এত বড় আন্দোলন? যে সরকার মান্যকে বাঁচাবার আপ্রাণ চেণ্টা করছে, গৃহনিমাণের জন্য জিনিসপত্র দিচ্ছেন, লক্ষ্ণ লক্ষ্ণ মণ চাল দান করছেন, লক্ষ লক্ষ কম্বল বিলি করছে, গ্র'ড়াকয়লা বা গ্র'ড়া চাল দেওয়ার নামে তার বির্ত্ত্রীপ এই ভিত্তিহীন আন্দোলন? ১৯৪২ সালে যথন ৪০ লক্ষ লোক এক বাটি ফেনের জনা, এক মঠা ভাতের জনা রাস্তায় বাস্তায় ঘ্রেছে, তখন তো তাদের ক্ষীণ কণ্ঠস্বরও তংকালীন সরকারের বিরুদ্ধে ওঠে নাই? সেদিন তারা জনযুদ্ধের বুলি নিয়ে ব্টিশের সংগ সহযোগিতা करतरष्ट, जारमत भारत्मधन करतरष्ट्र। स्मरे ममस्त्रत कथा मरन दश-स्मरे मतकारतत वितरूप्य जारमत ক্ষীণ প্রতিবাদট্টকুও শোনা যায় নি। আর এখন যে সরকার দ্বঃস্থ লোকদের বাঁচাবার প্রচেন্টা করছেন তাদের বিরুদেধ গ্রাড়ো কয়লা দিচ্ছে বলে এইরকম ছোটখাট জিনিস নিয়ে এবা আন্দোলন করছেন। এর থেকে মনে হয়, তাদের সত্যিকারের ইচ্ছা কি। মান্ত্রকে বাঁচাবার স্মিচ্ছা তাদের নাই। গণ্ডগোল সুষ্টি করাই হচ্ছে তাদের পেশা। তারা মানুষকে দ্রান্তপথে পরিচালিত করতে চেণ্টা করছেন এবং কিছ, কিছ, কৃতকার্যও হয়েছেন। তারা প্রথমে ঠিক করেছিলেন পশ্চিমবাংলার সরকার গঠন করবেন, কেরালায়ও তারা সরকার গঠন করবেন। কিল্ড আজ পশ্চিমবাংলার তাদের সেই আশার স্বংন ভেশ্যে গেছে। সেইজুনাই তারা ক্ষিণ্ত বেশি হয়েছেন।

তারপর হচ্ছে ধর্মনিরপেক্ষ রাম্থের কথা নিয়ে বণ্ডিকম ম্খার্জি মহাশয় অনেক কথা বলেছেন। স্বন্ধনানও আমাদের দেশের লোক, তাদেরও ভোটে অধিকার বা দাঁড়াবার অধিকার দেওয়া হয়েছে। কংগ্রেস সরকার সকল ধর্মের লোককেই সমান অধিকার দিয়েছে। কিন্তু বির্ব্ধদলের লোকেরা ভোটের সময় সাম্প্রদায়িক ব্লির উত্তেজনা দিয়ে তাদের ভূলপথে পরিচালিত করার চেন্টা করেছে। ভাঃ রায় নাকি মসজিদে গিয়ে ভোটে জয়লাভ করবার জন্য মোনাজাত করেছেন। এতেই তার

দোষ হরে গেল? গত মহায্দেধ সোভিয়েট দেশে গীজায় ও মর্সাজদে যুন্ধ জয়ের জনা ধর্মযাজক ও মৌলবীদের দ্বারা মোনাজাত করা হয় নি জয়লাভের জনা? তাতে যদি সোভিয়েটের
ধর্মনিরপেক্ষতা নন্ট না হয়ে থাকে তবে ডাঃ রায়ের মসজিদে যাওয়া ও সেখানকার মৌলবীদের
মোনাজাত করা দ্বারা ধর্মনিরপেক্ষতা নন্ট হয় নি। বিরুদ্ধ পার্টিরা নিরীহ নিরক্ষর মুসলমানদের এটা-সেটা ব'লে নানারকম পাকিস্তানী জিগির তুলে উত্তেজিত করেছেন এবং তাদের হাতে
পাকিস্তানের পতাকা পর্যন্ত তুলে দিয়েছেন। (সাম মেন্বার্স ফ্রম অপোজিশন বেণ্ডঃ মিধ্যা
কথা, ওসব দালালি চলবে না, বসুন বসুন।)

[Interruptions and noise.]

যাঁরা এখানে ব'সে চিংকার করছেন তাঁদের মুখে এসব কথা শোভা পায় না। আমার কাছে এসব কথা প্রমাণ করার যথেণ্ট জিনিস রয়েছে; যদি চান আমি সেসব প্রমাণ দেখাতে পারি।

এইসমস্ত জিনিস নিয়ে তাঁরা ভেবেছিলেন নির্বাচনী সাগর পাড়ি দেবেন, কিব্দু মিখ্যা জিনিস দিয়ে সত্যকে লাভ করা যায় না, সত্যকে চাপা দেওয়া যায় না। আমার জেলায় আমি ম্সলমানের ভোট পেয়েছি, কিব্দু সেখানে ম্সলমানদের তারা ভয় দেখিয়েছেন যে, কংগ্রেসকে ভোট দিলে তোমাদের উপর হামলা করব, জুলুম করব।

[Noise and interruptions.]

Si. Hemanta Kumar Chosal:

সমুহত মিথ্যা কথা।

You must sit down.

Si. Monoranian Hazra:

ব'সে পড়, ব'সে পড়।

Sj. Hemanta Kumar Chosal:

থ ব হয়েছে.

You must sit down.

Sj. Monoranjan Hazra:

মুসলিম ভিলেজএ আপনারা কি করেছেন, আমরা সমুস্তই জানি।

Si. Jagannath Majumder:

আমার নির্বাচনের আগের দিন বামপন্থী দলের লোকেরা একটা মিথ্যা ইস্তাহার দেয়।

[Loud noise and interruptions from Opposition Benches.]

সে ইস্তাহারে প্রেসের নাম নেই, প্রকাশকের নাম নেই। সন্মিলিত বামপন্থী দলের কীর্তি এই! গণতন্দের নামে তাঁরা যা কুকীর্তি করেছেন তার বর্ণনা করা যায় না। তাঁরা ভারিত্ব। সাহস্থাকলে প্রেসের নাম, প্রকাশকের নাম তাঁরা দিতেন। মিথ্যার ব্নিয়াদ ব'লেই তা কুরুতে পারেন নি।

Sj. Hemanta Kumar Chosal:

मानानि कরবেন না, a'মে পড়্ন, সমস্ত এক্সপোজ क'রে দেব।

Sj. Jagannath Majumder:

আবার বলি, বিদেশের দালালদের মূথে একথা শোভা পায় না। তার ওপর পাকিস্তানের জন্মচররাও তাঁদের সঙ্গে যোগ দিয়েছিলেন। এইসমস্ত জিনিস তাঁরা নির্বাচনের সময় ভোটের জনা ক'রে বেড়িয়েছেন—এটাকু ব'লেই আমার বন্ধবা শেষ করব।

Adjournment.

The House was then adjourned at 6-18 p.m. till 3 p.m., on Thursday, the 21st March, 1957, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 21st March, 1957, at 3 p.m.

Present:

Mr. Deputy Speaker (Sj. Ashutosh Mullick) in the Chair, 11 Hon'ble Ministers, 7 Deputy Ministers and 143 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3-3-10 p.m.]

Free education for Scheduled Caste students under Second Five-Year Plan

*16. Sj. Nagendra Dalui: Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার আমলে তফসিল শ্রেণীভুক্ত ছাত্রদের জন্য প্রাথমিক হইতে উচ্চ শিক্ষা পর্যাত্ত বিনা খরচে শিক্ষা দিবার কোন বাবস্থা সরকারের আছে কিনা?

Sj. Sowrindra Mohan Misra on behalf of the Chief Minister and Minister for Education (The Hon'ble Dr. Bidhan Chandra Roy):

ना ।

Si. Madan Mohan Khan:

সিভিউল্ভ কাণ্ট এবং সিভিউল্ভ ট্রাইবসদের জন্য কি প্রাথমিক শিক্ষার বন্দোবদত করা হয় নি :

Sj. Sowrindra Mohan Misra:

পার্থানক শিক্ষার ব্যবস্থা সব জায়গাতেই ফ্রী আছে।

Sj. Madan Mohan Khan:

সিডিউল্ড কাণ্ট ছাত্রদের জনা সহর অণ্ডলেও কি ফ্রী আছে?

Si. Sowrindra Mohan Misra:

না নেই।

Sj. Madan Mohan Khan:

সহর অঞ্চলের জন্য কি ব্যবস্থা আছে?

8j. Sowrindra Mohan Misra:

কোন ব্যবস্থা নেই।

8j. Madan Mohan Khan:

সহর অঞ্চলে ফ্রী শিক্ষা দেবার বাবস্থা করবেন কি?

Sj. Sowrindra Mohan Misra:

বিবেচনা করা হবে।

Si. Hemanta Kumar Chosal:

এখানে প্রশন্তরা হয়েছে যে, তপশিল শ্রেণীভূক্ত ছাত্রদের জন্য প্রাথমিক হইতে উচ্চ শিক্ষা পর্যশত বিনা খরচে শিক্ষা দিবার কোন বাবন্থা সরকারের আছে কি না? তার উত্তরে বলেছেন, 'না'। আমার প্রশন হচ্ছে যে, তাদের কোন দেপশ্যাল প্রেফারেন্স দেওয়া হয় কি না?

81. Sowrindra Mohan Misra:

তারা সাধারণ ছারদের মত প্টাইনেশ্ডএর জন্য দরখাস্ত করতে পারে। তা বাদে ইন্ডিরা গভর্নমেন্ট থেকে যে প্টাইপেন্ড দেওয়া হয়, তাতে অনেক টাকা সিডিউন্ড কাল্ট স্ট্ডেন্টদের দেওয়া হয়। ১৯৫৫-৫৬এ আই এতে ৭৮৩ জন, আই এস সি ৪২৯ জন, বি এ ২৮৮ জন, বি এসিস ১৭৭ জন। পোস্ট-গ্রাজ্মেট কোর্সে ২৭ জন, মেডিক্যাল কলেভে ৮১ জন, ইঞ্জিনিয়ারিং কলেজে ২২ জন, বি টিতে ৩ জন এবং মিসিলিনিয়াস ইনিট্টিউসান্সএ ৬৩ জনকে দেওয়া হয়। তাছাড়া ট্রাইব্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট থেকে আরো স্টাইপেন্ড দেবার আারেজমেন্ট করা হচ্ছে। ফাইভ-ইয়ার প্ল্যানএও ৫ লক্ষ ৩৫ হাজার টাকা দেওয়া হবে।

8j. Hemanta Kumar Chosal:

টুইব্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টএর মাধ্যমে সিডিউল্ড কাণ্ট ছাত্রদের স্টাইপেন্ড দেবার জন্য যে অ্যামাউন্ট মঞ্জার্কী করা হয়েছে. সেই টাকাটা বন্টন করবার পন্ধতি কি নেওয়া হয় অর্থাৎ টাকাটা কি পন্ধতিতে দেওয়া হয় ?

81. Sowrindra Mohan Misra:

টাকা পাবার জন্য স্কুল, কলেজএর মাধ্যমে দর্থাস্ত করতে হয় এবং সেইগঢ়লি থেকে মেরিটোরিয়াস স্টুডেন্টদের দেওয়া হয়।

Sj. Hirendra Kumar Chatterjee:

এই রকম কতগালি দরখাসত পেয়েছিলেন এবং তার মধ্যে কতগালি ছাত্রকে দেওয়া হয়েছে?

8j. Sowrindra Mohan Misra:

নোটিস চাই।

Social (Adult) Education Scheme in West Bengal

- *17. 8j. Kanai Lal Bhowmick: Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state
 - (क) পশ্চিমবঙ্গ সরকারের সমাজশিক্ষা বিভাগটি কোন্ সালে খোলা হইয়াছে:
 - (খ) পশ্চিমবশ্যের কোন্ কোন্ জেলায় এই বিভাগের শাখা খোলা হইয়াছে;
 - (গ) এই বিভাগের অফিসারদের বৈদ্যালয়িক গ্র্ণাগ্রণ ব্যতীত অন্য কোন গ্রণ থাকা প্রয়োজন কিনা এবং ওহারা গেজেটেড় অফিসার কিনা:
 - (ঘ) এই বিভাগের অফিসাররা পাবলিক সাভি'স কমিশনের মাধ্যমে নিয়্ত হ**ইরাছেন** কিনা
 - (ভ) সমাজশিক্ষার জন্য জেলায় জেলায় কোন পরামর্শদাতা বোর্ড গঠিত হইয়াছে কিনা; এবং
 - (চ) হইয়া থাকিলে, মেদিনীপুর জেলার পরামর্শদাতা বোর্ডের সভাদের নাম কি?

Sj. Sowrindra Mohan Misra:

- (क) ১৯৪৮-৪৯ সালে।
- (খ) সমস্ত জেলায়।
- (গ) শিক্ষাগত যোগতো ব্রাতীত অন্যান্য গুণ থাকা প্রয়োজন। সমাজশিক্ষার প্রধান পরিদর্শক, সহকারী প্রধান প্রাধিকারিক এবং জেলা প্রাধিকারিকদের পদগুলি গেজেটেড।
 - (খ) গেলেটেড়া অফিসারগণ পাবলিক সাভিস কমিশনের স্পারিশক্তমে নিযার হইয়াছেন।
 - (७) शी।

- (চ) সভ্যদের নামের তালিকা নিদ্দে দেওয়া হইল—
 - (১) গ্রী কে কে রায়, আই এ এস, জেলা ম্যাঞ্চিম্ফেট, মেদিনীপুর।
 - (২) শ্রীমহেন্দ্রনাথ মাহাতো, এম এল এ, সভাপতি, **জ্বেলা বোর্ড**, মেদিনীপ্রে।
 - (৩) ডাঃ দিব্যেন্দ_রস্কর রায়, এম্ বি।
 - (৪) ডাঃ উষানাথ সেনগ্রুত, এম্ বি।
- (৫) শ্রীতৈলোক্যনাথ প্রধান।
- (৬) অধ্যাপক মন্মথনাথ শিকদার।
- (৭) শ্রীমতী নীহারবালা গা॰গ্লী, প্রধানা শিক্ষিকা, আলিগঞ্জ উচ্চ বালিকা বিদ্যালয়।
- (৮) শ্রীসুনীলকুমাব বল্লোপাধাায়, জেলা পবিদ্যালয় পরিদর্শক, মেদিনীপুর।
- (৯) খ্রীমতী সরলা ঘোষ, জেলা বিদ্যালয় পরিদশিকা, মেদিনীপ্র।
- (১০) শ্রীনরেন্দ্রনাথ দাশ, প্রতিনিধি, জেলা উল্লয়ন প্রাধিকারিক, মেদিনীপরে।
- (১১) শ্রীবারেন্দ্রনাথ বসু, প্রতিনিধি, জেলা পাঠাগার সংঘ, মেদিনীপর্র।
- (১২) খ্রীনরেন্দ্রমোহন চক্রবতী, জেলা সমাজশিক্ষা প্রাণিধকারিক, মেদিনীপরে।

Sj. Saroj Roy:

এই যে সভাদের নামের তালিকা দিয়েছেন, এই সভাদের কি গুণে দেখে এদের সভা **পদে** নিয়োগ করেছেন ^২

Si. Sowrindra Mohan Misra:

যোগ্যতা দেখে।

Sj. Saroj Roy:

এখানে মেদিনীপরে সহরে দুইজন ডাক্তারকে নেওয়া হয়েছে। একই সহর থেকে দুইজন ডাক্তারকে কেন নেওয়া হয়েছে?

81. Sowrindra Mohan Misra:

মেদিনীপুর সহরে আর যোগ্য বান্তি ছিল না, তা নয়, তবে এ'রাও অযোগ্য নয় বলে নেওয়া হয়েছে।

8i. Saroi Rov:

আমার প্রশ্ন হচ্ছে যে, মেদিন পিরে টাউন থেকেই দৃইজন ডাক্তারকে কেন নেওয়া হয়েছে?

Si. Sowrindra Mohan Misra:

প্রথমেই বলেছি যে, যোগ্য বলে নেওয়া হয়েছে।

Dr. Jatish Chosh:

এটা কি সত্য যে উষা নাথ সেনগ্ৰুণ্ড মিউনিসিপ্যাল চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান বলে নেওয়া হয়েছে ?

8]. Sowrindra Mohan Misra:

সেটা এখানে লেখা নেই।

Sikta. Mani Kuntala Sen:

সমাজ শিক্ষা বিভাগে কি কি শিক্ষা দেওয়া হয়:

8j. Sowrindra Mohan Misra:

নোটিস চাই।

Sikta. Mani Kuntala Son:

সমাজ শিক্ষা বিভাগে কত শিক্ষক শিক্ষায় নিয্ত আছে?

8]. Sowrindra Mohan Misra:

নোটিস চাই।

Stipends to Adhyapakas of Tols

- •18. Sj. Janardan Sahu: Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—
 - (a) the number of Adhyapakas (teachers) of recognised Tols of West Bengal;
 - (b) how many of them are getting stipends or Brittis and at what rate or rates;
 - (c) why the other Adhyapakas of such Tols are not getting stipends; and
 - (d) whether Government consider the desirability of granting stipends to all teachers of the recognised Tols and of increasing dearness allowance from Rs.10 to Rs.17-8 per head per month like the teachers of the Secondary Schools?

The Chief Minister and Minister for Education (The Hon'ble Dr. Bidhan Chandra Roy): (a) 1,500.

- (b) No stipends or Brittis are given to individual Adhyapakas of recognised non-Government Tols. Grants-in-aid are, however, given to Tols.
 - (c) Does not arise.
- (d) The question of granting stipends to individual teachers of the recognised Tols does not arise. With effect from 1st January, 1955, sanction of payment of dearness allowance at Rs.17-8 per head per month has been accorded to whole-time Pandits of all recognised non-Government Tols provided the authorities of the Institutions concerned agree to pay not less than Rs.17-8 per head per month from within the resources of the Institutions.

Si, Janardan Sahu:

এই यে भिक्करात ১०॥ **ोका फि**य़ातरनम श्राला**উन्म म्हल्या दस श्रो कि यर्थण्डे**?

The Hon'ble Dr. Bidhan Ghandra Roy: Today there are 1,210 recognised private tolls in West Bengal of which 186 received grants-in-aid from Government. In 1948 the Sanskrit Education Committee recommended a monthly grant-in-aid of Rs. 50 to the head of each toll in Bengal which would be found efficient on proper inspection, provided the number of students reading in each toll is not less than three and the total number of tolls receiving grants-in-aid should not exceed 200, on the assumption that the number of tolls in Bengal carrying on teaching work efficiently would not exceed that number. On the basis of this recommendation Government have been giving grant-in-aid to 90 selected tolls at Rs. 50 a month and to 10 selected tolls at Rs. 75 a month, and it was decided that the number would be progressively increased to the number recommended by the Committee 200, gradually till 140 smaller tolls and 30 larger tolls are in receipt of grants-in-aid. Afterwards when Cooch Behar was merged with West Bengal four other tolls in that district were recognised for the purpose of grants-in-aid.

Permanent appointment of teachers trained at Shriniketan Basic Training Institution

- •19. 8j. Balailal Das Mahapatra: Will the Hon'ble Minister-incharge of the Education Department be pleased to state—
 - (ক) ইহা কি সত্য বে, মেদিনীপুর জেলা স্কুলবোর্ড শ্রীনিকেতন হইতে ব্নিয়াদী ট্রেনিং পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষকদিগকে স্থায়ী পদে নিয়োগ করিতেছেন না: এবং
 - (খ) যদি (ক) প্রশেনর উত্তর হাঁ হয়, মন্দ্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি---
 - (১) ঐর্প ট্রেনিংপ্রাপ্তদের স্থায়ী পদে ঐসকল বোর্ড কর্তৃক নিয়োগ না করার কারণ কি. এবং
 - (২) खेत्र भिक्क करात स्थारी अरा निराता कतात कथा सतकात विरावधना करतन किना?

Sj. Sowrindra Mohan Misra:

- (क) না. ইহা সত্য নহে।
- (थ) এ প্রশ্ন উঠে না।

Discharge of special cadre teachers on political grounds

- *20° Sj. Tarapada Dey: (a) Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state if it is a fact that many special cadre teachers were discharged from January, 1955, to May, 1956, on political grounds?
- (b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—
 - (1) the number of teachers so discharged, district by district; and
 - (11) what were the charges against those teachers?
- 8j. Sowrindra Mohan Misra: (a) Only eight in the district of Murshidahad but not on political grounds.
 - (b) Does not arise.

Sikta. Mani Kuntala Sen:

এই যে নট অন পলিটিক্যাল গ্রাউণ্ডস লেখা আছে, তাহলে কি গ্রাউণ্ডসএ ধরা হয়েছে বলবেন কি?

8j. Sowrindra Mohan Misra:

তার মধ্যে একজন ক্রিমিন্যাল কেসএ কর্নাভকটেড হয়েছিল, আর দ্বই জন ঐ রকম কেসএ ইমশ্লিকেটেড ছিল, আর কয়েক জনকে উপযুক্ত নয় বলেছেন।

Sikta. Mani Kuntala Sen:

কয়জনকে উপযুক্ত নয় বলেছেন?

Sj. Sowrindra Mohan Misra:

ঐ আট জনের মধ্যে তিন ক্লন গেলে বাকী পাঁচ জন থাকে।

Sikta. Mani Kuntala Sen:

্ এদের অযোগ্যতা কে বিচার করেছিল?

8j. Sowrindra Mohan Misra:

ডিপ্ৰিকট ম্যাঞ্চিলেট।

Sikta. Mani Kuntala Ben:

এই ডিস্ট্রিকট ম্যাজিস্ট্রেটএর স্কুল বোর্ডে পজিসান কি?

8]. Sowrindra Mohan Misra:

স্কুল বোর্ড ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটএর কাছে জানতে চায়। এদের এ্যানটিসিডেস্ট তিনি ইনভেন্টিসেসান করে যে খবর পাঠিয়েছেন তার ফলে এটা করা হয়েছে।

[3-10-3-20 p.m.]

Sikta, Mani Kuntala Sen:

তাহলে ডিস্ট্রিকট ম্যাজিস্ট্রেটএর কাছ থেকে ছাড়পত্র না নিয়ে স্কুল বোর্ড কোন শিক্ষককে নিতে পারে না?

Si. Sowrindra Mohan Misra:

সব সময় তানয়।

Sikta, Mani Kuntala Sen:

ডিস্টিকট ম্যাজিস্টেটএর রিপোর্ট নেওয়া মানে প্রিলসের রিপোর্ট নেওয়া।

Si. Sowrindra Mohan Misra:

কেবল প্রলিসের রিপোর্টই নয় : ডিস্টিক্ট ম্যাজিস্টেটএর নানারকম এজেন্সী আছে, তাদের মারফত তিনি খোঁজ খবর নেন। তাদের মধ্যে এক জনের ক্রিমিন্যাল কেসএ ইনভল্ভড হওয়ার मद्भाग भाका श्राह्म ।

Si. Hirendra Kumar Chatterjee:

এই যে যোগাতার কথা বলা হয়েছে, এটা কি এগকাডেমিক যোগাতা না পলিটিক্যাল যোগাতা ?

81. Sowrindra Mohan Misra; Not on political grounds.

Sikta, Mani Kuntala Sen:

তিন জন শিক্ষক ক্রিমিন্যাল কেসএ জড়িত ছিলেন: আর পাঁচ জনের সম্পর্কে ডিস্টিকট ম্যাজিস্টেট কি রক্মভাবে এবং কি সন্দেহে ইনভেণ্টিগেসান করেছিলেন?

81. Sowrindra Mohan Misra:

আমার মনে হয় স্কুল বোড'ই খবর নিয়ে পাঠিয়েছিলেন।

Sikta, Mani Kuntala Sen:

দ্বিতীয় কথা, এই কলকাতায় লোকে নাকি একথাও বলেছেন বৌবাজার নির্বাচনী এলেকায় মহম্মদ ইসমাইলকে ভোট দিলে যদি তিনি জেতেন তাহলে যেহেডু তিনি মুখামন্ত্রীকে হারিয়ে দেবেন ভোটে সেইজন্য তিনিই মুখামন্ত্রী হবেন। নির্বাচন উপলক্ষে অনেক জায়গায় আমুরা ঘুরেছি এবং কিছু ভোটও আমরা পেরেছি কিন্তু এমন কথা ত কাউকে বলতে শুনি নি। আর এই কথা বলবার মতন বা বিশ্বাস করবার মতন মুখি লোক যে এই কলকাত্বা শহরে আছে একথা কেউ ভাবতে পাবে ইউনি যা তা বলবেন আর লোকে তাই বিশ্বাস করবে অসত। উনি অনেক বলেছেন- ১৯৪৭ সালের পরে, আগে কিছু কিছু বলতেন, ১৯৪৭ সালের পর সত্য কথা একেবাবে ছেড়ে দিয়েছেন। (ডাঃ রাধারুক্ষ পালঃ আপনি এসব কি ঝাল ঝাড়ছেন?) এই ভদ্রলোকই একদিন এই এসেমারিতে দাঁজিয়ে ডাঃ বায়কে ডাক্তার এফ লাইজ বলেভিলেন এই এসেমারির প্রসিডিংসএ তা অন্ত্র। অবন্ধা তথন ইনি এপাবে ছিলেন, ওপারে ছিলেন না। কাজেই ভদ্রলোকটিকে বলছি এত তাড়াতাড়ি যা তা বলবেন না। ডাক্তার অফ লাইজ আগে ছিলেন আর কংগ্রেস দলে যোগ দেবার পরে আর তা থাকেন না।

আমার কথা হচ্ছে এই ভাবের কথা বলে যে আত ক ছাডানো হয় তা করার মধ্যে আমার মনে হচ্ছে, একটা উদ্দেশ্য আছে সে উদ্দেশ্যটা কি? এতটাকু ব্রুবতে পেরেছি সেটা হচ্ছে কিছা লোককে শিক্ষা দেওয়া যে যারা সরকারের মনোনীত তাদেব বিরোধীতা করছ তোমরা, দিবতায় কারণ হচ্ছে এখন কপোরেশনে নির্বাচন আসন্ন, কপোরেশন নির্বাচনে অলপ লোকের ভোট আছে কলকাতায়, যদি আতৎকগ্রুস্ত হয়ে কিছু লোক ভোট দিতে না চায়—এই রকমের কিছু একটা পরিকলপনা হয়ত আছে। যাতে ওংরা ভয়ে ভোট দিতে ক্ষান্ত হন। আর শাুধাু যে মাুসল্মানকে হিন্দ্র যারা তাঁদের বিক্লান্ধে নানাভাবে কাজ করে আসছেন তাদেরও এইরকম ভয় দেখানো হচ্চে —এ আমবা দেখেছি। প্রকাশো আজ যারা কংগ্রেসের সমর্থক গ্রন্ডাগিরী আগেকার দিনে যাদের পেশা ছিল তাদের কারো কারো হয় পরিবর্তন এসেছে, তারা আজ বলে বেড়াচ্ছে প্রলিস আরু সরকার যথন আমাদের দিকে আমাদের কেউ কিছ্ম করতে পারবে না। এইসব তারা চার ধারে বলে বেড়াচ্ছে যে—মুখ্যমন্ত্রী যথন আমাদের দলপতিকে নিয়ে ঘোরেন, একজন নয়, ২-৩ জনকে নিরে, এবং আমাদের ছবি যখন কাগজে ছাপানো হয়, তখন আর আমাদের ভয় কিসে? কোন ভর আর আমাদের নাই। যারা স্টেনগান নিয়ে বাবসা করেছে এবং বহুবার ধরা পড়েছে সমাজ বিরোধী বলে তারা আজ প্রকাশ্যে বলে বেড়াচ্ছে—ম্খামন্ত্রী স্বয়ং যখন আমাদের নিয়ে ঘোরেন তখন আমাদের আর কি ভাবনা আছে? বরং যদি একটা গোলমাল লাগিয়ে দিতে পারি তাহলে ষারা বামপন্থী বলে পরিচিত তারাই ধরা পড়বে। তাই এইভাবে যে ভর দেখানো হচ্ছে আমার

মনে হয় এ থানিকটা কপোরেশনের নির্বাচনের জন্য, আমি ব্রুতে পারি না এইট্কুতে কি বিধানবাব্ সম্ভূষ্ট? কপোরেশনের নির্বাচন এক বছর আগে হবার কথা ছিল তখন জোর করে তা বন্ধ করে দিলেন।

[4-10-4-20 p.m.]

আমার মনে হয় যে খানিকটা বোধ হয় কপোরেশানের নির্বাচনের জন্য এইসমুহত জিনিস এইভাবে হচ্ছে। কিন্তু এতেও যে কেন হল না বা বিধানবাব, কেন যে এতেও সন্তুণ্ট হলেন না তা আমি ব্রুতে পারছি না। কপোরেশানের নির্বাচন এক বছর আগে হ্বার কথা ছিল কিল্ড তখন তিনি জোর করে সেটা বন্ধ করে দিলেন। কারণ তখন প্রায় প্রতিটি জায়গায় স্থানীয় স্বায়ন্ত্রশাসনমূলক প্রতিষ্ঠানে যে নির্বাচনগর্মল হয়েছিল তাতে কংগ্রেস হেরে যাচ্ছিল। সেজন্য আমার মনে হয় যে, তিনি জোর করে ওটা বন্ধ করে দিয়ে বললেন যে এর নির্বাচন এক বছর পরে হবে। অথচ হঠাৎ তারপরেই কোলকাতা কর্পোরেশনের নির্বাচন করবার জন্য মানু সাত দিন সময় ¹\্টলেন। অতএব এই জিনিস আমরা দেখছি যে এমন চমংকার এ্যাডমিনিস্টেসন বিধানবাব, চালাচ্ছেন যে নির্বাচনের জন্য মাত্র সাত-আট দিন সময় দিলেন। অর্থাৎ নমিনেশান পেপার উইথড় ইত্যাদি ২২ তারিখে হয়ে গিয়ে ২৯ তারিখে আপনারা নির্বাচন করবেন। কিন্ত এত বড় একটা ফার্স' করবার কি দবকার ছিল ? তার চেয়ে আর একটা কিছু করে আইনকানন পালটে দিয়ে নির্বাচন না করালেই পারতেন, কারণ করপোরেশানের সবই তো সরকার প্রায় দখল করেছে সেখানে বাকী যা আর আছে সেগ্রালিকে নিলেই পারতেন। অথচ লোক দেখাতে হবে, গণতন্ত্রের কথা বলতে হবে স্ববই যেন কংগ্রেস নেতৃত্বে ভণ্ডামি এবং এণ্রা মুখে বলবেন এক. আর কাজে আর এক করবেন। এত বড় একটা কপোরেশানের নির্বাচন এটা দুই-এক মাস বাদেই করন না কেন। তা না আমরা কোথায় সাধারণ নির্বাচনের মধ্যে আছি, সমস্ত গণনা এখনও শেষ হল না এইরকম একটা অবস্থার মধ্যে নির্বাচন নিয়ে আসলেন। আমাদের হাতে টাকা পয়সা নেই, কোন ব্যবস্থা নেই যে কিভাবে আমরা পোস্টার ছাপাব, লোকের কাছে যাওয়া, ক্যান্ডিডেট ঠিক করার গোলমাল ইত্যাদি সমস্তগর্বাল বিবেচনা না করেই ৭-৮-১০ দিন টাইম দিয়ে এত বড় একটা নির্বাচন করে দিচ্ছেন। এইরকম বোধ হয় মুসলীম লীগ কিম্বা ইংরাজ আমলেও দেখি নি। অথচ যেখানে তাঁরা গণতন্ত্রের কথা বলেন সেখানে প্রাপতবয়স্ক যারা ভোটার তাদের অধিকার পর্যান্ত আমাদের এইসমুদ্ত স্থানীয় স্বায়ন্তশাসনুমূলক ব্যাপারে নেই। আমুরা এইটাই দেখছি যে, যেটা বন্দ্রেতে বা ভারতবর্ষের বেশীর ভাগ জায়গায় হয়ে গেছে সেটাতেই বাংলা পিছিয়ে পড়ে আছে। যদিও কপোরেশনের নির্বাচনে প্রাপ্তবয়স্কদের ভোটের অধিকার নেই তব্ও তাদের উপর আপনারা একটা প্যানিক, একটা চ্যালেঞ্জ বা ঐরকম সমুস্ত ভয় ভীতি প্রদর্শন করছেন। সেজনা আমি বারে বারে আপনার দূটি আকর্ষণ এইদিকে করছি, কারণ এটা অতান্ত পরিতাপের বিষয় আজ এইসমন্ত ভীতিব ফলে সংখ্যালঘুরা কি অবন্ধায় দিন কাটাচ্ছে। এ বিষয়ে আপনারা যদি একটা খোঁজখবব নেন তাহলে দেখবেন যে সেখানে কি অবস্থা ঘটছে। বিশেষ করে যথন বলা হচ্ছে যে তাবা সমস্ত পাকিস্তান এজেন্ট। পাকিস্তান এজেন্ট কি ভারতবর্ষে নেই?—নিশ্চয় আছে। বিধানবাব, সমদত বর্ডার পর্বালশ দিয়ে ভার্ত করে রেখেছেন, অথচ সেখানে কি না হচ্ছে। আমরা যখন প্রিলশের খাতে বায় কমানোর জন্য বলি তথন তিনি বলেন যে এত বড বডার গার্ড দিতে হয় বলে বেশী প্রলিশের প্রয়োজন হয়, কিন্তু সেখানে দৈনন্দিন সমস্ত কিছাই বেআইনী বাবসা চলছে, লোকে পাশপোর্ট ছাড়া যাতায়াত করছে ইত্যাদি নানান রকমের বেআইনী কাজ সেখানে ঘটছে। অথচ এইসব যখন ঘটছে তখন সেই সময় আপনারা তো তাদের ধরেন না. সেখানে তো আপনারা নিষ্কিয় হয়ে বসে থাকেন। আর আজ হঠাং আপনারা নির্বাচনের ব্যাপারে একটা ভীষণ ব্যাপার আবিন্কার করে বলছেন যে জাতীয়তা बिराताथी लाक मन **এथान आए**ছ। এর মানে হচ্ছে যে তারা যখন বিধানবাব কে ভোট দিচ্ছে না এবং এত বড় যখন তাদের সাহস তখন নিশ্চয় তারা জাতীয়তা বিরোধী লোক হবে। সেজন্য আমি र्वान रंग, जाभनाएनत कार्ष्ट एर्गामसात्रभूतना एठा आर्ष्ट, याता करशास्त्रत संरंध এथन मरन मरन ঢ্কুছে, যারা আগে ম্সলীম লীগে ছিল সেইসব দোসিয়ার তো আছে, কিল্ডু-সেগুলো কি মা**রে** भारक छेनार छेनार प्राप्त मा किছ, जात रथींक थवत तारथन। आপनाता कान रथींकथवत तारथन, অধ্বচ আজ আপনাদের কাছ থেকে এইসব বড় বড় কথা আমরা শ্বনতে পাচছি। আমরা বিশেষ

করে জেনেরাল এ্যাডমিনিস্মেসন ব্যাপারে এও দেখছি যে বিধানবাব্র রাজত্ব যেভাবে হৈচির তিনি করছেন তাতে আর বলবার কিছু নেই। অর্থাৎ প্রলিশের কাছে অভিযোগ নিয়ে আমরা যদি যাই তখন তারা বলে যে দুই দিকেই এইরকম আছে—অর্থ্যাৎ এদের একটা পরিবর্তন হয়েছে. কারণ আগে বলতেন যে শ্ব্ধ আমাদের দিকে খারাপ লোক আছে, আর এখন বলছেন যে শ্ব্ধ বামপন্থী নয়, কংগ্রেসের মধ্যে এইরকম সমাজ বিরোধী খারাপ লোক এই নির্বাচনের সুযোগে ঢুকে পড়েছে। এবং তাঁরা এও বলেন যে সবাইকে তো আর ধরা যায় না। যখন তাঁরা এই বলেন তথন আমরা বল্লাম যে এই যদি হয় তাহলে আপনারা তাদের ধর্ন না কেন এবং আমাদের দিকে যদি এইরকম লোক থেকে থাকে তাহলে আমাদেরও বলনে কারা এইরকম লোক আছে। একজন অফিসারের সংগ্যে আমার কথা হওয়াতে তিনি কয়েকজনের নাম করে বললেন যে এরা তো আজ কংগ্রেসের নেতাদের সঞ্জে সরাসরি ঘুরে বেড়াচ্ছে এবং হে'সে বললেন যে এর ব্যবস্থা করবার কোন উপায় নেই। স্বতরাং এইরকীমভাবে কি এ্যাডিমিনিস্ট্রেশন চলবে, সমাজের কল্যাণ হবে, না এইরকমভাবে আপনারা রাণ্ট্র চ্লেলাবেন? এগর্নলিই হচ্ছে আমার প্রশন এবং এর বেশী আপনাদের বাজেটে আলোচনা করবার কিছুই আমি দেখছি না। কারণ 🛍ইরকমভাবে র্যাদ আমাদের রাজত্ব চলে তাহলে আমরা কোথায় গিয়ে দাঁড়াব, জাস্টিসই বা কেঁথিয়ে থাকবে? এই প্রশ্নগ্রলোই আমি বিশেষ করে বিধানবাব্যর কাছে করতে চাই। ওর মন খারাপ হতে পারে, কিন্তু সেজন্য কি এত নীচে উনি নেবে যাবেন যে যার ফলে এইরকম দায়িত্বজ্ঞানহীনভাবে কথা বলবেন যার জন্যে লোকে আতৎকগ্রহত হয়ে পডবে। আমরাও সেজন্য আতৎকগ্রহত হয়ে পণ্ডিত নেহর,র কাছে আপনার এই ধরণের বক্ততার কথা বলে টেলিগ্রাম পাঠিয়েছি। উনি যদি অমৃতবাজার পত্রিকা পড়েন তাহলে দেখবেন যে কিরকম দায়িত্বজানহীন বক্তুতা আপনি দিয়েছেন। তাঁকে এই বলে টেলিগ্রাম পাঠিয়েছি যে একজন মুখামন্ত্রী যদি এইভাবে কথা বলেন তাহলে মাইনরিটিদের বা আমাদের যারা সাপোর্ট করে তাদের মনের কি অবস্থা হতে পারে। মাইনরিটি-দের আতৎকজনক অবস্থা দেখে তাঁর কাছে আমরা টেলিগ্রাম করতে বাধা হয়েছি। এ ছাড়া সেখানে আমাদের যাঁরা এম.পি. আছেন তাঁদের সঙ্গে আমরা টেলিফোনে কণ্টাস্ট করে আমরা তাঁদের বলেছি যে আপনারা পণ্ডিত নেহের্র সঞ্জে দেখা করে বল্ন যে বাংলাদেশে এইরকম घंठेना घंठेएछ। आक्रांक अन्होंनीत रहकान्हें वात हरव, क्रांनि ना स्मर्थारन यीन छाः गीन स्कर्कन তাহলে অবস্থা আবার ভয়াবহ হয়ে দাঁড়াবে কিনা? সেজন্য ভয়াবহ অবস্থার কথা বিবেচনা করে পर्निमारक एर्निस्मान करत वरल मिर्साच रा राज्यान राम यथायथ वावन्या जवनम्यन कता द्या। অর্থাৎ ফলাফল যাই হোক না কেন কোন প্রকার সাম্প্রদায়িক হাঙ্গামার সুষ্টি যেন না হয়। এখানে অনেক মাইনরিটি বন্ধুরা আছেন তাঁরা জানেন যে .অনেকে আছেন যারা ভারতবর্ষে তলায় তলায় আসে এবং আমাদেরও তাঁরা এই বলেন যে এ ছাড়া তাদের আর কোন উপায় নেই। এই যে একটা কাগজ যাতে বিধানবাব্র যে বড় বড় করে ছবি ছাপিয়ে বেরিয়েছিল তাতেই আবার আছে তারা মিথ্যা সংবাদ প্রকাশ করলেন যে বিধানবাব, হেরে গেছেন। এইসব করে তারা বাজাবে সেই কাগজ সেদিন ডিস্ট্রিবিউট করল। প্রিক্ত সেই কাগজ কার কাগজ? এই কাগজ এই ডাঃ রায়ের কাগজ এবং তাঁর সমর্থক যাঁরা আছেন তাঁদের কাগজ। কারণ আজকে আমি সেই কাগজ একজন উদ', জানা লোক দিয়ে পড়ে শুনলাম এবং জানলাম যে এই কাগজের আগের ইস্ফ্রিলতে তারা খোলাখ্রলিভাবে আপনাকেই সমর্থন করে গেছেন। তারা প্রতিটি ব্যাপারে আপনার ছবি ছাপিয়েছিল এবং সেদিনও ছাপিয়েছিল, কিন্তু হঠাৎ যখন তাঁরা ব্রুলেন যে আপনি হেরে যাচ্ছেন তখন তারা তাই প্রকাশ করল। এবং তাতে আপনার ছবিটাও নণ্ট হরে গেল। অর্থাৎ এই রকম একই জিনিস আমরা প্রতিটি ব্যাপারে দেখি। আমি রিপোর্ট শুনেছি এবং এইসবগ্লো সত্যি কথা যে মুর্শিদাবাদে ও'রা খোলাখ্লিভাবে বলেছেন যে ও'রাই রাজত্ব চালাছেন এবং ও'দের হাতেই থাকবে। এমনকি আমরা এও দেখেছি যে এ'দের মারা ধর্ম গরে, সেই মৌলবী, মৌলানারা সবাই বড় বড় করে সই করে দেপশ্যাল ইস্তাহার বার করেছে। সেইসব জিনিস আমার কাছে নেই, আমাদের আফিসে সেই সমস্ত জিনিস জোগাড় করা হচ্ছে। তারা যে ইস্তাহার বার করেছিলেন তাতে বিধানবাব, অশোক সেন ও বিভিন্ন কংগ্রেস প্রাথীদের জন্য বিভিন্ন জেলায় জ্বেলায় তা বার করেছিলেন। শ্ব্ধু একটা ম্সলমানের নাম যদি থাকত তাহলে কিছ্ম বলতাম না, কিন্তু মৌলবী মৌলানারা এইসব জিনিস করেছেন। অর্থাৎ ধর্মকে এখানে এনে তাদের ভীতি প্রদর্শন করে বলা হয়েছে যে এইভাবে তোমরা চল। মালদহ, ওয়েস্ট

দিনাজপ্র প্রভৃতি যেসব জায়গায় গেছি সেইসব জায়গায় এই একই জিনিস আমরা দেখেছি। কিন্তু এগ্রিল কেন করা হয়? এগ্রিল কি গণতান্দ্রিক নির্বাচনের পন্ধতি? এগ্রিল কি কোন গণতান্দ্রিক দেশে হয়? অর্থাৎ এই ভাবে ধর্মকে নির্বাচনে ব্যবহার করে তাদের উপর ভীতি প্রদর্শন করার যে চেন্টা সেটা কোন দেশেই হয় না। আমার শেষ কথা আমি বলছি যে বিধানবাব্ যা করে গেলেন তার ভোগ আমাদের পাঁচ বছর ধরে ভূগতে হবে। কারণ তিনি যে দ্টোন্ত রাখলেন সেটা আমি ও'র কাছ থেকে আশা করি নি।

[4-20-4-30 p.m.]

তিনি কিনা গিয়ে মসজিদে হাজির হলেন। নাখোদা মসজিদে গিয়ে ইমামের সংগ্রু মাটেতে বসে গেলেন। এবং অন্যান্যরা তাঁকে ঘেরাও করে বসে আল্লার কাছে প্রার্থনা করলেন। আরেকটা ইস্তাহার উডিয়া ভাষায় : তাতে আবার জগল্লাথ মন্দিরের ছবি। সেদিন একজন এর্সোছলেন, তিনি দেখিয়ে গেলেন তাতে উড়িয়া ভাষায় লেখা আছে বিধান রায়কে এবং অশোক সেন্কে ভোট দিতে হবে—ধর্মের দোহাই দিয়া তাঁরা এভাবে ডাঃ বিধানচন্দ্র রায় এবং অশোক সেনের পক্ষে ভোট প্রার্থনা করেছেন। প্রেরীতে জগন্নাথ মন্দিরে তিনি যাবার সুযোগ পান নি. এখানে অনেক কাজ ছিল, তাতেই যেতে পারেন নি। এখানে কালীঘাট মন্দিরে গিয়েছিলেন কিনা জানি না। কিন্ত কথা হচ্ছে, তিনি নাখোদা মসজিদে গেলেন কেন? আমরা যতদরে জানি, মুসলমানদের ধর্মে অন্য ধর্মের প্রচার করা নিষিন্ধ। তিনি সেখানে হঠাং চকে গেলেন কেন? মুসলমানদের যখন চাকরী চলে যায়, অনেকে অস্ক্রীবধায় পড়ে যখন বিভিন্ন কারখানায় ছাঁটাই হয়ে থাকে, তাদের উপর অত্যাচার হয়, তখন তো তিনি কখনো যান না তাদের সংখ্যা মিশতে, তথনতো তিনি তাদের মসজিদে ঢুকেন না। এথানে হঠাৎ তিনি ঢুকে গেলেন কেন ব্রুবতে পারি না। আমাদের দেশের সামনে উদাহরণ রাথবেন কংগ্রেসনেতারা যা দেখে लाक भिश्रत य जाएनत এই পথে যেতে হবে। এ'দের কোন নীতির বালাই নাই, যেকোন রকমে যেকোন উপায়ে ভোট যোগাড় করাই হচ্ছ এ'দের উদ্দেশ্য। কোথায় এ'রা একটা উদাহরণ স্থাপন করবেন, তা না করে তারা গেলেন এসব করতে। আপনাদের কত পরিকল্পনা, অর্থনৈতিক পরিকল্পনা আছে, সেসব কিছুই উল্লেখ করলেন না। আপনি চিরকালই এসব করেছেন। তাহলে আর নির্বাচন করে কি লাভ হল? তাই আমরা আজকে যত শক্তি আছে তা দিয়ে এই জিনিস কনডেম না করে পারি না বিরোধিতা না করে পারি না। এই সমস্ত ঘটনা যা ঘটেছে, যা আপনারা করেছেন, এসবেরই জনা দায়ী কংগ্রেস নেতারা। আমি আপনাদের বলতে পারি এমন বহু, ঘটনা আছে যেখানে তারা আপনাদের বিরুদ্ধে ভোট দিয়েছে গণতান্তিক অধিকার নিয়ে। তারা তো এমনিতেই মরে আছে। আর আপনারা অত্যাচারের পথে যাবেন না। আর তাদের উপর অত্যাচার করতে যাবেন না। তারপর আরেকটা কথা বলব এবং সেটা হচ্চে এই ডাঃ আমেদের ব্যাপার। তিনি জানেন, আশা করি তিনিও আমরা সঙ্গে একমত হবেন। যাই হোক, আরেকটা জিনিস আমি এখানে বলছি, সেদিনও বলছিল।ম. আমি এটা জোর কোরেই বলব—কংগ্রেস থেকে এবার বড় বড় কোম্পানি যার। আছে তাদের কাছ থেকে টাকা যোগাড় করেছেন নির্বাচনী তহবিজো। কেন আপনারা জনসাধারণকে দিতে পারেন না এই ভার? কেন তাদের কাছ থেকে নিতে পারেন না? নিজেদের টাকা যদি না থাকে, যদিও আমরা জানি আপনাদের আছে—কেন সাধারণ মান্ত্রের কাছ থেকে নিতে পারেন না? তা না হলে কিসের গণতাল্তিক অধিকার? কোন সমানাধিকার আমাদের নাই। একদিকে ৪ লক্ষ টাকা খরচ হয়েছে। এই যে অমৃতবাজার পতিকার ছেলে— পেরেন্টিং এটি দি ট্রেজারী বেঞ্চেস) ওখানে বসে আছেন। ৮৪ হাজার টাকা ৪ দিন আগে তুলে নিয়ে গেলেন—৮৪ হাজার টাকা ৫-২ টাকার নোটে নিয়ে গিয়েছেন। আর তারও আগে নিয়ে গিয়েছেন ৩ লক্ষ টাকা এবং সেখানে খরচ করেছেন। এইভাবে যদি—

, Sj. Tarun Kanti-Ghosh: It is a false thing. Let him say it outside. You have been very badly briefed.

[Noise and interruptions.]

8]. Jyoti Basu:

আপনি আপনার এক্সম্পানেসন পরে দেবেন। অম্তবাজার থেকে ৮৪ হাজার টাকা তিন দিন আগে নিয়ে ধান নি? মাননীয় ডেপ্টি স্পীকার মহাশয়, আপনি জ্ঞানেন, এটা সত্য। ধর্ন,

যুদ্রান্তর ও'র কাগজ। আমি বলি তাঁকে যদি না পড়ে থাকেন, ও'রা যে ঐভিটোরিয়াল , লিথেছেন সেটা পড়বেন। যে কারণেই হোক, এটা বোধহয় তাঁদের খারাপ লেগেছে:–তাঁরা বলেছেন অন্বিকাবাব,কে ওথানে দাঁড় করালেন কেন—ওর্থা**ই**ন ও'র দানধ্যান আছে। আপরোর हैन मि हाউজ-এ ভয়েসঃ আর্মেরিকার টাকা, আর্মেরিকার টাকা। আর্মোরকার টাকায় হয় না. निरक्तरमञ्जल होका आह्य। करान ना आर्थान वार्यात होका श्रक-वार्यात होका श्राकटनर स्नारक খক্ত করে। কাজেই আমি যেটা বলছিলাম টাকা খরচ করে তিনি হাবড়াতে নির্বাচনে জয়লাভ করেছেন। যাই হোক, আমার কথা হচ্ছে, এইভাবে আপনারা বড় বড় কোম্পানির কাছ থেকে টাকা নিলেন। এতে জাম্টিস পি, বি, মুখাজী চটে গেলেন, তিনি বল্লেন এটা কি ধুরুণের জাস্টিস? এটা আমি শূর্নেছি এটা হবার আগে ডাঃ রায় স্যার বীরেন মুখার্জিকে ফোন করে বল্লেন—আমাদের টাকার দরকার ; এ রা বুল্লেন, জজসাহেব তো দিতে দেবেন না : কোম্পানির শেয়ার হোল্ডারদের মিটিং ডাক্তে হবে, তা তিনি এই জিনিস দিতে পারেন না, অনুমতি দিতে পারেন না। তখন ডাঃ রায় বঙ্লেন, চেণ্টা করে দেখো। তারপর স্যার বীরেন লেস্ফল মার্টিনএর সজে পর্নার্শ কবলেন। তিনি তো সাহেব মার্টিন সাহেব ইন্ডিয়ান সিটিক্রে কিনা আমি জানি না। তিনি বল্লেন, চাচ্ছে যখন দিয়ে দাও যদি কোর্ট থেকে অনুমতি দেন। এ'রা দুজনেই সাহেব। স্যার বীরেন মুখাজিও সাহেব তাঁর বোধ হয় দেবার ইচ্ছা ছিল না। যাই হোক, কোটে গিন্তা এভাবে অনুমতি নিলেন। জজসাহেব বল্লেন, অনুমতি আমি দিতে বাধা যখন কোন আইন নাই এর বিরুদেধ। তবে এটা হওয়া উচিত নয়। আরেকটা জিনিস ডাঃ রায়ের ভেবে দেখা উচিত। জজসাহেব একথাও বলেছিলেন, তাহলে সমানাধিকার হল কোথায়? এক দিকে একটা কানাকড়ি নাই, অন্য দিকে টাকার পাহাড। এই কি গণতা।ন্ত্রক অধিকার? এভাবে সমানাধিকার কি করে প্রতিফলিত হবে, আমি ব্রুতে পারি না। এবং সেসময়, আপুনি, ডেপ্রাট প্রপীকার মহাশয়, স্বীকার করবেন এসব সতেও লক্ষ্ণ লক্ষ্ণ মানুষ আমাদের সমর্থন করেছে আমাদের ভোট দিয়েছে। যারা আমাদের ভোট দিয়েছে তাদের সাহসের প্রয়োজন, তাদের কত প্রলোভনের হাত থেকে মুক্ত রাখতে হয়। এটাকে দুই পক্ষের মধ্যে সমানাধিকার পণতান্ত্রিক অধিকার বলতে পারেন না। ৫টি দৈনিক পত্রিকা ডাঃ রায়কে কংগ্রেসকে সমর্থন ক্রেছে। আর একদিকে যেসব বামপন্থীদল পার্টি আছে তারা কোন কাগজের সমর্থন পেল না একে সমানাধিকার বলে না। 'যুগান্তর' যেটা বলেছে সেটা হচ্ছে এই যা আমি এইমাত্র উল্লেখ করলাম —ও'দের চাকরিগ্রলো খাবেন না দয়া করে। আমি এটা বর্লাছ যে, এগুলো ভেবে দেখবার বিষয়। একে ডিমোক্রাসি বলতে পারি না, সত্যিকারের ডিমোক্রাসি এ নয়। এটা টাকা পয়সার ব্যাপার-তলে তলে কত লক্ষ টাকা খরচ করেছেন। নির্বাচনের ক্ষেত্রে আমরা দেখোছ বড় বড় লোক নিজস্ব টাকা কংগ্রেস ফান্ডে দিয়েছে। তা ছাডা আমরা দেখেছি সরকারী যন্ত্র বাবহার করা रखिष्ट निर्वाष्टतत वाभात। এक সমানাধিকার বলে না. গণতন্ত বলে না। ডাঃ রায় এবং কংগ্রেসনেতারা দেশকে সর্বনাশের পথে নিয়ে যাচ্ছেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, before we proceed further, I hope you will permit me to say a few words on the speech—a speech which I can only characterise as a very mischievous one—of my friend.

Sj. Jyoti Basu: Mr. Deputy Speaker, Sir, on what is he speaking—is it on a point of order? I think I am the first speaker on this subject.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: The Leader of the House can speak at any stage. I think I have got that right.

8j. Jyoti Basu:

কে বলেছে? লীভার অফ দি হাউজ তা পারেন না। এই ৫ বছরেও পার্লামেকীরি প্রাক্তিস শিখতে, পারলেন না?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I do not want to learn from Sj. Jyoti Basu. He can go and see the rules.

8j. Jyoti Basu: How many times is he going to speak?

- Mr. Deputy Speaker: The Leader of the House can address the House at any time.
- Sj. Bankim Mukherji: The Leader of the House cannot speak at any time he likes.
 - Mr. Deputy Speaker: I have given him permission.
- 8j. Bankim Mukherji: You are going to apply the guillotine. He can speak at the conclusion of the debate.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I speak on a matter of personal explanation. Sj. Jyoti Basu has asked me on the floor of the House and I shall explain to the House what had happened. It was stated that it was wrong to say that I had heard the people shouting "Pakistan Zindabad". I tell him that on the 14th evening at half past eight in front of my house a procession was going with Mohammed Ismail in a car and they were shouting "Pakistan Zindabad".

[Interruption.]

- Sj. Jyoti Başu: Absolute lie
- Si. Hemanta Kumar Chosal: Absolute lie. Don't tell a lie.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I want to dispel the idea that has been carried by Sj. Jyoti Basu's speech that I had anything to say against the party which was running the election. I never mentioned it and I do not mention it. I simply said that those who said "Pakistan Zindabad" are enemies of the country. He says that arrests were made. In fact my speech followed his speech about arrest being made about which he wrote a letter to me and I am making enquiries. I say that the instructions that were given to the Police are that if there is anybody who is going against the country he only ought to be arrested and not anybody and every body. Sj. Jyoti Basu seems to imply that but if I or the Police had taken any action against the party-my rival in the election-it is surprising that my opponent should get 18,000 votes. I did nothing of the kind. I say even now-I repeat it—he might write to Pandit Nehru—he might threaten. I say this as a matter of explanation-I did not say anything more than this that I have heard with my own ears people shouting "Pakistan Zindabad". He challenged the statement that I could not have heard it. I said I heard it.

Si. Jyoti Basu: I give my personal explanation.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On what ground are you speaking? You attacked me and I gave my personal explanation.

[4-30—4-40 p.m.]

8j. Tarun Kanti Chosh:

আমার কথা হচ্ছে জ্যোতিবাব্ যে কথা বলেছেন, সেই সম্পর্কে আমি জানাতে চাই—ঐ চার
লক্ষ ৮৪ হাজার টাকার কথা যা উনি বলেছেন, তা সর্বৈর্ব মিথাা। তিনি বয়স্ক লোক, মিথাাবাদী
তাঁকে বলবো না। আমাদের অন্বিকাবাব্কে নিয়ে 'য্গান্তর' যা লিখেছেন তা বলবার সময়
বিবেকানন্দবাব্র নামও তিনি উল্লেখ করেছেন। কিন্তু তাঁকে উইথ অল হিউমিলিটি জানাতে চাই
বিবেকানন্দবাব্ আমার বাবার বন্ধ্, পিতৃবাতুল্য। তিনি আমাদের কাছে কাজ করেন বলেই,
তাঁকে তাডাবার ক্ষমতা আমার নাই।

(এ ভয়েসঃ ওরে আমার গৌরাঙ্গরে।)

আর গোরাণ্গ বলে কোন লাভ নাই। যা হয়েছে তাই উনি দেখিয়ে দিয়েছেন মাত্র। আরু অম্বিকাবাববৃও আমাদের অত্যন্ত শ্রুখার পাত্র। তাঁকে যা বলা হয়েছে তার জন্য অত্যন্ত দ্বুংখিত নিয়েজ এয়ান্ড ডিসটার্বেন্সেম! (ভয়েসেম অফ বস্কুন, বস্কুম।)

টাকা দিয়ে বাংগালীকে কেনা যায় এ কথার প্রতিবাদ করতে চাই। বাংগালীকে টাকা দিয়ে কেনা যায় না, কোনদ্বিন কেনা যাবে না।

Si. Jyoti Basu:

আমি আবার বলছি উনি যা বললেন তা সবৈ ব মিথা।

[नराष्ट्रः हा, हा, हा।]

আমি বলছি 'অম্তবাজার পত্রিকা' থেকে ৩-৪ দিন আগে নির্বাচনের ৮৪ হাজার টাকা দেওয়া হয়েছে, পাঁচ টাকা ও দুটাকা শুধ, ছিল।

আমার দু, নম্বর কথা আর একবার বলছি-বিধানবাব,.....

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: On what right is Sj. Jyoti Basu speaking?

Sj. Jyoti Basu: On a matter of personal explanation. I am following my leader.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I hope you will take my lead in future.

Sj. Jyoti Basu:

আমি আবার বলছি আমি আগে যে কথা বলেছিলাম, আমি পার্সোনাল এক্সংলানেসনএ বলছি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: He cannot speak now. Then I will speak again

Sj. Jyoti Basu:

আমি যে কথা বলতে যাচ্ছিলাম—যথন সেখান দিয়ে ডেমন্সট্রেশন যায়, তখন একটি লোকও ঐ স্লোগাান দেয় নাই।

্রি ভয়েসঃ দিয়েছে, দিয়েছে।

Mr. Deputy Speaker: Please sit down. I am on my legs.
আমিও দাঁড়িয়েছি। আমি বলতে চাই আপনি যে পার্সোনাল এক্সলানেসনএ দাঁড়িয়েছেন, সেই
পার্সোনাল এক্সলানেসন এখানে হয় না।

Sj. Jyoti Basu:

কেন হয় না? তিনি বলেছেন আমি মিথ্যা কথা বলেছি। আমি ষেটা অ্যাসার্ট করে বলতে চাই—যথন ঐ ডিমন্সট্রেসন ঐ জায়গায় যায়, তথন তারা কেবল ইনক্সাব জিন্দাবাদ, স্লোগ্যান দিয়েছিল, অন্য কোন স্লোগ্যান দেয় নাই। বিধানুবাব্ তথন হলের মধ্যে বসে সেই স্লোগ্যান শ্বনতে পেলেন—এ কথা আপনি বিশ্বাস করবেন? এই সমসত মিথ্যাণকথা মুখ্যমন্ত্রী মহাশয় বলছেন।

Mr. Deputy Speaker: Please take your sit, Mr. Basu. Let Sj. Hemanta Kumar Basu speak.

[4-40-4-50 p.m.]

8j. Hemanta Kumar Basu:

ডেপ্রটি স্পীকার মহাশয় নির্বাচক। যে উত্তাপ স্থিত হয়েছে সেই উত্তাপ আজও চলেছে। এবং কর্তাদন চলবে—তা জানি না। এটা ঠিক যে এই নির্বাচনে বামপন্থী দলকে কংগ্রেস পক্ষ থেকে এবং সরকারের পক্ষ থেকে চেণ্টা করা হয়েছে যাতে করে তারা নির্বাচনে জয়ী হতে না পারে। এবং যেখানে আমরা জয়ী হয়েছি সেখানে সেখানে জনসাধারণের অত্যধিক সহযোগিতা এবং সমর্থন আমরা পেয়েছি। সরকারের এবং কংগ্রেসের গ্রন্ডামি সত্ত্বেও জনসাধারণ নিভীক-ভাবে এই নির্বাচনে তাদের কর্তব্য স্থির করেছেন। আমার নির্বাচনে যেখানে প্রতিযোগিতার কোনও কথাই ছিল না. সেখানেও কংগ্রেসী গশ্ভোরা গিয়ে মারধোর করেছে। তারা ভয় দেখিয়েছে বোমা ফেলেছে এবং লালবাগানে সেখানে ঠিক কংগ্রেস অফিসের উল্টো দিকে এক ভদ্রলোক থাকেন-তিনি আমার সমর্থক। রাত্রে তার বাড়ীতে বম ফেলে তার কাচটাচ ভেঙ্গে দিয়েছে। পর্নির্নেকে রিপোর্ট করা হয়েছে কিন্তু এই পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হয় নি। তারপর মাঝে মাঝে জীপএ করে গিয়ে আমাদের কমীদের ভয় দেখান হয়েছে। তারপরে যোদন ডাঃ রায়ের নির্বাচনের খবর বেরোয় সেদিন একদিকে কংগ্রেসের লোকরা ফ্লাগ নিয়ে দাঁডিয়েছে তাদের উপর প্রিলশের কোন জ্বলুম বা অত্যাচার নেই আর যেদিকে আমাদের সমর্থক দাঁডিয়েছে তাদের উপর অমান ্যিকভাবে লাঠি চালান হয়েছে। জীপে করে গিয়ে তারা বোনা ফেলতে ফেলতে গেছে, প্রলিশের সামনে কিন্তু তার কোন রকম প্রতিকার করা হয় নি। আরামবাগ নির্বাচন কেন্দ্রে সেখানে সেপ্টেম্বর মাসে ফ্রাড হয়, তার সঙ্গে সঙ্গে বন্যার্ত্ত জনসাধারণের কোন সাহাযোব ব্যবস্থা করা হল না-কিন্তু ফেব্রুয়ারি মাসের শেষ দিকে সেখানে টিউব-ও্যেলএর ব্যবস্থা করা হল সেখানে সাহায্যের ব্যবস্থা করা হল, ইউনিয়নএ ইউনিয়নএ গাঁট গাঁট কাপড় বিলির ব্যবস্থা করা হল-

Mr. Deputy Speaker:

আপনি ভোট অন এাাকাউন্ট সম্পর্কে বলন্ন-

[নয়েজ]

Sj. Hemanta Kumar Basu:

এ ছাড়া আরু কি হবে। জেনেরাল এাাডিমি'নম্টেসন সম্বন্ধে বলছি প্রনিশের ব্যবহার সম্বন্ধে বলছি আরু কি বলুবো!

(এ ভয়েস ফ্রম দি কংগ্রেস বেণ্ডঃ আপনিও ঐকথা বলছেন।)

আমার যে অভিজ্ঞতা সারা বাংলাদেশে ঘ্রের ঘ্রের যে অভিজ্ঞতা আমি সপ্তয় করেছি তা থেকেই আমি বলছি এবং যেহেতু আমরা এক সংগ সমগ্র বামপন্ধী দল কংগ্রেসের বিরুদ্ধে এই নির্বাচনে লড়েছি সেই হেতু সেদিক থেকে আমাদের সহযোগিতা ছিল এবং সহযোগিতা আছে। যেসমস্ত ঘটনা ঘটেছে সেই সমস্ত ঘটনা বলতে আমরা বাধ্য। আমাদের নিশ্চয়ই তা বলতে হবে। সাধারণ এগাডমিনিস্টেসন যেভাবে পরিচালিত হচ্ছে সেগ্রাল আমাদের বলতে হবে—কাজেই সেগ্রাল আমি বলছি।

এখন ব্যাপার হচ্ছে এই যে মেডিকেল হেডএ মেডিকেল প্র্যাক্টিসনার্স নম-রেজিস্টার্ড মেডিকেল প্র্যাক্টিসনার্স, তাদের ব্যাপার নিয়ে ১৯৫২ সালে—ডাঃ রায়ের সংগ্য কথা হয় এবং তাদের একটা রিফ্রেসার্স কোর্স পাশ করলে পর তাদের রিকগনাইজ করা হবে। কিন্তু আজ পর্যন্ত তাদের রিশ্রেসার্স কোর্স এর মধ্য দিয়ে ট্রেনিং নাই, এ পর্যন্ত তাদের রেজিস্টার করবার কোন ব্যবস্থা সরকার করছেন না।

তারপরে আরুর্বেদের ব্যাপার। আয়ুর্বেদের বিভিন্ন ইন্সটিটিউসন ষেগ্র্লি আছে, সরকারের একটা নীতি ছিল যে তারা যদি সকলে একসংগ্য মিলতে পারে তাহলে তাদের একটা সরকার রিকর্গনিসন দেবেন। কিন্তু এ পর্যন্ত তারা—বার বার প্রতিনিধি নিয়ে ডাঃ রায়ের সংগ্য আপনাদের সংগে দেখা করেছেন কিন্তু এ পর্যন্ত কোন রকম ব্যবস্থা করা হয় দি। তারপরে স্টেট ট্রান্সপোর্ট এর ব্যাপারে যেভাবে ন্যাসনালাইজেসন করা হচ্ছে আমি ডাঃ রায়ের দ্ভিট বিশেষভাবে আকর্ষণ করিছ যে স্টেট ট্রান্সপোর্ট এর ন্যাসনালাইজড করার পর—এই কলকাতা সহরে আগে যেভাবে প্রাইভেট বাস ছিল প্রত্যেক পাঁচ মিনিট অতর একটা করে বাস পাওয়া যেত—কিন্তু এখন ১০-১৫ মিনিট দাঁড়িয়েও লোকে বাস পায় না। আমার বাড়ীর সামনে ৯নং র্ট দশ মিনিট দাঁড়িয়ে প্লাকলেও বাস পাওয়া যায় না। এবং তার জন্য বাসে অতান্ত ভীড় হয়ে যায়, লোকের কন্ট হয়। কাজেই সেদিক থেকে বাস যদি বাড়ান যায় সরকারকে বিশেষভাবে বিবেচনা করতে হবে।

রিহ্যাবিলিটেসন ব্যাপারে বেতিয়া থেকে সাত হাজার লোক এখানে এসেছে—এসে হাওড়া স্টেশনে শিয়ালদহ স্টেশনে পড়ে আছে। আমরা জানি যে বাংলাদেশের বাইরে সৌরাশ্রে মেরেদের পাঠিরেছিলেন। বাংলাদেশের বাইরে আঞ্চনারা যেসমস্ত উন্বাস্তুদের পাঠান তাদের সেখানে পাঠিরেছিলেন। বাংলাদেশের বাইরে আঞ্চনারা যেসমস্ত উন্বাস্তুদের পাঠান তাদের সেখানে পাঠিরেই আপনারা শেষ করে দেন, সেখানে তাদের একটা স্মুসংগতভাবে প্র্রুপ্তির বাবক্থা তাদের থাকা খাওয়া কাজের একটা বাবক্থা কোন রকম বাবক্থাই আমরা দেখতে পাছি না এবং তাদের উপর সেখানকার করেন। বতুল তারা কেন চলে আসবে? আমরা জানি যে নিনিতালে যেখানে উন্বাস্তুদের পাঠান হয়েছিল সেখানে তারা বেশ ভালভাবেই আছে। কই সেখান থেকে তো চলে আসে নি? তার গানে সেখানে যা সরকারী বাবক্থা তা তাদেব অনুক্লেই ছিল এবং তাদের বেশ ভালভাবেই প্রের্গান হয়েছে। কিন্তু অন্য জায়গা থেকে কেন তারা ফিরে আসছে, বিহার থেকে কেন ফিরে আসছে, উডিয়া থেকে কেন ফিরে আসছে, এ সন্বন্ধে অনুসন্ধান করা দরকার। নৈনিতাল থেকে তো ফেরেনি। কাজেই সে বিষয়ে একটা বাবক্থা করা দরকার। তারপরে বাঞ্চাদেশে আর যেসব উন্বাস্তু আছে আমরা শ্রেছিলাম যে তাদের স্কুর্তু প্নের্বাসন ব্যবক্থা বিফল হবার জন্য ভারও গভর্ণমেন্ট্রর মন্ত্রী খায়াসাহেব এখানে এসে বসেছেন।

[4-50--5 p.m]

1957.

আজকে প্রায় দেড় বছর দ্ব বছর ধরে তারা এখানে এসে বসেছে, কিন্তু তারজন্য কোন পরিকল্পনা দেখছি না। শ্রেনছি যে ছোট ছোট কলকারখানা তাদের জনা করে দেওয়া হবে। কিন্তু দেখি নি যে তাদের অর্থনৈতিক প্রনর্বাসনের বাবস্থা হয়েছে। কোন জায়গায়ই দেখি নি. তা বাংলা গভর্নমেন্ট পারেন নি, ভারত গভর্ণমেন্ট পারছেন না। আর বাইরে থেকে আরো লোক আসছে। তার ফলে নাকি ব্যবস্থা বানচাল হচ্ছে। বাইরে থেকে লোক এলেই ব্যবস্থা বানচাল হয়ে যাবে কেন? গভর্নমেন্টের অনেক লোক আছে, অতএব বাইরের লোক এলেই ব্যবস্থা বানচাল হবে কেন? পূর্ববঞ্জের যা অবস্থা তাতে সেখানে সংখ্যালঘুদের থাকবার উপায় নাই, তাদের চলে আসতেই হবে। তারা আসবেই। গভর্ন খেন্টের নীতি সেইভাবে গ্রহণ করা উচিত। কিন্ত তা গভর্নমেন্ট গ্রহণ করছে না। সেইজন্য উন্বাস্ত্র সমস্যারও সমাধান হচ্ছে না। কাজেই এই ব্যবস্থার মধ্যেই বাজেট ও আমাদের সান্দেন এসেছে। "এই যে ব্যাপার বল্লাম তা ছাড়া আরো সমস্যা রয়েছে। বেকারসমস্যা দিন দিন বেড়ে চলেছে। অথচ কটেজ ইন্ডাম্মিও তেমনভাবে ডেভেলপ হয়ে উঠে নি, যাতে কোরে বহু লোক কাজে নিযুক্ত থাকতে পারে। ডাঃ রায় বলেছেন এই কলকাতায় শিক্ষিত লোকের বাস। সত্তরাং কলকাতার লোক যে আমাদের বেশী ভোট দিয়েছে সেটা ভালরকম বিবেচনা করেই দিয়েছে। তাতে ডাঃ রায় বলেছেন শিক্ষিতের সংখ্যা কলকাতায় বেশী, সেইজন্য এখানে বেশী লোক বেকার হয়েছে। তিনি কি বলতে চান শিক্ষা দিলেই বেকার হবে, সেইজন্য শিক্ষা দিতে হবে না? ইংরেজরা সহজে এদেশের লোককে শিক্ষা দিতে চায় নাই। কিন্তু আমরাও কি বলব যে বেকার সমস্যা বাড়বে শিক্ষা দিলে পর। এই র্ষদি মনোভাব হয় তাহ**লে** আমাদের মধ্যে ইংরেঞ্চের মতন মনোভাবই এসে যাবে। বেকার সুমস্পারও সমাধান করতে হবে, শিক্ষাও দিতে হবে।

আমাদের দেশের পাশেই চীন দেশ তারা ত আমাদেরও এক বছর পরে হাতে ক্ষমতা পেয়েছে। তারা কি করে তাদের দেশের সমস্যা সমাধান করল? তারা আমাদের চেয়েও দরিদ্র ছিল। তাদের উপর শোষণ আরো বেশী ছিল। তারা কি করে করতে পেরেছে, সেইটে অনুসন্ধান করতে হবে—সেই নীতি গ্রহণ করতে হবে। এখানে ৪০ কোটি লোকের বাস, কিন্তু চীনে ৫০ কোটি লোকের বাস, তব্ তারা সেখানকার সমস্যার সমাধান করেছে। (এ ভয়েসঃ সেখানে সমাধান করেছে। (এ ভয়েসঃ সেখানে সমাধান করেছে। পর্ত ভারা সেখানকার সমস্যার সমাধান করেছে। (এ ভয়েসঃ সেখানে সমাধান করেছে। পরি ভারে নি) পেরেছে কি পাারে নাই সেখানে যাঁরা গিয়েছেন তাঁরাই দেখে এসেছেন। সোখানে রাম্ভতার ভিথিরী নাই বেকার লোক কেউ বড় নাই এইসব দেখে এসেছেন। কাজেই আমাদের নীতির মধ্যে দোষ আছে। আমরা বলে আসছি দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকলপনায় দেশ এগিয়ে যাবে, কিন্তু সমাজতন্ত্র প্রতিষ্ঠা করবার জন্য ধনতন্ত্রকে বিলাকত করেই সেটা করতে হবে। আর ধনতান্ত্রিক শোষণের পথ যদি খোলাই রাখি তাহলে কি করে সেটা হবে? গভর্নমেন্ট সাবেক ধারায়ই চলেছে, কাজেই সেদিক থেকে এই যে বাজেট এই যে ভোট অন এ্যাকাউন্টএর কোনই মূল্য নাই। দেশের জনসাধারণের মধ্যে যে বেকার সমস্যা রয়েছে সেটা দ্বে করবার জন্য যে গঠনমূলক কাজ এবং নুতুন নতুন দিল্প, বাণিজ্য গড়ে তোলার যে চেন্টা তার যেমন অভাব আগেই ছিল এখনো তেন্দি প্রায় রয়ে গেছে সেইজন্য এ বাজেটের আমরা কোন গুরুর্ত্ব দিতে পারি না।

Si. Dasarathi Tah:

মাননীয় উপাধ্যক্ষ মহাশ্য়, আমাদের শিক্ষামন্ত্রী মহাশ্য় আমাকে একটা চাকরী দিয়েছেন বর্ধমান ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলার,—

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

অনারারী।

8j. Dasarathi Tah:

অনারান্নীই হোক, যাই হোক, ঢেউ গ্রেবার কাজ পেলে ব্রন্থি থাকলে জাহাজ আটকে প্রচুর আয় করা যায়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমার বোধ হয়, আর্পান সেটা পেরে উঠবেন না—সে অভ্যাস আপনার নাই।

Si. Dasarathi Tah:

পারব না কেন? এই পাঁচ বছরে তাহলে আপনাদের কাছে শিথলাম কি? আমাদের বর্ধমানে একজন প্রবীণ আইনজীবী আছেন, তাঁকে ঠাটা করে বলা হয় বি. এন, জি. বার-অ্যাট-ল, অর্থাৎ বিলেত না গিয়েই ব্যারিণ্টার, আমার চাকরীও সেইরকম, যাক, যখন শিক্ষা নিয়েই আলোচনা কর্রাছলাম, আজকে আমার এথানকার আলোচনা শিক্ষা সম্বন্ধেই হবে। মুখামন্ত্রী মহাশয়কে ধনাবাদ যে তিনি মুখেও ইঙ্গিত করেছেন চাকরী দেবার, কিন্তু তাঁর নিকটতম সহক্ষী যিনি ওখানে রয়েছেন--[অজ্মালি নির্দেশ] অর্থাৎ প্রফল্ল চন্দ্র সেন মহাশয় তিনি একজনের চাকরী খেষেছেন। মুখামনতী এবং শিক্ষামনতী উভয়ই ডাঃ বিধান চন্দ্র রায় মহাশয়ের কাছে একটা জিনিস আমি পেশ করছি। এবারকার নির্বাচনে শিক্ষাবিদদের ভিতর বিশেষ করে মাধ্যমিক শিক্ষকদের অনেকেই প্রার্থী হয়েছিলেন-কংগ্রেসের ভিতর থেকেও হয়েছিলেন এবং বিরোধীদের ভিতর থেকেও হয়েছিলেন। অত্যন্ত পরিতাপের কথা আমাদের প্রফ্লচন্দ্র সেন মহাশয়ের যিনি বিরোধিতা করেছিলেন নরেন্দ্রনাথ ঘোষ মহাশয় (যিনি এখনো এই আইনসভার সদস্য রয়েছেন) তিনি শিক্ষাবতী, তিনি নির্বাচনের জন্য দু, মাসের ছুটি চেয়ে দরখাস্ত করেছিলেন, তাঁকে ছুটি দেওয়া হয় নাই যেহেত তিনি খাদা মন্দ্রীর সঙ্গে প্রতিন্বন্দিবতা করেছিলেন, আইনে যদিও আছে ছুটি পাওয়া যেতে পারে (দি অনারেবল প্রফুল্ল চন্দ্র সেনঃ সেটা যা করবার গভর্নমেন্টই করেন)। জানি গভর্নমেন্ট করেন। ডি. পি. আইর কাছে দর্থাস্ত করে কিছু, হল না। সেকেন্ডারী বোর্ড বল্লে—আমাদের কোন হাত নেই, আমরা জগন্নাথ। এইটে যা হয়েছে, এটা যার কীতি ই হোক এটার প্রতি তার দুন্টি আকর্ষণ করছি। এ জিনিস অত্যন্ত খারাপ।

উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পদ্লী অঞ্চলের শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে কাল কিছু, কিছু, ইপিত করেছিলাম বিশেষ করে শিক্ষামন্দ্রী মহাশয়ের দ্ণিট আকর্ষণ করে। যেহেতু আমাদের সংবিধান বলেছে, নির্দিট সময়ের মধ্যে সমসত নরনারীকে অক্ষর জ্ঞান সম্পন্ন করতে হয় কিন্তু সেই প্রচেন্টা যে বর্তমানে সাফলামন্ডিত হচ্ছে না সেটার দিকে বিশেষভাবে দ্লিট আকর্ষণ করছি।

আমার অগুলের কথাই বলি, ৩০ জন ছাত্রের বিদ্যালয়ে একটি করে শিক্ষক দেওয়া ইয়েছে একথা ঠিক। কিন্তু এবার বন্যার দ্রেগিগে যেসমস্ত বোর্ড স্কুলএর স্পেশাল কেডার স্কুল তার অধিকাংশই বন্যা পর্ণীড়ত অগুলে, এবং সেগ্লি বিন্ধস্ত ইয়ে গেছে। বহু স্কুল এমন রয়েছে—মঞ্জনুর স্কুল রয়েছে, সে স্কুলে শিক্ষক নাই। কাসাড়ী বলে জামালপরে থানায় একটি স্কুল মঞ্জনুর হয়েছে, তাদের সেখানে যথেক ছাত্রও রয়েছে কিন্তু সেখানে আজ পর্যন্ত করেছেন, তারা শিক্ষক নাই, সেখানে যে দ্ইজন ম্যাড়িকুলেট শিক্ষক যারা স্কুল অর্গানাইজ করেছেন, তারা সিলেক্টেড হয়ে আছেন কিন্তু সিলেক্টেড হওয়া সত্ত্বেও আজ সেখানে শিক্ষক নাই। জামালপুর থানার আমড়া এবং ইলস্রা এবং আরো কয়েকটি গ্রামে ১০০র বেশী শিক্ষা নেবার যোগা ছাত্র-ছাত্রী রয়েছে, সেখানে কোন স্কুল নাই অথচ শ্নিন স্কুল করার নাকি প্রচেণ্টা হচ্ছে। কিন্তু সেখানে এই অজ্বাত দেখানো হচ্ছে যে সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা মঞ্জনুর করছেন না তাই এটা হচ্ছে না।

(দি অনারেল ডাঃ বিধান চন্দ্র রায়ঃ কি স্কুল? প্রাথমিক 📝

হাাঁ, প্রার্থামক। অতএব সেদিকে বিশেষ দুল্টি দেওয়া উচিত।

আর এক দিকেও দৃণ্টি আকর্ষণ করছি। প্রার্থামক পর্যায় পর্যন্ত ছেলেমেয়ে দুই এক সংশ্ব পড়বে। ৪র্থ গ্রেণীতে পঙ্গ্লীঅঞ্চলে সহ শিক্ষার বাবস্থা নাই। দু একটি মাত্র জায়গায় সে বাবস্থা আছে। আমাদের পঙ্গ্লী অঞ্চলের যা অবস্থা এবং আমাদের বর্তমান সরকারের যা আর্থিক সংগতি তাতে মনে হয়, পঙ্গ্লী অঞ্চলে সহশিক্ষার প্রবর্তন করা উচিত। অথবা সকালে মেয়েদের এবং দুপুরে ছেলেদের বাবস্থা করা উচিত। নিরক্ষরতা সম্পূর্ণভাবে দুরীভূত যদি করতে হয় তাহলে এখন যে নাইট স্কুলের বাবস্থা রয়েছে সেগ্র্লি প্রহসনের মতন হয়ে আছে। তাদের মাত্র মাসিক ১০ টাকা দেওয়া হয় এবং অধিকাংশ জায়গায় সে মঞ্জুরীও দেওয়া হয় না। আমার মনে হয় রাত্রে স্কুল হলেও যেমন দিনের স্কুলে শিক্ষকদের বেতন• দেওয়া হয়, এবং যেভাবে শিক্ষক নিয়োগ করা হয় সেইভাবে নাইট স্কুলের জন্য আলাদা স্কেল না করে একইরকম যোগ্যতাসম্পায় শিক্ষক, যাঁরা দিনের বেলা পড়ান সেই হিসেবে রাত্রে যারা পড়াবেন তাদেরও দেওয়া উচিত।

[5--5-10 p.m.]

আমি আর একটা বিষয়ের প্রতি দূটি আকর্ষণ করি। আমার যে এলেকা সেই এলেকায় শ্যামস্বাদর কলেজ প্রতিষ্ঠিত হয়েছে। ব্যক্তিগত চেন্টায় এই কলেজ প্রতিষ্ঠিত হয়েছিল কিন্ত এখন সরকারের হাতে এই মহাবিদ্যালয় এসেছে। সরকারের পরিচালনায় যখন এই শিক্ষালয় আসলো এবং যেখানে ম্যানেজিং কমিটি পরিচালক হিসাবে আমাদের প্রফল্লে সেন মহাশয় সংশ্লিষ্ট, আজকে দুঃথের বিষয় সেখানে ছাত্রাবাসে সিডিউল্ড কাহুট এবং মুসলিম স্টুডেন্টদের স্থান হয় না। এই হল সেখানে মুসলমান ছাত্রদের অবস্থা। সেখানে অবিলম্বে মুসলিম ছাত্রাবাসের বাবস্থা করে দেওয়া এবং হিন্দ্র ছাত্রাবাসে তপশীল ছাত্রদের স্থান দেওয়া উচিত। যে ভদ্রলোক এই বিদ্যালয় প্রতিষ্ঠা করেছিলেন তিনি একটা গোঁড়া লোক, সেইজন্য মাসলমান, বাগদী বা অন্যান্য অহিন্দ্র সম্প্রদায়ের ছাত্রদের ঢুকতে দিতেন না। এখন এটা যখন সরকারের হাতে এসেছে তথন সরকারের সর্বাগ্রে প্রয়োজন হচ্ছে সেখানে মুসলমান এবং অনুষ্মত সম্প্রদায়ের ছাত্রদের ব্যবস্থা করা। আর একটা বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। শিক্ষা ব্যাপারটা হচ্ছে দলের উধের্ব কিল্ডু এই শিক্ষা ব্যাপারেও সর্বনার শিক্ষকদের রাজনৈতিক হাতিয়ারস্বর প ব্যবহার করেন। এই নির্বাচন যা হল তাতেই আপনারা তা অনুভব করেছেন। গতবারে বর্ধুমানে যখন মার্জারের বিরুদ্ধে আন্দোলন হয়েছিল সেই আন্দোলনে যোগদানের অপরাধে সেখানকার জনৈক শিক্ষককে জামালপুর হতে কুলটিতে -১০০ মাইল দূরে--সরিয়ে দেওয়া হয়েছে। যারা কংগ্রেসের বির্ক্তেথ গিয়েছিল তাদের কোন কারণ না দেখিয়েই ব্যাপকভাবে ট্রান্সফার করে দেওয়া **হল।** হাইকোর্ট ইনজাৎকসন দেওয়ায় একটা কেসএ এটা বন্ধ হয়ে গেল। এখানে ব্যক্তিগত মতামত দেবার উপায় নেই। এখানে দলগত ভাব নিয়ে যেমন তেমন করে একটা লোককে ট্রান্সফার

করা ভাল নর। এটা কি অবিচার নয়? এরা অম্প বেতন পায় যেখানে এদের বাস আছে, যেমন একটা ঘটনা উল্লেখ কর্রাছ, আমাদের ওথানের একজন শিক্ষককে জামালপ্র থেকে ১০০ মাইল দ্বের সারমারা স্কুলে ট্রান্সফার করা ইল।

তারপর শিক্ষার ব্যবস্থা বর্তমানে যা হয়েছে তাতে আমাদের ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলছি যে আমাদের পদ্ধীগ্রামে শিক্ষকদের কিশলর বই পার না। সার্বাজিতসন বা থানায় বা জেলায় এমন একটা জায়গার ব্যবস্থা থাকা উচিত সেখানে এটা সহজপ্রাপ্য হতে পারে। মফঃস্বল থেকে কিলিকাতায় এসে লাইন দিয়ে তাদের বই কিনতে হয়—এটা অসম্ভব ব্যাপার। এই বিষয়ই অরা একটা ব্যাপারে আপনাদের দ্ভিট আকর্ষণ করছি। আগের বংসরে যেসব গল্প কিশলয়তে দেওয়া হয়েছিল তার মধ্যে এই বংসর ২-৪টির পরিবর্তন করা হয়েছে। মফঃস্বলের আথিক অবস্থা সম্পর্কে আপনারা সকলেই অবগত আছেন। আমরা আগে দেখেছি যে একটা পাটির্গাণত কিনলে একটা পরিবারের ৪-৫টি ছেলে তা পড়তো। আমরা চাই যে আজকের দিনে একটা কিশলয় কিনল যাতে ২-৪টি ছেলেমেয়ে পড়তে পারে সে স্ক্যোগ দেওয়া হোক। এবং এইদিকে আথি আপনার শ্বিটি আকর্ষণ করছি। এই হল শিক্ষার ব্যাপার।

আমি অন্য দিকে আপনার দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি। আমাদের অঞ্চল দামোদর অঞ্চল এবং সেখানে আমরা আশা করেছিলাম যে বনা। প্রতিরোধ হয়ে গিয়েছে। দৃর্গপিনুর বাারেজ উদ্বোধনের সময় বড় বড় সংবাদপতে বড় বড় হৈছিং দিয়ে বলা হল যে, বিংশশতাব্দীর বিজ্ঞান দ্দণিত দামোদরকে বন্দী করিয়াছে, আর বন্দা হইবে না। এইর্প সরকারী প্রচারের উপর বিশ্বাস করে বন্যা প্লাবিত অঞ্চলের অধিবাসীরা নিচু জায়গায় বাড়ী নিম্মান আরম্ভ করেছেন এবং হাজার হাজার পতিত জমিগ্রালিতে বহু পয়সা বায় করিয়া চাষ আরম্ভ করেছিল, এই বন্যায় তারা ধনেপ্রাণে মারা গেল। আপনারা অবিলন্দেব ক্ষতিপ্রেণ দেবার ব্যবস্থা কর্নে।

আর একটা দিকে দৃষ্টি আকর্ষণ করতে চাই। ডি, ভি, সিতে যে ইলেকট্রিসিটি উৎপাদন হচ্ছে তাতে ডি, ভি, সির কাছ থেকে সরকার ইলেকট্রিসিটি কিনছেন এক আনা ইউনিট এবং সেই এক আনা করে কিনে সেটা বাজারে ছাড়ছেন সাড়ে পাঁচ আনা করে। এটা অন্যায়। আমি বলতে চাই যে পঙ্গ্রী অঞ্চলে যাতে ব্যাপকভাবে বিদ্যুৎ সরবরাহ করা যায় তারজন্য অল্প দামে বিদ্যুৎ সরবরাহ করা উচিত এবং সরকারের সেদিকে বিশেষভাবে দৃষ্টি দেওয়া উচিত। আমার আরো অন্যান্য যেসব কথা বলার ছিল তা আর বলবো না। কারণ সময় কম। আজ নির্বাচন পর্ব শেষ হতে চলেছে। কোন ক্ষোভ মনে না রেথে শান্তিপ্রভিবে জনকল্যাণমূলক কাজে সকলেই সহযোগিতা করা উচিত। এবং এই সহযোগিতার প্রতিশ্রুতি দিয়ে আমি আমার বত্তব্য শেষ কর্মছ।

Dr. Radha Krishna Pal:

মাননীয় ডেপর্টি স্পীকার মহাশয়, এই ভোট অন এ্যাকাউন্টস সমর্থন করতে উঠে আমি এখানে দেখছি এ।ডিমিনিস্টেসন অফ জাস্টিস। এই এ।ডিমিনিস্টেশন অফ জাস্টিসে এটা গত নির্বাচনের ব্যাপারে আমাদের অনেক মহার্রাথ অনেক কথা বলে গিয়েছেন। আমি একটু আমার प्राप्त कथा वीन। अथात य जावी विकल्भ शर्जन राम्ने द्वा अराथ मृत्य मृत्य क्री विमय कथा जानिराम्बल य नजन गर्जन राजने द्वार वामर्थान्यापत । जात जावी माथामनी किल्फ मार्गान জ্যোতি বস্ত্র আমার এলাকায় গিয়েছিলেন এবং যে নতন বিকল্প গভর্নমেন্ট হবে তার ভাবী ম্বরাষ্ট্র মন্ত্রী আমাদের কর্নেল বঙ্কিম মুখাজীও সেখানে গিরোছলেন এবং ভাবী যিনি গভর্ণার হবেন, সাদাসিধে সদাশিব হেমন্তবাব্যও গিয়েছিলেন। আপনি জ্বানেন গত নির্বাচনে আমি আমার वन्ध्र नरतनवाद्भरक अतिष्टिलाम। अवात करश्चरत्र स्थाग प्रवात शत जाता विशवक शत्का। अवर তারা আমার বিপক্ষে বন্ধতা দিলেন যে আমি গত পাঁচ বংসরের মধ্যে আমার কন্সটিট রেশিসতে যাথ নি। সতেরাং আমাকে ভোট দেওয়া উচিত নয় (এ ভয়েসঃ একেবারেই কি যায় নি?) নাং এবং আমি স্পর্ধার সংগাত্বলছি যে সেখানে বাজ্কমবাব, গিরোছলেন, হেমন্তবাব, গিরোছলেন তাঁরা এটা সমাক জানেন, যে সেটা আমার নিছক নিজস্ব ফিল্ড। কিন্তু মার্শাল জ্যোতি বস্থ 😘 মামবাগে গিয়ে প্রথম 🛮 কথাতেই বললেন যে ডাঃ রাধাকৃষ্ণ পালের 🗈 নাম উচ্চারণ করতে আমার লম্জাবোধ হয়, কেননা তিনি কংগ্রেসে যোগদান করেছেন। জনসাধারণ তথন ব্রুলো এই হচ্ছে বামপন্থী ভাবী শভর্নমেন্টের মুখ্যমন্ত্রীর মুখনি,সূত প্রথম বাণী। সুন্দর সেই ভাষণ এবং এমন

সন্ধার সেই ভাষণ যা শানে জনসাধারণ ঠিক করলো যে এখানে কংগ্রেসকেই প্রতিষ্ঠিত করতে হবে। তারপর আমাদের ভাবী স্বরাদ্ধ মন্দ্রী বি কমবাব্ব সেখানে ভাষণ দিয়েছিলেন এবং তিনি ভাল বস্তৃতাই দিয়েছিলেন এবং লোকেরা তা শানে মন্ধ হয়েছিল তবং বস্তৃতার মাঝে লোকেরা এ্যাম্পাড করেছিল কিন্তু তাঁর এক কমনীর বস্তৃতায় লোক ক্ষেপে যেয়ে তাকে জন্তায় করে প্রহার করেছিল সে যায়গা ঠাকুর পরমহংসদেবের জন্মস্থান কামারপন্কুর।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, is that a discussion on the motion for a vote on account?

Dr. Radha Krishna Pal: It is concerning administration of justice. ডেপ্টি স্পীকার মহাশয়, আপনি জানেন যে আমাদের মাননীয় ম্খামন্দ্রী মহাশয় গিয়েছিলেন, নাখোদা' মসজিদে এবং অনেক স্থানে যেখানৈ হাজার হাজার ম্সল্যান বাস করে পুবং আপনারা সকলেই জানেন যে ম্সলমানরা তারজন্য প্রেয়ার করেছিল। এইসব করা সত্ত্েও ৺নিরায় তারাই বিরুদ্ধাচরণ করেছিল। আমার কেন্দ্রে এইসমস্ত বিরুদ্ধ প্রচার করা সত্ত্বেও বাংলাদেশে আবার রেকর্ড প্থাপন হয়েছে, ৩০ হাজারের, ২৩ হাজার; সকলের টাকা বাজেয়াণ্ড—মন্কো রাজত্ব স্থোনে উচ্ছেদ হয়ে গেছে। [হাস্য।]

[At this stage blue light was lit.]

আপনি, স্যার, এর মধ্যে নীল বাতি জেবলে দিলেন—আমার তো পাঁচ মিনিট, এখন তো দু, মিনিট হল এবং তিন মিনিট এখনও বাকী আছে। আমি হঠাৎ আমাদের মাননীয় মুখ্যমুকীর ইলেকসান সেদিন দেখতে এসেছিলাম এবং সেজনা বলাই দত্ত স্থাটিট দেখতে গিয়েছিলাম। ডেপ্রাট স্পীকার মহোদয় আপুনি হয়ত অবাক হবেন যে যেখানে ভদ্রলোকের মেয়েছেলেরা এসেছেন ভোট দিতে সেখানে লুখ্গী তলে বল্লো, 'রান্ডা, রান্ডা আয়া' এবং এই বলে তারপর চারিদিকে নাচতে আরম্ভ করে দিল। এই উপায়ে তারা আমাদের ভোটিং বন্ধ করে দিয়েছিল। আমি নিজে দেখেছি যে সেখানে অগানাইজড ফল্স ভোটিং চলেছিল। আমি নিজে দেখেছি যে সেখানে ছেলেদিগকে বোরখা পরিয়ে মেয়ে সাজিয়ে নিয়ে যাওয়া হয়েছিল। [হাস্য] সতেরাং এদের কাছে আদুশ্বাদ মিখ্যা এখানে 'নাগিনীরা ফেলিতেছে বিষাক্ত নিঃশ্বাস, শান্তির ললিত বাণী শোনাইবে বার্থ পরিহাস।' স্তুরাং এই এ্যাডিমিনিস্টেসন অফ জাস্টিস যদি এদের হাতে গিয়ে পড়ত তাহলে কি অবস্থা হত বুঝুন। এদের বিকল্প সরকারের মুখ্যমন্ত্রীর যে রুঢ় বাণী তার ফলেই আমরা জিতেছি। আপনারা জানেন যে যদিও কলিকাতায় অগ্যানাইজড ফলস ভোটিং করে ওরা ২৬টার मार्या ১৮টা সিট পেয়েছে, किन्তु এইরকমভাবে ফলস ভোটিং চালালে নৈতিক অধঃপতনের ফলে আগামী ফাইভ ইয়ার্স এর মধ্যে এখান থেকে কমার্নিস্ট পার্টি উচ্ছেদ হয়ে যাবে। তাঁদের ভাবী বামপল্থী সরকারের মুখামল্টীর যে বচনভঙ্গীমা এবং তাঁর অশোভন বন্ধতার যে সাবলীল গতি তাতে দেখবেন-এখানে কম্যুনিজমএর কোন কিছুই চিহ্নত আর থাকবে না। পি. এস. পি. ডবে গিয়েছিল তারা আবার উঠছে এবং সেটাও আবার ওদের কাঁধ বেয়েই উঠছে। সতেরাং নিশ্চিত আমি এই কথা বলতে পারি যে এই এ্যাডামিনিস্টেসন খাতে আমরা যদি অর্থ মঞ্জরী না করি তাহলে ওরা এখানেও পাকিস্তান স্থিত করবে। সেদিন বলাই দত্ত স্ট্রীটে গিয়ে মনে হল যে যেন ১৯৪৬ সালের পাকিস্থানী পতাকার স্থেগ লাল ঝাডার মিলনের ফলে যে বিরাট রক্তার कानकाणा रराहिन, ठिक म्हिन्स स्मिनिय रहको रराहिन। किन्दु स्मिनि मान रस रम লীগের টাইমেও এইরকম অত্যাচার হয় নি। আমি আপনাকে বলছি—আমি নিজে এইসব দেখেছি অর্থাৎ লীগের টাইমে যা হয় নি তাই আমরা সেদিন সেখানে ঘটতে দেখেছি। শুধ্য তাই নর ঐসব দেখে আমার মনে হল যে যেন কমিউনিস্ট নেতা কমরেড অজয় ঘোষের সংগ্র পাকিস্তানের .মিঃ সুরাব্রদীর একটা কিছু চুক্তি হয়েছিল যে পশ্চিমবাংলা এবং কাশ্মীর তোমাদের দেওয়া হবে অতএব তোমরা পাকিস্তান জিন্দাবাদ বল এবং তোমরা তোমাদের উচ্চ্তু খলতা স্বচ্ছল সাবলীল গতিতে চালাও। আমি এটাই আপনাকে জানাই যে সেদিন ওখদনে ঐরকমভাবে অগ্যানাইক্স ফলস ভোটিং না হলে আমাদের মাননীয় মুখামন্ত্রী ১৫ হাজার নয় ২০ হাজার ভোটে জিততেন। ডেপটি স্পীকার মহোদয় আমি নিজে দেখেছি মে ১০ হাজার লোকের শোভাষাতা চলেছে এবং

আমাদের মুখ্যমন্দ্রী, বাঁর প্রথিবীব্যাপী নাম তাঁর সামনে দিয়ে পাকিস্তান জিন্দাবাদ করতে করতে ও খোলা লরীতে মহস্মদ ইসমাইল ন্যুচতে নাচতে চলেছে এ'রা হবেন দেশের মালিক। বাংলাদেশ এখনও মরে নি। তার প্রমাণ দিয়েছি বহুবাজার কেন্দ্র। তথা বাংলাদেশ।

[At this stage the House was adjourned for fifteen minutes.]

(After adjournment.)

[5.35—5-45 p.m.]

8j. Monoranjan Hazra:

মাননীয় ডেপ্টি দ্পীকার মহাশয়, আমার একর্টা ছাঁটাই প্রদ্রুতা আছে। প্রথম কথা হচ্ছে লাান্ড রেভিনিউ সম্পর্কে আমার বস্তব্য ছিল কিন্তু এখানে দেখছি ল্যান্ড এ্যান্ড রেভিনিউ বিভাগের মন্ট্রীয়হাশয় নাই। যাই হউক আমি আশা কর্বছ উপমন্ত্রী মহাশয় নিশ্চয়ই শ্বের রাখবেন। যথন এই বিষয়ে আলোচনা হয়েছিল আমি তখন এই কথাটাই রাখতে চেয়েছিলাম যে পশ্চিম বাংলায় প্রায় ৬ লক্ষ একর জমি উন্বুত্ত হবে এবং এই ৬ লক্ষ একর জমি ভূমিহীন কৃষকদের মধ্যে বন্টন করবার কথা ছিল। কিন্তু জমিদারী উচ্ছেদের পর দেখা গেল যে তারা সে জমি পাছে না। এখন এই অবস্থায় জমি বন্টনের কোন প্রশ্নই আমাদের সামনে আসছে না। বাংলাদেশের গ্রামাণ্ডলের ভূমি সমস্যার সমাধানে এগিয়ে যেতে হলে—এইভাবে বর্তমান বাবস্থায় এগিয়ে নিয়ে যাবার অবস্থা নেই। সেইজন্য এদিক থেকে আমার বস্তব্য হছে যে প্নরায় পশ্চিম বাংলার উন্বুত্ত সমস্ত জমি অন্সন্থান করে বের করা হউক এবং হোলিডং ঠিক আছে কিনা দেখে এই সমস্ত জমি অন্সন্থান করে বের করা হউক এবং হোলিডং ঠিক আছে কিনা দেখে এই সমস্ত জমি অন্সন্থান করে বের করা হউক। এই ভূমিরাজস্ব বিভাগের সবচেয়ের বড় মান্স্কিলের থথা হছে যে এত বড় একটা সমস্যার সমাধানের ব্যাপারে আন্তর্ভিক প্রচেটার অভাব দেখা দিয়েছে। আজকে বাংলাদেশের কৃষকদের যে দেনা আছে তারপরে সে আশা করেছিল যে জমিদারী উচ্ছেদ হলে পরে তার স্কুনিন আসবে।

ফ্লাউড কমিশন যেসমস্ত স্পোরিশ করেছিলেন, সেই স্পোরিশগ্রিল কার্যকরী করা তো হয় नारे. উপরन्তু দেখা গেল এই যে জমিদারী প্রথা নামে উঠলো বটে, কিন্তু খাজনার বোঝা কৃষকদের चाए थारक राम ना। পिक्ति वाश्नात थाजना एठा कृषकरक मिएउरे रूत् छेপतन्छ य क्किंछ-প্রেণের ব্যবস্থা করা হয়েছে, সেই ক্ষতিপ্রেণের টাকা ও এই কৃষকদের তুলতে হবে। এ যেন গল্পের সেই উলটো ব্রুগলি রামের কথা। এক ঘোড়াওয়ালা রাস্তা দিয়ে যাচ্ছে, আর সেখানে এক খঙ্গ ভিখারী বলছে—হে রাম, আমাকে একটা ঘোড়া দিতে পার না? ঐ যে ঘোড়াওয়ালা ওখান দিয়ে যাচ্ছিল, তার ঘোড়ার একটা বাচ্চা হর্মেছিল, সে ঐ বাচ্চাটি নিয়ে এসে ঐ খঞ্চ ভিখারীকে ঘোড়ার উপর চাপিয়ে দিয়ে বললো এই নে ঘোড়া। আমাদের বাংলার কৃষকদেরও অবস্থা সেই উলটো ব্রুগলি রামের মত। তারা জমিদারী প্রথার উচ্ছেদ চাইলো, আর তার ক্ষতিপরেণের টাকা কৃষকদের উপর চাপিয়ে দেওয়া হল। অবস্থা হলো নামে লর্ড কর্ণওয়ালিশ বিদায় নিল, কিন্তু উলটে ডাঃ রায় তার চেন্বারে চুকে পড়লেন। ভূমি সংস্কার সম্পর্কে সরকারের কোন আন্তঃরিকতা দেখা যায় না। যদি তাই থাকে তাহলে এই ক্ষতিপ্রেণের বোঝা সরকার কৃষকদের ঘাড়ে চাপাবেন না। এই খাজনা সম্পর্কে আমরা বরাবর যে কথা বলেছি তা হচ্ছে এই কৃষি আয়ের উপর যা খাওয়াপরার খরচখরচা তা রেখে যেট্কু উন্দত্ত থাকবে, তার উপর আয়কর বসান হোক। এই বিভাগের সবচেয়ে বড় দুন্নীতি যেটা আছে, সেটা আপনার মাধ্যমে সরকারের গোচরীভত করা আবশ্যক বলে আমি মনে করি। আমি আজকে এখানে দাঁড়িয়ে যে বন্তব্য রার্থাছ তা এই যে আজ এই বিভাগের জন্য আমার সেই স্বাধীনতা পর্যন্ত ছিল না, যে স্বাধীনতার দরকার ছিল। আমি জামীনে খালাস হয়ে ইলেকসন করেছি এবং জামীন অবস্থায় এখানে আছি। এই ভমিরাজম্ব বিভাগের জন্য আমি ডানকুনি রেলওয়ে স্টেশনের দক্ষিণ-পূর্ব অঞ্চলের ৩৬০ ৰিবা জমির কথা বলছি। এই জমিটা রেলওয়ের সারম্লাস ল্যান্ড। যখন এন সি ঘোষ, ই আই রেলওরের জেনারেল ম্যানেজার, তখন এ কে মজ্মদার নামে এক ব্যক্তিকে সেই জমি তিনি বিক্রী করেন। ভারত-সরকারের টাকার এমনই অভাব থলো যে রেলওয়ের সারম্পাস ল্যান্ড বিক্রী করতে হলো। এই এ কে মজ্মদারকে প্থিবীতে খ্রুলেও পাওয়া যাবে না? তবে সেই ০৫০ বিঘা জাম কে কিনলেন? বালিগপ্তের ব্যাৎক ফেলকারী ডাঃ শৈলেন সিংহ আর সর্বজনশ্রশ্যের দ্বগাত রাজ্যপালের সহকমী অধ্যাপক নিমাই মৈত্র, তাঁর স্থার নামে। ডাঃ শৈলেন সিংহ কিনলেন তাঁর নাবালক প্রের নামে। এই জমিগ্রালি ভাগচাষীরা চাষ করতোঁ আগে; তারপরে ও'রা কেনবার পরেও সেই ভাগচাষীরা চাষ করছে। কিন্তু দেখা গেল ভূমিরাজন্ব দন্তর থেকে আরম্ভ করে ডাঃ আর আমেদের ডিপার্টমেন্টের প্র্রু দিয়ে পাঠান হলো উপর তলায় তাঁন্বর ইত্যাদির পরে হ্যালী জেলার প্রিলস স্ব্পারিন্টেন্ডেন্ট বি, এল, ধরের কাছে। তাঁর নেতৃত্বে পাঁচশো প্রিলস দিয়ে জমি ঘেরাও করা হল। সমন্ত ফসল তুলে নেওয়া হল। তারপর সমন্ত কৃষক ও আমার নামে কেস করা হলো এবং এইভাবে চলে আসছে। এই ভূমিরাজন্ব বিভাগে এমন দ্বনীতি চ্কছে। আমি জিজ্ঞাসা করি ভারত সরকারের কি দ্বাকার অভাব হয়েছিল যে অধ্যাপক নিমাই মৈত্রের স্থাী প্রফ্লেল নিলনী দেবাঁর কাছে ও ডাঃ শৈলেন সিংহের নাবালক প্রের কাছে ঐ জমি বিক্রী করবার প্রয়োজন হয়েছিল? এইভাবে সেখানে দ্বনীতি চলে, এইভাবে কৃষকদের ফুলল লান্টন করা হয়। ডাঃ রায় ও আর আমেদ এবং ভূমিরাজন্ব বিভাগের প্রত্যেকে তাদেল সহযোগিতা করেন। এই হলো আমার অভিযোগ। আশা করি এর একটা স্ব্রাহা করা হবে।

সেটেলমেন্ট রেকর্ডেও ঐ সমদত ভাগচাষীর নামে রেকর্ড হয়েছে। সেখানে কতকগ্রলি ফল্স ফৌজদারী কেস করা হয়েছে। তাদের ডোকিউমন্ট নিয়ে দেখান হছে যে ওরা জমির অধিকারী নয়। প্রফ্বল্প সেন, তাঁর বন্ধ্ব গ্রেগরী গোমেশকে ডাঃ রায়ও জানেন। যখন তিনি রামপ্রহাটে ছিলেন, তখন সেখানে চোরাকারবারের অবস্থা এমনই হয়েছিল যে আর এন ব্যানাজীর মত লোকের সপে তার খটাখটি লাগে এবং আর এন ব্যানাজী বাধা হন তার বাড়ী সার্চ করতে। সেই গোমেশকে তখন বাঁচান আমাদের প্রফ্লুল সেন মহাশয়।তাকে চার মাস হয়ে গেল এনে রাখা হয়েছে ওখানকার বড় লোক মিল মালিক জমিদারদের প্রোটেকসন করবার জন্য। এইসমস্ত ব্যাপার চলছে। আমি আপনার মাধামে দৃষ্টি আকর্ষণ করতে চাই সত্ত্বর এর একটা স্বুরাহার ব্যবস্থা করা হোক।

কৃষকদের জমি ফিরিয়ে দেওয়া হোক। প্রিলস বিভাগ পর্যন্ত সমন্ত উপরিওয়ালা তাদের দলের লোক, টাকা খায়। এই অবস্থা বেশী দিন চললে তার ফল খারাপ হবে।

আমার দ্বিতীর কথা হচ্ছে এই জেলাতে আমি বার বার করে বলেছি পালী অণ্ডলে অন্তাদত জলকণ্ট। এই ব্যাপারে মন্দ্রীদের কোনরকম সহ্দের ব্যাবহার পাওয়া যায় নি। আজ চার-পাঁচ বছর এই জলকণ্টের কথা আলোচনা করেছি, বার বার করে এ বিষয়ে সরকারের দ্ভিট আকর্ষণ করেছি। কিন্তু অদাবিধি কোন স্বাবন্ধা সেখানে হয় নাই। সেখানে যা হয়, সে হচ্ছে গিয়ে নিজেদের নির্বাচন বৈতরণী পার হবার সময়। ভোটের জন্য এখানে সেখানে দ্ব-একটি টিওবওয়েল রাখা হয়েছে।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে একটা একটা করে ৪৩টি গ্রামের নাম করছি যেখানে অত্যত্ত জলকন্ট। এ যদি দ্রে করা না হয়, তাহলে বাধ্য হয়ে আমরা রাইটার্স বিলিডংসের সামনে এসে জল চাইব। একটি একটি করে গ্রামগ্রির নাম আমি প্রডিছঃ—

১নং বশিপোতা, ২নং কালীচক, ৩নং রঘ্নাথপ্রে. ৪নং মাথলা, ৫নং কানাইপ্রে, ৬নং বোদের বিল, ৭নং ম্গালা বড়জাল্ম, ৮নং গোবরা, ৯নং নৈচী, ১০নং টিকরান, ১১ বাসাগাছা, পাঁচঘড়া, জয়কৃষপ্রে, উগার্দা, ছ-হানা, কাপাসছাড়িয়া, পিসা, থড়থড়াই, বেগমপ্রে, মনিরামপ্রে, মহাদেবপ্রে, বাসখাদিদপতলা, বাগসা চগ্রীর পার, খোড়াগোছ, দত্তপ্রে, জনার্দনপ্রে, জগয়াথবাটি, পারডানকুনি, কানাইপ্রে, নপাড়া, বগড়া, মনোহরপ্রে, দ্লেপাড়া, মনোহরপ্রে, নন্দনকানন, এইসমস্ত ম্সলিমুগ্রাম। তারপর মথ্রাডিশি, পাবতাগা, ডালকুনী, নিচডানকুনি, চাকুন্ডী, খড়িয়াল, বড়তাজপ্রে, সাতপ্রুক্, মনেছরপ্রে, ম্স্লমানপাড়া, ম্গালা ম্সলমানপাড়া।

আমি এই ৪৩ খানা গ্রামের নাম করলাম, যদি সরকারের দৃঃসাহস থাকে, আমার সংশ্যে এই গ্রামগানিতে ঘ্রবেন—কিভাবে এখানে জলের ব্যাপারগানি করা হয়। নানারকমভাবে নিজেরা প্রকুর কেটে, নালা কেটে, কোনরকমভাবে তারা জল, আনে এবং দেড় মাইল, দৃ মাইল, তিন মাইল দ্রে থেকেও তাদের জল আনতে হয় এবং ডানকুনী ড্রেনেজ ক্যানেলের জল ফ্র্টিয়ে মান্যকে থেতে হয়। এই হচ্ছে আমাদের এ্থানকার অবস্থা।

আর দ্ব মিনিট সময় দিন। গ্রিজনা আমি মাননীয় মন্দ্রীমহাশয়দের দ্বিট আকর্ষণ করবো এদিকের এই জলকণ্ট দ্রে করবার চেণ্টা কর্ন। ভোট আপনারা করতে গেলে এইভাবে জলকণ্ট নিয়ে যদি আপনারা ছেলেখেলা করেন, তাহলে, হয়ত এবারও কিছ্ব কিছ্ব জায়গায় আপনাদের নানারকম কৌশলপ্র্ণ ভোটের সমর্থন মিলেছে। কিন্তু এর পর খ্ব অসম্ভব হয়ে যাবে। দেশের মান্বকে অন্যায় কারণে শিক্ষা দেব এইরকম প্রতিহিংসাপরায়ণ মনোব্তি যেন আপনাদের আর না হয়।

[5 45—5-55 p.m.]

তৃতীয় কথা হচ্ছে গর, সম্বন্ধে, এর আগে গর, সম্বন্ধে আমি বলেছিলাম। মাননীয় ডাঃ আমেদ বর্জে ছলেন—আমার অনেক তথা ভূল। বাংলাদেশে গর্বর যে অবস্থা হয়েছে তা আলোচনা করলে আমরা[†] দেখতে পাই যে গোসম্পদ আমাদের দেশ থেকে অবল_ন ত হতে বসেছে। প্রথম কথা হচ্ছে যে গরুর কোন খাদোর ব্যবস্থা নাই। গরুর জন্য আলাদাভাবে কোন খাদ্য আমাদের দেশে তৈরি হয় না। খড় প্রধান খাদ্য এবং সেই খড়ের এত আঁগ্নমূল্য হয়েছে যার ফলে সাধারণ গ্রহম্পরা কিনে খাওয়াতে পারে না। এবং গর যে জলা খড় সব সময় খায় এটা সব সময় সত্য নয়। তার জন্য ভাল খড় দরকার। তারপর খোলভূষি যা, তাতে এত ভেজাল যে এর ফলে গরুর স্বাস্থ্য খারাপ হয়ে যাচ্ছে এবং দুধ কমে যাচ্ছে এবং তাদের জীবনীশক্তি হ্রাস পেয়ে याटकः। তा ছाড़ा সবচেয়ে যেটা মারাত্মক ব্যাপার যেটা বার বার করে বলা হয়েছে—যে গো-প্রজনন সম্পর্কে আমাদের সরকার অত্যন্ত উদাসীন। আমি গতবারের বক্ততায় বলেছিলাম যে চারশত ষাঁড আছে। ডাঃ আমেদ বলেছিলেন হাজারের বেশী ষাঁড় আছে। যদি গো-প্রজনন ভাল করে না করা হয় জাহলে আমাদের গোসম্পদ বাড়তে পারে না। এ বিষয়ে আমরা বার বার দুর্গিট আকর্ষণ করেছি। গরুর যেসমদত অস্থ করছে সে অস্থ দ্বারোগ্য। আমাদের ভেটেরিনারি সার্জানদের দেখতেও পাওয়া যায় না। যখন তাদের নিমোনিয়া হয় তখন তাদের একটা ইনজেক্সন দেয় কিন্তু গরুর রোগ সারাবার জন্য কোন চেণ্টা করে না। এটা আমাদের বাস্তব অভিজ্ঞতা। সেজন্য আমি বলছি আমাদের দেশে যে ভেটেরিনারি কলেজ আছে সেই কলেজের অবস্থা অত্যন্ত थाताल। स्त्रथात रद्दारुगेन क्यारकारमाराज्यन नारे। एएलाता स्त्रथात थाकराज लास्त्र ना व्यवः সেখানে থেকে দিনরাত আলোচনা করতে পারে না, চিন্তা করতে পারে না—িক করে আমাদের করে হবে এটা আমিও ব্রুতে পারি না। মাননীয় মল্টীমহাশয় পাঁচ বছর ধরে কিছুই করতে পারলেন না। এ যেন ঠিক

operation is successful but the patient died.

এই রকম অবস্থা।

Mr. Deputy Speaker:

এগুলো আগামী বাজেটের সময় ভাল করে বলবেন।

Sj. Monoranjan Hazra:

সেজন্য আমার কথা হচ্ছে অবিলন্দে আপনারা একটা কাজ কর্ন ডিসট্রিক্টএ যে সেন্টারগ্র্লি রয়েছে সেগ্রিল অত্যন্ত এ্যামেচ্রিস ওয়েতে চলে। সাবডিভিসন এ যেসমন্ত সেন্টার আছে সেগ্রিলও অত্যন্ত এ্যামেচ্রিস ওয়েতে চলে। আপনারা ইউনিয়ন ইউনিয়নএ ইউনিয়ন বার্ড-এর প্রেসিডেন্টএর মাধ্যমে কিংবা সেখানে যেসমন্ত কৃষক সমিতি আছে তাদের মাধ্যমে বাতে গো-সন্পদ এবং গো-প্রক্রন ভাল করে করা যায় তার জন্য বারম্পা কর্ন। আমার কথা হচ্ছে যে ইউনিয়ন বার্ড এর প্রেসিডেন্টএর মাধ্যমে সেখানকার যেসমন্ত বেসরকারী প্রতিষ্ঠান আছে তাদের সহযোগিতা যদি নেন তাহলে ভাল হবে। আমার শেষ কথা আমি ছাঁটাই প্রস্তাব দিতেছিলাম কিন্তু বাদ পড়ে গেছে। কাজেই সে সন্পর্কে দৃই-একটা কথা বলব। গ্রাম্য কথায় ক্লান্তে গেলে বলতে হর যে যাহা আপনারা শোনেন—যাহার কোন এ্যাকটর বাইরে থেকে আসরে

আসে তখন যেমন একটা হাতৃতি পিটালে সেখানে শ্রীকৃষ্ণের আবির্ভাব হয় দেখতে পদন তেমনি আমাদের দেশের প্রিলশকেও ভাকলে আসে কিন্তু কারা? বিড়লা টেলিফোন তুললে, বারেন মুখার্জি টেলিফোন তুললে পর্নিলশ হাজির হয়। প্রফ্রেল্রলিলনী দেবী কিংবা শৈলেন সিংছ এরা ভাকলে অমনি পর্নিলস হাজির হয়। কিন্তু আমার ক্রেখের সামনে ভাকাতি হয়ে গেছে আমার পাশের গ্রামে, পর্নিশের সাহাযা প্রার্থনা করা হল কিন্তু তারা আসে নি। আমার নিজের বাড়ীতে চুরি হুয়ে গেল। পর্নিশকে বল্লাম তাতে বল্ল—আপনি এাসেন্বলী করতে গেছলেন কিনা তাই চুরি হয়েছে। কাজেই ডাঃ রায়কে বলছি আপনার পর্নিশ এইসব কাজ করছে। আপনি তাদের একট্ব ভাল করবার চেন্টা কর্ন।

Sjkta. Mani Kuntala Sen:

মাননীয় ডেপ্রটি স্পীকার মহাশয়, বাজেটের উপর বিস্তৃতভাবে আলোচনা করার সময় এখন নেই, পরে সেই আলোচনা করা যাবে। আমি যেদিকে মুখামন্ত্রীর দূর্ঘিট আকর্ষণ कतरा होरे स्मिणे थात भारत प्राप्त प्राप्ता, अथन ना वलाल रहा भारत आह समझ रहा ना। स्मिणे राष्ट्र এই निर्वाहरनेत शेतरेणी श्रीतिन्धीं मन्भरक्री किन्द्र तमर। এवर राहे स्मानाम এ্যাডিমিনিস্ট্রেশনএর মধ্যে পড়ে। নির্বাচনের পরবর্তী অবস্থা সম্পর্কে জ্যোতিঃবাব, যে কথা বলে গেছেন তার সংখ্য আমি আর একট্ন যোগ করতে চাচ্ছি। শুধ্ব যে সাম্প্রদায়িক উত্তেজনা স্মৃতি করা হয়েছে, বা দাংগা লাগানোর চেণ্টা করা হয়েছে, বা মুসলমানদের সম্পর্কে একটা প্রতিশোধমূলক ব্যবস্থা নেবার চেন্টা করা হচ্ছে তা নয়, বরং আমি আমার নিজস্ব অভিজ্ঞতা থেকে বলছি যে কোলকাতার ও শিল্পাণ্ডলে যেখানে যেখানে কংগ্রেস নির্বাচনে পরাস্ত হয়েছে रमशान रमशान এको প্রতিশোধমূলক বাবস্থা নেবার চেণ্টা করা হচ্ছে। এর ফলে হচ্ছে কি. না পাড়ায় পাড়ায় নিরাপদে শান্তিতে বাস করা অসম্ভব হয়ে উঠেছে। আমি আমার কালীফটের কথা বলতে পারি যে সেখানে দটো পাড়াতে এইরকম ঘটনা ঘটেছে। একটা পাড়াতে যারা আমাদেব সমর্থন করেছিল বা আমাদের হয়ে কাজ করেছিল সেইসব ছেলেদের মধ্যে কেউ হয়ত সরকারী বা অন্য কোন বেসরকারী প্রতিষ্ঠানে চাকরী বাকরী করে, তাদের পেছনে এখন প্রতিষ্ লাগান হয়েছে। পর্নিশ এখন রাস্তায় রাস্তায় পল্লীর ভেতরে ঢুকে খোঁজ নিচ্ছে কারা উঠতি গ্রন্ডা। অর্থাৎ ঐসমস্ত ছেলেদেরই এখন উঠতি গ্রন্ডা হিসাবে ধরবার চেণ্টা করা হচ্ছে, যেহেতু আমাদের নির্বাচনে সাহায্য করেছিল বা তারা আমাদের হয়ত ভোট দিয়েছিল। এই যে একটা উঠতি গ্রন্ডা আইন করা হয়েছে সেই আইনেই তাদের এখন ধর্মবারু চেণ্টা করা হচ্ছে। আর একটা পাড়ায় হকার্স কর্মারএ দোকান করে যারা বসে তাদের কাছে সেখানে তিন-চারজন লোক, কংগ্রেসের হয়ে সাহায্য করেছিল তারা গিয়ে ঘুরে ঘুরে তাদের জিজ্ঞাসা করছে যে তারা কাকে কাকে ভোট দিয়েছে। এর উত্তরে কেউ হয়ত বলছেন যে আমরা ভোটার ছিলাম না, আবার কেউ হয়ত বলেছেন যে কাউকেই ভোট দিই নি কিম্বা কেউ হয়ত বলেছেন যে কমানিস্ট পার্টিকে ভোট দিয়েছিলাম তাতে আপনারা কি করতে পারেন কর্ন। এর ফলে কথায় কথায় তাদের তর্ক বাঁধছে এবং কালকে সোডার বোতল ছোড়াছ,ডিও হয়ে গিয়েছে। এ ছাড়া তাদের সামনেও এইরকমভাবে হচ্ছে যে কেমন করে পাড়ায় থাকে দেখব, বা কেমন করে কমার্নিস্ট পার্টি কর তা দেখব, কিম্বা কেমন করে কম্যুনিস্ট পার্টিকে ভোট দাও তাও দেখব। এইসব ঘটনা সেখানে রোজ রোজ ঘটছে। অতএব এইভাবে যদি ঘটনাগলে ঘটে এবং এইরকম ধরণের যদি সমস্ত পাড়ায় পাড়ায় প্রতিশোধমলেক ব্যবস্থা গ্রহণ করার চেণ্টা হয় তাহলে সেখানে কি করে বাস করা যায়। এইসব কারা করছে জানা কথা। সমস্ত পাড়ায় কিছু কিছু যে গ**ু**ডা ছেলে আছে তা জানা কথা। সেজনা বাজেট বক্তৃতায় গ্ৰুণ্ডা ছেলে সম্পৰ্কে একট্খানি ছ'্ইয়ে যাই। আমি দেখেছি পাড়ায় পাড়ায় কিছ, ছের্লোপলে আছে যারা লেখাপড়া শিখার সুযোগ পায় নি তারাই এইসব কাজ করে। বর্তমানে শিক্ষা ব্যবস্থা আমাদের মুখ্যমন্ত্রীর কল্যাণে বড় লোকের ছেলে না হলে কেউ লেখাপড়া শিখতে পারবে না, ক্লাস এইট পর্যদত পড়েই পড়াশ্বনী শেষ করতে হবে। অতএব এই অবস্থা করে তোলার ফলে এই সমসত ছেলেরা রকবান্ধী ছাড়া আরু কি করবে, কারণ তাদের না আছে চাকরী, না আছে লেখাপড়া শেথা। এই সংখ্যা যখন বৃদ্ধি পায় তথন ও'র যা আইন আছে সেই আইনে উড়তি গ্লেডা হিসাবে জেলে পোরার ব্যবস্থা चाट्स, ভাতে निर्वाहत्नत्र त्रमञ्ज अपनत काटक माशात्नात्र भटक मृतिद्ध दश्च। निर्वाहत्नत्र त्रमञ्ज

এই সমশ্য উড়তি গ্রন্ডা যাদের নাম ও'রা খাতায় লিখে রেখেছেন তাদের আবার ও'রা কাব্দে সাগান। অর্থাৎ সেইসময় এদের হাতে টাকা গ'জে দেওয়া হয় এবং স্বেচ্ছাসেবক হিসাবে ব্যবহার করা হয়। তারপরে এই করে করে এদের দয়াদাক্ষিণ্যে এরা যখন পাকা গল্ভা হবে তখন এরাই হয়ত আবার মুখ্যমন্ত্রীর চারিপান্তো বডিগার্ড হিসাবে ঘুরে বেড়াবে। এই সমস্ত উঠতি গুল্ডো দমন করার যে আইন করে রেখেছেন সেই আইন বাবহার করেন কথন? না, যখন তাঁদের প্রতিশোধ নিতে ইচ্ছা হয়। অর্থাং যেসমুস্ত ছেলেরা চাকরীবাকরী করে তাদের সম্পর্কে এই সমুস্ত আইন ব্যবহার করেন এবং পাড়ায় পাড়ায় ঘুরে এই আইন ব্যবহার করার জন্য ঐসমস্ত ছেলেদের হুমকি ও শাসন ইত্যাদি করা হয়। সতেরাং আমি আপনার মারফতে মুখ্যমন্ত্রীর সামনে এই কথাই भास छेल्लाथ करत यारे या এर धतरात वियाक आवराख्या यीन मुन्धि कता रस जारता जिन নির্বাচন বন্ধ করে দিন, কারণ আমরা শান্তিতে পাড়ায় বাস করতে চাই। তা না করে যদি এইরকমভাবে রাজনীতি করা হয় তাহলে পাড়ায় পাড়ায় শান্তিতে বাস করা যাবে না। নির্বাচন যেখানে হয়ে গেছে সেখানে কে কাকে ভোট দিয়েছেন সেটা নিয়ে আরু আলোচনা না করাই শ্রেয়। কারণ দুর্পাঞ্চর রাজনীতি মান্য শ্নেছে, ওরা কতথানি রাজনীতি করেছেন সেটা ওরাই জানেন. ওদের বন্তব্য মানুষ শুনেছে এবং আমাদের বন্তব্যও মানুষ শুনেছে তারপর তারা ইচ্ছামত ব্যালট বাস্কে ভোট দিয়েছেন। কিল্ড তারপরে কেন মান্মকে শাসন হবে? অতএব এই যদি হয় তাহলে নির্বাচনের অর্থ কি ছিল, এইরকম নির্বাচন করানোর দরকার কি ছিল? পাড়ার মধ্যে যেখানে **ला**टकपन मर्था প्रजिटतभी रिभारत ताम कतरा रहत. तन्ध्र रिभारत ताम कतरा रहत. भाषात ছেলে হিসাবে বাস করতে হবে সেখানে তাদের ভিতর এইরকম পার্টিসানসিপ তৈরী করানো বা এইরক্মভাবে গ্রন্ডা তৈরী করে পার্টিসার্নাসপ তৈরী করানোটা তো মোটেই শান্তিপ্রিয়ের কথা নয়। কিন্তু এইসমুস্ত জিনিস তাঁরা করিয়েছেন এবং এইসমুস্ত হয় যদি গ্লেডাদের ব্যবহার করা হয়। শ্বা তাই নয় এইসমস্ত ছেলেদের ও'রো পয়সা দিয়ে ব্যবহার করেছেন।

[:.55-6-5 p.m.]

একটি ছেলেও পান নি পাড়াতে তার হাতে পয়সা গ'্জে না দিয়ে। টাকা পয়সা গ'্জে দিয়ে তবে পেয়েছেন। আর তারা পাড়ার নাম করা গ্'ডা। তারা এখন পাড়ায় ঘ্রের বেড়াচ্ছে এবং দোকানদারদের শাসাচ্ছে। দোকানদার তাদের লাইসেন্সএর ভয় আছে, 'পার্মিট'এর ভয় আছে। তারা আমাকে বলেছে যে তারা বলতে চাই নি—িক মত তারা পোষণ করছে এবং কোথায় ভোট দিয়েছে। তব্ তাদের ধমকে আসা হয়। বেচারারা আমার কাছে এসেছে। সেখানে তারা কি করবে? তাদের বাস করাই দায়। এইরকম অবস্থার স্ছি হছে। আমি সেজনা ম্খামন্টীর দ্ছি আকর্ষণ করছি এবং বলছি যে এদের সংঘত করা দরকার। এই সমসত যারা সতাসতাই স্ভা তাদের কোন দিন ধরা হয় না : আর ধরলেও নির্বাচনের সময় তাদের ছাড়িয়ে নিয়ে আসেন। যদি তার আনতরিকতা থাকে এবং এইরকম গ্লেডা তৈয়ার করার ইছা না থাকে তাহলে এদের সংঘত কর্ন ; এদের শিক্ষা দিয়ে মান্য কর্ন না. রোজগার দিয়ে তাদের আটকে রাখ্ন না, তাদের ত গ্লেডা তৈয়ার করেছেন নিজেরাই। এখন যদি কিছু করতে পারেন তার চেন্টা কর্ন। কিন্তু তা না কোরে এদের ছেড়ে দিলেন পাড়াতে, সমসত এলাকায় এলাকায় ঐ প্রতিশোধম্লক বাবস্থা গ্রহণ করার জন্য, এদের হাতিয়ার হিসাবে বাবহার করার জন্য। এট্কু মার্ট বাজেট আলোচনার উপর বলে রাখছি। এই ধরণের সমাজ বিরোধী দ্রনত লোক স্থিত করার কি কারণ এবং কে তার জন্য দায়ী তার সম্বন্ধ পরে বলব।

8j. Krishna Kumar Sukla:

মাননীয় ডেপ্রটি স্পুরীকার মহাশয়, সাম্পিমেন্টারী বাজেট সম্বন্ধে বলতে গিয়ে আজ এই কথা উপস্থাপিত করতে চাই যে পশ্চিম বাংলা গভর্নমেন্ট গত পাঁচ বংসরে দেশের কোন কল্যাণসাধন করতে পারেন নি. একথা বারে বারে এখানে বলা হয়েছে এবং এখনও বলা হছে। প্রাইমারী স্কুল, হারার সেকেন্ডারী স্কুল, যে হারে আমাদের এখানে হয়েছে তাতে এবং শিক্ষা, কৃষি, কোঅপারেটিভ, লেবার—এসমস্ত ক্ষেত্রেই আমরা ষেরকম যথেন্ট উন্নতি করেছি তাতে একথা

অস্বীকার করার কোন উপায় নাই যে কিছু হয় নি। তবুও আজকে এই সাম্পিনেন্টারী বাজেটকে **छेभनका त्कादा गठ निर्वाहत्तत्र मन्दर्स्य वर् आत्माहना होत्न आनात्र हुन्छ। विदर्शियी भक्की**श বন্ধরো করেছেন। আমি শিল্পাণ্ডল থেকে আসছি এবং সেজনা আমার নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা আছে এই নির্বাচন বিষয়ে। সেখানে আমি এই তথাক্থিত সুম্মিলত বামপন্থী দলের বিরোধিতা করি এবং তাকে পরাজিত করি। সাম্প্রদায়িক এবং সমাজ বিরোধী তথাের উস্কানি দিয়ে কংগ্রেস নির্বাচনে জয়ী হয়েছে এবং তার জন্য চেষ্টা করেছে এই যে সত্যের অপলাপ, তা বারে বারে এখানে করার চেন্টা হয়েছে। সে সন্বন্ধে আমি শব্ধ, এই কথাই বলতে চাই যে কংগ্রেস কোন দিন অন্যায়কে: অসতাকে প্রশ্রয় দেয় নি। তারা কোন নির্বাচনে সাম্প্রদায়িকতার উম্কানি নিয়ে নির্বাচন জেতার চেণ্টা করে নি। বরং আমরা দেখেছি পঞ্চতের যে সম্মিলিত দল তারাই চেণ্টা করেছে সাম্প্রদায়িকতাকে উম্কানি দিয়ে, সমাজ বিরোধী দলকে গ্রন্ডাকে লাগিয়ে কংগ্রেস কমীদের লাঞ্চিত কোরে কংগ্রেসকে পর্মজিত করার। আমি যে শিল্পাণ্ডল থেকে এসেছি —টিটাগড় কেন্দ্র সেখানে দেখেছি তারা কিভাবে সাম্প্রদায়িকতাকে উম্কানি দিয়েছিল এবং সেখানে তার কি রকম নগন রূপ উপস্থাপিত করেছিল। কলিকাতায় পি. এস.• পি. নেতা— তিনি নাকি সতাপীর হয়েছেন—সৈফ,ন্দীন কাশ্মীরী তিনি সন্ধ্যা থেকে আৰুভ কোরে রাত দ্রটো পর্যন্ত মসজিদে গিয়ে মৌলভীদের নাম করে কয়েকজন মুসলমান নেতা ডেকে প্রচার করেছেন এই দূরমন কংগ্রেসকে এখান থেকে তাড়াতে হবে। এইসব এলাকা থেকে কংগ্রেসকে তাডাতে পারলে অবিলম্বে কলিকাতা পাকিস্তানের সঙ্গে যুক্ত হবে (জনৈক সদস্যঃ নাম বলনে) নাম ত তাঁর বললাম—সৈফ্ম্দীন কাশ্মীরী! আমি নাম করেই বলছি যা সত্য কথা তাই। রাত দটো পর্যন্ত ঐভাবে প্রচার করেছেন। লেবার এরিয়াতে বিহারী মুসলমান এবং বাঙ্গালী মুসলমানদের বোঝানর চেষ্টা করেছেন যে কংগ্রেসকে পরাজিত করা চাই, তাহলে সমুস্ত শিল্পাঞ্চল পাকিস্তানের সংখ্য যাত্ত করা হবে। বহাবাজার কেন্দ্রে যে নির্বাচন হয় সেই নির্বাচন কেন্দ্রে উপস্থিত থাকার সৌভাগ্য বা দৃ্রভাগ্য আমার হর্মেছিল সেদিন। আমি সেদিন দেখেঁছিলাম সাম্প্রদায়িকতার নগন রূপ। যারা সেদিন ডাঃ বিধানচন্দ্র রায়ের বাড়ীর সামূনে এসে অম্লীল ভাষায় গালাগাল করেছিল, যারা সেদিন প্রসেশন নিয়ে বেরিয়ে পড়েছিল বামপন্থী দলের জর হযেছে বোলে, তারা কোনরকম শালীনতা বজায় রাথতে পারে নি। তারপক্রে সাম্প্রদায়িকতা এবং গ-েডাগিরিকে কংগ্রেস উম্কানি দেয় একথা যে বলা তার চেয়ে বড় মিথ্যা কথা হতে পারে না। অতএব আমি মনে করি যে নির্বাচনের উল্মার বহিঃপ্রকাশ যথেন্ট প্রশমিত হয়েছে এবং এসেমব্রির মধ্যে এখন সেই নোংরামি না টানলেই ভাল হত। আমাদের সব চেরে লঙ্জার কথা বিরোধী পক্ষের নেতা যিনি তিনিই এই ঝগড়াকে প্রশ্রয় দেবার চরম অভিনয় করেছিলেন। তিনি এখানে এসে ডাঃ রায় এবং কংগ্রেস কর্মীদের ঘাড়ে দোষ চাপিয়ে দিয়ে এড়িয়ে যেতে চান। সাম্প্র-দায়িকতার উম্কানি তারাই দেন, আমরা দিই নি। আমি সে দিন এখানে ছিলাম, আমি দেখোছ কি চরম অবস্থা সেখানে হয়েছিল। সেদিন জ্যাকারিয়া স্ট্রীটের মধ্য দিয়ে, সেম্ট্রাল এর্ভোনউএর উপর দিয়ে কোন হিন্দরে যাওয়া অসাধ্য হয়ে উ**র্চে**ছিল। সেদিন তারা বলেছিল পাকিস্তানে চলে যাচ্ছে কলিকাতা। আজ আমি তাদের কাছে বলি নির্বাচনন্বন্দ্র যথন শেষ হয়েছে এবং নির্বাচনের সমস্ত ঘটনার উপর আমরা একটা পর্দা টাৰতে যাব, তখন তার জের টানা উচিত नम्र। क्षत्र টोनल **ाँए**न्द्र भक्क ভान श्रद ना। जाँएन्द्र यে त्नाश्त्रामि जारक जाका पिन, स्म নোংরামি আর টানবেন না, ভরি ভরি প্রমাণ রয়ে গেছে এই নির্বাচনে বিশেষ কোরে যারা কমিউনিস্ট পার্টির সামনে যে যেখানে প্রতিঘদ্দিতা করেছে সেখানে রাজনীতিকে বিসর্জন দিয়েছেন, মতবাদকে বিসর্জন দিয়েছেন এবং যত কিছ্ব নোংরামি তাই তাকে টেনে এনে এই নির্বাচনে কংগ্রেসকে বিচার করারু চেন্টা করেছেন, এবং শিল্পাণ্ডলের যে কথারু বারে বারে এখানে প্রমাণ দেবার চেষ্টা করেছেন তার অন্যতম কারণ হ'ল বিরোধী পক্ষের তরফে সাম্প্রদায়িকতাকে উম্কানি দিয়ে কংগ্রেসকে পরাজিত করার চেন্টা। আমি আজ আপনার মাধ্যমে বিরোধী বন্ধদের কাছে অনুরোধ জানাতে চাই আমরা যথন আপনাদের সহযোগিতা নিয়ে নতুন দেশকে গড়ে তুলতে স্টাই তখন প্রত্যেকের সহযোগিতা নিয়ে এই গভর্ন মেন্টের চলা উচিত। আমি সেইজন্য তাঁদের কাছে অনুরোধ করি যৈ কনস্টাকটিভ সাজেসান দিন এবং বাংলার উন্নতি করুন, সাম্প্রদায়িক বিষ ছডিয়ে বাংলার উন্নতি হবে না।

8j. Sasabindu Bera:

মাননীর ডেপ্রিট স্পীকার মহাশয়, আমার আজকে অনেকগ্রনি ছাটাই প্রস্তাব ছিল, তার মধ্যে এই নির্বাচন ব্যাপারে সরকার কিভাবে নিরপেক্ষ এবং ন্যায়ভাবে নির্বাচন চালাতে অক্ষম হয়েছেন সে সম্বন্ধে আমি আলোচন্যু করতে বাধ্য হচ্ছি।

প্রথমে একটি কথা বলি। আমরা যখন এখানে গভর্নরের ভাষণের উপর বিতর্কে হউক বা বাজেট সংক্রান্ত আলোচনার উপর হউক এই সরকারকে সমালোচনা করে থাকি তখন এই পর্যালোচনার মাধ্যমে সরকারকে সজাগ সত্তর্ক করবার চেষ্টা করি। আমাদের সমালোচনা পার্টির ম্বাথেটি যদি করা হয়, শাসন ব্যবস্থায় এর যদি কোন মূল্য না থাকে তা হলে আমাদের দেশে গণতান্ত্রিক শাসনবাবস্থা কিসের জন্য? আমি এই প্রসংখ্য গতকাল যুগান্তরে রাজ্যপালের ভাষণের বিতকের যে বিবরণ প্রকাশিত হয়েছে তার একট, এখানে পড়ে শোনাচ্ছি। "এই দিবসের সভায় দেও মাস পূর্বেকার রাজ্যপালের ভাষণের উপর বিতর্ক বহুলাংশে অবাশ্তর শুনাইতেছিল। রাজাপাল তাঁহার ভাষণে কংগ্রেস গভর্নমেন্টের যে কার্য পিবররণী এবং কর্ম নীতি পেশ করিয়াছিলেন তাহাই প্রকর্তপক্ষে নির্বাচনের সময় প্রত্যেকটি জনসভায় আলোচ্য বিষয় হইয়া দাঁড়াইয়াছিল এবং এই দেড মাসের মধ্যে পশ্চিমবংগরে জনসাধারণ ঐ কর্মনীতি ও কার্যবিবরণীর উপর তাহাদের রায় দিয়াছেন। নির্বাচকমণ্ডলীর রায় প্রকাশিত হইয়া যাইবার পর সদসোরা ষেন একটা নির্থাক ময়না তদন্তের কাজ সারিতে ছিলেন।" বিধান সভায় বিরোধী পক্ষের সমালোচনা সম্বন্ধে যুগান্তের মত প্রতিষ্ঠাসম্পন্ন কাগজের এইরকম আলোচনা অতান্ত বিদ্রান্তিকর। এই অধিবেশনে গত নির্বাচন সম্বন্ধে যে সমালোচনা হচ্ছে যুগান্তরের ঐ উদ্ভির ফলে জনসাধারণের মনে সে সম্বন্ধে যে ধারনাই হোক, তব, আমাকে বলতে হবে যে ফ্রী এ্যান্ড ফেয়ার ইলেকশনএর সুযোগ এখানে হয় নি। একটা নির্বাচনের রায়ই শেষ কথা নয়। এ বিষয়ে আমি যদি একটি কথা বলি তাহলে বুঝতে পারবেন যে যে এলাকাগুলি অপেক্ষাকৃত শিক্ষায় অগ্রসর, বা রাজনীতিতে অগ্রসর যেমন কলিকাতা এলাকা এবং অন্যান্য সংলগন এলাকাগ্রাল সেখানে কংগ্রেসের বিরাট পরাজয় হয়েছে 'অথচ অপেক্ষাকত অলপ শিক্ষিত ও অনগ্রসর এলাকায় অর্থাৎ পল্লী অঞ্চলে কংগ্রেস অপেক্ষাকৃত বেশী সংখ্যক সাফলা লাভ করেছে। এর ন্বারা কি এইটেই স্পন্ট হয়ে উঠে নি, যে সমগ্র রাজ্যে যদি স্বাধীন ও নিরপেক্ষ পরিস্থিতির মধ্যে সচেতন মান,যদের ভোট হত, তা হলে ভোটের রায় অনার প হোত?

[6.5-6-15 p.m.]

আমি একটি পল্লী অঞ্চল থেকে আসছি, সেখানে নির্বাচনের যে অভিজ্ঞতা আমি লাভ করেছি সে সম্বন্ধে একটি ইতিবৃত্ত যদি আমি আপনার কাছে রাখবার চেন্টা করি তাহলে আপনারা দেখবেন যে আমাদের দৈশের অজ্ঞ জনসাধারণের অজ্ঞতার স্থোগ নিয়ে কিরক্ম অন্যায়ভাবে এই নির্বাচন কার্য চালাতে এই সরকার পরোক্ষভাবে সাহাযা তাঁদের নিজেদের দলকে করেছেন। সেখানে মিখ্যা অপপ্রচার চালান হয়, নানা প্রকার ভয় দেখান হয়, গোপন ভোটের বাবস্থা সম্বন্ধে অজ্ঞ জনসাধায়ণকে বলা হয় যে এই ভোটকে কাকে দিচ্ছে ধরে ফেলা হবে এবং ধরে, তাদের শায়েস্তা করে দেওয়া হবে যারা কংগ্রেসকে ভোট দেবে না। তাই মুসলমানদের মধ্যে ধর্মের জিগার তলে, পাকিস্তান সম্বন্ধে ভয় দেখিয়ে তাদের ভোট কিভাবে আদায় করবার চেষ্টা হয় সে কথা সকলেই জানেন। এখানকার এক সদস্য মহাশয় আমার এলাকায় গিয়েছিলেন, আমি তাঁকে জিজ্ঞাসা করি যে তিনি এই নির্বাচনী কার্যের জন্য কেবল মুসলমান এলাকাগ্রলিতে গিয়েছিলেন কেন? সেজনা সেখানে যদি ধর্মসংক্রান্ত প্রশ্ন না থাকে তাহলে भूप, यूजनयान এनाकाग्रीनरक र्वष्ट्र निरंत्र यूजनयानरम्त्र यर्पा आलाठना करवार ठाउँ कि প্রয়োজন ছিল? অজয়বাবু, সেচমন্ত্রী মহাশয়, আমার এলাকায় গিয়ে বস্তুতা করে এলেন যে সোনে বামপন্থী এলাকা বলে এখানে কিছু কাজ হয় নি এবং কংগ্রেসী এলাকায় অনেক বেশী কাজ হয়েছে। এবং তাঁর পনজের তমলকে এলাকায় নাকি অনেক বেশী কাজ হয়েছে। এদিকে আমি অজয়বাবুর দুগিট আকর্ষণ করি যে আমার উত্তরে ইতিপর্বে যেটা শম্ভবাবুর এলাকা, যেটা কংগ্রেসী এলাকা ছিল, সেই আমরদা ইউনিয়ন সেচ বিভাগের অকর্মণ্যতার ফলে জলে ডবে গিয়ে সেখানে চাষাবাদের কাজ এবছর কোন কিছুই হয় নি। সেজন্য সরকারের

দ চিট আকর্ষণ করে আমি অনুরোধ করছি যে তাঁরা যেন নিরপেক্ষভাবে নাায়নীতিকে আশ্রর कटल भाजनकार्य भित्रिठालना करतन। प्रत्मित जकल मानाय छात्र राथात एम रायात रेय जतकात्रहे প্রতিষ্ঠিত হোক না কেন তাদের কাছ থেকে তারা ন্যায় বিচার ও ন্যায়ভাবে স্ববিষ্ণুর অংশই তারা চায়। অতএব নির্বাচনের ক্ষেত্রে নিজেদের ক্ষমতাকে তাঁরা যেন অপব্যবহার না করেন। এইরকম অন্যায়ভাবে অপপ্রচার করে জনসাধারণকে বিদ্রান্তী করে ও'রা এই নির্বাচনকার্য চালিয়েছেন। আমি আমার এলাকায় দেখেছি যে কংগ্রেস পক্ষ থেকে গ্র-ডাদল নিয়ে মিটিং ভাষ্গবার চেন্টা করা ইয়েছে এবং দরিদ্র বন্ধ্ব যাঁরা আমাদের সমর্থন করতে চেয়েছেন তাদের বন্দকে দিয়ে পর্যন্ত কংগ্রেসের পক্ষের লোকেরা ভয় দেখিয়েছেন। এ ছাডা আর একটি বিশেষ বিষয়ে আমি আপনার দ্বিট আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে এই যে কংগ্রেস দলের পক্ষ থেকে রাজনৈতিক প্রচার কার্যের জন্য আমাদের রাষ্ট্রীয় পতাকাকে নিয়ে যাবার কথা হয়েছে। একটি দলীয় স্বার্থের জন্য আমাদের রাষ্ট্রীয় পতাকাকে কবহার করার বিরুদ্ধে আমি তীব্র প্রতিবাদ জানাই এবং আমি এই সরকারকে অনুরোধ জানাই যে তুর্ারা যেন তদন্ত করে দেখেন যে এমনি ভাবে আমাদের রাষ্ট্রীয় পতাকাকে কোন দলীয় স্বার্থে প্রয়োগ করাবার চেণ্টা করা হয়েছে কিনা। এইভাবে প্রচার কার্যের ম্বারা জনসাধারণকে বিদ্রান্ত করবার চেণ্টা করা হয়েছে, ভয় বদেখান হয়েছে। নির্বাচনের দিনেও দেখেছি যে প্রলিশ মোতায়েন থাকা সত্তেও অন্যায়ভাবে কংগ্রেস পক্ষ নিষিম্ধ এলাকার মধ্যে প্রচার কার্য চালিয়েছিল, বামপন্থীদের তরফ থেকে ফল্স ভোটিং ধরিয়ে দেওয়া হয়েছে, কিন্তু সেই ফল্স ভোটিং যারা দিচ্ছিল তাদের বেমালুম ছেডে দেওয়া হয়েছে। এখানে ব্যালট পেপার বিক্রয় পর্যন্তও চলেছিল। এইরকম একটি কেসকে অবশ্য স্থানীয় কমীরা প্রালশের হাতে হ্যান্ড ওভার করে দিয়েছিল, কিন্তু জানি না আমাদের কংগ্রেসী ন্যায় বিচারে শেষ পর্যন্ত তার কি ব্যবস্থা হবে। একটি বৃথের কথা এখানে বলা প্রয়োজন। হাওড়া জেলার শ্যামপ্রকুর এলাকায় চাঁপাবাড় গ্রামে একটি বৃথে কংগ্রেসের গ্রন্ডারা ক্যাম্প ভেঙেগু দিয়ে সেখানকার যা কিছু, ছিল সব তচনচ করে দিয়েছে। এইরকম অন্যায় অব্যবস্থার মধ্যে আমাদের নির্বাচন কার্য চালান হয়েছিল। সেজনা আমি এই সরকারকে অনুরোধ জানাই যে নির্বাচন র্যাদ রাখতেই হয় তাহলে এটা যাতে ন্যায়স্পাতভাবে সত্যের উপর ভিত্তি করে হয় তারজন্য • তাঁরা চেষ্টা করবেন। এ ছাড়া আর একটি বিশেষ অনুরোধ আমি জানাব যে গত নির্বাচনের যে একটি তিক্ত অভিজ্ঞতা আছে সেটা হচ্ছে এই যে গত নির্বাচনে আমি আমার এলাকা থেকে বামপন্থী প্রাথী হিসাবে জয়যুত্ত হয়েছিলাম এবং দেখেছিলাম যে কংগ্রেসের পক্ষের প্রালশের পরে আমার এলাকায় বহু নিরপরাধ মানুষের উপর অন্যায় অত্যান্তার চালিয়েছিল। সেজন্য আমরা আশুকা করি যে দরিদ্র এবং অজ্ঞ মানুষ যারা অন্তরের টানে রাশি রাশি টাকার বিরুদ্ধে, সমস্ত লোভ সম্বরণ করে এই বামপন্থীদের উন্নততর রাষ্ট্রনীতির উন্নততর শাসন ব্যবস্থার আশায় সহায়তা করেছিলেন তাঁদের উপর যেন অন্যায় জল্ম না করা হয়। আমি ডাঃ রায়ের কাছ থেকে আশা করি যে, তাঁরা এই অন্যায় আর করবেন না এবং নিরপেক্ষভাবে যাঁরা নিজের মতান,যায়ী ভোট দিয়েছেন তাদের উপর যেন •কোন অন্যায় অত্যাচার না হয় এবং আম অন্রোধ করবো ভবিষ্যতে সমানভাবে সকল সদস্যদের মর্যাদা রক্ষা করবার জন্য যেন তিনি প্রস্তৃত থাকেন।

8j. Natendra Nath Das: Mr. Deputy Speaker, Sir,

আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় যে টাকা বরান্দ চেয়েছেন সেই সম্বন্ধে শুধ্ আমি একটি বিষয় উল্লেখ করবো। আমাদের মেদিনীপুরে শিক্ষা বোর্ড এই নির্বাচনে তারা তাদের কর্তব্যদ্রুষ্ট, নীতিশ্রুট হয়েছে। তার স্কুল বোর্ড এর শিক্ষকদের নিয়ে কংগ্রেসের ভলান্টিয়ারদের কাজে লাগায়। স্পেসাল কেডারএর শিক্ষক ও ছান্তদের নিয়ে প্রসেসন বের করে, সভ্যু করে। তারা স্কুল কামাই করে ক্যানভ্যাস করে বেড়ায় এবং বাড়ী বাড়ী তারা ভোটের লিস্ট নিয়ে গিয়েছিল। অথচ জ্ঞান চৌধুরী মহাশয়ের এক প্রশ্নের উত্তরে বর্লোছলেন যে, স্কুল বোর্ড এর স্পেশাল ক্ষেত্রার টিচার্সন্থ নির্বাচনে প্রোপাগ্যান্ডা করতে পারবে না। কিন্তু আমাদের ওথানে স্কুল বোর্ড সেক্ষা শোনেন বিনু। সেথান্সকার স্কুল বোর্ড এর চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান এই নির্বাচনের প্রার্থী ছিলেন। এবং তারা স্পেসাল কেডার টিচারদের নিয়ে কাজ করেছেন এ আমরা প্রমাণ করে দিতে পারি। শিক্ষামন্ত্রী মহাশয় আমাদের প্রতিশ্রুতি দিয়েছিলেন যে

সার্কলার দেবেন। আমরা ডি. পি. একটা আইকেও সম্বশ্ধে একটা রেজিস্টার্ড লেটার দিয়েছিলাম, তার উত্তর পাই নি। আমাদের যে রাইভাল ছিলেন তিনি ওখানে শিক্ষক সমিতির চেয়ারম্যান। আমি তাঁকে বললাম যে শিক্ষামন্ত্রী ডাঃ রায় এসেন্বলীতে স্টেটমেন্ট দিয়েছিলেন যে কোন শিক্ষক, প্রাইমারী টিচার্স বা ম্পেশ্যাল কেডার টিচার্স, এ জিনির্স করতে পারবে না, কারণ পার্বালক এক্সচেকার থেকে তাদের বেতন দেওয়া হয়। তাতে এ বলাতে তিনি বললেন যে ঐসব তিনি আইন সভায় বলতে পারেন. কিন্তু এ বিষয়ে শিক্ষকদের কাছে কোন সার্কুলার আসে নি। এ বিষয়ে 'আমি ডি. পি. আইএর কাছে চিঠি লিখেছিলাম, কিন্তু তিনি তার উত্তর বা কোন সার্কুলারও তাদের দেন নি। আমি भाननीय भिकामन्त्री महाभारक विदेश जन्मन्त्रात करत एएए वलव रा न्कल रवार्ष्ण वहेतकम সমুহত কাজ করা হচ্ছে কিনা। অর্থাৎ স্পেশ্যাল কেডার টিচার্স বা আপার প্রাইমারী টিচার্সদের তাঁরা ঠিক এইভাবে ভলান্টিয়ার হিসাবে ব্যবহার করছেন কিনা? সূত্রোং আমি বলব যে. সরকার থেকে এ বিষয়ে একটা নির্দিষ্ট নীতি নেওয়া উচিত, কেননা যদি কোন স্কুল বোর্ড নীতিদ্রুট হয়ে থাকে তাহলে সেই স্কুল বোর্ডকে বাতিল করে দেওয়া উচিত। অতএব যাঁরা শিক্ষকদের নিষ্য় ভলেণ্টিয়ার হিসাবে ব্যবহার করছেন সে বিষয়ে আমি আশা করি যে ম**ল্টা** মহাশয় বিশেষ দৃষ্টি দেবেন এবং অনুসন্ধান করবেন।

তারপর শিক্ষা বিষয়ে আমি আরও দুই-একটি কথা বলতে চাই। আজকে সেকেন্ডারী এড়কেশন বোর্ডের কাজের ভাগ এমনভাবে করা হয়েছে যে শিক্ষা বিভাগকে বললে তাঁরা বলেন যে সেকেন্ডারী এড়কেশন বোর্ড টাকা দেবে, তাঁরা সেই টাকার জন্য দায়ী নন, আবার সেকেন্ডারী এডকেশান বোর্ডকে বললে তাঁরা বলেন যে শিক্ষা বিভাগ আমাদের টাকা মঞ্জুরী করে পাঠায় নি। আগে স্কুলের এইসমুস্ত গ্রান্ট-ইন-এডের ব্যাপার বছরে তিন-চার বার করে আসত, কিন্তু মাননণীয় শিক্ষামন্ত্রী মহাশয় যদি অনুসন্ধান করে দেখেন তাহলে দেখবেন যে বর্তমানে বছরে গ্রান্ট-ইন-এডের ব্যাপার বছরে একটি বার যায়—অর্থাৎ নয় মাসের গ্রান্ট-ইন-এড নেই। শিক্ষকরা কি তাহলে হাওয়া থেয়ে থাকবে? অর্থাৎ তারা তিন-চার মাস বেতন পাচ্ছে না। সূতরাং তিনি **এটা कि अनुभन्धान करत एम्थरन य होका किन এই**क्क्रम्हारव हेत्रत्वातील शहीन राष्ट्र অবশ্য মন্ত্রী উপমন্ত্রী যাঁরা আছেন তাঁদের তো বেতন মাসিক মাসিক ঠিক হয়ে যাচ্ছে কিন্ত এই শিক্ষকদের বেতন দেবার বেলায় কোন প্রকার রেগ্রলারিটি আনা হয় না কেন? সত্তরাং এই গ্রান্ট-ইন-এড যাতে নিয়মিতভাবে পাঠান হয় সে বিষয়ে তিনি দুল্টি দেবেন। এই প্রসংগে স্টেট অরফ্যানেজের কথা একর্ট্ব বলব—সেটা হচ্ছে কন্টাই স্টেট অরফ্যানেজ। সেখানকার অনেক ছাত্রী আমাদের বালিকা হাই স্কুলে পড়েন। আমি মাননীয় পরেবী মুখার্জি মহাশয়ার দূল্টি এ বিষয়ে আকর্ষণ করেছিলাম এবং বলেছিলাম যে সেখানে তারা স্কুলে বেতন দেয় না। অর্থাৎ দেড় দুই হাজার টাকা বাকী পড়ে আছে, তব্যু তারা স্কুলে বেতন পাঠায় না। স্কুতরাং গভর্নমেন্টের যেখানে টাকা দেবার কথা সেখানে কেন যে স্কুলকে এমনভাবে বঞ্চিত করে রাখা হয় আমি তা জানি না। সেই স্টেট অরক্ষ্যানেজের টাকা বছরে দুই-একবার মান্ত্র গিয়ে পেশছায়। সেজনা আশা করি মন্ত্রী মহাশয় এ বিষয়ে অনুসন্ধান করে দেখবেন। তিনি আর একটা যে জিনিস দেখবেন সেটা হচ্ছে সিডিউল কাস্টদের স্পেশাল স্টাইপেন্ডএর ব্যাপার। আমি জানি যে বহু যোগ্য ব্যক্তি তারা এটা পায় না। অথচ বর্ধমান জেলার ব্যাপারে আমি জানি যে সেখানে এক কংগ্রেসী এম এল এর যে দুটি ছেলে কলেজে পড়ে তারা অবস্থাপর হয়েও মাসিক ৫০ টাকা করে বৃত্তি পেয়ে যাচ্ছে। সতেরাং দরিদ্র যোগ্য প্রাথীরা যে কেন পাচ্ছে না সে বিষয়ে আশা করি শিক্ষামল্টী মহাশয় অনুসন্ধান করে দেখবেন।

আর একটা কথা যেটা আমার বলবার আছে সেটা নিরে অন্যান্য অনেক বন্ধরা বলেছেন বলে আমি বেশী বলে সময় নন্ট করব না। আমার ওখানে যে টিউবওয়েল সম্প্রতি হল আমি তেশা নাম দির্রোছ ভোট টিউবওয়েল। সেখানে যে ওয়াটার সাম্প্রাই কমিটি আছে আমি তার সভা : কিন্তু আমি বা এস. ডি. ও. কিছু জানলেন না. অথচ বহু টিউবওয়েল এই দিনবাচন উপলক্ষে ভোট হবার দুই-চার দিন আগে এক-একটা জায়গায় বসে গেল। কিন্তু কোথা থেকে এই টিউবওয়েল বসল তা আমরা ওয়াটার সাম্পাই কমিটির কেউ কিছুই জানতে পারলাম না। সভএব আমি আশা করি মন্ত্রী মহাশয় এইসব বিষয়ে ভালভাবে অনুসম্বান করবেন।

[6-15-6-25 p.m.]

এমনও তো হতে পারে যে কেন্দ্র থেকে কোন নির্দেশ নাই। যারা নির্বাচনের কার্যে ভারপ্রাণ্ড আছেন তারা এইরকম কৌশল করছেন। টিওবওয়েল করে দিয়ে বলছেন, এই তো টিউবওয়েল করে দিলাম, একটা করে ভোট দিও। বিরোধী পক্ষ আমন্ত্রা কিছুই জানতে পারলাম না, ওয়াটার সাংলাই কমিটি আছে, তারাও কিছ, জানতে পারেল না, কোন খবর পেল না। আশা করি এগলো যাতে বন্ধ হয় তার ব্যবস্থা করবেন, তা না হলে নির্বাচনের কোন মানে হবে না। গণতন্ত প্রকৃতই চালা রাখতে হলে যদি জয়য়ন্ত করতে হয় তাহলে এই অসাধ্তা এই করাপসন বন্ধ করতে হবে এবং ডাঃ রায় যিনি লীডার অফ দি হাউজ তার বিশেষ করে এই বিষয়ে দুন্দিট দেওয়া উচিত। তাঁকে ভলে যেতে হবে কে কোথায় দাঁডিয়েছে, তাঁকে দেখতে হবে নিরপৈক্ষতার সঙ্গে যারা এই নির্বাচন অন্যায়ভাবে পরিচালনা করেছে তারা কারা। আমি বলব কংগ্রেসী দল • যেভাবে এবারের নির্বাচনে অন্যায় প্রশ্রম দিয়েছেন গতবারের নির্বাচনে তাঁরা তা করেন নি। আশা করি ডাঃ রায় এ বিষয়ে অনুসন্ধান করে খোজ খবর নেবেন। আমি জানি না কমিউনিস্ট পার্টির বন্ধ্রা কে কি করেছেন, তার উত্তর তাঁরা দেবেন। কিন্তু পি, এসু পি, পক্ষ থেকে আমি বলতে পারি কোথাও কোনপ্রকার অসাধ্তা করি নি—জোর করে আমি এই কথা এই সভায় বলে যেতে পারি। আমরা নীতির উপব লড়াই করেছি। কংগ্রেসী বন্ধরো যে ভূরি ভূরি অন্যায় করেছেন তার প্রমাণ আমি দিতে পারি। তারা সতামেব জয়তে মুখে বলেন, কিন্ত কি মিথ্যা প্রচার তারা করেছেন আমি সে বিষয়ে মাননীয় মুখামর্ণাচকে অনুসন্ধান করতে অনুরোধ করি। কারণ তা না হলে নির্বাচনে সাধ্যতা, নিরপেক্ষতা এবং গণতন্ত্র আসতে পারে না।

Janab S. M. Abdulla:

মাননীয় ডেপ্রটি স্পীকার মহাশয়, আজকে কমার্নিস্ট পার্টির পক্ষ থেকে বিশেষ করে ম্সলমানদের দরদী বন্ধ, হিসাবে ম্সলমানদের কমিউন্যাল সাজিয়ে এই নির্বাচনে জয়ী হতে চেন্টা করেছেন। কিন্তু অতানত দুঃথের বিষয় আজ কারা মুসলমানকে কমিউন্যাল করেছে? কার্যু काानकां विवाद वारेत्व अराजिक भूझीराज मामनामानामात वर्तनाच वारे कराविम शंकन समे राजामानामा শত্র? আজকে গ্রামে গ্রামে বহু মিলাত করে কাশ্মীর ইসু নিয়ে পণ্ডিত নেহরুকে নিন্দা করে ভারতীয় কমিউনিস্ট পার্টি ভারতীয় জাতীয় সরকার মস্লুলমানের শত্র, এই কথা বার বার প্রচার করেছে। আজকে মুসলমানকে কেউ যাদ কমিউনাল করে থাকে তাহলে এই কমিউনিস্ট পার্টি আমি অন্য কোন পার্টিকে বিশেষ দোষ দিচ্ছি না, কারণ তাদেরকে আঁমরা জানি। তাদের একটি আদর্শ আছে। কিন্তু কি আদর্শ ছিল কমর্মেন্ট পার্টির? যারা ভারতের ন্বার্থ জানে না. দেশের স্বার্থ জানে না. যাদের সম্মুখে কোন জাতীয় প্রবলেম নাই, কোন কন্সট্রাক্টিভ নীতি নাই, একটি মাত নীতি ছিল সেটা হচ্ছে জিততে হবে আমাদের এই ইলেকসনে তাতে যদি ভারতের ৩৬ কোটি লোক ধরংস হয়ে যায় তাতেও তারা পিছপা হয় না। আমি জানি ডাঃ রায়ের ইলেকশনএর দিনে হাজার হাজার শ্রমিক কেশোরাম কটন মিল থেকে আনা হয়েছিল। আমি তাদের চিনি, নাম পর্যন্ত করে দিতে পারি, সেই স্মুস্ত নেতাদের যারা প্রক্সি ভোট দিয়েছে এবং ভোট তারা কিনেছে টাকা দিয়ে। আমার এরিয়াতে আমি জানি দুইটি বুথে ২,৩০০ ভোট ছিল, সেথানে কিছুতেই ভোট দিতে দেয়ু নি কমানিস্ট্রা। বেলা ১টা পর্যন্ত সেখানে ৫০-৬০টি ভোট কাস্ট হয়। বেলা তিনটার সময় ডিণ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে জানিয়ে সাড়ে তিনটার সময় ভোট কাস্টিং আরম্ভ হয়। এই সময় ডাঃ হৃষিকেশ পাল এবং ডাঃ তারাপদ নস্কর বল্লেন যে রায়ট করে দৈব। তখন আমরা ডি. এম,কে টেলিফোন করি। তখন দুই হাজার গ্রন্ডা নিয়ে र् वित्मनवाव एक अवर जाता भाषावाव क म्यानमा ना स्माति और विकास क्षेत्र करत पिरा भूगिमाल নিয়ে আসে। আমাদের ওথানকার হাই স্কুলএর ভোটের ওথানে যেহেতু লেৰার ভোটার বেশি এবং লেবার অফিসার মানা করেছিল তাকে পাঁচ হাজার লেবার দিয়ে ঘেরাও করেছিল। তারপর প্রিলস এসকর্টএ তিনি বাঁচেন। এসব ক্লেকর্ড আছে। কোন অসতা কথা বলাছ না। প্রাক্তকে সকালবৈলা, এমন একটা স্ল্যাকার্ড দেওয়া হয় যাতে অকথ্য ভাষায় আমারই মেয়েকে—আমার বলা উচিত নম্ন, ক্লাস এইটএ পড়ে তাকে নিয়ে এ সমস্ত লেখা হয়েছে এবং এ নিয়ে একটা রায়ট বাধবার চেণ্টা হয়েছিল, সে স্ল্যাকার্ড এখনও আমার কাছে আছে। সেজন্য আমি বলতে চাই তারা সত্যিকার দেশের দরদী নয়, যারা দেশকে পদর্শলত করে, তারা রাজনীতির জন্য সমস্ত কিছু

বিসর্জন দিদেছে। আজ কমিউনিন্ট পার্টি ভারতের ৩৬ কোটি লোকের সমস্যা সমাধান করতে বার নি, তারা সমাধান করতে গিয়েছে রাশিয়ার সমস্যা। সেজন্য আমি বলছি আজকে যে ম্সলমানদের মধ্যে কমিউন্যাল ফিলিং এসেছে তার জন্য দায়ী কারা, ম্সলমানের শত্র্ এই কমিউনিন্ট পার্টির লোকেরা। তারা,দেশের শত্র্, জাতির শত্র্, এবং ম্সলমানের শত্র্। তারা ম্সলমানদের অজ্ঞতার স্যোগ নিয়ে—ম্সলমানারা র্যাদ কংগ্রেসের এগেনন্টে ভাট দিয়ে থাকে তার জন্য দায়ী ম্সলমানরা নয়। তারজন্য দায়ী কমিউনিস্ট পার্টি এবং তাদের নীতি। সেজন্য তারা শ্বে ম্সলমানের কাছে দায়ী নয়, তারা জাতির কাছেও দায়ী। তারা দেশদ্রোহিতা করেছে। তারা, কালকাটা এবং স্বার্ব এর আবহাওয়া বিষাক্ত করেছে। অন্যান্য পার্টির সম্বন্ধে আমরা একথা বলতে পারি না। যেসব ম্সলমান হিন্দ্রম্থান থেকে পাকিস্তানের স্বন্দ দেখে এবং যারা দেখায় তারা উভয়ই জাতির শত্র্। আমি সেজন্য বলছি উভয়ের শাস্ত্রিত হওয়া উচিত, এই কমিউনিস্ট পার্টির শাস্তিত হওয়া উচিত। একথা আমি জোর কয়ে বলতে পারি তারা ম্সলমানদের বন্ধ্বন্য, তারা ম্সলমানদের শত্র্, এবথা যেন ম্সলমান ভাইরা মনে রাখেন।

[6-25-6-35 p m.]

Sj. Hemanta Kumar Chosal:

মাননীয় ডেপ্রটি স্পীকার মহাশয়, আমি শ্বে এই প্রশ্ন রাখতে চাই যে এই যে নির্বাচন হল তার মধ্য দিয়ে দেশের যে অবস্থা আমাদের চক্ষের সামনে পড়েছে এবং যেগুলি অবিলম্বে করা প্রয়োজন সেই প্রশ্নটাই আমি সর্বাল্যে রাখতে চাই। আমাদের মাননীয় মুখামন্ত্রী মহাশয় আমার নির্বাচনী এলাকায় প্রচারের জন্য গিয়েছিলেন এবং তিনি বোধহয় তার জীবনে এই প্রথম স্কুন্দ্রবনে গিয়েছিলেন। তিনি সেখানকার অবস্থা দেখে শুনে বাস্ত্র অভিজ্ঞতা নিয়ে এসেছেন এবং এই ধারণা নিয়ে তিনি সেখানে গিয়েছিলেন যে সুন্দরবনে বুঝি শুধু জঙ্গলই আছে। কিন্তু সেখানে গিয়ে তিনি দেখলেন স্কুনরবন অণ্ডলে মান্ত্র্যন্ত থাকে—শুধু মান্ত্র্য কেন স্কুর স্কুর মান্য থাকে। যাই হউক সেই হিসাবে পল্লী অণ্ডলে যে বাস্তব অবস্থা তুলে ধরেছি নির্বাচন উপলক্ষ করে এবং যেহেতু তিনি সেখানে নিজে গিয়ে স্ববিচ্ছইে বাস্তব চেহারা দেখে এসেছেন। সেই জনাই আমরা আশা করি এখন যে বন্তব্য আমরা এখানে রাখব সেটা বাস্তবের সংখ্য মিলিয়ে নিয়ে আশ্র প্রতিকারের চেষ্টা করবেন। আমি এই নির্বাচন উপলক্ষে যেটা দেখেছি সন্দেরবনের বর্তমান অবস্থা আমাদের সেচমন্ত্রী যিনি আছেন তাঁকে আমি বলছি এখনি এই বাঁধগুলি রক্ষা করবার বিশেষ প্রয়োজন আছে। নির্বাচন উপলক্ষে যে সময় চলে গিয়েছে সেই সময়ের মধ্যে যে কাজগুলির উপর হস্তক্ষেপ করবার দরকার ছিল তাতে দারুন অবহেলা হওয়ার ফলে স্কুনরবনের বাঁধের অবস্থা সাংঘাতিক হয়েছে। এর পরে আর বলবার স্যোগ পাব না সেইজনা মাননীয় ডেপ্টি স্পীকার মহাশয় আমি এ বিষয়ে এ'দের সাবধান করে দিচ্ছি। এখনন কাজে হস্তক্ষেপ করবার বাবস্থা করনে। বাঁধের অবস্থা খারাপ এবং এইজনা নোনা জল প্রবেশ করে আগামী বংসরের ফসলের সমূহ ক্ষতি হবে।

বহু জায়গায় নাঁধের অবস্থা খারাপের্র জন্য, ঘেস্ ভেঙ্গে মাঠগুলিতে নোনা জল উঠে জিম নণ্ট হয়ে যায় এবং আগামী বছরের যে ফসল তার সম্হ ক্ষতি হবে। সেইজন্য আমি এই মন্তব্য রাখতে চাই এবং অন্রের্ধ করবো যে এক্ষ্বিণ এদিকে বিশেষ মনোযোগ দেবার প্রয়োজন আছে। কারণ এখানকার সমস্ত সাধারণ মান্বের বাঁচামরা নির্ভার করছে। দ্বিতীয় প্রশন, যেটা আমি প্রত্যক্ত দেখে এসেছি। স্বুন্দরবন অণ্ডলে এবারে নির্বাচন উপলক্ষে প্রত্যেক গ্রামে গ্রামে ঘ্রের, সেখানকার বাস্তব অবস্থা লক্ষ করে দেখেছি, যে গর, স্বুন্দরবন অণ্ডল থেকে একেবারে উজাড় হয়ে গিয়েছে। সেখানকার এমন একটা গ্রাম নেই যেখানে শতকরা ৭০ থেকে ৮০ ভাগ গর, মরে গিয়েছে। কাজেই এবার সেখানে চাষের কাজে একটা সঙ্কট দেখা দেবে, সে বিষয়ে সন্দেহ নাই। আমি দ্বু-একটা ঘটনা দেখিয়ে দিচ্ছি আপনার দ্বিট আকর্ষণ করবার জন্য। এবারে যারা গর্মে হাড়ের ব্যবসা করেন, তাঁরা ক্ষমন্ডব লাভবান হয়েছেন। সেখানে এত বেশী সংখ্যক গর্ম মারা গিয়েছে, ডাঃ আহমেদকে বলছি, আমি নিজের বাস্তব অভিজ্ঞতা থেকে বলছি, আমি নিজেদেখে এসেছি যে নদীর ধারে ধারে গর্মর হাড়ে এক-একটা স্ট্যাক হয়ে গিয়েছে; সেইসব আমরা আর ক্ষনেও দেখি নি। সেইজন্য আমি মনে করি এটা একটা বিশেষ প্রয়োজন যে আমাদের

গো-সম্পদকে ব্রক্ষা করা; এবং ষেটা চলে গিরেছে সেটা দেবার বাবস্থা করা হোক, যদি চাষের কাজ আগামী বছর শ্রু করতে হয়। আমি প্নরায় মদ্যীমহাশয়কে এ দিকে বিশেষ নজর দেবার জন্য অনুরোধ করছি, তা না হলে চাষের সমূহ ক্ষৃতি হবে।

তৃতীয় প্রশ্ন হল, আমি আমার অভিজ্ঞতার মধ্যে দিয়ে দেখেছি,—প্রাতন প্রশ্ন তুলতে চাই না, তবে আমরা নির্বাচনে যে রাজনৈতিক সংগ্রাম করেছি, তার যে ফলাফল, সেটা ঠিক যেমনভাবে মান্য রায় দিতে চান, তাই দিয়েছেন। এখন আমরা যায়া এসেছি এবং একত্রিত করে যাতে আমাদের দেশকে বাঁচাতে পারি তার জন্য চেন্টা করা উচিত। এবং আমাদের যা বন্ধর সংশ্রে করার তার জন্য চেন্টা করা উচিত। এবং আমাদের যা বন্ধর প্রক্রে ক্রার্থারে সতিকারের কার্যকারী রূপ দিতে পারে সেদিকে লক্ষ রেখে একটা নিরপেক্ষ ব্যবস্থা অবলম্বন করা উচিত। সেইজন্য আমি অন্রোধ করবো; আমি বিশেষ করে বলে রাখছি, যেহেতু ডাঃ আহমেদ আমাদের নির্বাচন কেন্দ্রে গিয়েছিলেন, এবং সেটা একটা অত্মান্রায় ফসলের দেশ, এবং গো-সম্পদ, যেটা তাদের একমান্র সম্পদ, সমস্ত তিনি দেখে এস্ফেছন। গো-সম্পদ ও বাঁধের উপর সেথানকার জনসাধারণ সম্পূর্ণ নির্ভার করে বে'চে আছে। আমি আশা করি এই দ্টা জিনিসকে, যা উনি দেখে এসেছেন ভাল করে মনে রাখবেন। সেখানে কিছ্ব কিছ্ব রিভোঞ্জং মনোভাব দেখা দিয়েছে, সেগ্রিল যাতে বন্ধ হয় এবং স্ক্র্য আবহাওয়ার স্কৃতি হয় তারজন্য যেন উনি চেন্টা করেন, এই আমার আবেদন।

8j. Bankim Mukherji:

মাননীয় ডেপটি স্পীকার মহাশয়. এই যে গ্র্যান্ট অন এ্যাকাউন্ট চাওয়া হয়েছে, তাতে আমার কয়েকটি আপত্তি আছে। পাঁচ মাসের জন্য কেন চাওয়া হয়েছে, দুই মাসের জন্য চাইলে পরেই ত যথেষ্ট হত। যথন বাজেট ডিসকাসন হবে আশা করি যত শীঘ্র হয় ততুই হচ্ছে গণতন্ত্রের দিক থেকে প্রয়োজনীয়—যে নতুন হাউস এপ্রিল মাসে স্কৃতি হবে। কেননা সমস্ত ভারতে বোধহয় প্রেসিডেন্টের নির্বাচন এপ্রিল মাসে করতে হবে। স্তেরাং তার পূর্বে এতথানি সময় নেবার প্রয়োজন হয় না। অর্থাৎ ওথ অফ এলিজিয়েন্স নিয়ে এপ্রিল মাসে নতুন হাউস রিকন্সিটি-টিউটেড হবে এ বিষয়ে সন্দেহ নাই : এবং হাউস রিকম্পিটিটিউটেড হওয়া মাত্র, যত শীঘ্র সম্ভব হাউসে বাজেট ডিসকাসন হওয়া উচিত, হয় এপ্রিলের শেষে কিন্বা মের প্রথমে। যাদ ব্রুতাম যে এমন একটা ব্যাপার ঘটেছে, বর্তমানে যে গভর্নমেন্ট রয়েছে সেটা পরিবর্তন হয়ে অনা গভর্ন মেন্ট হবে, তাহলে পর হয়ত একট্র সময় লাগতে পারত বাজেট পরিবর্তন করার জনা। অর্থাৎ বাজেটটাকে নতুন কোন একটা নীতি নিয়ে এসে পরিবর্তন করা। কিন্তু এখন বোঝা बाट्फ वर्जभान स्व गर्छन स्मन्धे तसारह स्माग्रेभिक किहा अमनवनन इस्य स्मर्ट गर्छन सम्बद्ध এবং বাজেটের যে বিশেষ কোন পরিবর্তান ঘটকেতাও নয়। বিশেষ কেন, কণামাত্রও যে পরিবর্তান ঘটবে তাও আমরা আশা করি না। অর্থাৎ যে বাজেট এদিটমেট ছাপিয়ে আমাদের সামনে ধরা হয়েছে, সেই বাজেট এন্টিমেট ডিসকাসন করবার পক্ষে এত বিলম্ব করবার কোন যান্ত নেই। নতুন করে যে বাজেট তৈরি করতে হবে তা নয় : বাজেট তো তৈরি হয়েই রয়েছে : এবং হাউসও রিকিন্সিটিটিউটেড হতে বাচ্ছে। সূতরাং সেখানে পাঁচ মাসের জন্য অন এ্যাকাউন্ট গ্র্যান্ট চাওয়া মানে কি? তার মানে হচ্ছে সব জিনিসেই যেমন চিমে তেতালায় এই গভর্নমেন্ট চলে তাই भौठ मात्र शास्त्र ताथरमन स्य क्रमारे, आशम्धे मारत्र यीन वास्त्रचे फित्रकात्रनथत क्रमा छाका श्रा এই যে হাতে রাখবার চেন্টা পাঁচ মাস, এইটাই হচ্ছে আমাদের ঘোরতর আপত্তি। পাঁচ মাসের জন্য অন এ্যাকাউন্ট কেন নিচ্ছেন? দ্ব-মাসেই যথেন্ট। উনি যা নিচ্ছেন তারু ভিতরেতে দুই মাস কাজ চলতো, এবং তার ভিতর তিনি বাজেট ডিসকাসন করে নিতেন সমগ্র বছরের জনা; এবং তারপর এই বাজেট ডিসকাসন করাটা একটা নিরপ্রক প্রহসনে পরিণত হচ্ছে, এইজ্লনো বে পাঁচ মাসেতে তিনি প্রায় ৫০ পারসেন্ট টাকা খরচ করে নিচ্ছেন। ৫০ পারসেন্ট হবে না, ৪৮/৪৯ পারসেন্ট। ক্লিন্তু পাঁচ মাসে যা হওয়া উচিত সেই প্রোপোর্সনটা, তাঁরা এ থেকে ঢের বেশী নিচ্ছেন। সে দিক থেকে আমার ঘোরতর আপত্তি আছে। অন এাকাউন্ট বখন তারা নিচ্ছেন, তখন তাদের উচিত ছিল, পাঁচের বারো অংশের চেয়ে কম নেওয়া। অর্থাৎ প্রোপোর্সনেটাল পাঁচ মাসে বা হওরা উচিত তাতে ও'দের ৪০ কোটির চেরেও কম টাকা স্যান্ক্সন নেওরা উচিত। • বেশী টাকাটা রেখে দেওয়া উচিত, নতুন যে হাউস হবে, তাঁরা এসে বাজেট ডিসকাসন করবেন। কিন্তু ও'রা পাঁচ মাসের এ্যাকাউন্টএ নিচ্ছেন কত টাকা? ছয় মাসে যে টাকা খরচ হওয়া উচিত, অর্থাং বাজেটের অর্ধাক, তাই তাঁরা নিয়ে নিচ্ছেন, এটাই হচ্ছে ঘোরতর আপত্তির বিষয়। কারণ এতগর্লি টাকা যদি খরচ করবার স্যার্ধ্বন্সন নিয়ে নেন, পাঁচ মাসের জন্য, বাজেটে আলোচনা করবার প্রয়োজন বোধ না করেন, তাহলে পর অর্ধাক টাকাটা একটা প্রমান হাউস থেকে পাশ করিয়ে নিয়ে, নতুন হাউসকে তার টাম এর ওয়ান-টেশ্থ নন্ট করে দেওয়া হল। পাঁচ বছরের মধ্যে ছয় মাস যদি তারা স্বোগ না পেয়ে ছয় মাসের টাকাও খরচ হয়ে গেল। অর্থাং ১০ পারসেন্ট তাঁদের হয়ে তাঁরা এই খরচ করে দিছেন। এটাই হচ্ছে আমার প্রধান আপত্তি।

িশ্বতীয় আপত্তি হচ্ছে আমার, এই বাজেটে আমরা দেখতে পাছিছ প্রচুর ডিফিসিট। এত বড় ডিফিসিট, যে ৭ কোটি টাকা আমাদের ব্যালান্স ছিল, এবার আয়ের চেয়ে খরচ বেশী হয়ে গিয়েছে। ঐ ৭ কোটি টাকা ধরে ৮ কোটি টাকা ডিফিসিট থাকছে; অর্থাৎ তার মানে হচ্ছে ১৫ কোটি টাকা ডিফিসিট। এই এত বড় ডিফিসিট বাজেট মঞ্জুরী করিয়ে নিচ্ছেন অন এ্যাকাউন্ট এটা একটা ভয়ৎকর্মীর রকমের অসম্ভব ব্যাপার বলে আমি মনে করি, যে এক বছরের ১৫ কোটি টাকা ডিফিসিট তিনি আমাদের কাছ থেকে মঞ্জুরী করিয়ে নিচ্ছেন ওল্ড হাউসএর কাছ থেকে, নিউ হাউস আসবার আগেই; এবং সে বিষয়েতে অত্যন্ত সাবধান হওয়া উচিত। যে এক মাস, দ্ব-মাসের জন্য দরকার সেইভাবে বাজেট করলেই যথেণ্ট হত। যে অকন্থায় আমরা পড়েছি সেই অবন্থায় মার্চ মাসের ভিতর নতুন হাউসে করা অসম্ভব; এপ্রিলের প্রবর্ণ নতুন হাউস রকন্সটিটিউটেড হচ্ছে না, সেইজন্য যেট্কুক লাগা দরকার দ্ব-এক মাসের জন্য, সেইটা ভোট অন এ্যাকাউন্টেএ থাকা উচিত ছিল। যেখানে ১৫ কোটি টাকা ডিফিসিট, সেখানে সেই ডিফিসিট বাজেট জনসাধারণের অভিমত ছাড়া কথনও পাশ করা উচিত নয়।

যেহেতু আমরা বাজেট আলোচনা করছি না. সেইজন্য বাজেটের বিভিন্ন খাতে যে সমুদত বরান্দ ধরা হয়েছে, তাতে যাওয়া যাচ্ছে না। যথন সাধারণভাবে বাজেট পেশ করা হবে, সেই সময় যিদ স্যোগ পাওয়া যায় তখন সমুদত আলোচনা করা যাবে। কিন্তু এখন প্রাথমিকভাবে কতকগুলি কথা উঠেছে, সেই সম্পর্কে আমি কয়েকটা মন্তব্য করতে চাই। আমি অত্যন্ত দৃঃথের সপে গত বাজেটের সময় বলেছিলাম; কিন্তু, সে সম্বন্ধে গভন মেন্টের দৃঞ্ আকর্ষণ করা সত্ত্বেও, তিনি সেদিকে কোল লক্ষ্য দেন নি। আমি সেই সময় বলেছিলাম যে আমরা লক্ষ্য করে দেখেছি যে, যেসমুদত কন্সটিট্রের্যান্স থেকে বিরোধী পক্ষ আসেন, সেই সমুদত কন্সটিট্রের্যান্সগৃলি কি পরিমাণ সেমান্দিভিত হয়। অর্থাৎ সেখানে গভন মেন্টের বহু কিছু জনহিতকর কল্যাণকর কাজের বায় প্রোপোসন্যাল সেই সমুদত জায়গা থেকে কংগ্রেসপক্ষীয় লোকেরা আসেন, গভন নিন্টের পার্টির লোকেরা যেখান থেকে আসেন, সেখানে যে হিসাবে বায় হয় তার অন্পাতে তের ক্ষা।

[6-35-6-45 p.m.]

সেই সময় অর্থসিচিব মহাশয় বলেছিলেন যে তিনি এটা হিসাব করে দেখেন নি, কিন্তু আমি যখন বলছি তখন নিশ্চয় এর মধ্যে এই সত্যটা থাকবে। আমার এবারকার অভিজ্ঞতা হল আরও সাংখাতিক, অর্থাৎ যেসমস্ত জায়গা থেকে বিরোধীপক্ষরা আসেন সেই সমস্ত জায়গায় বায় অতি অলপ হয় এবং এই ইলেকসান ব্যাপারে এই বায় থানিকটা লক্ষ্য করা গেছে। এটা অবশ্য আমি সমস্ত বাংলাব্যাপী বলতে পারব না, এখন সে হিসাব আমার নেই। কিন্তু গ্রুটি কয়েক কন্সটিট্রেফিস স্থব্ধে উল্লেখযোগ্য জিনিস যা আমরা দেখেছি তা হচ্ছে যে কোন কোন জায়গায় Disproportionately high percentage of expenditure

হয়েছে। আমি এটাকে মনে করি যে গণতলের দিক থেকে অত্যন্ত অবৈধ। তার মানে হচ্ছে যে যেহেতু গভর্নমেন্ট আমান্তবে হাতে আছে সেহেতু সেই সুযোগ গ্রহণ করে কোন একটা কর্নান্টটিউরোন্সকে স্টার্ভ করিয়ে কোন একটা কর্নান্টটিউরোন্সক উপর সমস্ত কল্যাণ বর্ষণ করে দেওয়া। এখানে হয়ত এটা ইলেকসান পারপাস থাকতে পারে, কিন্তু সমগ্র বাংলার দিক থেকে এটা অত্যন্ত অন্যায় এবং অবৈধ। সেই হিসেবে আমি বলব যে একটা এলাকা ধরা যাক, সেটা হচ্ছে আমাদের বিশিষ্ট বন্ধ্বর দ্রীপ্রফর্ক্স চন্দ্র সেন্ন মহাশয়ের এলাকা। তিনি যে জায়গা থেকে

দীতিরেছিলেন সেই আরামবাগে ষেভাবে কল্যাণ বর্ষণ হয়েছে সেইভাবে যদি সমূত বাংলায় কল্যাণ বর্ষণ করা হত তাহলে আমাদের দিক থেকে তাঁদের বিরুম্থে বলবার হয়ত কিছুই থাকত না। এ ছাড়া সেখানে নির্বাচনের এক সংতাহ পূর্বে হাউস্-বিল্ডিং গ্রান্ট মারফত বেল বেল কাপড় বিতরণ করা হয়েছে, যদিও বন্যা সেখানে ছয় মাস আগে হয়েছিল। এবার আর একটি নির্বাচন কেন্দ্রের কথা বলা যেতে পারে—যার কথা বলব তিনি প্রেই অন্ভেব করতে পেরেছেন —সেটা হচ্ছে শ্রীঅজয় মুখার্জি মহাশয়ের তমলুক কেন্দ্র। তাঁর তমলুক কেন্দ্রে ঠিক এইরকম-ভাবে টিউবওয়েল প্রভৃতি করা হয়েছে। আরামবাগে গিয়ে সেথানকার লোকেরাই বলেছে যে আপনি পরোনো আরামবাগ আর চিনতে পারবেন না, কারণ সেখানে রাস্তাঘাট, টিউবওয়েল ইত্যাদি যা হয়েছে দেখে আর চিনবার উপায় নেই। (দি অনারেবল প্রফল্ল চন্দ্র সেনঃ তাতে দুঃখ কি হয়েছে?) খবে ভাল, কিল্ত আমি•বলছি যে য'দ এই কল্যাণটা সমুস্ত বাংলাদেশে সম-পরিমাণে ববিত হত তাহলে আমি গভরুমেন্টের বিরোধিতা হয়ত করতাম না। কিন্তু তা যথন করা হয় নি তথন আমি মনে কর্রাছ যে এটা অবৈধ কাজ হয়েছে। সেজন্য এইপৰ জিনিসের প্রতি দ্বিট আকর্ষণ করে গত বাজেট আলোচনার সময় আম বলেছিলাম এইরকমভাবে ডিসপ্রোপোর্সনেটলি কাজ হচ্ছে। কিন্তু তব্তু নির্বাচনের মধ্যে দেখেছি যে সেই ডিসপ্রোপো-র্সান-এর কোন তুলনা নেই। অবশ্য আমি যদি আমার কন্সটিট,য়েন্সির কথা তুলি তাহলে বোঝা যাবে যে সেটা কতথানি স্টার্ভাড। কোন কিছাই সেখানে খরচ করা হয় নি। অবশা এইরকমের একটা বিষয় আজকে তোলবার নয়, যদি সাধারণভাবে বাজেট আলোচনা হয় তাহলে তথন তোলা যাবে। কিন্তু এইরকমভাবে যদি কল্যাণ বর্ষণ করা হয় তাহলে সেটা অত্যন্ত অন্যায় করা হয়। অতএব এই সম্বন্ধে সেফগার্ড হিসাবে আমার একটা সাজেসান যদি অর্থসচিব মহাশয় গ্রহণ করেন তাহলে আমরা অতানত কৃতজ্ঞ হব। যেমন রুপি সম্বন্ধে আমাদের কোন কন্সটিটিউসন্যাল বাইণ্ডিং নেই যে স্টেট রুপি কোথা থেকে আসে এবং কোথায় যায় ইত্যাদি জিনিস যখন বার করা হয়, তখন তেমনি আমাদের জনকল্যাণকর কাজে যেসমুহত বায় হয় সেটা যদি সারা বাংলাদেশের মধ্যে ইউনিয়ান ওয়াইজ করা হয় তাহলে ভাল হবে। অর্থাৎ প্রত্যেক ইউনিয়নে এডুকেশন খাতে, হেলথ খাতে, জল সরবরাহ প্রভৃতি ব্যাপারে ইউনিয়ন ওয়াইজ বায়ের হিসাব পাই তাহলে আমাদের পক্ষে বাস্তবিক বোঝবার একটা সূবিধে হয় এবং সেসমস্ত জায়গার লোকেরা ব্রুতে পারে কতট্টুকুন কল্যাণ সেইসব জায়গায় হোল। এ যদি করা না হয় তাহলে এ বিষয়ে আপনাদেরও অবৈধ দিকে যাবার সংযোগ থেকে যাচেছ। অর্থাৎ একটা লম্প গ্রান্ট তৈরী হল যে টিউবওয়েল বাবত এত লক্ষ টাকা খরচ হবে, কিন্তু সেই টিউবওয়েল বাবদ এত লক্ষ্ণ টাকা গ্রান্ট যে মঞ্জার হয়ে গেল সেই টিউবওয়েল আপনি একটা ইউনিয়নে সমস্ত বাড়ী বাড়ী করে দিতে পারেন বা সমস্ত বাংলাদেশে ছডিয়ে দিতে পারেন। কিন্তু সেটা হচ্ছে আপনাদের পলিসির কথা এবং আমি সেই পলিসিকেই আক্রমণ কর্মাছ। এই যে পলিসি স্টেট এ্যাডমিনিস্ট্রেসন হাতে থাক্ষার সুযোগ নিয়ে যদি এইরকমভাবে কাজগুলি করা হয় তাহলে আমাদের এই গণতন্ত যেটা এখনও পর্যন্ত শৈশব অবস্থায় আছে সেই গণতন্ত্রক পালন করবার পক্ষে কোন সহায়তা হবে না, এবং তার বিরুখ্যাচরণ করা হবে। এটা হল একটা मिक।

এরপর দ্বিতীয় দিক হচ্ছে যে এাডিমিনিস্টেশনকে যেভাবে ব্যবহার করা হচ্ছে সে জিনিস্
সম্বন্ধে বহু মেন্বার আপনার দ্ভি আকর্ষণ করেছেন। কিন্তু সেইসবকে একেবারে উড়িয়ে
দেবার চেণ্টা না করে যদি গভর্নমেণ্ট স্বাইয়ের কাছ থেকে তথা চান এবং সেই তথা পেলে পর
তার উপর দ্ভি দেবেন বলে যদি অন্তভঃ একটা আশা দেন তাহলে এইসব বলার একটা সতি
সার্থকতা থাকে। বহু জায়গায় এইরক্ম ঘটনা ঘটেছে যা আমার নিজের জানা আছে এবং যেটা
এখানে এক একটি বিষয় নিয়ে আমি আলোচনা করতে চাই না। অতএব এখানে আসলু ব্রুথা
হচ্ছে স্থে গভর্নমেল্টের পক্ষ থেকে এ বিষয়ে দ্ভি দেওয়া উচিত যে সত্যি সত্যি নির্বাচনের
পরে বহু জায়গায় কেন নানান প্রকারের হাল্গামা হচ্ছে। যাই হোক অত্যন্ত স্থের বিষয় যে
নির্বাচন চলা কালে খবু বেশা একটা হাল্গামা সারা বাংলাদেশে হয় নি। কিন্তু অত্যন্ত
মর্মান্তিক ঘটনা ঘটল যেদিন চৌরল্গাতৈ ম্থামন্টার নির্বাচনের ফল বের্লা। সেদিন যে
বাবহার করা হয়েছিল তারপর থেকে সেটা চলেছেই। সেদিনকার ব্যবহারটা অত্যুক্ত লচ্জাজনক

হরেছিল। সেদিন যে জনতা চারিদিকে ছড়িরেছিল সেই জনতার ভেতরে কোনরকম অশান্তি ছিল না. কিন্তু হঠাং সেই জনতার ভেতর থেকে একটা জীপ গাড়ী থেকে ক্রাকার আসে। সেই জীপ কোন জীপ পর্লিশের তা জানা আছে, সেই জীপ কে ব্যবহার করেন প্রলিশের তা জানা আছে এবং আমাদেরও জানা আছে। সেটা থেকে যে ক্রাকার এসেছে তা সবাই দেখেছে কিন্ত প্রালশের আক্রমণ হল ঠিক উল্টো এবং হঠাৎ জনতার উপর তাদের এই যে আক্রমণ সেটা আর্ত্ত সাংঘাতিক। অথচ আমরা মনে করি যে সেই আক্তমণ হবার কোন কারণই ছিল না। সেখানে যারা পাসারস্বাই এইরকম দুই-এক জন গভর্নমেন্ট অফিসার যাদের নামও আমি করতে পারি তারা-বলেছেন যে আমাদের লম্জায় অধোবদন হতে হচ্ছে যে ব্টিশ সামাজ্যের সময়ও এই সমস্ত জিনিস ছিল না। সেজনা আমি আজকে শুধু একটা ওয়ানিং প্রালস অফিসারদের বছর আছে তাঁরা হয়ত ভাবছেন যে এই সময়ে গভর্নমেন্টের মন্দ্রী বা গভর্নমেন্ট পক্ষকে খুসী করলে কোন অস্কবিধা হবে না যেহেতু আবার এই গভর্নমেন্ট আসছেন, কিন্তু সেটা ঠিক নয়। অর্থাৎ থাদেব ২রত আর দু-তিন বছর রিটায়ার করবার টাইম আছে তাঁরা হয়ত এই খোসামুদি দেখাতে পারেন বা এই বিরোধীপক্ষ দলকে দমন করবার কার্যে সাহায্য করতে পারেন, কিন্তু যে বিপলে কর্মচারী এবং প্রিলস অফিসার যারা আজও রয়েছে তাদের মনে রাখা উচিত যে গণতান্ত্রিক দেশে গভর্নমেন্টের পরিবর্তন হয় ও এই গভর্নমেন্টেরও পরিবর্তন হওয়া সম্ভব। অতএব তাঁরা অন্ততঃ এখন থেকে চেন্টা করবেন যে প্রথিবীর প্রত্যেক গণতান্ত্রিক দেশে এয়াড-মিনিস্টেসন যেরকমভাবে নিজেকে সমস্ত পার্টি থেকে নিরপেক্ষ করে দূরে রাখে সেইরকমভাবে থাকবার। সত্তরাং আজও যদি সেই আদর্শ আমাদের এাার্ডার্মানস্ট্রেসন রাইটার্স বিলিডং লালবাজার এখন,থেকে গ্রহণ না করেন তাহলে শুধু তাদের বিপদ নয়, সমস্ত বাংলাদেশের বিপদ এতে হবে। শেজন্য এই ওয়ানি ংটকুই আমি আজকে আপনার মাধ্যমে সমস্ত এ্যার্ডামনিস্টেসনকে দিতে চाই।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, it seems to me that we are in a curious position. I presented a vote on account and I have heard a great deal about votes but not about vote on account. Sir, before I proceed further, I want to make my position clear. I desire to assure every member of the House and every citizen of this State that there is not and cannot be any question of oppression and molestation of any person in this State because he holds a particular political view or belongs to a particular political party. If I had said anything the other day which might be interpreted to mean as I have indicated above, then I want to make it clear that the State is responsible for the safety and protection of every citizen of the State who wants to prosecute his daily avocation in peace.

[6-45-6-55 p.m.]

What I wanted to convey the other day was that when Sj. Jyoti Basu had mentioned about arrests of the minority groups, I said that this could not be true if the words are used in terms of a particular group. No member of this State-whether he is a Hindu or a Muslim or a member belonging to any other community can be arrested except when he transgresses the bounds of law and creates disaffection between this country and the neighbouring country. Sir, we are living in a peculiar international situation. Tension is high all over the world and we may not do anything lightly or say anything lightly because such action of ours may create increased tension in the world. If the activities of any citizens become anti-social and anti-Indian, every member of this House will agree with me that he does not deserve any protection. This is all that I wanted to convey the other day and if as has been suggested in this House that whatever I said the other day would create a sense of insecurity in the minds of one community, I want to extend to that community my full offer of protection against any misdeed or misdemeanour on the part of any officer of the Government.

My friend Shri Bankim Mukherii has raised the issue as to why we have asked for a five months vote on account. If you read May's Parliamentary Practice, the amounts demanded for grants on account caused by a dissolution were a supply consisting of one-half of the civil and Miscellaneous expenditure. The other quotation is if the dissolution of Parliament occurs in the early portion of a session before supply is completed, it may be necessary to take votes on account sufficient to carry on all the services, may be Army as well as Civil, until the new Parliament is able to consider the grant of supply. In such cases the supply is made sufficient to cover expenses for longer periods up to six months. Here I have got a vote on account—the White Paper of the Parliament signed by John Boyd Carpenter. The sum taken on account represents the provision for between 4 and 5 months' expenditure. Last time in 1952 we did the same thing. My friend suggests that even if it is five months' expenditure, we have asked for 48 crores whereas we should have asked for 40 crores. The reason is quite simple. My friend is an intelligent person and he has got the right point but he has not gone deeply enough. Take the question of expenditure on distressed persons. We have to make a provision for five months of 3 crores 83 lakhs. Although if you look at the Red Book you will find the total provision under this head is only 60 lakhs because we get the recovery from the Government of India later on in the year. Similarly, if you take the question of loans and advances by Government, we have taken two crores which is 50 per cent, and not 5/12ths, it is because we know that these loans and advances will have to be met particularly the crop loan and other loans which will be recovered later on.

Take another item Capital Outlay on State Schemes of Government Trading. We buy and we sell. We have provided for 86 lakks under this head although in the original budget there is only one rupee token grant because in the original budget we think we will get more—it will be a minus on the expenditure side rather than plus.

Take another item—the Community Development Project—1 crore 82 lakhs. We have taken 75 lakhs 93 thousand because here again recovery takes place a little later and so on. The Government is not running away with the money. All the expenditure that will be met out of this will be subjected to the Accountant-General's purview and when the Assembly meets, Assembly will have full discussion with regard to the items that are provided for in the budget.

আমি আপনাকে জিজ্ঞাসা করে এলাম যে ডিফারেন্ট আইটেমএ আমি জেনারেন্ডাবে বলতে পারব কি না? আমরা এই পাঁচ বছরের শেষে আজ হিসাব নিকাশ করছি এবং এর মারফতে আগামী পাঁচ বছরে যে বিধান ^দসভা থাকবে আমাদের অভিজ্ঞতা তাদের হাতে দিয়ে যাব। কারণ এটাতে বাংলাদেশের কল্যাণ হবে এবং আগামী বিধানসভা ও মল্টীসভা তাঁদের সমস্ত শক্তি তাহলে সেইরকমভাবে নিয়োগ করবেন। আমাদের পাঁচ বছরের অভিজ্ঞতায় এবং শেষে বিগত নির্বাচন সম্বন্ধে কতকণ্যলি সরকারী নাঁতি সম্বন্ধে যে প্রম্ন উঠেছে, সেগুলোকে আমি দলীয় নীতি হিসাবে আপনাদের সামনে রাখতে চাচ্ছি না। বরং আমি রাখতে চাচ্ছি, যার भातकार य विषयः यथात जाल्मानन, यश्णा यारे रहाक ना रकन, प्रभवाजीत कार्यंत्र जामत ষে প্রন্নগর্নল উঠেছে এবং তার যে দাবী, যে সমস্যা উঠেছে সেগলো আগামী দিনের মন্ত্রীসভার काना नतकात आरह। आशामी नितन এই मृथा मन्त्रीरे आमारनत मृथा मन्त्री शाकरवन, मृजतार এগুলোতে তাঁর পক্ষে কাজ করবার হয়ত সুবিধে হতে পারে। আমি প্রথমে জেনারেল হিসাবে ২।৩টি কথা বলেই শেষ করব। সেটা হচ্ছে এই যে আমরা ইচ্ছাকুতভাবে কোন কিছু করে খাকি বা না থাকি, কিন্তু সাধারণ মানুষের মনে যে প্রশ্ন উঠেছিল তা আজ এই ইলেকশনের সম্বন্ধেই শ্ব্ধ্ নয়, বরং গত পাঁচ বছরের মধ্যে সরকারী নীতিতে মানুষের কল্যাণের চেয়ে কংগ্রেস পার্টির কল্যাণই বেশী ছিল। অতএব এই যে প্রশ্ন, তা সত্য বা মিথ্যা যাই হোক না কেন. এ সম্বন্ধে সরকারকে রাস্তা নিতে হবে এবং তার জবাবও দিতে হবে। গতবারে যেখানে ষেখান থেকে অপজিসন মেন্বার রিটার্ন হরেছিল সেখানে কল্যাণ বর্ষণ কতথানি হয়েছিল এবং যেখান থেকে কংগ্রেস পক্ষ রিটার্ন হয়েছিল সেখানে কতথানি হয়েছে, এ সম্বন্ধে প্রশন মানুষের মনে জেগেছে। সেজনা এর একটা তুলনামূলক আলোচনা হওয়া দরকার। অতএব যেখানে मनौर मिंड वावशास्त्र जना ताष्ट्रमिंड वावशास करा श्रा प्रभार विस्ताभी मरलद এको প्रथ ठिक করার দরকার হয়ে পড়ে। মান্বের মনে আজ এই প্রশ্ন উঠেছে যে, গত পাঁচ বছরে এবং এই ইলেকশনের মধ্যে কংগ্রেসকে মজবৃত করবার জন্য সরকারী শক্তির ব্যবহার করা হয়েছে। এই প্রশন শুধু বিধান সভার বিরোধী পক্ষের মনের মধ্যে ওঠেনি, সকল মানুষের মধ্যে এই প্রশন উঠেছে। স্তরাং আর্পান আপনার নিজের এলাকাকে জিজ্ঞাসা করে দেখলেই ব্রুতে পারবেন। म्बना এই य ताचेर्माङ এবং কংগ্রেসের এই যে মার্জ যে সম্বন্ধে লোকের মনে আজ এই যে প্রশ্ন উঠেছে, সেটা আপনাকে দেখতে হবে। এবং মান্ধের মনের মধ্যে এই যে সন্দেহ যে কংগ্রেসের বিরুদ্ধে লড়তে হলে রাজ্যের বিরুদ্ধে লড়তে হবে, সেটা মানুষের মন থেকে হটিয়ে দিতে হবে। এজন্য বলছি যে, এ যদি না করা হয়, তাহলে কেউ যদি আগামী দিনের নির্বাচনে দাঁড়ায়, তাহলে কি তাকে এই ভেবে দাঁড়াতে হবে যে, তাঁরা কংগ্রেস বিরুদ্ধেই শুধু নয়, রাজ্যের বিরক্তেশ দাঁড়াচ্ছে। অর্থাৎ সেখানে মানুষকে কি এই ভাবতে হবে যে, একটা নির্বাচন मात्न विरम्राट अवर जारक कि अरे जावल रदत स्य विश्वत ना कत्रत्व निर्वाहन रूल शास्त्र ना। সত্রাং আজকে কংগ্রেস এবং রাষ্ট্রশক্তিকে আঙ্গাদা করে আপনাকে দিতে হবে এবং যেখানে এই রকম মারজার ফ্টে উঠেছে, সেখানে আলাদা করে দিয়ে মানুষের সন্দেহ ভঞ্জন করতে হবে। **ट्रम** वन रय विधान मंजार विभाग (जांगीधित) मीज़िस जांगीज़िस क्या वन ना, वंदर আপনাকে প্রস্তৃত থাকতে হবে যাতে করে তাদের সন্দেহ ভঞ্জন করা যায়। মানুষের মনের মধ্যে আপনি যদি এই প্রশ্ন তুলে দেন যে, যেখানে যেখানে কংগ্রেস দাঁড়াবে, সেখানে সেখানে वाष्ट्रेमीं जारक मज़न्य करता जाराम कि करत रात। मान्यस्त्र मान এই माम्सर आर्घ किना সেটা আপনারা নিজেরাই দেখন এবং সেটা দেখে তার জবাব বিধান সভায় দিলে হবে না, সেখানে গিয়ে কাজ করে ভার জবাব দিতে আপনাকে হবে। অর্থাৎ মান্বের মনে যদি সন্দেহ উঠে थाकে. তাহলে ग्रंद भन्न कथात्र तमला रूप ना, आभनाक प्रियस मिए रूप रूप स्त्र भूनिन এখানে নিরপেক্ষ আছে। আগামী পাঁচ বছর বাদে যখন মান্ব আবার নির্বাচনে নামবে, তখন তাকে কি এই ভূেবে নামতে হবে বে শ্বে এই নয় অন্য রক্মভাবে তৈরী হয়ে নামতে হবে। সতএব বিগত পাঁচ বছরে সরকারী নীতি যেভাবে চলেছিল, সেই ভূল যেন আগামী পাঁচ বছরে ল্লাব না হয়। অর্থাৎ বিগত পাঁচ বছরের মধ্যে মানুষের মনে যে ভূল স্থিট হয়েছে, সেটা সাপনাকে রাষ্ট্রগত কাজ দিয়ে প্রমাণ করিয়ে দিতে হবে যে, রাষ্ট্র এবং কংগ্রেস এক নর এবং

কংগ্রেসের বির_{ন্}ত্থে লড়া মানে রাখ্যশন্তির বির_{ন্}ত্থে লড়া নয় এবং নির্বাচনে নামা **লানে বিশ্লবের** জন্য তৈরী ইওয়া নয়। এরপর আমার বস্তব্য আমি কয়েকটা আইটেমএর মধ্যে সীমাবন্ধ রাখব।

ভাক্তার হিসেবে মেডিক্যাল এবং পার্বলিক হেলথ বিষয় এনিয়ে এই বিধান সভায় আমি আমার यजपात जन्छव जाराया এवः जरायागिज कतात क्रिको कर्ताष्ट्रलाम। माननीत माथा मन्त्रीमार गत বিধান সভার শেষ দিকে আমাদের বিরোধী দল থেকে পার্বালক হেলথ এবং মেডিক্যাল সম্পর্কে কতকগুলি প্রস্তাবণতিনি যে নিয়েছিলেন, সেগুলিকে আগামী পাঁচ বছরে কার্যে রুপায়িত হতে দেখব বলে আমরা আশা করি। আমরা যা চেয়েছিলাম, তার নীতি সম্বন্ধে আমরা একটাখানি ও'কে জানিয়ে রাথতে চাই। মানুষ চিকিৎসা চায় এবং সে সম্বন্ধে আমরা ছোট ছোট হাসপাতাল, ডিসেম্ট্রালাইজেশন ইত্যাদি যে কথাগুলো বলেছিলাম, যেগুলোর বিস্তৃত আলোচনা আর তলতে চাচ্ছি না। এ বিষয়ে ধর্ন একটা হাসপাতালের জনা কিছ্ টাকা ফেলা হলে মান্য তাতে সুখী হবে বলে আমরা মনে করি। অর্থাৎ কোন জায়গায় টাকা ফেলে একটা চিকিৎসা কেন্দ্র করতে গেলে সেখানে আমরা এই কথা বলেছিলাম যে, আপনারা টাকাটাকে বিভিডং আইটেম ইত্যাদিতে খরচ করার ব্যাপারে বড় বেশী নজর দেন। অবশা স্বৃদ্শা আটালিকা বড় বড় প্রতিষ্ঠান হবে এবং এগলো নিশ্চয় ভাল জিনিস, কিশ্তু আজকে প্রাথমিক প্রশন রোগীকে সেবা করা, রোগীকে আশ্রয় দেওয়া, তারই সবচেয়ে বেশী প্রয়োজন কিন্ত হাসপাতাল করার মোটা পারসেন্টেজ অফ মনি সেটা বিলিডং করার সময় যদি সবটা খরচ হয়ে यात्र ठावटल आजल উल्पन्धा वार्थ वस् । मानास जनकार धारी वस्त योग जाता विकिश्ना अवर সেবা পায় সেজনা তাদের আশ্রয়ের জন্য যদি একটা টিন শেডও করা যায় তাহলে সেটাই তাদের পক্ষে সবচেয়ে বড় বিল্ডিংটা বড় নয়।

[10-10-10 a.m.]

বভ বভ বাড়ী এবং বড় বড় প্রতিষ্ঠান তার পরে গজিয়ে উঠবে। এই যদি হয়, তাহলে হয়ত বাংলায় আজু চিকিৎসার ক্ষেত্রে যে বিরাট সুক্ষট দেখা যাচ্ছে, তার একটা সুরোহা হবে। মালেরিয়া কমে গেছে, এবং চিকিৎসকরা বেকার হয়ে গেছে, এটা কথা নয়। প্রশ্ন হচ্ছে যে কলকাতা শহরের চার ধারে অনেক লোক চিকিৎসার জন্য জড় হচ্ছে, কারণ গ্রামে লোক চিকিৎসা পাচ্ছে না। তার কারণ গ্রামে উপযুক্ত চিকিৎসা না পেয়ে তারা কনসেন্টেট করছে কলকাতায় এসে। আমি সরকারের নীতি সম্বন্ধে একটা অনুরোধ জানাচ্ছি। আপনারা গত পাঁচ বছরে যা করেছেন আপনারা নিজেরাই তা জানেন। আপনাদের বাইরে যারা কাজ করেছে, তাদের সহযোগিতা নেবার প্রয়োজন বোধ করেন নি। আমি অনুরোধ করছি গত পাঁচ বছরের যথন 'ঘটক টেকিং' করবেন, তখন আগামী বছরের নীতিটাকেও নিধারণ করবেন। যাঁরা দেশের উন্নতি করতে চান পার্টির উন্নতি করতে না চারী তাঁদের অপেনারা ভাকেন না। আপনি দেখান সাধারণ মান্যকে: বিরোধী শক্তিকে কাজে লাগাতে কোথায় চেষ্টা করেছেন। আপনি বলনে যেথানে অন্যান পার্টি, যারা সহযোগিতা করতে চায় তাদের বাইরে রাখা ছাড়া, একচ করে কনন্দ্রাকটিভ কোর্সেস একর করার নীতি, সহযোগিতার নীতি আপনি কোথায় নিয়েছেন? যা হয়ে গেছে, গেছে। যে পাঁচ বছর শেষ হয়ে গেল, গেল। কিন্তু আগামী পাঁচ বছরে যেন সেই নীতি গ্রহণ না কুরা হয়। বিরোধী শক্তির লোকেরাও আপনাদের মতন দেশকে ভালবাসে, বিরোধী শক্তির মধ্যে যারা রয়েছে তারাও বহু দিন জেলখানায় কাটিয়েছে। দেশের দারিদ্রোর বিরুদ্ধে যারা সংগ্রাম করেছে এই পাঁচ বছরের মধ্যে নীতিগতভাবে তাদের কাউকেই নেন নি। এই যে নানা ডিপার্টমেন্ট আছে তার ভিতর তাদের কাজে নিলে আপনাদের শন্তি বাড়বে, সংহতি বাড়বে। এই চিকিৎসার থাতে এইট্রক বলে গেলাম।

তারপর, আপনাদের সরকারের সংগঠন ছাড়া নানা বিষয়ে অন্যান্য অনেক এমন ৄ স্বাহ্বগা আছে হৈখানে তাদের ডাকলে আপনি সত্যিকারের সংগঠন করতে পারেন। আমি একটা জায়গার কথা, নির্বাচনের মাধামে দেখেছি বলে এখানে বলছি, কো-অপারেটিভ সম্বন্ধে। কো-অপারেটিভের ব্যাপার অবশ্য মাননীয় যাদব দাদাকেই বলছি। কতকগ্নি জায়গার কো-অপারেটিভ সম্বন্ধে যেটা দেখেছি, সেইটে জাঁকে জানিয়ে দিতে চাই। কো-অপারেটিভ গরীবদেরই সাঁহায্য করবেন। সেটা সম্পন্ন হতে পারে বহু লোকের সদিচ্ছা। কিন্তু তা আপনারা বাস্তবে পরিণত করতে পারেন নি। অনুসন্ধান করে দেখুন—গরীবের নাম করে কত লোকে কত টাকা যে নিয়ে গেছে, তার ইয়ত্ব নাই। আপনি জানতে চান? হিসেব দেখাতে পারি। যা হয়ে গেছে, গেছে। কিন্তু আগামী পাঁচ বছরে যেন সেটা না হয়। কো-অপারেটিভ স্থিত করা বাংলাদেশের মধ্যে একটা মস্তবড় কাজ। এ সম্বন্ধে আমার বলবার আছে।

[At this stage the red light was lit.]

পাঁচ মিনিট আরো সময় চাই। বিষয়টা বিশ্তারিত বলার প্রয়োজন। কিন্তু স্বার আগে একটা জিনিস চাই, কো-অপারেটিভ সম্বন্ধে কাজ করতে গেলে এলাকার সংশ যোগ রক্ষা করা দরকার। এবং সেই যোগটা স্থাপন করার অনুরোধ করছি। আর অনুরোধ করব তদম্ত করে দেখন কত জায়গায় অভিযোগ করবার আছে। সে অভিযোগ হচ্ছে কত লোক গরীবের নাম করে টাকা পেয়ে এবং টাকা পাবার পরে কো-অপারেটিভ গ্রিটয়ে চলে গেছে। কো-অপারেটিভের ম্বারা যদি কাজ পেতে ২য় তাহলে শ্র্ধু সরকারী প্রচেন্টার মধ্যে তাকে রাখবেন না। বিরোধী দলকে নিয়ে কাজ কর্ন শ্র্ধু সরকারী কর্মচারীদের মধ্যে এটাকে রাখবেন না, কো-অপারেটিভের মধ্যে সকলকে এক সংশ্যে রাখবার চেন্টা করবেন।

তারপর স্টেট ট্রান্সপোর্ট সম্বন্ধে অলপ কিছা বলে আমার বক্তৃতা শেষ করব। আমি মাননীয় ম্থা মন্ত্রীমহ শয়কে গত অধিবেশনে ৩।৪ বার অন্রোধ করেছি যে, আপনি যেন ইউনিয়নকে দ্বীকৃতি দেন। আপনি যদি ইউনিয়নের সংখ্য সহযোগিতা করেন, তাহলে আপনি যে কোন ডিপার্টমেন্টের কথাই বিবেচনা কর্ন, সে ডিপার্টমেন্টের এফিসির্মেন্সি, তাহলে অনেক বেড়ে यार्व। আমি ट्रिपे प्रोम्मरभार्पेत कथा भूथा भन्तीभशाभग्रतक खानिर्साष्ट्रनाम, त्कान गाड़ीत ठाका শারাপ আছে, কোন গাড়ীর ব্রেক নাই, একি আপনাকে আর কেউ বলে দিতে পারে। এসব ঠিক মতন জানতে হলে তাদের সঙ্গে যোগাযোগ রাখতে হয়, তা ছাড়া উপায় নাই। আপনি যদি ইউনিয়নের সংগে যোগাযোগ করেন, ইউনিয়নকে স্বীকৃতি দেন বা পলিসী নিধারণের সময় ইউনিয়নের কর্তাদের বা পদস্থ সদস্যদের সঙ্গে যোগাযোগ রাখেন, তাহলে কাজ ভাল হবে। আমি বলব পাঁচ বছরে যা হয়ে গেছে, গেছে। কিন্ত আগামী পাঁচ বছরে যদি দেশকে নতন করে গড়বার চেণ্টা থাকে, তাহলৈ গত পাঁচ বছরের অনুকরণ না করে সেটা ন্তন করে রুপায়িত কর্ন। তা নাহলে নীচের তলার মানুষের এফিসিয়েন্সি সম্বন্ধে অভিযোগ যক্সাতির অভিযোগ উর্ধাতন কর্মচারীদের কানে পেশিছবার কোন উপায় নাই। এসব কথার উত্তর, আমি भाया भक्तीत भाय त्यत्क मान्तत्व हारे। कात्रन जिनिसे आशाभी यात्राख भाया भक्ती थाकत्वन, সেই জনা তাঁর মূখ থেকে শ্নতে চাই। ইনিয়নের সংগ যোগাযোগে এফিসিয়েন্সি বেড়ে যাবে। আপুনি যদি সরকারী হিসাবে এটা না দেন তাহলে অনা ব্যবসায়ী মহলকে কি করে এমন কথা চালাতে পারবেন, সাধারণ শ্রমিককে সাধারণ মান্যকে যদি স্থী করতে হয়, তাহসে তাদের যদি লীডারশিপ না থাকে, তাদের যদি অধিকার না দেন সরকার থেকে, তাহলে অন্য লোককে শোনাবেন কি করে? তাই সরকারের যেসব জর্নাহতকর প্রতিষ্ঠান সেখানে এফিসির্যোক্স বাডাবার জন্য, মানুষকে সুখী করবার জন্য সংঘশন্তিকে মজবুত করবার জন্য নূতন সরকারী নীতি রাখন। এই অনুরোধ করে আমার বক্তব্য শেষ হল।

Si. Bejovial Chatteriee:

মিঃ ডেপটে প্পীকার, বিরোধী পক্ষের বহু ব্যক্তির নানা বন্ধুতা আমরা শ্নলাম. এইসব বন্ধুতা শ্ননে আমার কয়েকটি কথা বলবার ইচ্ছা হয়েছে—সেই কথাগালি আপনার মাধ্যমে এই সভার কাছে আমি উপস্থিত করছি। একটা অভিযোগ আমাদের সরকারের বির্দেধ কংগ্রেস সরকারের বির্দেধ এসেছে খ্য, সরকার বেছে বেছে যেখানে সব কংগ্রেস ক্যান্ডিডেট আছে, সেখানেই কল্যাণ বর্ষণ করেছেন, আর যেখানে দুই বিরোধী পক্ষের লোক রয়েছে, সেখানে অত্যুক্ত কাপণ্য দেখিয়েছেন। আমার এখানে একটা কথা বলবার আছে যে, যাঁরা আজকে এই অভিযোগ করছেন যে, কংগ্রেস সরকার তাদের প্রতি অবিচার করেছেন, কুপণের মতন বাবহার

করে, আমি তাঁদের জিল্পাসা করছি তাঁদের শক্তি কি সাহাষা নেবার জন্য নিয়োজিত হরেছে, না সে শক্তি ক্রমাগত নিয়োজিত হরেছে কংগ্রেস গভর্নমেন্টকে বেকায়দায় ফেলবার জন্য? [10-10—10-20 a.m.]

কংগ্রেসী সদস্যরা যেভাবে চেন্টা করেছেন, নিজেদের ক্রীনন্টিট্রেস্সী ইমপ্র্ভ করবার জনা, সরকারের থেকে অর্থ আদায় করবার জনা, সেইভাবে কি তারা চেন্টা করেছেন যাতে কংগ্রেস গভর্নমেন্টের, অর্থ তাদের এলাকার জনসাধারণের জনা বায়িত হয়। আমি আমাদের বামপন্থীদের ইতিহাসের মধ্যে দেখতে পাছি। ভাল্যনের যুগে ও গড়ার যুগে সর্বত কংগ্রেসকে বেকারদায় ফেলবার জন্য একটা নিরবছিল, অক্লান্ত চেন্টা। যথন ব্টিশের শাসন শৃষ্থল ভাল্যবার জন্য স্বাধীনতার প্রোভাগে মহাত্মা গান্ধীর নেতৃত্বে দিগন্তপ্রসারী অভিযান আমরা যথন শ্রু করেছিলাম, যথন দেশের অগণিত নরনারী সেই মহা-আহ্মানে সাড়া দিয়ে নিজেদের স্ম্পাবাচ্ছন্দ ভূলে কংগ্রেস পতাকার নীচে এসে দাড়িয়েছিল এবং বৃটিশ অফিসারদের সংগীনের সামনে ব্রুক পেতে দিয়েছিল, এবং যথন তাদের রন্ত-ধারায় দেশের মাটি রঞ্জিত হয়েছিল, তখন এই বামপন্থী দল, তারা দ্রে দাড়িয়ে আমাদের এই প্রচেন্টাকে উপহাস করেছে এবং স্বাধীনতার যে যুন্ধ, সেই যুন্ধকে তারা দ্র থেকে বিদ্রুপ করেছে। এবং বৃটিশের পক্ষ নিয়ে গত যুন্ধকে তারা জনযুন্ধ বলে ঘোষণা করেছে।

[CRIES: Shame, Shame.]

তথন তাদিগকে যে ভূমিকায় দেখোছি, আজকে এই গড়ার যুগেও সেই একই ভূমিকায় তাদের দেখাছি। অর্থাৎ সর্বপ্রকারে চেষ্টা হচ্ছে, বলা হচ্ছে, কংগ্রেস গভর্নমেন্ট বড় লোকের গভর্নমেন্ট, কংগ্রেস গভর্মমেন্ট কেবল দুর্নাতি পোষণ করে।

Mr. Deputy Speaker: Please make it relevant.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:
আপনি সাম্পিমেন্টারি এণ্টিমেন্টএর বিষয়ে কিছু বলনে।

Si. Bejoylal Chatterjee:

আমি একটা কথা বলতে চাই, এইজন্য যে ও°রা যেসব কথা বলেছেন যে কংগ্রেস গভর্নমেন্ট দেশের জন্য কিছুই করেন নাই, এ কথার কোন মানে হয় না। আপনারা যারা নানা ভায়গায় নানা গঠনমূলক প্রতিষ্ঠান দেখেছেন, তারা নিশ্চয়ই বলবেন যে, দেশের অনেক কিছু, এই গভর্নমেন্ট করেছেন এবং করবার জন্ম প্রস্তৃত হচ্ছেন। কিন্তু আমাদের অসুবিধা হচ্ছে এই যে, বাইরের, উপরকার সরকারী প্রচেটা শ্বারা কোন দেশেকই বড় করা যায় না। যদি দেশের জন-সাধারণের ভিতর যে জড়তা রয়েছে, সেই জড়তাকে যতক্ষণ পর্যন্ত আমরা ভাণ্গতে না পারি। বহু দিন আগে মহাত্মা গান্ধী একটা কথা বলেছিলেন এই স্বরাজের ব্যাপারে—

"This Swaraj will not drop from heaven all on a sudden, one fine morning." $\label{eq:sudden}$

একদিন সকাল বেলায় উঠে হঠাৎ আমরা প্রত্যাশা করতে পারি না যে, আমাদের দেশে স্বরাজ এসে গেল এবং এটা সম্প্রবন্ত নয়।

It is to be built up brick by brick with corporate efforts.

এই যে কল্যাণ রাষ্ট্র, এই রাষ্ট্রকৈ আমাদের গড়ে তুলতে হবে ইটের পর ইট সাজিয়ে, যেমন রাজমিন্দ্রিরা ইমারং গড়ে তোলে। আমাদেরও এই কল্যাণ রাষ্ট্র এইভাবে, ধাপে ধাপে গাঁড়ে 'তুলতে হবে। 'আমরা কেবুল মন্দ্রবলে, দেলাগানএর দ্বারা করতে পারব না—সভা সমিতি, ভূখা মিছিল দিরে বড় বড় সব কাজ আমরা করতে পারি না। এটা আমাদের কাজে করতে হবে এবং গঠনম্লক কাজ দ্বারা করতে হবে। সেইজনা আমি বিরোধী পক্ষের বংধ্বদের কাছে অন্রোধ করব যে এই কংগ্রেস গভর্নমেন্টের ক্লিটিসিক্তম বা ছিদ্রান্বেষণে তাদের সমস্ত শক্তি

নিয়োজিত না করে যাতে আমাদের দেশের গ্রামাণ্ডলের জনসাধারণ তাদের নিষ্ণ্রিয়তা পরিহার করে গঠনমূলক কাজে নিজেদের শক্তি নিয়োজিত করে, আজ এই সকলের সপ্পে একযোগে হাত মিলিয়ে কান্ত করা উচিত, কারণ এটা ঠিক—

Communities stagnate without the impulse of the individuals.

র্ঘদ নেতৃস্থানীয় ব্যক্তিরা জনসাধারণের ভিতর থেকে, সামনে এগিয়ে না আসে, জনসাধারণের সঙ্গে যতক্ষণ সহযোগিতা না করছে, তাদের শক্তিকে জাগ্রত করবার জন্য চেণ্টা না করছে, ততক্ষণ জনসাধারণ জড় হয়ে থাকবে, ইনআর্ট হয়ে থাকবে। মাসকে জাগানোর জন্য দরকার ক্রিয়েডিভ লাভারশিপ। আমি আমার বামপন্থী বন্ধুদের এই কথাই বলব কংগ্রেস রাজত্বে সর্বপ্রকার ছিদ্রান্বেষণ করার জন্য সমগ্র শক্তি নিয়োজিত না করে যারা এই গভর্নমেন্ট চালাচ্ছে, তাদের সংগ্রু ভাল করে হাত মিলান ধরংসাত্মক কাজে তাদের সমস্ত শক্তি ব্যয়িত না করে তারা এই গ্রুমাণ্ডলে ও শহরাণ্ডলে তাদের নেতৃত্ব যদি জ্যোরের সঙ্গো গ্রহণ করতে পারেন, তাহলে দেখবেন, নিন্দা দ্বারা যা হয় নি, শেলাগানের ন্বারা যা হয় নি, এই সহযোগিতার ন্বারা জনন্যাধারণের সেই নিভিক্সতা দ্বে করতে পারবেন এবং যে রাজ্যের স্বন্ধ আপনারাও দেখেন, আমরাও দেখি, সেটা আমরা লাভ করতে পারব।

Dr. Hirendra Kumar Chatterjee:

মাননীয় সহ-সভাপাল মহাশয়, আমার প্র'বতী বস্তা যে আয়োজন করেছেন যে, বামপন্থী আমরা যেন তাদের সংগ্রহাত বাড়িয়ে দি, দেশের কাজের জন্য কিন্তু আমি একটা উদাহরণ দিচ্ছি, যে হাত বাড়ান হয়েছিল এবং সে হাতের কি অবস্থা হয়েছে। সরকার পক্ষ থেকে তা গ্রহণ করা হয় নি।

Dr. Radha Krishna Pal:

হবে কি করে কুষ্ঠগ্রন্ত হাত যে!

Dr. Hirendra Kumar Chatterjee:

প্রথম কথা হচ্ছে, আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, সত্যেনবাব, ইহলোকে নাই এবং তারপরে তার দ্থানে যে মৃদ্রী হয়েছিলেন, তিনিও এখানে নেই। তখনকার একটা উদাহরণ দিচ্ছি-ডিসেম্বর মাসে ১৯৫৫- সালে যথন এ্যাসেমব্রীর অধিবেশন হয়েছিল তথন চন্দননগরের সামান্য একটা ব্যাপার নিয়ে একটা দর্থাস্ত নিয়ে তাঁর কাছে গিয়েছিলাম এবং সে বিষয়ে তিনি সহ দয়তার मरण এको त्नावेश मिर्द्याष्ट्रलन। याभावने राष्ट्र, नमननगरत राष्ट्रिक्योत त्नरे। এम ডि ও भव সময় থাকেন--মফঃম্বলে টুরএ যান। সেই জন্য অনেক লোক দলিল করতে এসে ফিরে যায়। তিনি সহদয়তার সঙ্গে সেই দরখানেত লাল পেনসিল দিয়ে লিখে দিলেন আপেয়েন্ট এ সাব-রেজিম্ট্রার ফর চন্দননগর। তারপর স্বস্ট দরখাস্তে লিখে দিয়ে আমাকে বললেন-হ্যাভ ইউ গট স্যাটিসফ্যাকসন? আমি তথন বলেছিলাম, না আঁচালে বিশ্বাস নেই। আপনাদের লাল পেনসিল রু পেনসিল হতে কতক্ষণ । ভগবান বোধ হয় সে কথা শুনেছিলেন। গত ডিসেম্বর भारत ১৯৫৫ त्रात्न वत्न शालन-आप्रायाचे व त्राव-र्त्वाक्रम्पोद कर ठन्मननगर, किन्छ आक्र शर्यन्छ এই মার্চ ১৯৫৭—সাব-রেজিম্ট্রার এখনও ভূমিষ্ঠ হয় নাই। সূতরাং আমরা যে হাত বাড়িয়ে ছিলাম, সেটা কণ্ঠগ্রস্ত, না, রাধাকুঞ্চ বাব্যুর হাত ক্যানসারাস—যে জন্যই হোক—সেই হাত গ্রহণ ৰুরা হয় নি। তারপর চন্দননগরে জল নেই। সেখানে যে পাইপ-হাইড্রেন্ট আছে, তাতে জল থাকে না। সেই জনা আমরা ২টা ম্যাপ তৈরি করে রাইটার্স বিশ্ভিংসএ ঘোরাঘরে ও ছটেছিটি করেছিলাম এবং তারা আশ্বাসও দিয়েছিলেন যে ১৯৫৬ সালের জ্বন মাস থেকে কাজ হবে কিন্তু আজ ১৯৫৭ সালের মার্চ মাস, গ্রমকাল এসে গেল এবং সেখানকার লোকেরা এখনও চাতক পাখির মত চেয়ে আছে জলের জন্য। সতেরাং বিজয়লাল বাব, যে সহযোগিতার কথা বলেছেন, ভাকে জানাচ্ছি, যে আমরা সত্যিকরে হাত বাডিয়ে ছিলাম কিল্ত তারা নেন নি।

[10-20-10-30 a.m.]

১৯৫৬ সালের জান্যারী মাসে সেই কপোরেশন তৈরী হল, সমসত ধারা চাল্ করা হল, কিন্দু ক্ষথের বিষয় আজ পর্যন্ত এফিসিয়েন্ট অনুভূমিনিস্টেশন নাকি হল, কিন্তু আজ পর্যন্ত

এড়কেশন কমিটি তৈরী হল না; তাহলে মাণ্টারদের মাইনে কে দেবে কার মাধীমে দেওয়া হবে ঠিক নাই, এজন্য দেপশ্যাল কেবিনেট মিটিংও কিছ্, হল না। মাইনে পেলেও য়্যালাউন্স পেলেন না। মান্টারদের তো ব্যাৎক ব্যালেন্স থাকে না। এ বিষয়ে আমি ৬ই ডিসেন্বর তারিথে ডিরেক্টর অফ পার্বলিক ইনস্ট্রাকশনএর সঙ্গে দেখা করতে গিরেছিলাম, তিনি বলেন, ভাইরেকটোরেটএর কোন দোষ নেই মশাই, যতক্ষণ পর্যন্ত এড়কেশন কমিটি স্পেশ্যাল স্যাংসন না দেয় ততক্ষণ আমরা কিছ্ই করতে পারি না। বিজয় বাব আমাদের তর**ফের** সহযোগিতার অভাবের কথা এত করে বল্লেন, জানি না আমাদের পক্ষে কোথায় সহযোগিতার অভাব হল। একটা ডেপ্টেশন নিয়ে যাওয়া হয়েছিল চন্দননগরের মেয়রএর ইলেকট্রিসিটির কথা বলতে গেলে তিনি কর্মচারীকে ডেকে বল্লেন, এখনও এডুকেশন কমিটি হল না, তব, লিখে নাও ওটা করতে হবে। এদিকে ডিসেম্বর গেল, জানুয়ারী গেল, ফেবুয়ারী গেল, মার্চ মাসও গেল, এড়কেশন কর্মিটি তৈরী হল না, স্কুলে মান্টাররা মার্চ মাস পর্যব্ত মাইনে পেলেন না। তাঁরা লক্ষপতি কোটিপতি লোক নন যে তাঁদের ব্যাৎক ব্যালেন্স থাকবে। ভারপর চন্দননগরে গিয়েছিলেন ফেব্রুয়ারীর ১০ই তারিখে মাননীয় মুখ্য মন্ত্রীমহাশয়, তথন তিনি সেখানে তাঁর ছাত্রের প্রতি অনুযোগ করে যে কথা বলেছিলন সে কথা আমি অতানত দুঃথের সহিত এখানে বলছি। তিনি বলেছিলেন, তোমরা তো এ্যাসেমরিতে এক মুহতবড় বাগ্মীপ্রবরকে পাঠিয়েছ, সেখানে সে কি করছে। আজ পর্যন্ত চন্দননগরে এডুকেশন किमीं रे न ना. भिक्षकता मारेत एथलन ना. आत माननीय मार्था मन्त्रीमराभय प्रिमित कान प्रिष्य ना पिरा ১०ই ফেব্যোজী তারিখে এই সমস্ত কথা বলে এলেন। তব্তু বিজয় বাব, বলে গেলেন আমরা নাকি সহযোগিতায় হস্ত প্রসারিত করি না। আমি ৫ই তারিখে সর্ট নোটিস কোয়েশ্চেন পাঠিয়েছিলাম, কিল্ড তার কি হল জানি না। আজ কংগ্রেসের মধ্যে যেরকম সেল্ফ-কমপ্লেসেন্স দেখা দিয়েছে, বামপন্থী দলের মধ্যে তা যে নাই আমি তা দঢ়তার সন্তগ বলতে পারি বিজর বাবুকে। আজ মাননীয় মুখ্য মন্ত্রী মাত্র ৫৪০ ভোটের ডিফারেন্সএ জিতেছেন: এতে তাঁর জ্ঞানচক্ষ্ণ উন্মালিত হওয়া উচিত ছিল। কিন্তু তিনি হলেন পাওয়ার-ইনটাক্সকেনেড, কিন্তু আজ জনতার মধ্যে তাঁর স্থান কোথায় নেমে এসেছে এটা ব্রুঝিয়ে দিয়ে জনসাধারণ তাঁর বরং উপকারই করেছে। তিনি এখানে আাবসোল্টে ও ব্রুট মেজরিটিএর জোক্নে ফ্যাসিস্ট রুল চালাক্রেন। আজ্র জনসাধারণকে ধনাবাদ দেওয়া উচিত, তাঁরা বামপন্থী দলসমূহ তাঁকে যে শিক্ষা দিয়েছে, সেই শিক্ষার প্রয়োজন ছিল। তারপর আমি সার্বাডিভিসনাল হর্সাপটাল বিল সম্ব**ন্ধে** একটা সংশোধনী প্রস্তাব দিয়েছিলাম। তিনি জানেন যে, সে সময় একটা য়ামেন্ডমেন্ট করার কোন বাধা ছিল না তাতে অন্ততঃ সাবর্জার্ড নেটসদের মরাল ইমপ্রভ্রেষ্ট করা হত। আমি এই র্য়ামেন্ডমেন্টএ আরও বলেছিলাম যে, সদর এবং সাবডিভিসনাল হসপিটালএর জন্য একটা ইন্সপেকশন কমিটি কর্ন। তাতে আরব্যান এরিয়ার ৫০ পারসেন্ট অর্থাৎ ৫০ পারসেন্ট অফ দি ইলেকটেড পাারসন্স অফ দি শমউনিসিপ্যর্মুলটি, অর্থাৎ জনসাধারণের প্রতিনিধি ৫০ পারসেন্ট থাকরে। এরা হলেন ইলেকটেড রিপ্রেজেনটেটিভ। ইন্ডিয়ান মেডিক্যাল আসোসিয়েসন দিবেন २६ भारतमन्ते, जार २६ भारतमन्ते नीमरनर्रोष्ठ वार्डे मि शक्तिरमन्ते। किन्तु स्म सारमन्त्रसन्ते भयन्ति নিলেন না. তিনি ব**প্লে**ন. আই ড নট য়্যাকসেপ্ট দি য়্যামেন্ডমেন্ট। তারপর আর জি মেডিক্যা**ল** কলেজ নাম পরিবর্তন করে অর্থাৎ এখন কারমাইকেল মেডিক্যাল কলেজ নামে চলে আসছে, সেটা প্রিবর্তন করার জন্য আমি বলেছিলাম। আমি তখন তাঁকে বলেছিলাম মিঃ মুখার্জি, হোয়াই ড নট ইউ য়্যাকসেণ্ট দিস য়্যামেন্ডমেন্ট। তিনি শ্ব্রু বল্লেন, আই ডু নট ম্যাকসেণ্ট দিস ম্যামেন্ডমেন্ট। তাই আমি বলছি, সূহযোগিতার অভাব কোথায় হয়েছে বিজয় বাব্ একট্ ভেবে দেখুন। তিনি র্যাদ ফরিয়াদী না হয়ে আসামী হয়ে দাঁড়াতেন, তাহলে ব্রুতে পারতেন। আমরা সহযোগিতার হাত বাড়িয়েছি, কিন্তু তাতে কোন ফল হয় নি। তারপর, একটা রাস্তার কথা বলব। চন্দন-নগরে এই রাস্তাটা হবার পরিকল্পনা সেকেন্ড ফাইভ ইয়ার স্প্রানএ আছে। সহযোগিতার অভ্রাবটি কোপায় হচ্ছে সেটা আমি এখানে দেখাচ্ছি। চন্দননগরে তথন যিনি কর্তা ছিলেন যিনি ডিস্টিকট ম্যাজিস্টেট ছিলেন, তিনি কীর্তন করতেই বাসত। রাইটার্স বিলিডংস্এ আমি জানতে যাই যে. চন্দননগরে এই এই রাস্তাগর্নির প্রয়োজন। এখন যিনি ওখানে ডিস্ট্রিকট ৰ্মাজিন্মেট আছেন, তিনি তো কীর্তন কুরতেই ব্যুস্ত, এই রক্ষ ডিন্মিকট ম্যাজিন্মেট বাদ্

থাকেন, তিনি যদি রাস্তার নাম না পাঠান, তাহলে কি গভর্নমেন্ট এই বিষয় কিছ্ না ,করেই বসে থাকবেন? তিনি যদি রেকমেন্ডেসন না পাঠান তাহলে কি মন্ত্রীমহাশয়রা সেক্টোরিয়েটএ বসে এ বিষয়ে কোন খেজি খবর না নিয়ে এই জিনিসটা চাপা দিয়েই য়েখে দেবেন। যেহেতু তিনি নাম পাঠান নি, সেই জনাই কি আমাদ্বের এটা হবে না? তিনি কীর্তন করলেই কি সব হয়ে যাবে? এটা কি আমাদের তরফে সহযোগিতার অভাবের পরিচয়? এটা হল এ'দের পাওয়ার-ইনটকসিকেসনএর প্রভাব। কিন্তু এই পাওয়ার-ইনটকসিকেসন কমবে, কমবার দিন এসে গিয়েছে। আমি বলছি সহযোগিতার অভাব আমাদের মধ্যে থেকে হয় নি। এবারকার নির্বাচনে এই পাওয়ার-ইনটকসিকেসনএর প্রতি বেশ ভাল রিবাফ দিয়েছে জনসাধারণ। আমাদের চন্দননগরে ডাঃ বিধানচন্দ্র রায় আমাদের গোবিন্দা. ইন্দিরাদি প্রমুখ গিয়েছিলেন। আরও অনেকেই গিয়াছিলেন। ইলেকসন প্রোপাগান্ডা করবার জনা। যাই হোক, এবারকার নির্বাচনে জনসাধারণ যে রায় দিয়েছে, তাতেও এ'দের বহুবিঘোষিত গণতন্তে যদি জনতার দাবী উপেক্ষিড হয়্ম. তাহলে বোঝা যাবে গণতন্ত্রর প্রতি এ'দের কোন কিবাস নাই। এখানে কানাইলাল বিদ্যান্দিরের কথা উল্লেখ করতে চাই।

[10-30-10-40 a.m.]

চন্দননগর কানাইলাল বিদ্যামন্দির বলে যে স্কুল আছে, যেখানে সাড়ে তেরশো ছেলে পড়ে; আব্দ্র পার পৌনে-দুশো বছর ধরে যে স্কুল চালে আসছে, তাকে আপগ্রেড না করে, ভদ্রে-বরের ৩৫০ ছেলে নিয়ে 'ভগবং' পড়াবার যে স্কুল আছে, তাকেই আপগ্রেড করা হছে। আন্চর্যোর বিষয় যে আগের স্কুলকে আপগ্রেড করার প্রয়োজন এ'রা বোধ করলেন না। কিন্তু সবাই জানেন যে, ওটাকে কেন করা হছে; তার নামটা হছে 'ভূপেলক্স কলেজ'। আপনাদেরই ইস্তাহারের মধ্যে লেখা আছে 'ভূপেলক্স ইস লঙ্গা ডেড, লেট আস বার্ণ দি পান্ট', এবং এই কথা মুখ্য মন্দ্রীমহান্দম্ম রাসকতা করে বলেছিলেন। সেই ভূপেলক্স কলেজকে আপগ্রেড করার কথার যেন রাসকতা করা হছে। অতএব যখন সে জনসাধারণের প্রতিনিধি হয়ে এসেছে, তখন সে কোন পদ্খী তা দেখবার কোন দরকার নেই; দেখতে হবে যে তার পিছনে জনসাধারণের যে দাবী আছে, সেটা সতা কি মিথ্যা, তা বিচার কর্ন। অতএব আমি আবার আবেদন করবো যে, যেখানে তিনি বলেছেন সহযোগিতার ভাবের কথা, সেখানে সহযোগিতার ভাব এদিক থেকে হয় নি। কিন্তু "কর্ণেন বিধির, চক্ষুয়া কাণঃ" যদি হয়, তাহলে সেই সহযোগিতার অভাব অন্য কোয়াটাসিপ্র বাম্নপ্রখীদের নয়।

8j. Narendra Nath Ghosh:

খাননীয় ডেপ্টি স্পীকার মহোদয়, সাণ্লিমেন্টারী বাজেটে কিছু, বলবার পূর্বে প্রথমে আমি আমার অন্তলের বন্যাত দের সাহায্য সম্বন্ধে ২।১টি ঘটনা মাননীয় মন্ত্রীমহাশয়কে বলব এবং সংখ্যে সংখ্যে এও আশা করব যে তিনি তার উত্তর দিয়ে আমাদের সন্দেহ নিরসন করবেন। গত সেপ্টেম্বর মাসে আরামবাগ মহকমায় যে কি অবস্থা হয়েছিল তা আপনারা সকলেই জানেন। সেখানে সাহাযা যে কিছু হয় নি তা আমি বলছি না, কিন্তু সে সাহাযা বানের পরই দেওয়া হল না। আমি মাননীয় মন্দ্রীমহাশয়ের সঙ্গে বানের পরেই দেখা করেছিলাম। তাঁর সঙ্গে আমার গত ৩৪ বছরের যে আলাপ আছে সেই দাবী নিয়েই হোক বা বিধানসভার সদস্য হিসাবেই হোক. তাঁকে জানিয়েছিলাম যে যারা একেবারে নিঃম্ব গৃহহারা হয়ে গেছে, তাদের ঘরদোর করবার বাবস্থা করে দিন। অবশা তিনি আমাকে এ বিষয়ে মৌখিক আশ্বাসও ইদরেছিলেন। কিস্ত আমরা ব্রুতে পার্রাছ না যে এই হাউস বিলিডং গ্রাণ্টটা আজ এই ফেব্রয়ারী মাসের শেষের দিকেও কেন দেওয়া হল না। তাহলে আমাদের কি ব্রুতে হবে যে এটা নির্বাচনের জন্য হাতে त्तरथ कता रखिष्टल, ना प्रभा रिष्टल या जाता कान पिएक हाल प्रारंखाद माराया प्रभुक्ता रख। সেজনা জমি তাকে আপনার মাধামে জিজ্ঞাসা করব যে এইসব কেন হয় নি এবং এর সদুত্তর দিয়ে তিনি আমাদের সন্দেহ-কেন্র করবেন। কারণ আমরা জানি যে.এটা সাধারণ লোকৈর টাকা নয় যে ধান বিক্রি না করা অব্ধি সে টাকা সংগ্রহ করতে পারছে না, কিংবা মাইনে না পেলে টাকা আসবে না। বরং সরকারী টাকা কলমের একটা আঁচড়েই যখন ব্যবস্থা হয় এবং যখন সেই কাতিকি অগ্রহায়ণ মাসে এবারে বাদল যায় নি বা পোষ মাঘ মাসে ঐ শীতে যারা নিরাশ্ররে

ছেলেপিলে নিয়ে গাছের তলায় কণ্ট পাচ্ছিল, তখন তাদের সাহায্য তখনই কেন করা হয় নি। র্টান নিশ্চর জানেন যে আরামবাগ সাবার্ডাভসনের খানাকুল ও কৃষ্ণনগরে কি অবস্থা হয়েছে। সেখানে আমরা দেখেছি ঘরের চালার উপর প্রস্তি প্রস্ব করেছে এবং কৃষ্ণনগরের হাটে যাবার রাস্তার উপর প্রস্তি প্রসব করেছে। সেই অবস্থার পরে তাদের কিছু কিছু সাহায্য যা দেওয়া इल. (त्रां) क्या वा विभी यारे दशक ना क्वा किन्छ अल्डीवत, नर्ज्यवत, जिस्त्रन्वत ও जान, याती মাস চলে গেলে তাদের সাহায্য দেওয়া হল। কিল্তু এটা কেন করা হল তার সদাত্তরটা আমি ্রনিশ্চয়ই তাঁর কচ্ছ থেকে আপনার মাধ্যমে আশা করব। তারপর বলা হল যে, যাদের ঘরদোর পড়ে গেল তাদের কংগ্রেস পক্ষ থেকে সরকারী প্রচার দপ্তরের মারফতে বলা হল যে, তারা যদি কিছ্যু না করে, তাহলে সাহায্য পাবে না। সেখানে একজন যে দুচালা ঘর করেছিল, তাকে কংগ্রেস অফিস থেকে তালপাতার ছই দেবার কথা ছিল, কিন্তু তারপরে তাকে বলা হল যে. সে কতকগুলি তালপাতা কেটেছে বলে তাকে আর ছই দেওয়া হবে না। কাজেই তারা কতকটা নিশ্চেন্ট হয়ে গেল এবং তারা জানে **ব্**যে সরকার তাদের ঘরদোর করে দেবেু। তারপর তারা পাকা বাড়ী করবার এক উদ্ভট পরিকল্পনা নিয়ে আসলেন। মন্ত্রীমহাশয় তাঁর নির্বাচন এলাকা ঘুরে ঘুরে দেখেছেন, আমিও দেখেছি, কিন্তু উনি জীপে করে দেখেছেন, আঁর আমি পায়ে হে'টে সমস্ত দেখেছি। সেখানে কিছু ইট তৈরী হয়েছে, কিন্তু যদি অনুসন্ধান করে দেখেন, তাহলে দেখবৈন যে যারা সাজ্যকারের নিরাশ্রয় তাদের মধ্যে শতকরা ৫ জন সেই ইট তৈরী করে না বরং সেই ইট বেশীর ভাগ ক্ষেত্রে তৈরী করছে তারা যারা ঐ পক্ষে বসে দালালী করছে। যাদের হয়ত এক আধটা পাঁচিল পড়ে গেছে তাদের মারফত দিয়ে এই সমস্ত রিলিফের বিলি বন্দোবস্ত করা হচ্ছে এবং তারাই এই ইট তৈরী করছে। ইট তৈরী করছে অবশা ভাল কথা তবে ইটগুলো যাতে শেষ পর্যন্ত কাজে লাগে তার ব্যবস্থা করা উচিত। সব জায়গায় যে এখনও কয়লা পেণছায় নি, সেই কয়লা যাতে পেণছায় তার বাবস্থা যাতে হয় সেই চৈষ্টা যেন তিনি করেন এবং ঐ উদ্ভট পরিকম্পনা বাদ দিয়ে যাতে কোন একটা সম্পন্ন পুরিকম্পনা নেওয়া যায় তার বাবস্থাও যেন তিনি করেন।

[At this stage the blue light was lit.]

এত অপে সময় কিছু বলা যায় না, আর একটা সময় দিতে হবে।

এরপর নির্বাচন সক্রান্ত অনেকে অনেক কথা বলে গেছেন বলে আমি আর সেসমুস্ত প্রোনো কথা বলে সরকার পক্ষের সদস্যদের মন ভরাক্তানত করতে চাচ্ছি না। অর্থাৎ দেপশ্যাল কেডার টিচার্স কি করেছে, বা কত চাকরীর লোভ দেখান হয়েছে বা কত টাকা দেওয়া হয়েছে বা কত সরকারী স.হাযা দেওয়া হয়েছে বা কত পারমিটের আশা দেওয়া হয়েছে ইত্যাদি বলে আমি আর আপনাদের মন ভারাক্রান্ত করতে চাচ্ছি না। কিন্তু ইলেকশনের পরে যা ঘটছে সে সম্পর্কে ২ । ১টি কথা অভিন আপনার মাধ্যমে মাননীয় মল্ডীমহাশয়ের সামনে রাথছি। আমরা দেখেছি যে যেমন আমার নির্বাচন কেন্দ্রে যে কিছু, রিফ,জি ছিল, তার মধ্যে একটি কেন্দ্রের সমস্ত রিফ,জির। ভোট দির্মোছল, আর একটি কেন্দ্রের কিছু গ্রামবাসী এবং কিছু রিফুজি ভোট দির্মোছল। এবং যে কে:ন্দু কেবলমাত্র রিফ্রজিরা ভোট দিয়েছিল সেক্ষেত্রে ভোটের সংখ্যা আমাদের খুব বেশী হয়েছিল এবং মাননীয় মন্ত্রীমহাশয়ের চেয়ে আমি সেখানে সাত গ্র্ণ বেশী ভোট পেয়েছিলাম। কিন্তু তার ফলে সেখানে দেখছি যে, সেখানকার একজন প্রেসিডেন্ট মহাশয়, তার নাম করব না এবং একটা ঠাাং তাঁর নেই, তাঁর ঐ খোঁড়া পা নিয়েই বিক্রম প্রকাশ করলেন যে তিনি তাদেব সেখান থেকে তাড়িয়ে দিবেন। মাননীয় ডেপর্টি স্পীকার, স্যার, শৃংধ্য তাই নয় অত্যন্ত দুঃথের কথা যে, ও*র পক্ষের তিনি হচ্ছেন প্রচার সচিব। এই প্রচার সচিব মহাশ্রের আর একটা कीं ि राष्ट्र त्य जाता वर्फ़ एफ्प्लालात शार्रे शार्रे कत्रत्य शास्त्र शास्त्र शास्त्र त्या कर्ते करिते कर्ते कर्ते कर्ते करिते থেকে তাড়িয়ে দেওয়া হল। সেজনা আপনার মারফত আমি ও'কে জানাই যে, উনি ও'র চেলা-চাম-ভাদের বুলনে যে নির্বাচনের পূর্বে যা হবার হয়ে গেছে, এখন কেন আবার সৈই সমস্ত লোকেদের এইভাবে প্লমক দেওয়া হচ্ছে। সেধানে কোন একটি পরিবারের ২।১টি ছেলে যারা হাফ-ফ্রিশিপ পেত, কিন্তু বেহেতু তার দাদা আমাদের পক্ষে কাম্স করছে, সেহেতু তাদের হাফ-ফ্রিশিপগ্রলোকে ক্যানসেল করে দেবার চেন্টা করা হচ্ছে। এত দিন পর্যদ্ত বেখানে চাল দেওরা হচ্ছিল, সেখানে তাদের মধ্যে কতকগ্রিল লেনাক আমাদের পক্ষে ভোট দিয়েছে বলে তাদের এখন আর চাল দেওয়াঁ হবে না। এই সমস্ত বলে এখন সেখানে শাসান হছে। সেখানে যেসমস্ত ধনীলোক যারা সরকারকে সাহায্য করেছে তাদের যারা বর্গাচাষ করত তারা সেই বর্গা চাষীরা আমাদের পক্ষে ভোট দিয়েছে শৃধ্ এই সন্দেহ করে তাদের কাছ থেকে জমিগুলো সব কেড়ে নেওয়া হছে। অতএব নির্বাচন যখন দেষ হয়ে গেছে তখন নির্বাচনের পর নি্বাচনমন্ডলায় উপর যাতে এইরকমভাবে ভয় দেখান বা অভাচার না হয় সেটা যেন তিনি তার চেলা চাম্বভাদের নির্দেশ দেন। এইট্কুন আমি আপনার মাধ্যমে তাঁর কাছে অন্রোধ জানাছি। অবশ্য আমি অনেক নাম বলতে পারি, কিন্তু আমার মনে হয় যে নাম বললে হয়ত তিক্ত আরও বাডতে. পারে। কিন্তু মাননীয় মন্তামহাশয় যদি মনে করেন তাহলে সমস্ত নাম আমি ও'র কাছে দিতে পারি। অর্থাৎ কারা এইরকমভাবে ভয় দেখিয়েছেন, কারা জমি ছাড়িয়ে নিয়েছেন, কারা ঐ রিফ্রাজদের হাট থেকে তাড়িয়ে দিয়েছে ইত্যাদি যারা করেছে তাদের সমস্ত আমি তাঁকে দিতে পারি। আরামবাগ মহকুমা অফিসে গিয়ে আমি তাঁদের কাছে এইসব বিষয় কিছ্ কিছ্ জানিয়ে এসেছি। কাজেই প্নরয়য় আমি আপনার মাধ্যমে তাঁকে আর একবার অন্রোধ জানাছিছ যে. তিনি তাঁর চেলাচামানুভাদের বলুন যে তারা যাদেরই ভোট দিক না কেন, তা নিয়ে তাদের উপর এইরকম প্রতিশোধমালক ব্যবস্থা যেন করা না হয়।

[10-40-10-50 a.m.]

এরপর বিজয় বাব্র কথা সম্বন্ধে আমি একট্র বলতে চাই। তিনি বললেন, যে সময় দেশের স্বাধীনতা আন্দোলনের জন্য আন্দোলন হয়েছিল সেই সময় যেসমুহত সরকার পক্ষের **रा**लारकत्रा आष्ट्रम. जाँत्रारे नाकि जा कर्त्ताष्ट्रत्मन। किन्छ बोग ठिक कथा नय्न, कात्रन जाँता यथन ঐসব আন্দোলনে যোগ দিয়েছিলেন, তখন অবশা বিজয়দা চশমা চোখে দিতেন না, আর এখন রুজ্গীন চন্দ্রমা চোখে দিয়ে যারা সরকার পক্ষের দিকে বসে আছেন, তাঁদেরই তিনি খালি দেখতে পাচ্ছেন। অথচ তিনি যদি চশমা খলে ভাল করে দেখেন, তাহলে দেখবেন যে, এই বিরোধী পক্ষের বেণ্ডেও যারা বসে আছেন, তাঁরাও অনেকে তাঁদের সঞ্গে সমান তালে পা ফেলে সেই আন্দোলনে যোগ দিয়েছিলেন। বরং সরকার পক্ষের যাঁরা আছেন তাদের মধ্যে অনেকে সেনিন ভলেন্টিয়ারদের ধরে ঠেণিময়েছিলেন বা পর্লিশের কাছে আমাদের ধরিয়ে দেবার জন্য আপ্রাণ চেষ্টা করেছিলেন। এজন্য এইসব যদি উনি তাঁর ঐ রঞ্গীন চশমা খুলে সমান দুঘ্টি দিয়ে দেখেন তাহলে এটা দেখতে পাবেন। তিনি যে সহযোগিতার কথা বলেছেন সেই প্রসংখ্য আমি আর একটা কথা আপনার মাধ্যমে জানাতে চাই। আমরা আরামবাগ মহকুমায় হেলথ সেন্টার করার জন্যে টাকা ও জমি দেবার প্রতিশ্রতি দিয়েছিলাম এবং মাননীয় সদস্য জ্যোতিষ্বাব্ নাকুডা ইউনিয়নে হেলথ সেন্টার করবার জন্য ৬ বিঘা জমি ও ২ই হাজার টাকা দেবেন বলেছিলেন এবং আমাদের মহকুমার হেলথ কমিটি থেকেও এটাকে পাশ করান হয়েছে, কিল্ডু কেন জানি না সেখানে সেটা আজ অবধি হচ্ছে না। আমার বোধ হয় যে যেহেতু ঐ অঞ্জ সরকারের দর্শায় কংগ্রেস দলকে সমর্থন করেন নি বলে বা যে কোন কারণেই হোক সেই সমুহত হাসপাতালগ্রলি আজও সেখানে হয় নি। কিল্তু কেন যে হয় নি এছাড়া তার অন্য কোন কারণও আমরা ব্রুবতে পারি নি। অতএব সেটা সহযোগিতার অভাব কিনা অন্য কোন কিছুর ष्माचार प्राप्त यान माननीय विकासवाद, धकरे, विरवहना करत एमध्यन, जाराल जानरे रस। धरे কথাগালি বলে আমি আমার বন্তব্য বিষয় শেষ করছি।

8j. Khagendra Nath Bandopadhaya:

মাননীয় ডেপ্টি ম্পীকার মহোদয়, গতকাল থেকে অন্তর্বতী হুজেট এবং আজকে দাপ্লিমেন্টারি বাজেট আলোচনাকালে দেখলাম যে, ও'রা নির্বাচনের ব্যাপারে কংগ্রেসের তরফ থেকে সমগ্র প্রদেশব্যাপী একটা অনাচার অত্যাচার করা হয়েছে, একথা বলেছেন এবং তাঁদের ভরফ থেকে অত্যন্ত ফেরার ইলেকসান চালান হয়েছে এবং বিশেষত প্রাইমারী এবং ম্পেশ্যাল কেডার টিচারদের কংগ্রেসের নির্বাচনের কাজে প্রোপ্রিভাবে আত্মনিয়োগ করতে বাধ্য করান হয়েছিল এই কথা ও'রা বলছেন। আমি বীরভূম জেলা ম্কুল বোর্ডেব সভাপতি হিসাবে বীরভূম জেলার নির্বাচনের ব্যাপারে বামপন্থীদের তরফ থেকে বিশেষত কম্যানিক্ট পার্টির ভরফ থেকে বিশেষত কম্যানিক্ট পার্টির ভরফ থেকে বেসম্মত ফেরার ইলেকসান, আমি লক্ষ্য করেছি তারই কয়েকটা নজির আমি আপনার মাধ্যমে এই হাউসের সামনে রাখতে চাই।

আমরা পত বছর বাজেট আলোচনাকালে দেখেছিলাম এবং তাঁরা বলেছিলেন যৈ সমগ্র প্রদেশে প্রায় ১৯ হাজারের উপর যে স্পেশ্যাল কেডার টিচার নিয়োগ করা হচ্ছে এদের ইক্রেন্সক্রের কাজে লাগানোর জন্য নিয়োগ করা হচ্ছে। অথচ নির্বাচনের সময় দেখলাম বে বাদিও তাদের নিয়োগের তিন বছরের স্কীম ছিল তব্ও ত্বিন বছর পার হয়ে গেলে, তারা যখন বোডের অরিজিন্যাল প্রাইমারী টিচারদের মতন সনুযোগ সন্বিধা ভোগ করে কাজ করে চলছে তখন প্রত্যেকটি জ্বায়গায় তাদের বলা হয়েছে যে নির্বাচন পর্যান্ত তোমাদের রাখা হচ্ছে এবং তারপরেই তোমাদের সরিয়ে দেওয়া হবে। এইভাবে স্পেশ্যাল কেডার টিচারদের মধো শতকরা ৬৭ জনকে প্রত্যেকটি জারগায় তাঁরা তাঁদের অন্ক্লে এবং কংগ্রেসের বিব্বুশ্বে নির্বাচনের কাজে এদের লাগিয়েছেন।

[Interruption.]

Sj. Bankim Mukherji: On a point of order. I have failed to understand what we are discussing this morning. Are we having a general debate?

Mr. Deputy Speaker: I ask the member to be relevant.

Sj. Khagendra Nath Bandopadhaya:

ও'দেরই তো রি॰লাই দিচ্ছি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

মুস্কিল কি হয়েছে, ও'রা বলছেন যে, ও'দের কাছে কাগজ আছে। কাগজ আছে তো বেশ, আমাদেরও আছে। এবং ঐ নিয়ে যদি বস্তুতা করেন তাহলে এদিকেও বস্তুতা হবে।

Sj. Bankim Mukherji: If once a member speaks irrelevant that does not mean that the whole session will continue irrelevantly. He should have been stopped then and there.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Because we follow the eternal rule—an action has reaction.

Sj. Khagendra Nath Bandopadhaya:

আমাদের জেলায় স্কুল বোর্ডের অধীনে ৭৫০টি প্রাইমারী স্কুল ছিল এবং তারপরে আরও ৪০০টি নতুন স্পেশ্যাল কেডার স্কুল সেখানে হল। তারপর গ্রামে গ্রামে গিয়ে তাদের বলা হল যে এইগুলি তিন বছরের জন্য হয়েছিল এবং নির্বাচন হয়ে গেলে এইগুলিকে উঠিয়ে দেওয়া হবে। সেজন্য প্রায় ৭ ।৮টা মিটিং বিভিন্ন থানায় করে এই শিক্ষকদের সবিনয় অনুরোধ করেছিলাম যে তারা মেন সমদত নিবীচন থেকে , দুরে থাকেন। মাননীয় ডেপ্রটী স্পীকার মহোদয়, অত্যন্ত ক্ষোভের সপো বলতে হচ্ছে যে, স্পনসোরড কলেজের প্রফেসার এবং প্রিন্সিপ্যান যাঁদের অন্তত আইনত নির্বাচনে অংশ গ্রহণ করা উচিত, নয়, তাঁদের এরা নির্বাচনের কাঞে ল্যাগিয়েছেন কি না তার নন্ধির যখন আসবে এবং বেআইনী কান্ধ করার জন্য যদি কিছু হন্ধু, র্সোদন আমাদের দাবী মানতে হবে এবং তখন কি রকম হামলা হয় সেট্রকুন দেখবার জন্য আমি অন্ততঃ অপেক্ষা করছি। তারা যেখানে ফেয়ার ইলেকসানের কথা বলৈছেন সেখানে স্যার আমি সমস্ত দায়িত্ব নিয়ে থয়রাতি থানার বাব ইপরে ইউনিয়নের একটা কথা বলছি। সেখানকার ইউনিয়নের প্রেসিডেন্ট জনাব মালেক হোসেন এবং সেটা হিন্দ, প্রধান ইউনিয়ন। এই ইউনিয়নে ঐ ভদ্রলোক আজ ৩০ বছর ধরে সভাপতি আছেন। ইলেকসানের আগের দিন যখন সেখানে একজন সরকারী অফিসার গেলেন, তখন তিনি সেখানে খবর নিলেন যে, কংগ্রেসের অনুক্লে কাজ করবার জনা তাঁর ঘরে আগুন দেবে বলে তাঁকে ভয় দেখান হয়েছে। তিনি নাম পর্যস্ত বুলে দিলেন তারা কারা। অথচ অদুষ্টের পরিহাস যে নির্বাচনের দিনে <mark>বেল</mark>ী। ১০।১১টার সময় চারটি ঘরে আগান দেওয়া হয়েছে। এই সমস্ত কথা আমি সমস্ত দায়িত্ব নিয়েই বলছি। কাজেই শারা ফেয়ার ইলেকসান করেছেন সেটা তারা যেন চিন্তা করে দেখেন। তারা সেখানে স্পেশ্যাল কেডার টিচার ও প্রাইমারী টিচারদের নিয়ে কৃষক সমিতির মিটিং করান এবং জোর করে এই সমস্ত শিক্ষকদের তাদের প্রাটির মেন্বার করান হর। অতএব এই সমস্ত প্রাইমারী কুলের টিচারদের নির্বাচনের কাজে তারাই জোর করে লাগান। একথা বিক্ষমদা যে জানেন এমন একটি ইতিহাস আমি বলছি। অর্থাং তিনি একটি বিদ্যালয়ে গত বছরে গিয়ে, আমি কুল বোর্ডের সভাপতি আমার কোন অন্মতি না নিয়ে, সেই কুলের প্রধান শিক্ষককে নিয়ে কৃষক সমিতির মিটিং করে, এসেছিলেন। সেই কুলটির নাম ইজারা প্রাইমারী বিদ্যালয়, সিউড়ি সদর থানায় অর্বাম্পত। অতএব সেথানকার সেই টিচাররা কম্যানিষ্ট পার্টির হয়ে কাজ করেছিল কিনা এইট্,কুনই আমি তাঁদের কাছ থেকে জানতে চাই।

তরপর আজকে সহযোগতার প্রশন নিয়ে অনেককে বাঙ্গ করতে শ্নলাম। কিন্তু আজকে কথা হচ্ছে যে, আমরা যেসমন্ত বিদ্যালয় করেছি, তাতে এবং সরকারের সাণিলমেন্টারী বাজেটেও এডুকেশন খাতে আমরা দেখতে পাছি যে, এক একটি বিদ্যালয় বছরে ৯ হাজার টাকারও বেশী করে পছে। অথচ সেইসমন্ত ন্কুলের প্রধান শিক্ষক থেকে আরম্ভ করে সমন্ত শিক্ষক এবং ছাররা সেখানে মিথ্যার বেসাতি নিয়ে নির্বাচনে তানের জন্য কাজ করেন। অথচ তারা এখানে এসে কেবল বড় বড় কথা বলেন যে, দেশশ্যাল কেডার টিচার ও প্রাইমারী টিচাররা শ্রেষ্ কংগ্রেসের এজেন্টার্গার করে বিরোধী পক্ষের সর্বানাশ করেছে। অর্থাৎ তারা বলতে চাইছেন যে, কংগ্রেস সরকারের দ্নীতির ফলে এবং কংগ্রেস সরকারের য়্যার্ডামনিন্টেসনএ গ্রুটির জনোই নাকি এইসব হচ্ছে। যাই হোক আপনার মাধামে আমি একথা বলতে চাছি যে, আজকে এই নির্বাচনের পরে যেসমন্ত জিনিস ও'রা দেখালেন এবং পশ্চিমবাংলায় নির্বাচনের পরে সমন্ত জেলায় একটা যে ভয়াবহ রপে দেখালাম সেইসব যেন দয়া করে তারা আজ যথন নতুন বিধানসভা বসতে থাছে, সেখানে যেন তার জেব না টানেন। এটাই আমি বিরোধী পক্ষের মাননীয় সদস্যাদের অন্কোধ জানাছি এবং এই সাণিলমেন্টারী এসটিমেটকে সমর্থন জানিয়ে আমি আমার বস্তব্য শেষ করিছি।

Sj. Bankim Mukherji: On a point of personal explanation, Sir, আমি বছর দুয়েকের মধ্যে বারভূম জেলায় যাই নি। অথচ সেখানে গিয়ে কৃষক সমিতির মিটিং করেছি এই যে তথ্য পরিবেশিত হয়েছে এটা সর্বৈব মিথ্যা। এর থেকে ব্রুমা যেতে পারে যে, মাননীয় সদস্য মহাশয় আর যেসব কথা বল্লেন তা কতটা ভিত্তিহীন এবং অলীক।

Sj. Benoy Krishna Chaudhury:

মাননীয় ডেপ্টি প্পীকার মহাশয়, আমি মেজর হেড ৪৭এ লেবার সম্বন্ধে কিছ্ বলবো। কারণ ম্থা মন্ত্রীমহাশয় তিনি দৃঃথ করেছেন যে শহরাগুল এবং শিল্পাঞ্জলে মান্য ফাসট্রেউড হয়ে গেছে। কিন্তু তাদের জীবনের গভীর সমসাার দিকে তিনি লক্ষ্য করেন নি। এ অঞ্জলে মান্যের প্রধান সমস্যা জীবিকা এবং নায় মজ্বরী। গভর্নমেন্ট লারজেন্ট এমন্সরার কারণ গভর্নমেন্ট সাক্ষাংভাবে বহু লোককে নিযুক্ত করেন এবং সেদিক থেকে সরকারের উচিত তাদের পলিসিটা কি হবে। তার চাইতেও বড় কথা তারা যদি মডেল এমন্সরার হিসাবে একটা আদর্শ তারা নিজেরা আচরণ করে দেখাতে পারেন, তাহলে সেখানে সত্যিকারের অন্যান্য যে সমস্ত ইন্ডাম্ট্রিতে লোক কাজ করে তারা সেই আদর্শ অন্সরণ করার পথে যাবে। এবং সেদিক দিয়ে সরকারী কর্মচারী সম্পর্কে যে নীতি অবলন্দন করেছেন তা অত্যন্ত দৃংখ এবং পরিতাপের বিষয়। এখানে দেখা গিয়েছে সরকারী হিসাবান্যায়ী বর্তমানে যে সরকারী কর্মচারী আছে তাদের ভিতর প্রায় শতকরা ৫৮ জনের বেসিক মজ্বনী ৫০ টাকার নীতে এবং সরকারী নিজেই জানেন যে তারা জেলখানায় তৃতীয় শ্রেণীর করেদীদের কেন রকম বীচিয়ের রাখার জনা এক একটি কয়েদী পিছ্ ৩৫ টাকা করে খরচ করা হয়। আর সেখনে একজন সরকারী কর্মচারী তাদের বিদি ন্নাপক্ষে ৫ জন নিয়ে একটা পরিবার হয় তাহলে তৃতীয় শ্রেণীর কয়েদীদের গড় ৩৫ টাকা ধরলে সেখনে তাদের ১৭৫ টাকা মাইনে দেওয়া উচিত।

[10-50—11 a.m.]

সেদিক থেকে সরকার কোন রকম দ্বিত্তিপাত করেন নি। সেখানে দেখা গেল ১৯৩৯ সালে বিভিন্ন জিনিসের যা মূল্য ছিল তার চেরে প্রায় গড়পড়তা চার গ্রুণ বেশী দ্রামূল্য হরেছে, অথচ মজুরী দ্ গ্ণের বেশী বাড়ে নি। সে জারগার সরকারী কর্মচারীরা মাত ২৫ চিকা মাগগাঁভাতা চেরেছিলেন, কিন্তু নিন্তর পরিহাসন্বর্প মাত দ্ টাকা দেওরা হরেছিল। সরকারী স্পর্কারী স্পর্কারী স্পর্কারী স্পর্কারী স্পর্কারী স্পর্কারী স্পর্কারী স্পর্কারী স্পর্কারী স্পর্কারি বাড়ার সামনে ওরেলিংটন স্কোরারে সভা করেছিলেন, এবং এই পরিম্পিতিতে বহু আবেদন নিবেদনও পরে হরেছিল। কিন্তু দাবী গ্রাহ্য করা হয় নি এই রকম পরিম্পিতিতে তাঁরা কি কর্বেন, সেজন্য আলোচনা করেছিলেন। সেই অপরাধে যেখানে সংবিধানের আর্টিকেল ১৯তে প্রত্যেক মানুবের রাইট অব এসোসিয়েশন আছে, তা থাকা সত্ত্বে সেখানে এই অপরাধে তাদের ৬ জমকে সাসপেন্ড করা হল, এবং পরে সাবস্টানসিয়েট না করার জন্য ৩ জনের উপর থেকে সেই অর্ডার উঠিয়ে নেওয়া হয়, কিন্তু এখনও তিন জন সাসপেনশনে রয়েছেন। জামি অনুরোধ করব এই তিন জনেরও সাসপেনশন উঠিয়ে নেওয়া হউক। আজকে সরকারের দায়িম্ব রয়েছে মডেল এমন্সার হিসাবে নিজেদের প্রতিন্তিত করা এবং সেজন্য "আপনি আচরি ধর্ম অপরে শিখায়" এই ন্টাতি গ্রহণ করা। এদিক থেকে সরকারের উচিত অন্তত্ত কার্যতঃ কিছুটো সাধন করবার চেণ্টা করা।

ম্বিতীয় আর একটি বিষয় সম্পর্কে বলছি। সেটা একটা গ্রেতের বিষয়। নির্বাচনের **फा**भाराजाला जिल्हा करन शास कमार ना य याःनार वको वाभक करावश वना शराहिन: **ज्रुट**ल शिटल क्लाद ना ১১ लक्क ट्लाटके शृह निर्मारंगे निर्मा आहि। स्मिन श्रेष्ठ एक निर्माप করা হয়েছিল, আদর্শ গ্রাম নির্মাণ পরিকল্পনা সম্বন্ধে। আমি অনুরোধ করব মুখ্যমন্ত্রীর সংগ্রে আলাপ করবেন। আমি হিরন্ময় বাব্র সংগ্রে প্র্থান্প্র্থর্পে আলোচনা করেছিলাম, প্রথমে বর্ধমান ডিম্মিকট বোর্ড মিটিংএ এই প্রস্তাবের অবাস্তবতা সম্বন্ধে। অনেকে এখানে উপস্থিত রয়েছেন, বিমলানন্দ বাব্তুও রয়েছেন, তাঁদের জিজ্ঞাসা করবেন। সেই ২৬শে সেপ্টেম্বরের পর আজ মার্চ মাসের ২৬শে হতে চলেছে। কোথাও এই আদর্শ পরিকল্পনা অন, याशी घत शराष्ट्र? श्रु नि। मत्न ताथरा शरा आकरक रय ममन्य पितात आप्रेहाला कता रसिंद्ध. aरे कामदेवनाथीक पितन 80 घाउँ \times 56 घाउँ \times 56 िएतत्र आप्रेकामा स्ट्रिफ एएए याद aर দেটা ন্তন বিপত্তির স্থিট করবে: তার ফলে বহু খুনখারাপী হতে পারে ঐ সমস্ত টিনের আটচালা উড়ে গিয়ে। সেইজন্য এটা বিচারের সময়, আগে যা কিছু করে থাকুন, কিন্তু আঞ্চকে এই সমস্ত নির্বাচনের শেষে এই মানুষগালের প্রনর্বাসনের কথা। তাদের গৃহ নির্মাণের কথা। দলের উধের উঠে, মানুষের বেদনার কথা চিল্তা করে সে দিকু থেকে যা করণীয় তার আলোচনা কর্ন। এটা রিভিউভ হওয়া উচিত, কতদ্রে হয়েছে, কোঁথায় কি করা প্রয়োজন এ সম্পর্কে আলোচনা করা উচিত বর্ষার আগে। নাহলে পর গ্রামাণ্ডলে গৃহ নির্মাণের সমস্যা আবার জটিল হয়ে উঠবে। বর্ষা থেকে মাঘ মাস পর্যন্ত সেখানে কিছু করা সম্ভব হবে না।

ত্তীয়তঃ শিক্ষার থাতে বলতে ছাই যে, এই ব্যাপার নিয়ে মাননীয় মন্দ্রীর সংগ্রে আলাপ করেছিলাম। বর্ধমান বা যে কোন জায়গায় 'স্পনীসর্ড' কলেজ করা হয়েছে তার ফলে শিক্ষাকে সংকৃচিত করা হয়েছে। বর্ধমানের কথা জানি যে সেথানকার রাজ কলেজে যোলণ ছাত পড়ত, সেখানে এখন এক হাজার ছাত্রের সীমা নির্ধারণ কর্রী হয়েছে। আগে সেই কলেজে ইঞ্জিনিয়ারিং বা ডাক্তারী পড়ার সমস্যা ছিল: এখন সেখানে আই এ পড়া স্কুল ফাইন্যাল পাশ করার পর--সেইটাই সমস্যা হয়ে দাঁড়িয়েছে। বর্ধমান ছাড়া অন্য জায়গায় তাদের পড়ার বাবস্থা। করতে হবে। সেইজন্য যদি 'স্পনসর্ড' করা হয় সেখানে আর একটা কলেজ করার সমস্যা রয়েছে। সেইজনা যে ইউনিভার্সিটি করার কথা রয়েছে সেটা যদি কাজে করতে পারেন ত ভালই, তা নাহলে আরী একটা কলেজ সেখানে তৈরী করার প্রয়োজনীয়তা রয়েছে। ভাছাড়াও যেসব সমস্যা রয়েছে সেদিক থেকে বলব বর্ধমান মেডিকেল কলেজ এবং সেখানকরে হাসপাতাল অন্ততঃপক্ষে আরও ভালভাবে হওয়া উচিত। একথা আমি বহুবার আইনসভার বলেছি, এবারও বর্লাছ যে উত্তরবঙ্গে এবং পশ্চিমবঙ্গে দুটা ফার্ল্ট ক্রাস হাসপাতাল এবং সেখানে কলেজ থাকার প্রয়োজন, আছে। काরণ, সম্ভব নয় সকল মানুষকে কলিকাতার আনা। যদি এ বিষয়ে ভান্তারদের ক্লিক থেকে থাকে, যদি তাঁরা চেয়ে থাকেন যে সারা বাংলার সমস্ত রোগাকৈ কলিকাতায় আনবেন, তাহলে তার অর্থ হয়। তা নাহলে মনিহারীঘাট থেকে পেরিয়ে যদি এখানে আসতে হর তাহলে সেটা সম্ভব নর। সেই জন্য সমস্ত উত্তরবপোর জন্য কেন একটা ভার্ম ফার্ম্ট ক্লাস হাসপাতাল থাকবে না এবং কেন সেখানে মেডিকেল কলেজ থাকবে না? সেই রকম পশ্চিমবশ্যেও আমরা জানি বর্ধমান হাসপাতাল কেবল বর্ধমান জেলার জন্য নয়, এটা চার পাঁচ জেলার জন্য। সেদিক থেকে ব্যবস্থা হওয়া উচিত। তাছাড়া যাতে বি, টি, ক্লাস খোলা হয় এ বছরে এবং কমার্স ক্লাসও সেখানে খোলা হয়, তার ব্যবস্থাও করা উচিত।

এ কর্মাট কথা বলে আমার বন্ধব্য শেষ করছি।

Sj. Nishapati Majhi:

ए भीकात भरागत, এर माण्लियमोती वास्त्रक आमात वन्ध भीथरान्य नाथ বল্ব্যোপাধ্যায় মহাশয় যেকথা বলেছেন এবং বি কমবাব, যা অসত্য বোলে উড়িয়ে দিতে চেয়েছেন **म्हिन्स अप्रिक्त कार्य कार्य** পুড়েছে? বাব্ইজোড় হজরতপুর, রাসা, বড়া, নাগরাকন্দা অঞ্চলে কাদের প্ররোচনায় কাঠ করলার জন্য সেখানে গ্রেতর উত্তেজনার দৃষ্টি হয়েছিল? এই নির্বাচনের সাত দিন আগে এসব ঘটনা, সে বিষয়ে সরকার যেন ভালভাবে এই বিষয়গুলো তদন্ত করেন। বিনয় বাবু বন্যার বিষয়ে যেকথা বললেন সেকথা শুনে একট্ব স্তম্ভিত হলাম। বন্যার ধখন আক্রমণ হয় তখন আমাদের সরকার সর্বশক্তি দিয়ে সেথানকার লোকের খাদ্য প্রভৃতির বাবস্থা করে দিয়েছেন, এবং গৃহ নির্মাণের জন্য প্রত্যেক স্থানে নানা আয়োজন করেছেন। আমি বীরভূম জেলার কথা कानि, अका, मार्ताकी, रिकाला निष्ठीत थात स्य नमण्ड शाम थन्त्र रहा इल. त्रिशान आवात গ্রু নির্মাণকার্য আরম্ভ হয়েছে। কোন কোন স্থানে গ্রু নির্মাণও হয়েছে। আজ এইসব কাজকে বিনয় বাব্র মত লোকের নিকট কিছুই হয় নি একথা বলার জন্য আমি দুঃখিত। হীরেন বাব, শিক্ষা দরদী ব্যক্তি: শিক্ষা বিস্তারের প্রতি তাঁর সহান,ভূতি যথেষ্ট আছে। তবে হীরেন বাব্র স্টেটমেন্টএর দিক দিয়ে যদি একটা অধ্ক কষা যায় তা হ'লে হীরেন বাবা বোধ হয় বিবেচনা করবেন যে যেখানে শিক্ষকের বেতন স্বাধীনতার পরও ৬ টাকা ছিল আজ সেখানে ৫৭॥ টাকা বেতন হয়েছে। অর্থাৎ ৮ গুল কি ৯ গুল বেড়েছে। (হীরেন্দ্র কুমার চ্যাটার্জিঃ আমি বেতনের হারের কথা বলি নি)। তিনি ঐভাবের এবং নানা অস্ক্রবিধার ও নীতির কথাই বলেছেন। কিন্তু সাধারণ কুষকের মজুরী বোধ হয় এরকম ৮।৯ গুণ বাড়ে নি। হীরেন বাব বোধ হয় শিক্ষার দরদী বলেই ঐকথা বলেছেন। যখন নির্বাচন আরুভ হয়, তখন বোধ হয় প্রথম দাবী হয়েছিল যে শিক্ষকের প্রতিনিধি যদি কেউ দাঁডায় সকলে মিলে তাঁকে সমর্থন কর। वामभन्थी परनत প্রত্যেকেই রাগ দেখা যাচ্ছে, গণতন্দের মুলোচ্ছেদ করতে। কারণ সদগোপ প্রার্থী সমস্ত নির্বাচকমণ্ডলীতে কাজ করছেন এবং যত সদগোপ আছে, তাদের বলা হয়েছে তোমরা এক হও। মুসলমান প্রাথীও এইরূপ সম্প্রদায়ের বাণী ছড়িয়েছে, সাঁওতালগণও এই-त्भ कथा वर्लाष्ट्र। এইর্প অপপ্রচার জনগণের মধ্যে যদি বামপন্থী বন্ধুরা করেন, তা হলে গণতন্ত্রকে কোন জায়গায় নিয়ে যাচ্ছেন, একট্ব যেন ভাল করে বিবেচনা করে দেখেন। আমি জানি, জলজ্ঞান্ত একটা ঘটনার কথা বলছি। কোন এক বামপন্থী একজন সাঁওতালকৈ বলেছেন, তোরা যদি ঐ ধানের শিষে ভোট দিস, তাহলে ভোট দেবার পর ১৫ বিঘা কোরে ন্ধমি পাবি। হরিজনদের বলা হয়েছে, জিনিসপতের এখন যা দাম আছে তা কমবে, কাপড়ের দাম এক টাকা ক'রে হবে, সরিষার তেল চারি আনায় এক সের হবে, আমাদিগকে ভোট দিলে, এই রকম অনেক লাভ হবে। মদের দোকান যে খুলে বসে আছে (সে যদি জাতে শ'ুড়ী হয় ত তাকে শেখান হয় যে যারা পচাই খেতে আসবে তারা অনুগত লোক হলে আমাদের বাক্সে যাতে ভোট দেয় তার ব্যবস্থা করবে।) তাদেরও ভোটের দালাল করা হয়েছে।

[11-11-10 a.m.]

বামপন্থীদের এই হচ্ছে স্বর্প, এইর্পেই তাদের অভিযান হয়েছে। তারা ভোটের দিনে জ্বোড়া বলদকে ভোট দিও না বলে—কাস্তে ধানের বাস্তের ভিতরে ভোট দিন—এইভাবে প্রচার করেছেন সতাই অশিক্ষিত জনগণকে পেয়ে তারা ভোট আদায়ের জন্য নানা কৌশল অবলম্বন করেছেন। এটা সতাই নিন্দনীয় ব্যাপার। এই নিয়ে আর বেশী দ্রে ষেতে চাই না।

আমার আসল কথা হচ্ছে এই সাম্পিমেন্টারী বাজেটএর উপর—শররাসোল থানার ভিতর করলার থনি ছোট ছোট অনেকগ্রলি আছে। ুসেখানে ভাল রাস্তা হর নি—তার জন্য থনির কাজ ভাল হচ্ছে না। এটার ব্যবস্থা ষেন সরকার করেন। আর একটা জিনিসত্হচ্ছে ধররা-সোলে ক্স পারখানা নির্মাণ। এখানে আমরা পাকা ল্যায়িন করবার ব্যবস্থা দেখতে পাই নাই —সিমেন্টের অপব্যবহার দেখেছি। সিমেন্টের দ্রবাগালি প্রদর্শনিষোগ্যও হরেছে। আশা করি সরকার তাড়াতাড়ি সেখানে এর বিহিত ব্যবস্থা করবেন। কারণ বামসম্থীরা এর সনুযোগ নিয়ে সরকারকে হেয় করেন এবং সরকারী কর্মচারীদের উপর এ ধবিষরে একট্ব বন্ধ দৃষ্টি দেখা দেয়।

দ্বিতীয় কথা হচ্ছে এই নির্বাচনে একটা জিনিস লক্ষ্য করেছি বে সরকারের যারা অফিসার তাদের কর্তব্যনিষ্ঠার জারেই আজকে এই গণতন্দ্র জয়য**়ত হয়েছে।** আমি এই সভায় তাদের ধনাবাদ দিচ্ছি।

Sj. Hemanta Kumar Basu:

মাননীয় ডেপ্টে স্পীকার মহাশায়, শিক্ষা খাতে যে দাবী উপস্থিত করা হয়েছে আমি সেই সম্পর্কে সেকেন্ডারী বোর্ড অব এডুকেশ্নএর নিন্নতম কর্মচারীরা যে দাবী করেছে সে দিকে আমি সরকারের বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি। ৬ই এপ্রিল ১৯৫৬ সালের জি. এ, এফ, সার্কুলার নং ১৯—মাধামিক শিক্ষাপর্যতের যে বেতন নির্ধারণ করা হয়েছিল তার পরিবর্তে তারা দাবী করছে যে পশ্চিমবর্জ্গ সরকারের কারণিকদের সমপর্যায় তাদের বেতন ও ভাতার ব্যবস্থা করা হউক। এটা আমি বিশ্বাস করি সম্পূর্ণ সক্ষাত দাবী। যথন সেকেন্ডারী বোর্ড অব এডুকেশন এখানকার গভর্নমেন্টএর শাসনের মধ্যে পরিচালিত হচ্ছে তখন সেদিক থেকে সেখানের নিন্দ্রতম কর্মচারীদের বেতন ও ভাতা, গভর্নমেন্টএর এডুকেশন ডিপার্টমেন্টএ যেসমুহত কারণিক ও কর্মচারী আছে তাদের সমপ্র্যায় করা উচিত। উক্ত সাকুলারএ অধঃস্কুন কর্মচারীদের বিষয় কোন উল্লেখ নেই।

শিক্ষকগণ সরকারের নিকট হইতে যেসমস্ত স্থোগস্থিব। পাইতেছেন তদ্মধ্যে শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ডএর ন্যায় এই নিন্দাতম কর্মচারীদের জন্য প্রভিডেন্ট ফান্ড স্বীকার করা এবং শিক্ষকগণের প্রভিডেন্ট ফান্ডএ বিদ্যালয় কর্তৃক দেয় অংশের অনুরূপ প্রভিড্রেন্ট ফান্ডএর তুল্য অংশ এদের প্রভিডেন্ট ফান্ডএ প্রদান করিতে বিদ্যালয়গ্যুলিকে নির্দেশদান করা। সেকেন্ডারী বোর্ড অব এডুকেশনএর অধিনে যেসমস্ত বিদ্যালয় আছে তাদের যেমন প্রভিডেন্ট ফান্ডএর অর্ধেক্ষ দেওয়া হয় এথানেও তাদের যেন সেইরকম দেওয়া হয় এই দাবী তারা করছে। শিক্ষকগণের নাায় অধঃস্তন কর্মচারিগণ সহ তাদেরও প্রকন্যাগণের শিক্ষালাভের জন্য পাঠ সাহাষ্য দেওয়ার ব্যবস্থা করা। শিক্ষকদের ছেলেদের জন্য বই কিনবার যেমন ব্যবস্থা আছে এদের ছেলেমেয়েদের জন্যও যেন সেই রকম ব্যবস্থা করা হয়। শিক্ষকগণকে প্রদন্ত মহার্ঘ্য ভাতার হারের অনুরূপ হারে অধঃস্তন কর্মচারিগণ সহ তাদেরও মহার্ঘ্য ভাতা প্রদানের ব্যবস্থা করা। তাদের যেমন মহার্ঘ্য ভাতা যে হারে দেওয়া হয় একেও সেই হারে দেবার ব্যবস্থা করা হ'ক। তারপর শিক্ষকগণের নাায় ৬০ বংসর অতিক্রান্তেম বৃদ্ধি করা।

০নং হচ্ছে যে ১৫ বংসর বয়স পর্যন্ত সমস্ত বালকবালিকাদের বাধ্যতাম্লক বিনা বেতনে শিক্ষা ব্যবস্থার প্রবর্তন। সর্বোপরি শিক্ষা বিস্তারের নায় অত্যাবশাকীয় গ্রন্থপূর্ণ সামাজিক গঠনম্লক কার্যে লিশ্ত তাদের চাকুরীর নিরাপত্তা বিধানের এবং তাদের নিজের ও পরিবারবর্গের স্টেট ইনিসওরেস্সএর সকল প্রকার স্যোগ ও স্বিধা প্রদানের এবং চাকুরী অস্তে পেনশনএর নায় শাহায্য দানের ব্যবস্থা করা হ্ক। নিন্দ্রতম কর্মচারী যারা গভন্মেশ্ট অধিনে কাজ করে তাদের কোন ব্যবস্থা করা হ্ক। ক্রিসওরেস্সএর। সেইদিকে তারা দাবী করছে যে তাদেরও এই রকম সম্পত্র ব্যবস্থা করা হ'ক। এই সম্বন্ধে আমি সরকারের দ্ভি আকর্ষণ করছি।

আর একটা কথা বলতে চাই, ডান্তার রায় এখানে উপস্থিত নেই, কিল্কু যে মন্দ্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, আশা করি তিনি এ সম্বন্ধে কিছু বলবেন। আজ স্টেট ট্রান্সপোর্ট য়েজাবে নেশনেক্সাইজ কুরা ইয়েছে, জাতীয়করণ করা হয়েছে, এর ফলে শ্যামবান্ধার ও উত্তর কলিকাতার ৯নং র্টকে জাতীয়করণ করে ২এ এবং ২বি এই দৃইটি বাস দিয়েছেন এবং ১৪নং র্টটা তুলে দিয়েছেন। ফলে ৮-১০ মিনিট পর এক-একটা বাস আসে এবং তাতে পেসেক্সারএর অত্যন্ত ভাঁড় হর। এই দিক থেকে একটা স্কিম গ্রহণ করবেন। আবার শ্রনছি ৩২নং স্বট্টাও তুলে দেবেন।

কলিকাতার মর্বা প্রাইন্ডেট বাস তুলে দিচ্ছেন এবং জাতীয়করণ করা হয় তাতে আমাদের আপস্তি নেই। যাতে পেসেঞ্জার্মএর অসমুবিধা না হয় এবং সেখানে নাম্বার অব বাসেস বাড়ান হয় সেদিকে দৃংটি দেবেন। ৩২নংএ যত বাস ছিল সেইভাবে যদি স্টেট বাস না দেন তাহলে লোকের দার্ন কন্ট হবে। সেদিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। সেইজন্য আজকে এই এ্যাসেমারতে তারা মেন বলেন যে জাতীয়করণ যেমন ক্রছেন এবং প্রাইভেট বাসগ্রিল যখন তুলে দিচ্ছেন সেই সংশা সাংখ্য যাতীদের যাতে অসম্বিধা দ্রে হয় তার কি ব্যবস্থা করছেন।

তারপর আর একটা কথা। ৩০ হাজার উদ্বাস্তু যা বেতিয়ার পাঠান হরেছিল তার মধ্যে এ হাজার লোক শেয়ালদা ও হাওড়া ময়দানে পড়ে আছে এবং অত্যন্ত দৃঃথ কণ্টে দিন কাটাছে। গঙাল মৈন্টএর এই ব্যাপারে একটা স্কিম ছিল এই ব্যাপারে বে, যেসমস্ত লোককে বাইরে পাঠান হবে তাদের সপ্তেগ একজন সোসিয়েল ওয়ার্কার পাঠান হবে। আমি জিজ্ঞাসা করছি যে, এই যে সমন্ত উদ্বাস্ত্র ফিরে এসেছে এদের সপ্তেগ কোন সোসিয়েল ওয়ার্কার পাঠান হয়েছিল কিনা?

বিশার থেকে, উড়িষাা থেকে, সৌরাম্ম থেকে উদ্বাস্ত্রা চলে এসেছে। তাই আমি বলতে চাই. আপনারা এই বিষয়টা একট্ব সহান্ত্র্ভির সহিত বিবেচনা করে দেখবেন কেন এরা চলে আসছে। আমি আরও জানতে চাই এদের সম্বশ্যে অর্থনৈতিক পরিকল্পনা—অর্থাং কলকারখানায় চ্বিরের চার্শনিবাকরীর বাকস্থা করা—এক কথায় এ'দের অর্থনৈতিক প্রনর্বাসনের বাকস্থা করার যে কথা ছিল তার কি করলেন। এই তিনটি বিষয়ে আমি সরকারের কাছে উত্তর প্রার্থনা করছি।

[1]-10--11-20 a.m.]

Sikta. Purabi Mukhopadhyay:

